# অভিধর্মপিটকে পট্ঠান
## (প্রথম খণ্ড)



Visit: http://www.buddhistdownload.com

# অভিধর্মপিটকে

# পট্ঠান

## (প্রথম খণ্ড)

অনুবাদ : শ্রীমৎ রাহুল ভিক্ষু

পরিবেশনায়

কল্পতরু

রাঙামাটি ৪৫০০, বাংলাদেশ

Visit: http://www.buddhistdownload.com

**অভিধর্মপিটকে পট্‌ঠান (প্রথম খণ্ড)**
অনুবাদ : শ্রীমৎ রাহুল ভিক্ষু
গ্রন্থস্বত্ব : শ্রীমৎ রাহুল ভিক্ষু
প্রকাশকাল : ২০ মে ২০১৬ খ্রিষ্টাব্দ
(২৫৬০ বুদ্ধবর্ষের শুভ বুদ্ধপূর্ণিমা উপলক্ষে প্রকাশিত)
প্রকাশক : শ্রীমৎ সমাধিনন্দ ভিক্ষু
পরিবেশক : কল্পতরু, রাঙামাটি ৪৫০০, বাংলাদেশ
কম্পিউটার কম্পোজ : শ্রীমৎ বিপুলানন্দ ভিক্ষু
প্রচ্ছদ ডিজাইন : শ্রীমৎ সুভাবিতো ভিক্ষু
মুদ্রণ : রাজবন অফসেট প্রেস
রাজবন বিহার, রাঙামাটি

**Abhidhamma Pitake Patthan (Vol-1)**
Translated into Bengli by Ven. Rahul Bhikkhu
Published by : Ven. Samadhinanda Bhikkhu
First Published : 20 May 2016
Distributor : KALPATARU
Rangamati 4500, Bangladesh
e-mail : kbangsharg@gmail.com

সদ্ধর্ম প্রচার, প্রসার ও উত্তরোত্তর শ্রীবৃদ্ধির জন্য
সম্পূর্ণ বিনামূল্যে বিতরণ করা হলো।

Visit: http://www.buddhistdownload.com

# অনুবাদকের উৎসর্গ

**************************

যাঁদের জীবনাদর্শ আমার মনকে প্রতিনিয়ত আনন্দিত ও পুলকিত করেছে, যাঁদের অবদানে পেয়েছি ত্রিপিটক, যাঁদের জীবনাদর্শ আমার নির্বাণ পথের পাথেয় এবং যাঁদের কৃতিত্বে আমার অভিধর্ম শেখার এবং অনুবাদের সুযোগ হয়েছে। সেই সকল মহান গুরুবর্গ হলেন :

অভিধর্মের বরপুত্র নরশ্রেষ্ঠ বুদ্ধের প্রধান অগ্রশ্রাবক ধর্মসেনাপতি সারিপুত্র স্থবির,

নরশ্রেষ্ঠ বুদ্ধের দ্বিতীয় অগ্রশ্রাবক ঋদ্ধিশ্রেষ্ঠ মহামৌদ্‌গল্লায়ন স্থবির,

প্রথম সংগীতিকারক, বুদ্ধবাণীর সংগ্রহের মূল নায়ক, ধুতাঙ্গশ্রেষ্ঠ মহাকাশ্যপ স্থবির,

প্রথম সংগীতিকারক, বুদ্ধবাণীর ধারক, ধর্মভাণ্ডাগারিক আনন্দ স্থবির,

প্রথম সংগীতিকারক, বুদ্ধশাসনের আয়ু বিনয়শ্রেষ্ঠ উপালী স্থবির,

সমগ্র ত্রিপিটক বাংলায় অনুবাদের স্বপ্নদ্রষ্টা এবং প্রচার-প্রকাশনায় অদ্বিতীয়, পঞ্চমারবিজয়ী, মদীয় উপধ্যায়, ধর্মপিতা আর্যশ্রাবক সাধনানন্দ স্থবির (বনভন্তে),

বাংলা ত্রিপিটক অনুবাদের পুনর্জাগরক, অনুবাদক, বৌদ্ধরত্ন, মদীয় অনুশাসকাচার্য পণ্ডিতপ্রবর প্রজ্ঞাবংশ স্থবির,

পালি ও ত্রিপিটক শাস্ত্র বিশারদ, অনুবাদক, বৌদ্ধরত্ন, মদীয় পালি-অভিধর্মাচার্য পণ্ডিত করুণাবংশ স্থবির,

প্রখ্যাত আভিধার্মিক, সটীক অভিধর্মার্থ-সংগ্রহের অনুবাদক, বৌদ্ধপণ্ডিত শ্রীবীরেন্দ্রলাল মুৎসুদ্দি,

তাঁদের ত্যাগময় জীবন, বুদ্ধশাসন ও বৌদ্ধসমাজ-সভ্যতা বিকাশে অমূল্য অবদানের প্রতি পরম কৃতজ্ঞতা ও পরম পূজার্ঘ্যস্বরূপ অভিধর্মপিটকের 'পট্‌ঠান' প্রথম খণ্ড গ্রন্থটি উৎসর্গ করলাম।

ইতি

...গুণমুগ্ধ...

**ভদন্ত রাহুল ভিক্ষু**

Visit: http://www.buddhistdownload.com

# পুন্যদান

বাংলাদেশের বুদ্ধধর্মের প্রাণপুরুষ, আমার দুঃখমুক্তির পথপ্রদর্শক, মদীয় উপাধ্যায়, ধর্মপিতা, পরম গুরু সর্বজনপূজ্য, শ্রাবকবুদ্ধ ভদন্ত সাধনানন্দ মহাস্থবির (বনভন্তে) মহোদয়ের প্রধান শিষ্য, রাঙামাটিস্থ রাজবন বিহারের অধ্যক্ষ, মৈত্রীলাভী, বৌদ্ধরত্ন পরম পূজ্য পণ্ডিত ভদন্ত প্রজ্ঞালংকার মহাস্থবির প্রমুখ বনভন্তের সকল শিষ্যমণ্ডলীর

এবং

আজীবন পরোপকারী, শিক্ষানুরাগী, বুদ্ধের শাসনে পুত্রদানকারী, আমার আদিগুরু, শৈশবে লালন-পালনকারী সেই করুণাশ্রেষ্ঠ আমার জন্মদাতা ব্রহ্মতুল্য পিতামাতা শ্রীযুক্ত শিক্ষক অমলেন্দু বিকাশ বড়ুয়া এবং শ্রীমতি শিক্ষিকা জেলী রাণী বড়ুয়ার নিরাময়, দীর্ঘায়ু ও নির্বাণ-শান্তি কামনায় পুরো পাঁচ খণ্ড পট্‌ঠান গ্রন্থ অনুবাদজনিত সমস্ত পুণ্যরাশি বিতরণ করছি।

নিবেদনে

**অনুবাদক**

Visit: http://www.buddhistdownload.com

# প্রকাশকের কথা

পরম কারুণিক ভগবান তথাগত বুদ্ধ চারি অসংখ্য লক্ষকল্প পারমী পূর্ণ করার পর ছয় বৎসর কঠোর তপশ্চরণ করে বুদ্ধগয়ার বোধিদ্রুমে উপবিষ্ট হয়ে সর্বজ্ঞতা-জ্ঞান লাভ করেন। তিনি সেই বোধিদ্রুমমূলে উপবেশন করে চিন্তা করতে লাগলেন : 'আমি এই আসনে উপবেশন করে দেড় হাজার ক্লেশ পরিত্যাগ করতে সমর্থ হয়েছি।' এইরূপ চিন্তা করতে করতে একাসনে এক সপ্তাহ কাটিয়ে দিলেন। তৎপর অনতিদূরে দাঁড়িয়ে বোধিপালঙ্কে দিকে অনিমেষ নয়নে এক সপ্তাহ দৃষ্টিপাত করেন। সে সময় দেবতারা চিন্তা করতেছেন যে, 'বোধ হয় আজো সিদ্ধার্থ কুমারের কৃত্য শেষ হয়নি। তিনি আজো হয়তো এই আসন পরিত্যাগ করবেন না' ইত্যাদি বিষয়ে তর্ক করলে শাস্তা দেবগণের চিত্তবিতর্ক জ্ঞাত হয়ে আকাশমার্গে উত্থিত হয়ে যমক-প্রতিহার্য প্রদর্শন করেন। মহাবোধি পালঙ্কে কৃত প্রতিহার্য জ্ঞাতিসমাগমে কৃত প্রতিহার্য এবং পটিকপুত্ত সমাগমে কৃত প্রতিহার্য প্রায় একরূপ। এরপর তিনি বোধিপালঙ্কে ও দণ্ডায়মান অবস্থায় স্থিতস্থানে মধ্যবর্তী স্থানে আকাশ হতে নেমে সপ্তাহকাল চঙ্ক্রমণ করেন। এই তিন সপ্তাহের মধ্যে বুদ্ধের কোনো প্রকার জ্যোতি নির্গত হয়নি। চতুর্থ সপ্তাহে ভগবান বুদ্ধ বোধিপালঙ্কের উত্তর-পশ্চিম দিকে রত্নঘর চৈত্যে উপবেশন করেন। এই স্থানে উপবেশন করে সপ্তপ্রকরণ অভিধর্ম চিন্তা করেছিলেন। এজন্য রত্নগৃহের নামকরণ করা হয়েছে 'রত্নঘর চৈত্য'। সপ্তপ্রকরণ অভিধর্মের মধ্যে ধর্মসঙ্গণী, বিভঙ্গ, ধাতুকথা, পুদ্‌গল-পঞ্‌ঞত্তি, কথাবত্থু, যমক প্রভৃতি ছয় খণ্ড অভিধর্ম বিষয়ে চিন্তা করা সত্ত্বেও বুদ্ধের শরীর হতে ষড়বর্ণ রশ্মি নির্গত হয়নি। সপ্তম খণ্ড পট্‌ঠান প্রকরণে বর্ণিত হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয় প্রভৃতি ২৪ প্রকার প্রত্যয় সম্পর্কীয় আলোচনায় রত হন, তখনই ভগবানের দেহ হতে নীল, পীত, লোহিত, শ্বেত, মঞ্জিষ্ঠা, প্রভাস্বর প্রভৃতি ষড়বর্ণ রশ্মি নির্গত হয়। এই সম্পর্কে বলা হয়েছে যে, বিশাল তিমি মৎস্য যেমন ৮৪ হাজার যোজন গভীর মহাসমুদ্রে অবস্থান করে সেইরূপ সর্বজ্ঞাতা সত্যিই মহাপট্‌ঠানেই স্থিত হয়ে অবকাশ লাভ করে।

Visit: http://www.buddhistdownload.com

ভগবান শরীর হতে নির্গত ষড়রশ্মি প্রথমে ঘন মহাপৃথিবী পরিব্যাপ্ত হয়। তাতে মহাপৃথিবী সুবর্ণপিণ্ডের ন্যায় প্রতীয়মান হলো। পরে পৃথিবী ভেদ করে উদকে পরিব্যাপ্ত হয়। উদকে নিক্ষিপ্ত রশ্মি ক্রমে বাতাসে পরিব্যাপ্ত হয়। বাতাস হতে আকাশে ছড়িয়ে পড়লে আকাশে ছড়ানো রশ্মি চতুর্মহারাজিক দেবলোক পরিব্যাপ্ত হয়। চতুর্মহারাজিক দেবলোক তাবতিংস-তুষিত-নির্মাণরতি-পরনির্মিত-বশবর্তী-যামলোক পর্যন্ত বিস্তার লাভ করে। যামলোক রূপ ব্রহ্মরশ্মির প্রভা এতোই বিস্তৃত ও প্রভাবশালী ছিল যে, চন্দ্র-সূর্যের কিরণ নিষ্প্রভ হয়ে গিয়েছিল। সূর্য ও অন্যান্য নক্ষত্রের কিরণ বুদ্ধ হতে নির্গত নিকট খদ্যোতের ন্যায় প্রতীয়মান হয়। এ ছাড়া বুদ্ধের চতুর্দিকে আশি হাত বিস্তৃত রশ্মিমণ্ডল সর্বক্ষণ শোভা পেতে থাকে। এভাবে রত্নঘর চৈত্যে বুদ্ধ একসপ্তাহ অবস্থান করে নিজের পরিজ্ঞাত ধর্মের আলোচনা ও গবেষণা করে অতবাহিত করেন। একসপ্তাহ আলোচিত ধর্ম অপরিমেয়। এটি বুদ্ধের মনস্তাত্ত্বিক দেশনা। এই সময়ে ভগবান তথাগত বুদ্ধকর্তৃক চিন্তিত ধর্ম একশ বছর প্রচার করলেও শেষ হবার নহে। এই ধর্ম ভগবান তথাগত বুদ্ধ তাবতিংস দেবলোকে পরিচ্ছেত্তক বৃক্ষের নিচে পাণ্ডুকম্বল শিলাসনে উপবেশন করে মাতুপুত্র দেবতা প্রমুখ দেবতাদের সমাগমে বিবিধ প্রকারে বিশ্লেষণ করে উপদেশ প্রদান করেন। তিন মাস ধরে একাক্রমে এরূপ দেশনা চলে। উপুড় অবস্থায় স্থিত কলসী হতে জলধারা নির্গত হওয়ার ন্যায় অথবা আকাশ গঙ্গার ন্যায় দ্রুতগতিতে বুদ্ধের শ্রীমুখ হতে ধর্মদেশনা নির্গত হতে থাকলে বুদ্ধগণ কর্তৃক সত্ত্বদের দানানুমোদনকালীন দেশনা দীর্ঘ-মধ্যম নিকায় প্রমাণ হয়। ভোজন শেষের পর কৃত দেশনা সংযুক্ত-অঙ্গুত্তরনিকায় প্রমাণ হয়। সুতরাং তিন মাস ধরে একাক্রমে বুদ্ধ কর্তৃক দেশিত ধর্মের পরিমাণ করা অসম্ভব। এক হাজার বৎসর অধ্যয়ন করেও এর শেষ হবে না।

তাবতিংস ভবনে দশ হাজার চক্রবালবাসী দেবতাদের সমাগমে ভগবান একাক্রমে তিন মাস অভিধর্ম দেশনা করলেও পিণ্ডপাত করে যথাসময়ে ভোজন করতেন। ভগবান বুদ্ধ কালজ্ঞ ছিলেন। তিনি ভোজনের সময় বুঝে নিজের একটি প্রতিমূর্তি নির্মাণ করে 'এই সময়ে এই পরিমাণ ধর্মদেশনা করুক' এরূপ অধিষ্ঠান করে সাবেক ও দোয়াজিক গ্রহণ করত অনোবতপ্ত হ্রদে গমন করতেন। তথায় হ্রদে স্নান সেড়ে নিয়ে চীবর পারুপণ করে পরিধান করত চতুর্মহারাজ প্রদত্ত সেলময় সাবেক হাতে নিয়ে উত্তরকুরুতে পিণ্ডচারণ করে ভোজনপূর্বক চন্দনবনে দিবাবিহার করার জন্য গমন করতেন। ধর্মসেনাপতি সারিপুত্র তথায় গিয়ে বুদ্ধের সেবাশুশ্রূষা করতেন। বুদ্ধ সারিপুত্র স্থবিরকে তাঁর দেশিত ধর্মের সংক্ষিপ্ত-সার জ্ঞাপন করতেন। ভগবান বিশ্রাম সমাপনান্তে

Visit: http://www.buddhistdownload.com

পুনরায় দেবলোকে চলে যেতেন। অল্প শক্তিমান দেবব্রহ্মাগণ বুদ্ধের অনুপস্থিতি উপলব্ধি করতে পারতেন না। মহাশক্তিমান দেবব্রহ্মাগণ নির্মিত বুদ্ধ ও প্রকৃত বুদ্ধের পার্থক্য নির্ধারণ করতে পারতেন। সম্যকসম্বুদ্ধ ও নকল বুদ্ধরূপের কিছু পার্থক্য থাকলেও উভয়ের রশ্মি, কণ্ঠস্বর ও বাক্যাদিতে কোনো প্রকার প্রভেদ ছিল না। সারিপুত্র স্থবির বুদ্ধের নিকট হতে শ্রুত অভিধর্ম নিজের পাঁচশ শিষ্যদের নিকট দেশনা করতেন। যাঁরা অতীত জন্মে ভগবান কাশ্যপ সম্যকসম্বুদ্ধের সময়কালে ক্ষুদ্র বাদুর যোনিসম্ভূত হয়ে জন্ম ধারণ করত এক গুহায় ঝুলানো অবস্থায় কালযাপন করতো। তথায় দুইজন আভিধার্মিক ভিক্ষু প্রতিদিন অভিধর্ম অধ্যয়ন, কণ্ঠস্থ ও গবেষণা করতেন। বাদুরগুলো ভিক্ষুদ্বয়ের কণ্ঠস্বরের নিমিত্ত গ্রহণ করত তা মনোযোগ-সহকারে শ্রবণ করতো। কিন্তু অভিধর্মের অর্থ বুঝা তাদের পক্ষে সম্ভব হতো না। একদিন কৃষ্ণ ও শুক্লপক্ষের শুভ তিথিতে অভিধর্ম শ্রবণ অবস্থায় নিমিত্ত গ্রহণের সাথে সাথে তারা কালগত হয়ে দেবলোকে (স্বর্গে) উৎপন্ন হলো, তারা তথায় এক বুদ্ধান্তরকাল অবস্থান করে গৌতম সম্যকসম্বুদ্ধের সময়ে মনুষ্যলোকে মানবজন্ম গ্রহণ করলো। সে সময় তারা ভগবানের যমক (জোড়া) প্রতিহার্যঋদ্ধি দর্শনে প্রসন্ন হয়ে ভদন্ত সারিপুত্র মহাথেরের নিকট প্রব্রজ্যা ও উপসম্পদা বা ভিক্ষুত্ব গ্রহণ করলো। দেশনাবসানে সেই পাঁচশ ভিক্ষু সপ্তপ্রকরণ অভিধর্মপিটকে একবার শ্রবণ মাত্রেই আয়ত্ত করেছিলেন।

এই অভিধর্মপিটকে বৌদ্ধ দর্শনের সাতটি গ্রন্থ রয়েছে। যথা : ধর্মসঙ্গণী, ধাতুকথা, পুদ্‌গল-পঞ্ঞত্তি, কথাবত্থু, যমক ও পট্‌ঠান। সাত খণ্ডের এই অভিধর্মপিটকের মধ্যে পট্‌ঠানের স্থান সর্বশেষ। 'পট্‌ঠান' শব্দের অর্থ কী? 'পট্‌ঠান' শব্দের মুখ্য অর্থ হচ্ছে 'মূল কারণ', 'প্রধান কারণ' বা 'প্রকৃত কারণ'। মূল শব্দটি ছিল 'প(ধান) + ট্‌ঠান'। এটিরই সংক্ষিপ্তাকার হয়েছে পট্‌ঠান। পালিতে 'ঠান' শব্দের বিভিন্ন অর্থ আছে। আলোচ্যস্থলে এর অর্থ হচ্ছে হেতু, প্রত্যয়, নিদান, কারণ। এই পট্‌ঠান গ্রন্থে রয়েছে ২৪টি প্রত্যয়ের আলোচনা। মহাকারুণিক তথাগত বুদ্ধ বিশ্বব্রাহ্মাণ্ডের ব্যবহারিক সত্যকে বাদ দিয়ে পারমার্থিক সত্যকেই বিশেষভাবে গুরুত্ব দিয়েছেন। তাই তিনি বিজ্ঞানের এতো জয়যাত্রাকে উঁনার আলোচনার বাইরে রেখে শুধুমাত্র চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ তথা নাম-রূপকেই উঁনার প্রচারিত ধর্ম ও দর্শনের মূল সীমারেখার মধ্যে রেখেছেন। সে হিসেবে অভিধর্মপিটকের মূল আলোচ্য বিষয় হিসেবে স্থান পেয়েছে চারটি; যথা : চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ। এই পট্‌ঠানে এর নানাভাবে নানা আঙ্গিকে পুঙ্খানুপুঙ্খরূপে ব্যাখ্যা-বিশ্লেষণ করা হয়েছে। সমগ্র অভিধর্মপিটকের মধ্যে পট্‌ঠানের আলোচনার পদ্ধতিই সুন্দর এবং আবৃত্তি খুবই

Visit: http://www.buddhistdownload.com

শ্রুতিমধুর ও হৃদয়স্পর্শী। বর্তমানে বার্মাতে এর আবৃত্তি ও পঠন-পাঠন সবচেয়ে বেশি লক্ষ করা যায়। আমাদের দেশে বর্তমানে এর পঠন-পাঠন, আবৃত্তি ও প্রকাশনা হচ্ছে। ত্রিলোকগুরু বুদ্ধের অনন্য দান এই পট্ঠান অনেক প্রতিক্ষার পর পুরোটাই বাংলা ভাষায় অনূদিত হয়েছে।

অভিধর্মপিটকের অন্তর্গত অমূল্য গ্রন্থ পাঁচ খণ্ড বিশিষ্ট পট্ঠানের পুরোটাই বাংলাতে অনুবাদ করেছেন জগৎ দুর্লভ অর্হৎ শ্রাবকবুদ্ধ পরম পূজ্য সাধনানন্দ মহাস্থবির বনভন্তের প্রাণপ্রিয় শিষ্য শ্রদ্ধেয় রাহুল ভন্তে মহোদয়। ভন্তে মহোদয় সূক্ষ্মাতিসূক্ষ্ম ও গুরুগম্ভীর এই পট্ঠান এবং পারমার্থিকরূপে ব্যাখ্যাত খুদ্দকনিকায়ের বিমানকাহিনি ও প্রেতকাহিনি অট্ঠকথা অনুবাদ করেছেন শুনে আমি অতীব আনন্দিত। বুদ্ধ ও বনভন্তের শাসন সদ্ধর্মের উন্নতির মানসে জগদ্গুরু বুদ্ধের ২৫৬০তম জন্ম, বুদ্ধত্ব লাভ ও মহাপরিনির্বাণ দিবস উপলক্ষে ইতোপূর্বে পট্ঠান ৫ম খণ্ডটি ৫০০ কপি প্রকাশ করেছি। বর্তমানে ১ম খণ্ডটি ১০০০ কপি প্রকাশের উদ্যোগ নিয়েছি এবং বাদবাকি খণ্ডগুলোও অচিরেই প্রকাশ করা হবে। অনুবাদক ভন্তে মহোদয় আমাকে গ্রন্থগুলো প্রকাশ করে পুণ্যকর্ম করার সুযোগ দেওয়ায় আমি ভন্তেকে কৃতজ্ঞতা জানাচ্ছি ও উঁনার নিরোগ দীর্ঘায়ু কামনা করছি। আমি এই পট্ঠান প্রকাশনার জন্য শ্রদ্ধাভক্তিযুক্ত হয়ে দানধর্মকারী সকল দায়ক-দায়িকাদের এবং শ্রদ্ধাদান সংগ্রহ করে দিয়ে আমাকে যারা সাহায্য-সহযোগিতা করেছেন সে সকল বুদ্ধের শাসনে নিবেদিতপ্রাণ উদার মন-মানসিকতাসম্পন্ন উপাসক-উপাসিকাদের অশেষ কৃতজ্ঞতা জানাচ্ছি ও অকাতরে পুণ্যদান করছি। সকলের জীবন সুখ-শান্তিতে ভরে উঠুক এবং জন্মে জন্মে প্রজ্ঞাবান হয়ে কোনো এক জন্মে নির্বাণকে দর্শন করতে সক্ষম হোক, এই আশা রাখছি। পরম পূজ্য বনভন্তের প্রাণপ্রিয় শিষ্য অভিধর্মাচর্য, বহু গ্রন্থের অনুবাদক শ্রদ্ধেয় করুণাবংশ ভন্তে মহোদয় মুদ্রণের যাবতীয় বিষয়াদি সুচারুরূপে সমাধা করে দিয়েছেন। তজ্জন্য ভন্তের এই মহান অবদানকেও আমি কৃতজ্ঞতা জানাচ্ছি। আর শ্রদ্ধেয় সাধনামিত্র ভন্তে মহোদয় পট্ঠান প্রকাশনার ব্যাপারে আমাকে উৎসাহিত করেছেন। তাই ভন্তের নিকটও অশেষ কৃতজ্ঞ। পরিশেষে আমাকে সাহায্য-সহযোগিতাকারী সবাইকে জানাই মৈত্রীময় আশীর্বাদ। সকলে ত্রিপিটক শিক্ষায় শিক্ষিত হোক, বনভন্তের শাসন উত্তরোত্তর শ্রীবৃদ্ধি হোক এই তো আমার স্বপ্ন—

ইতি

**শ্রীমৎ সমাধিনন্দ ভিক্ষু**

ধর্মপুর আর্যবন বিহার, খাগড়াছড়ি

২৬ ফেব্রুয়ারি ২০১৬

Visit: http://www.buddhistdownload.com

# অভিমত

অভিধর্মপিটকের বিশাল ও অত্যাবশ্যকীয় সপ্তম খণ্ডই 'পট্ঠান'। ইহা মোট পাঁচ খণ্ডে বিভক্ত। পট্ঠান শব্দের অর্থ মূল কারণ, প্রকৃত কারণ, প্রধান কারণ, অপরিহার্য কারণ। 'নাম-রূপের' যাবতীয় ব্যাপারের পরস্পর সম্পর্ক বা কারণ নির্ণয়ই এর প্রতিপাদ্য বিষয়। নাম-রূপের উৎপত্তি ও বিলয় সম্পর্কে প্রতীত্যসমুৎপাদে দ্বাদশ নিদানাকারে সজ্জিত ও ব্যাখ্যাত আর পট্ঠানে তাই ২৪ প্রকার প্রত্যায়াকারে অতীব বিশদরূপে প্রমাণিত ও প্রদর্শিত। এই হিসেবে পট্ঠান প্রতীত্যসমুৎপাদেরই বিশদতম ও পূর্ণাঙ্গ ব্যাখ্যা। সংখ্যাশাস্ত্রের দশটি সংখ্যার ন্যায় পট্ঠানের জড়াজড়ের যাবতীয় ঘটনাকে এই ২৪টি প্রত্যয়ের মাধ্যমে প্রকাশ হয়েছে। এই প্রত্যয়গুলোর বিষয়বস্তু অত্যন্ত সূক্ষ্ম, অত্যন্ত গভীর এবং অপরিমেয়। গণিতশাস্ত্রে যেমন সাহিত্যরসের সমাবেশ নেই, আছে শুধু কিছু সংখ্যা এবং কিছু সূত্র বা নিয়ম। ঠিক তেমনি গণিত শাস্ত্রের ন্যায় সমগ্র পট্ঠান গ্রন্থেও কোনো সাহিত্যরস নেই। আছে শুধু সংখ্যারূপী ২৪টি হেতু-প্রত্যয় ও এই হেতু-প্রত্যয়গুলোর উৎপত্তি-বিলয়ের নিয়ম বা সূত্র। এজন্য পট্ঠানের বিষয়বস্তু সকলের পক্ষে সহজভাবে বুঝা বা উপলব্ধি করা সম্ভব নয়। তারপরও বলতে হয়, পট্ঠানের প্রতিপাদ্য বিষয়বস্তু অনধিগম্য নয় দুরধিগম্য, অনবগাহ নয়, দুরবগাহ, অবোধ্য নয় দুর্বোধ্য।

নামরূপ (পঞ্চস্কন্ধের) বা মন ও জড়বস্তু—এই দুইয়ের পারস্পরিক সম্বন্ধের বিষয়টি অনাদিকাল ধরে সাধক, দার্শনিকদের ধরাছোঁয়ার বাইরে থেকে বিভ্রান্তিকর জটিল ধাঁধার সম্মুখীন করেছে। আড়াই হাজার বছর পূর্বে মহাকারুণিক তথাগত গৌতম বুদ্ধ নামরূপ (পঞ্চস্কন্ধ) বা নাম ও জড়বস্তুর এই জটিল ধাঁধার সমাধান করে ভবচক্র বা জন্মচক্র সমূলে ধ্বংস করে নির্বাণ লাভ করতে সক্ষম হয়েছেন। তথাগত বুদ্ধ নির্বাণ এবং প্রজ্ঞপ্তি ব্যতিরেকে জগতের সব কিছুকেই অনিত্য-দুঃখ-অনাত্মদৃষ্টিতে দেখেছেন। বিশ্বব্রহ্মাণ্ডের জড়-অজড় কোনো কিছুর মধ্যেই তিনি স্থায়ী বস্তুসত্ত্বা খুঁজে পাননি। তাঁর মতে যা সত্য তা হচ্ছে এই নাম-রূপময় জগতের নিয়ত পরিবর্তনশীলতা; যাকে দর্শনের ভাষায় বলা হয়েছে 'বিপরীণামধর্মীতা'।

Visit: http://www.buddhistdownload.com

বুদ্ধধর্মের মূলতত্ত্ব চারি আর্যসত্য ও প্রতীত্য-সমুৎপাদনীতি—এই দুই মূল নীতির একটি প্রতীত্য-সমুৎপাদনীতির পূর্ণাঙ্গ ব্যাখ্যা-বিশ্লেষণ সম্বলিত ২৪ প্রকার হেতু-প্রত্যয়ের আকর গ্রন্থ হলো পট্ঠান। সমগ্র পট্ঠানের প্রথম হতে পঞ্চম—এই পাঁচটি খণ্ড পুরোটাই বাংলায় অনুবাদ করে বাংলা ভাষা-ভাষীদের পড়ার সুযোগ করে দেয়ার জন্য অনুবাদক আবুসো রাহুল ভিক্ষুকে সাধুবাদ জানাচ্ছি। এবং তার সুস্বাস্থ্য, নিরোগ, দীর্ঘায়ু ও প্রব্রজ্যা জীবনের উত্তরোত্তর উন্নতি ও শ্রীবৃদ্ধি কামনা করছি।

হিতকামী
**বিধুর ভিক্ষু**
১ ফেব্রুয়ারি ২০১৬
রাজবন বিহার, রাঙামাটি

Visit: http://www.buddhistdownload.com

# ভূমিকা

অভিধর্ম ত্রিপিটকের অন্তর্গত তৃতীয় বৌদ্ধ মনস্তত্ত্ব-বিষয়ক অন্যতম পিটক। এই পিটক সাতভাগে বিভক্ত। যথা : ১. ধর্মসঙ্গনী, ২. বিভঙ্গ, ৩. ধাতুকথা, ৪. পুগ্গল-পঞ্‌ঞত্তি, ৫. কথাবত্থু, ৬. যমক ও ৭. পট্‌ঠান। অভিধর্ম সাধারণত অভি+ধর্ম এই দুই পদের সমন্বয়ে গঠিত। এখানে “অভি” শব্দের অর্থ “অধিক”, অতিরিক্ত, গভীরকে বুঝানো হয়েছে। তাই অভিধর্ম মানে অধিক অতিরিক্ত বা গভীর ধর্মকেই নির্দেশ করে। গভীর ধর্ম মানে চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণকেই এখানে উপস্থাপন করা হয়েছে। সুত্তপিটক যা সাধারণ ভাব-ভাষায় বর্ণনা করা হয়েছে তা অভিধর্মপিটকে গভীরভাবে বর্ণনা করা হয়েছে। সুত্তপিটক সূত্রের সাধারণ বর্ণনা ব্যাখ্যা প্রদান করেছে যা সহজেই মানুষের বোধগম্য হয়। অপর দিকে অভিধর্মপিটক ধর্ম সম্পর্কে অতিরিক্ত বা গভীরভাবে বিশ্লেষণ-সহকারে ব্যাখ্যা প্রদান করেছে। গভীরভাবে বিশ্লেষণসহ ব্যাখ্যা প্রদান করা না হলে অভিধর্মকে সঠিকভাবে হৃদয়ঙ্গম করাটা সহজ নয়। তাই অনেক সময় অভিধর্মকে অতিরিক্ত ধর্ম হিসেবেও ব্যাখ্যা প্রদান করা হয়। সুত্তপিটক যেখানে সত্ত্ব, জীব, মনুষ্য, জন্ম, মৃত্যু, দেব, নর, তুমি, আমি শব্দগুলো ব্যবহৃত হয়েছে সেখানে অভিধর্মপিটকে ব্যবহারিক শব্দগুলো ব্যবহার না করে স্কন্ধ, আয়তন, ধাতু, ইন্দ্রিয়, চ্যুতি, প্রতিসন্ধি, সন্ততি, বল, বোধ্যঙ্গ, নির্বাণ ইত্যাদি ব্যবহার করে ধর্মের অতিরিক্ত বিষয়বস্তুকে পরমার্থ জীবনের দিকে ইঙ্গিত করেছেন।

সূত্রপিটকে পঞ্চাঙ্গ শীলসহ অষ্টাঙ্গ উপোসথ শীলের সাধারণত কুশল-অকুশল ভেদে বর্ণনা লক্ষ করা যায় কিন্তু অভিধর্মপিটকে তার বিশ্লেষণাত্মক ব্যাখ্যা প্রতিভাত হয় যা কার্যকারণ-নীতির মাধ্যমে গভীর ব্যাখ্যা প্রদান করা হয়েছে। এদিক থেকে বৌদ্ধ অভিধর্মের ব্যাখ্যাকে বিজ্ঞানভিত্তিক, মনস্তাত্ত্বিক ও নীতি-দর্শনের ভিত্তিতে ধর্মের গভীর বর্ণনার মাধ্যমে উপস্থাপন করা হয়েছে বলে প্রতীয়মান হয়।

আমরা বিভিন্ন আচার্যদের মাধ্যমে জানি অভিধর্মের মূল আলোচ্য বিষয় হলো ৪টি। যথা : চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ। উল্লেখিত ৪টি বিষয় নিয়ে

Visit: http://www.buddhistdownload.com

অভিধর্মপিটক আলোচিত হয়েছে। তাই চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ সম্পর্কে গভীরভাবে জ্ঞাত হতে পারলেই বৌদ্ধ দর্শন সম্পর্কে জ্ঞাত হওয়া সম্ভব। চিত্তের কাজ হলো চিন্তা করা বা চিন্তা করে বলেই চিত্ত। চিত্তের অনেক নাম, যেমন—মন, অন্তর, হৃদয় ও বিজ্ঞান। আলম্বন বিষয়ে চিন্তা করাই চিত্তের স্বভাব। সাধারণত চিত্তকে ভাস্বর হিসেবে আমরা লক্ষ করে থাকি। চৈতসিক বা চিত্তবৃত্তির সাথে এটা সংশ্লিষ্ট হয়। অভিধর্মানুসারে চিত্তবৃত্তির সংখ্যা বায়ান্ন। আবার বায়ান্ন প্রকার চৈতসিকই মনের সাথে যুক্ত হয়ে উননব্বই প্রকার চিত্ত উৎপত্তির কারণ সৃষ্টি করে। প্রত্যেক চিত্তে কত প্রকার চিত্তবৃত্তি একক বা সমষ্টিগতভাবে সৃষ্টি হয়। অভিধর্মপিটকে তা সুন্দরভাবে প্রদর্শন করা হয়েছে।

নির্বাণ তুলনাহীন এক উপলব্ধি যা অসংস্কৃত বা অপরিবর্তনীয় ধর্ম। ত্রিলোক সংস্কৃত বা পরিবর্তনশীল ধর্ম। সংস্কৃত ধর্ম মাত্রই ধ্বংসপ্রাপ্ত হয়। পার্থিব বস্তু মাত্রই ক্ষয়শীল। ক্ষয়শীল বলেই দুঃখদায়ক। নৈর্বাণিক আনন্দে স্থায়িত্ব বিদ্যমান। নির্বাণকে তাই অনুত্তর যোগক্ষেম বলা হয়েছে। নির্বাণ সুখ-দুঃখ-নিরপেক্ষ, অজর-অমর, ব্যাধিবর্জিত অনুত্তর যোগক্ষেম। অভিধর্মপিটকে এর যথার্থ বিশ্লেষণাত্মক ব্যাখ্যা প্রদান করা হয়েছে যা অন্য দুই পিটকে লক্ষ করা যায় না।

১. ধর্মসঙ্গণীর বিষয়বস্তু হলো : কুশল, অকুশল ও অব্যাকৃত ধর্মসমূহকে বিশেষভাবে ব্যাখ্যা প্রদান।

২. বিভঙ্গকে ৩ ভাগে ব্যাখ্যা করা হয়েছে। সুত্ত ভাজনীয়া, অভিধর্ম ভাজনীয়া এবং পঞ্‌ঞ-পুচ্ছক। একে ধর্মসঙ্গণীর পরিপূরক এবং ধাতুকথার ভিত্তিমূল বলা হয়।

৩. ধাতুকথার আলোচ্য বিষয় হলো : পঞ্চস্কন্ধ, দ্বাদশ আয়তন, আঠার প্রকার ধাতু, চারি ধ্যান, পঞ্চবল, সপ্ত বোধ্যাঙ্গ ও অষ্টাঙ্গিক মার্গ ইত্যাদি।

৪. পুগ্গল-পঞ্‌ঞত্তি : পুগ্গল অর্থ ব্যক্তি, সত্ত্ব আর পঞ্‌ঞত্তি মানে প্রজ্ঞাপন, জ্ঞাত করা, প্রকাশ করা। সুতরাং পুগ্গল-পঞ্‌ঞত্তি অর্থ হলো ব্যক্তি বা সত্ত্বকে প্রকাশিত করার গ্রন্থ।

৫. কথাবত্থু : বৌদ্ধ তর্কশাস্ত্র হিসেবে এটাকে ধরা হয়।

৬. যমক অর্থ জোড়া অর্থাৎ পক্ষ-প্রতিপক্ষ। ১০টি যমক বা জোড়া সম্পর্ক এ গ্রন্থে আলোচনা করা হয়েছে।

৭. পট্‌ঠান অভিধর্মগ্রন্থের শেষ বা সপ্তম গ্রন্থ। পট্‌ঠান মানে প্রধান বা প্রকৃত কারণ। নাম-রূপের যাবতীয় ব্যাপারে পরস্পর সম্পর্ক বা কারণ

Visit: http://www.buddhistdownload.com

নির্ণয়ই এর মূল প্রতিপাদ্য বিষয়। পট্ঠানকে প্রতীত্য-সমুদপাদনীতি বা জন্ম-মৃত্যুর রহস্য সম্পর্কীয় বিশেষ বিশ্লেষণ বা পূর্ণাঙ্গ ব্যাখ্যা বলা যায়। সুত্তপিটকের অন্তর্গত প্রতীত্য-সমুদপাদনীতি যা দ্বাদশ প্রকার ভূমিকা বা নিদানাকারে বর্ণনা করা হয়েছে, তাই অভিধর্মপিটকের পট্ঠান গ্রন্থে চব্বিশ প্রকার প্রত্যয়রূপে বিভাগ করে বিশদভাবে বিশ্লেষণের মাধ্যমে বর্ণনা করা হয়েছে। নাম-রূপের অনিত্যতা ও অনাত্মতাই অভিধর্মের মূল প্রতিপাদ্য বিষয়। পট্ঠান প্রকরণে এর যথার্থ ও চূড়ান্ত বিশ্লেষণ যথাযথভাবে ব্যাখ্যা করা হয়েছে। সপ্ত প্রকরণ অভিধর্মের মধ্যে পট্ঠান-প্রকরণে বর্ণিত চব্বিশ প্রকার প্রত্যয় সম্পর্কিত চিন্তা ও আলোচনায় বুদ্ধ যখন রত হন, তখনই বুদ্ধের দেহ হতে নীল, পীত, লোহিত, শ্বেত, মঞ্জিষ্ঠা ও প্রভাস্বর এই ষড়রশ্মি নির্গত হয়।

পট্ঠান গ্রন্থের আলোচ্য বিষয় চব্বিশ প্রত্যয় বা কারণ। প্রতীত্য-সমুদপাদনীতির প্রথমেই বলা হয়েছে, অবিদ্যা প্রত্যয় বা কারণ হতে সংস্কারের উৎপত্তি হয়। যার সহায়তার কোনো কার্য সম্পন্ন হয়, বা ঘটনা সংঘটিত হয় তাই ওই কার্যের ওই ঘটনার প্রত্যয় বা কারণ। সাধারণভাবে বলা যেতে পারে প্রত্যয় ব্যতীত কোনো কার্য সম্পন্ন হয় না। এমন কোনো প্রত্যয় নেই, যা চিত্ত-চৈতসিকের আলম্বন হয় না এবং স্ব স্ব প্রত্যয় উপনিশ্রয় হয় না। নাম-রূপের উৎপত্তি কর্ম-হেতুর উপর নির্ভর করে; কর্ম অতিক্রম করে লোকোৎপত্তি অসম্ভব। এগুলো যেমন লোকসম্মতি অনুসারে, তেমনি পরমার্থ সত্যানুসারেও বিদ্যমান অর্থাৎ আছে এ অর্থে অস্তি-প্রত্যয়। তাই ২৪ প্রকার প্রত্যয়কে তাদের স্বভাবানুসারে বিচার করে আলম্বন, উপনিশ্রয়, কর্ম ও অস্তি এ চারটি প্রত্যয় সমষ্টিভূত করা হয়। নিম্নে ৪ প্রকার প্রত্যয়ের সংক্ষিপ্ত পরিচয় প্রদত্ত হলো :

**১. আলম্বন-প্রত্যয় :** এর অন্য নাম অবলম্বন, আরম্মণ, গোচর, বিষয় বা আয়তন। চিত্ত ও চৈতসিক এতে রমিত হয় বলে আরম্মণ, এটাকে ভোগ্যবস্তুরূপে গ্রহণ করে বলে বিষয়, এর মধ্যে বিচরণ করে বলে গোচর এবং চিত্ত-চৈতসিকের আবাস মূল বলে আয়তন নামেও পরিচিত হয়। আলম্বন বা অবলম্বনই চিত্ত-চৈতসিকের ক্রীড়াভূমি। জরা-জীর্ণ, রুগ্ন ব্যক্তি যেমন যষ্টির উপর ভিত্তি করে উত্থিত হয়, সেরূপ চিত্ত-চৈতসিক ও রূপ, রস, শব্দ, গন্ধ প্রভৃতির অবলম্বন উৎপন্ন হয়। যার আশ্রয়ে চিত্ত-চৈতসিক উৎপন্ন হয়, তাই এর আলম্বন বা আরম্মণ। আলম্বন ব্যতীত চিত্ত-চৈতসিকের ক্রিয়া নিরুদ্ধ হয়ে যায়। চিত্ত-চৈতসিকের পারস্পরিক সম্বন্ধ নির্ণয়কেই পট্ঠানে

Visit: http://www.buddhistdownload.com

আলম্বন প্রত্যয় বলে পরিচয় দেয়া হয়েছে।

অন্তর্জগতের ও বহির্জগতের রহস্য উদ্ঘাটনই দর্শনের মূল প্রতিপাদ্য বিষয়। অবলম্বন গ্রহণের মাধ্যমেই অন্তর্জগতের সাথে বহির্জগতের সম্পর্ক স্থাপিত হয়। কিন্তু চিত্ত-চৈতসিক হলো আমাদের অন্তর্জগৎ এবং আলম্বন হলো বহির্জগৎ। বুদ্ধ এই দুই জগৎকে স্বীকার করেছেন তাঁর ধর্ম শিক্ষায়। তিনি সব সময় আলম্বন বা বহির্জগৎ সম্পর্কে সম্যক দৃষ্টিসম্পন্ন হবার জন্য তাঁর শিষ্যদের উপদেশ দিয়েছেন। আলম্বন ৬ প্রকার; যেমন : রূপালম্বন, শব্দালম্বন, গন্ধালম্বন, রসালম্বন, স্পর্শ আলম্বন ও ধর্ম আলম্বন। এভাবে আমাদের চোখে যা কিছু দর্শন করি সবকিছুই রূপ আলম্বন, শব্দসমূহ শব্দ আলম্বন, গন্ধসমূহ গন্ধ আলম্বন, রসসমূহ রস আলম্বন, পদার্থসমূহের কঠিন্য, কোমলতা, উত্তাপ, উত্তাপহীনতা, স্নেহত্ব ও গতিশীলতা স্পর্শ আলম্বনের অন্তর্গত। ধর্ম আলম্বন ৬ প্রকার; যেমন : প্রসাদরূপ, সূক্ষ্মরূপ, চিত্ত, চৈতসিক, নির্বাণ ও প্রজ্ঞপ্তি।

**২. উপনিশ্রয় প্রত্যয় :** আশ্রয় বা নিশ্রয় প্রায় সমার্থক। যেমন, ভূমিতে ধান উৎপন্ন হয়। ভূমি এখানে নিশ্রয়। তদ্রূপ চক্ষু-বস্তু চক্ষু-বিজ্ঞানের নিশ্রয় বা আশ্রয়। চিত্ত- চৈতসিক পরস্পরের সাহায্যে উৎপন্ন হয় বলে এরা সহজাত-নিশ্রয়। নিশ্রয়-প্রত্যয় তাঁর মাধ্যমে উৎপন্ন বস্তুকে উৎপত্তিক্ষণ হতে সহযোগিতা করে। শক্তিমান নিশ্রয়কে উপনিশ্রয় প্রত্যয় বলে। নিশ্রয় শব্দের সাথে 'উপ' উপসর্গের সহযোগে বলবান কারণ বা প্রধান কারণ বলবান নিশ্রয়ের অর্থ প্রকাশ করে। উপনিশ্রয় প্রত্যয় ৩ প্রকার; যথা : ক) আলম্বন উপনিশ্রয়, খ) অনন্তর উপনিশ্রয় ও গ) প্রকৃতি উপনিশ্রয়।

**ক) আলম্বন উপনিশ্রয় :** আলম্বন অধিপতি ও সহজাত অধিপতি হিসেবে একে দুভাগে ভাগ করা যায়। অবলম্বন যখন অতীব প্রিয়, মনোজ্ঞ বা লোভজনক হয়, তখন উহা আলম্বন অধিপতি হিসেবে পরিচিতি লাভ করে। ছন্দ, বীর্য, চিত্ত, মীমাংসা ও প্রজ্ঞাই সহজাত অধিপতি। দান, শীল ও ভাবনাদি সম্পাদনের পর শ্রদ্ধার সাথে ওইসব কর্ম প্রত্যবেক্ষণ করা হয়। এসব প্রত্যবেক্ষণের চিত্তে গৌবরময় আলম্বন সৃষ্টি হয় তাকেই আলম্বন উপনিশ্রয় বলা হয়।

**খ) অনন্তর উপনিশ্রয় :** তা অনন্তর প্রত্যয়ের অনুরূপ। কোনো এক চিত্ত নিরুদ্ধ হয়ে গেলে অবিচ্ছেদ্যভাবে অন্য এক চিত্ত উৎপন্ন হয়। এখানে পূর্ববর্তী চিত্তটি অনন্তর চিত্ত প্রত্যয়-ধর্ম আর পরবর্তীকালে উৎপন্ন চিত্তটি প্রত্যয়-উৎপন্ন-ধর্ম। ভবাঙ্গ চিত্তের সাথে আবর্তন চিত্তের সাথে আবর্তন

Visit: http://www.buddhistdownload.com

চিত্তের অনন্তর-প্রত্যয় সৃষ্টি হয়। আবর্তনের সাথে দ্বিপঞ্চ-বিজ্ঞানের অনন্তর প্রত্যয় হয়। দ্বিপঞ্চ-বিজ্ঞানের সাথে সম্প্রতীচ্ছের, তৎপর সন্তীরণাদির, ক্রমে তদালম্বনের সাথে ভবাঙ্গের অনন্তর-প্রত্যয়। সেভাবে আসন্ন-চিত্তের সাথে চ্যুতিচিত্তের, চ্যুতিচিত্তের সাথে প্রতিসন্ধি-চিত্তের, প্রতিসন্ধি-চিত্তের সাথে ভবাঙ্গের এবং ভবাঙ্গের সাথে ভব-নিকান্তি নামক লোভ-জবন চিত্তের অনন্তর-প্রত্যয় সৃষ্টি হয়। এভাবে জীবের অনন্তকাল হতে অনুপাদিশেষ নির্বাণ উপলব্ধি না হওয়া পর্যন্ত চিত্তপরম্পরা উৎপত্তি-বিলয়ের মধ্য দিয়ে পরিবর্তিত হয়ে অবিচ্ছিন্নভাবে বহমান হয়ে আসছে। চিত্তের ক্রমোন্নতি যখন অর্হতের চিত্তে পরিণতি লাভ করে তখন চেতনা ও কর্মক্লেশ সম্পূর্ণরূপে নিরুদ্ধ হয়ে যায়; পুনঃ উৎপত্তির কারণ ধ্বংস হয়। অর্হতের চ্যুতির সাথে সাথে চিত্তপ্রবাহ বন্ধ হয়ে যায়। অনন্তর-প্রত্যয় উপলব্ধি করতে সক্ষম হলে শাশ্বত ও উচ্ছেদদৃষ্টি অন্তর্হিত হয়। তিনি অনন্ত জ্ঞানের আধাররূপে প্রতীয়মান হন এবং দুঃখসত্যকে সঠিকভাবে অধিগত করেন।

**গ) প্রকৃতি উপনিশ্রয় :** ভূত-ভবিষ্যৎ-বর্তমানের, নিজের ও পরের ৮৯ চিত্ত, ৫২ প্রকার চৈতসিক, ২৮ প্রকার রূপ, নির্বাণ, প্রজ্ঞপ্তি এ সমস্তই প্রকৃতি উপনিশ্রয় ধর্ম। এগুলো পৃথক পৃথকভাবে অবস্থানুসারে বর্তমনকালীন সর্ববিধ চিত্ত-চৈতসিকের প্রত্যয় হয়।

**৩. কর্ম-প্রত্যয় :** চিত্তের চেতনাই কর্ম। বুদ্ধ বলেছেন, 'চেতনাহং ভিক্‌খবে কম্মং বদামি' অর্থাৎ 'হে ভিক্ষুগণ, আমি চেতনাকেই কর্ম বলি'। যা চিন্তা করায় তা চেতনা। চিত্ত প্রয়োগ বা চেতনা দ্বারা সাহায্য করাই কর্ম-প্রত্যয়। চেতনা দুই প্রকার; যথা : সহজাত-চেতনা ও নানাক্ষণিক-চেতনা। যে চেতনা চৈতসিকগুলোকে নিজের অঙ্গীভূত করে কর্মসিদ্ধির জন্য প্ররোচিত করে, তাই সহজাত-চেতনা। এ সহজাত-চেতনা লোভাদি কারণ সংযোগে কর্মে পরিণত হয় এবং সংস্কাররূপে চিত্ত-সন্ততিতে প্রচ্ছন্ন অবস্থায় থাকে। সুযোগ পেলে এটা কায় ও বাককর্মে প্রকাশিত হয়। যখন এ সহজাত-চেতনা কুশলাকুশলে পরিবর্তিত হয়, তখন এটাকে নানাক্ষণিক চেতনা বলা হয়। কর্ম-সম্পাদন-কাল ও ফলোৎপত্তি-কাল বিভিন্ন বলে এটাকে নানাক্ষণিক কর্ম বলা হয়। নানাক্ষণিক কর্ম-প্রত্যয়ের শক্তি অপরিসীম। চেতনা থেমে গেলেও এর শক্তি চিত্তপ্রবাহে স্বভাব বা সংস্কারের আকারে প্রচ্ছন্ন থাকে। যখন যেটা সুযোগ পায়, তখন সেটা চ্যুতিচিত্তের পর ব্যক্তিবিশেষরূপে পরবর্তী ভবে জন্মগ্রহণ করে। এটা নির্বাণ উপলব্ধি না হওয়া অবধি চিত্ত-সন্ততিতে সুপ্ত অবস্থায় বিদ্যমান থাকে। যখন সুযোগ পায় তখনই ফল প্রদান করে।

Visit: http://www.buddhistdownload.com

**৪. অস্তি-প্রত্যয় :** কোনো প্রত্যয়-ধর্ম সহজাত হয়ে বিদ্যমান থাকুক বা পূর্বজাত হয়ে বিদ্যমান থাকুক, তার অস্তি বা বিদ্যমানতার কারণেই প্রত্যয় উৎপন্ন ধর্ম উৎপত্তি-স্থিতি-ভঙ্গক্ষণে পরিপোষিত হয়—এই অর্থে অস্তি-প্রত্যয় বুঝায়। এটা কিন্তু পরিপোষণ গুণবিশিষ্ট। এটা জনক গুণবিশিষ্ট নহে এবং নিশ্রয়াকারেও প্রত্যয় হয় না, অস্তি-ভাবেই প্রত্যয় হয়। সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, রূপ-জীবিত-ইন্দ্রিয় ও কবলীকৃত আহার প্রত্যয়াদির মধ্যে যে অস্তিভাব তা-ই অস্তি-প্রত্যয়। অস্তি-প্রত্যয় দুই প্রকার; সন্ততি ও অন্যোন্য অস্তি-প্রত্যয়। মহাভূতের সাথে মহাভূত উৎপন্নে যে অস্তিভাব তাকে সন্ততি অস্তি-প্রত্যয় এবং মহাভূতে মহাভূতে যে অন্যোন্য ভাব বর্তমান তা-ই অন্যোন্য অস্তি-প্রত্যয়।

উপরোক্ত আলোচনা হতে এটাই প্রতীয়মান হয়ে যে, প্রত্যেক প্রত্যয় নিজ নিজ প্রত্যয় উৎপন্ন ধর্মের উপনিশ্রয় এবং চিত্ত-চৈতসিকের অবস্থান হয়। কর্মহেতু ব্যতীত নাম-রূপ বা লোকোৎপত্তি সম্ভব নয়। কর্মই লোকোৎপত্তির কারণ। এ বিষয়ে লৌকিক ও পারমার্থিক সত্যের মধ্যে কোনো পার্থক্য নেই। এ কারণে পট্‌ঠানে ব্যবহৃত ২৪ প্রকার প্রত্যয়কে আলম্বন, উপনিশ্রয়, কর্ম ও অস্তি প্রভৃতি চার প্রকার প্রত্যয়ের সমষ্টিভূত করা অযৌক্তিক হয়নি।

সময়ের বিচারে অনন্তর, সমনন্তর, আসেবন, নাস্তি ও অবিগত প্রত্যয়সমূহ অতীতকালীন। আলম্বন, অধিপতি ও উপনিশ্রয় এই তিনটি প্রত্যয় ত্রৈকালিক ও কালবিমুক্ত। নানাক্ষণিক প্রত্যয় অতীতকালীয় এবং সহজাত কর্ম-প্রত্যয় বর্তমানকালীয়।

এভাবে সমস্ত মহাপট্‌ঠানে ২৪ প্রকার প্রত্যয়ের পুঙ্খানুপুঙ্খরূপে বিশ্লেষণ দেখা যায়। সুত্ত, বিনয় ও অভিধর্মপিটকের অন্য কোনো গ্রন্থে প্রত্যয়সমূহের এরূপ বিবিধ প্রকারে বিশ্লেষণ করা হয় নাই।

ত্রিপিটকের এই পট্‌ঠান খণ্ড অত্যন্ত কঠিন। এখনো পুরো পট্‌ঠান ইংরেজিতেও অনুবাদ হয়নি। আমরা অত্যন্ত সৌভাগ্যবান এ কারণে যে, পট্‌ঠানের পুরো খণ্ডগুলো আস্তে আস্তে বাংলা অনুবাদের মুখ দেখছে। ভিক্ষু রাহুলের সাথে আমার ব্যক্তিগত পরিচয় না থাকলেও আমার একান্ত আপনজন ত্রিপিটকের নানা গ্রন্থের সুঅনুবাদক ভিক্ষু করুণাবংশের অনুরোধে ভূমিকা লিখতে হাত দিয়েছি। সময়ের অভাবে ও বিভিন্ন কাজের জটিলতার কারণে লিখাটা দিতে অনেক দেরি হয়ে গেলো। তাই আমি দুজনের কাছেই ক্ষমাপ্রার্থী। অনুবাদকর্ম কঠিন হলেও বিচক্ষণ ভিক্ষু রাহুল অতি ধৈর্য ধারণ

Visit: http://www.buddhistdownload.com

করে তাঁর উপলব্ধিজাত অভিজ্ঞতা ও বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে কঠিন এই গ্রন্থের অনুবাদকর্ম সম্পাদন করলেন। যতটুকু দেখলাম অনুবাদকর্মটি সুন্দর হয়েছে এবং সহজ বোধগম্য হয়েছে। তাঁর সহজ-সরল অনুবাদের জন্য সাধুবাদ জানাই এবং তাঁর হাত দিয়ে অবশিষ্ট বইগুলোও অনুবাদ হবে এই প্রত্যাশায় রইলাম। অনুবাদকর্মটি বুঝার সুবিধার্থে আমি কিছু বিষয় আলোচনা করেছি মাত্র কিন্তু বইটি বুঝতে হলে অনেক ধৈর্য ও প্রজ্ঞাশক্তির প্রয়োজন হবে বললে অতিরিক্ত বলা হবে না। সাধারণ পাঠক-পাঠিকা বুঝার মতো করে অনুবাদ করলেও অভিধর্ম সম্পর্কে এবং ধ্যানজাত প্রজ্ঞা না থাকলে বইটিতে রস পাওয়াটা কষ্টকর হবে বলে আমার মনে হয়। তার পরেও অনুবাদককে আমার আশীর্বাদ জানিয়ে বইটির বহুল প্রচার কামনা করি।

**ড. জ্ঞান রত্ন মহাথেরো**
প্রাক্তন চেয়ারম্যান, প্রাচ্যভাষা বিভাগ
সহযোগী অধ্যাপক, পালি বিভাগ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
২৭ জানুয়ারি ২০১৬

Visit: http://www.buddhistdownload.com

# অ ব ত র ণি কা

ত্রিলোকগুরু মহাকারুণিক সম্যকসম্বুদ্ধের সদ্ধর্ম সংক্ষেপত শীল, সমাধি ও প্রজ্ঞা। তদনুসারে এই ধর্মগ্রন্থ বিনয়, সূত্র ও অভিধর্ম—এই তিন ভাগে বিভক্ত ত্রিরত্নের আধার ত্রিপিটক। ধর্মস্কন্ধ বিচারে সূত্রপিটকে ২১ হাজার, বিনয়পিটকে ২১ হাজার ও অভিধর্মপিটকে ৪২ হাজার ধর্মস্কন্ধ রয়েছে। বিনয়পিটকে মূলত ভিক্ষু ও ভিক্ষুসংঘের ক্ষুদ্র-বৃহৎ যাবতীয় বহিরাচরণ সম্বন্ধীয় বিধানেরই সন্নিবেশ। এর শিক্ষা শীল। এরূপে বিনয়পিটক **'শাসন-বিধি'** ও **'দণ্ড-বিধি'**। সূত্রপিটকে তৃষ্ণা, মিথ্যাদৃষ্টি, অনুশয়, মিথ্যা সংকল্পাদি সম্বন্ধে প্রয়োজনানুরূপ প্রদত্ত বুদ্ধের উৎসাহপূর্ণ ধর্মোপদেশ লিপিবদ্ধ। এরূপে এর **'যথা-প্রয়োজন-বিধি'**। অভিধর্মের শিক্ষা যথাভূত দর্শন বা প্রজ্ঞা। সুতরাং **'মানুষ কী,' 'মানুষের লক্ষ্যই বা কী' 'পারিপার্শ্বিক অবস্থার সাথে তার সম্বন্ধই বা কী'** ইত্যাদি যথাভূত বিচার ও মীমাংসা করিতে গিয়ে অভিধর্মের আলোচ্য বিষয় চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ—এই চতুর্বিধ হয়েছে। এতে সেই লক্ষ্যের অনুকূল ও প্রতিকূল বিষয়ও হেতুমূলক বিশ্লেষণ দ্বারা প্রদর্শিত। এরূপে অভিধর্মপিটক **'শীল-দর্শন'**।

অভিধর্ম এর আলোচ্য বিষয়ের বিচার ও মীমাংসা পারমার্থিকভাবেই সম্পাদন করেছে, ব্যবহারিক অর্থে নহে। **'মিলিন্দ-প্রশ্ন'** গ্রন্থে মিলিন্দরাজের **'রথ'** শুধু দ্রব্য-সম্ভারের বিশেষাকারে সন্নিবেশের অবস্থা মাত্র। দ্রব্য-সম্ভারকে বাদ দিয়ে 'রথের' বিদ্যমানতা নেই। এজন্য পণ্ডিত নাগসেন স্থবির জিজ্ঞাসা করেছিলেন, **'রথ'** কোথায়? **'রথ' 'ব্যবহারিক-সত্য'** বা **'সম্মতি-সত্য'**। জনসাধারণের মাত্রাদি সুবিধার্থে সর্বসম্মতিক্রমে দ্রব্য-সম্ভারের সন্নিবিষ্ট অবস্থাকে **'রথ'** বলা হয় মাত্র। সুতরাং যা ব্যবহারিক-সত্য, তা দ্রব্য-সম্ভারের উপর নির্ভর করে। কিন্তু পারমার্থিক-সত্য অন্য কিছুর উপর নির্ভরশীল নহে; এটি অনন্যসাপেক্ষ। ব্যবহারিক-সত্যানুসারে রথ, গৃহ, ভূমি, পর্বত, নারী-পুরুষ, সন্ত-সন্ততি, রূপ, নদী-সাগর, চন্দ্র-সূর্য ইত্যাদি বিদ্যমান। কিন্তু পারমার্থিকভাবে অবিদ্যমান পরমার্থ-সত্য বা অনপেক্ষ সত্যানুযায়ী সত্ত্ব বা আত্মা বিদ্যমান নেই; শুধুমাত্র এতে পঞ্চস্কন্ধই বিদ্যমান। অভিধর্মে যাকে উচ্চতর জ্ঞানে অনাত্মা বা নিঃসত্ত্বই আখ্যা দিয়েছে। এরূপ পারমার্থিক-সত্যের যথার্থ উপলব্ধি করে তদানুযায়ী জীবন গঠন করে সম্মতি-সত্যের প্রভাবোৎপন্ন মিথ্যাদৃষ্টি ও সংসারদুঃখ হতে চিরমুক্তির জন্যে এই 'অভিধর্ম' উক্ত **'শীল-দর্শন'** অতুলনীয় ও অপরিহার্য অবলম্বন।

Visit: http://www.buddhistdownload.com

আচার্য বুদ্ধঘোষ তাঁর **'অত্থসালিনী'** নামক অভিধর্ম অর্থকথায় উল্লেখ করেছেন যে, 'যদি নানাপ্রকারের জল কিংবা নানাপ্রকার তৈল এক পাত্রে ঢেলে, সারা দিন মন্থন করে, তার বর্ণ, গন্ধ ও রসের পার্থক্য লক্ষ করে (নাসিকার দ্বারা) আঘ্রাণ করে, অথবা (জিহ্বার দ্বারা) আস্বাদন করে তার নানাকরণ (পার্থক্য নির্ণয়) সম্ভব হয়, তাও কঠিন কাজ বলে লোকে বলে। কিন্তু সম্যকসম্বুদ্ধ একালম্বনে স্থিত অরূপী চিত্ত-চৈতসিক ধর্মসমূহের প্রত্যেকটিকে যথাযথ লক্ষণ দ্বারা পৃথক করে এবং ভাষায় প্রকাশের জন্য উপযুক্ত প্রজ্ঞপ্তি বা পরিভাষা উদ্ভাবন করে অতি কঠিন কাজ করেছেন।' মিলিন্দরাজ নাগসেন ভন্তেকে প্রশ্ন করলেন, 'ভন্তে নাগসেন, ভগবান কোনো দুষ্কর কার্য করেছেন কি?' উত্তরে ভন্তে বললেন, 'হ্যাঁ মহারাজ, ভগবান একটি দুষ্কর কার্য করেছেন।' 'ভন্তে, তা কী?' 'মহারাজ, একই আলম্বনে বর্তমান অরূপী (চেতন) চিত্ত-চৈতসিক ধর্ম (মন ও মনোবৃত্তি) নিশ্চয়ের বিশ্লেষণ করে তিনি বলেছেন, 'এটি স্পর্শ, এটি বেদনা, এটি সংজ্ঞা, এটি চেতনা, এবং এটি চিত্ত'—ভগবান এটি দুষ্কর কার্য করেছেন। 'ভন্তে, উপমা প্রদান করুন।' 'মহারাজ, কোনো লোক নৌকা যোগে মহাসমুদ্রে গমন করে তথায় করপুটে জল গ্রহণ করে এবং তা জিহ্বায় আস্বাদন করে জানতে পারে কি—এটি গঙ্গার জল, এটি যমুনার জল, এটি অচিরাবতীর জল, এটি সরভূর জল, এটি মহী নদীর জল?' 'মহারাজ, ভগবান তদপেক্ষা কঠিন কাজ করেছেন যে তিনি একই বিষয় অবলম্বন করে বিদ্যমান চিত্ত ও চৈতসিক ধর্মনিচয়ের এইরূপ বিশ্লেষণ করেছেন—এটি স্পর্শ, এটি বেদনা, এটি সংজ্ঞা, এটি চেতনা এবং এটি চিত্ত।'

বুদ্ধঘোষ তাঁর অর্থসালিনী গ্রন্থে 'ধর্মসঙ্গণী'র ব্যাখ্যার আরম্ভের সময় বলেছেন, **'ইতো পট্ঠায গম্ভীরং অভিধম্মকথং ইমং। বুচ্চমানং নিসামেথ একগ্গা সাধু সাধবো'তি'**। অভিধর্মের প্রতিপাদ্য বিষয়বস্তু অতিশয় সূক্ষ্ম ও গুরুগম্ভীর। সকলের পক্ষে তা সহজভাবে বুঝা বা উপলব্ধি করা সম্ভব নহে। তার পরেও বলতে হয়, **'অভিধর্মের প্রতিপাদ্য বিষয়বস্তু অনধিগম্য নহে দুরধিগম্য, অনবগাহ নহে দুরবগাহ, অবোধ্য নহে দুর্বোধ্য।'**

বৌদ্ধদর্শনের গুরুত্বপূর্ণ বিষয় হলো মনোবিজ্ঞান। এই মনোবিজ্ঞান বা মনোজগতের ক্রিয়াশীল বৃত্তিসমূহের বিস্তারিত আলোচনায় ভরপুর অভিধর্মপিটক। ধর্ম ও অভিধর্মের মধ্যে খুব বেশি পার্থক্য নেই। **'ধর্ম'** শব্দের যেই অর্থ **'অভিধর্ম'** শব্দেরও সেই অর্থ। শুধুমাত্র **'ধর্ম'** শব্দের সাথে 'অভি' উপসর্গ যোগ করে **'অভিধর্ম'** পদ গঠিত হয়েছে। **'অভি', 'অতি', 'অধি'** প্রভৃতি সমার্থক উপসর্গ। এর অর্থ অধিক, বেশি, অতিরিক্ত, বিশিষ্ট অথবা অধিকতর। সুতরাং 'অভিধর্ম' শব্দের অর্থ **'বিশিষ্ট ধর্ম', 'অতিরিক্ত ধর্ম',** বা **'অধিকতর**

Visit: http://www.buddhistdownload.com

**ধর্ম’**। অর্থকথাচার্য বুদ্ধঘোষ তাঁর অত্থসালিনী নামক অভিধর্ম-অর্থকথা গ্রন্থে ‘অভিধর্ম’ শব্দের অর্থ বিশ্লেষণ করে বলেছেন, **‘ধম্মাতিরেক ধম্মবিসেসট্ঠেন অভিধম্মোতি বুচ্চতি’** অর্থাৎ **সূত্রাতিরিক্ত ধর্মই অভিধর্ম**।

উদাহরণস্বরূপ বলা যায় যে, যেই ছত্র অতিশয় রঞ্জিত ও বৃহৎ আকারবিশিষ্ট তাকে যেমন ‘অতিচ্ছত্ত’ বলা হয় অথবা যেই পতাকা নানাপ্রকার বিচিত্র শোভাসম্পন্ন, সেটি ‘অতিধ্বজ’, যেই রাজকুমার ভোগ ও ঐশ্বর্যযুক্ত তাকে যেমন ‘অধিরাজ কুমার’, যেই আয়ু, বর্ণ, রূপ ও ঐশ্বর্যযুক্ত তাকে যেমন ‘অধিদেব’ বলা হয় সেরূপ ধর্মাতিরিক্ত অর্থাৎ সূত্রাতিরিক্ত হচ্ছে অভিধর্ম। বিষয় বিন্যাস ও প্রচার কুশলতা ব্যতীত উভয়ের মধ্যে তেমন পার্থক্য নেই। অভিধর্ম হচ্ছে সূক্ষ্ম মনস্তাত্ত্বিক বিশ্লেষণ এবং লোক (লৌকিক) ও লোকোত্তর বিষয়ের দার্শনিক ব্যাখ্যা। বস্তুত, তথাগত বুদ্ধের মনস্তাত্ত্বিক বিষয়ের দার্শনিক উপদেশই অভিধর্মের ভিত্তি। তাঁর সেই দার্শনিক তত্ত্ব ও মনস্তত্ত্বের সূক্ষ্ম বিশ্লেষণকে ভিত্তি করে অভিধর্মপিটক রচিত। তা ছাড়া গুরুত্বপূর্ণ গভীরার্থ প্রকাশ, আধ্যাত্মবাণী আধিক্য, দুঃখমুক্তি বা বিমুক্তি প্রদর্শিত এবং বিষয়বস্তু বিন্যাসে সর্বোৎকৃষ্ট বিশ্লেষিত বলেই ‘অভিধর্ম’ বলা হয়েছে।

ভগবান তথাগত প্রবর্তিত আর্যধর্ম **মনোবিজ্ঞানসম্মত** এবং **নীতি-প্রধান**। অপর দিকে একে **বিভাজ্যবাদও** বলা হয়। ত্রিপিটকের সর্বত্র ধর্মকে বৈজ্ঞানিক প্রণালিতে বিশ্লেষণ করার প্রয়াস লক্ষ করা যায়। অভিধর্মপিটকের প্রতিপাদ্য বিষয় অনুসারে যথোপযুক্ত পরিভাষা ও প্রজ্ঞপ্তি দ্বারা পরিজ্ঞেয় বিষয়ের পরিচয় প্রদান ও শ্রেণিবিভাগ করা হয়েছে। তাই সূত্রপিটকের সর্বসাধারণের উপযোগী করে পুনরায় ব্যাখ্যা করা হয়েছে। এই কারণে সূত্রপিটকের ভাষা ব্যবহারিক বা **‘বোহারবচন’**। যেমন : সত্ত্ব, আত্মা, জীব, জন্ম, মৃত্যু, দেব, ব্রহ্মা, তুমি, আমি, মনুষ্য ইত্যাদি। অপর দিকে অভিধর্মের বিষয়বস্তু পরমার্থ সম্পকীয় **‘পারমত্থবচন’**। যথা : স্কন্ধ, আয়তন, ইন্দ্রিয়, ধাতু, প্রতিসন্ধি, সন্ততি, আত্ম, বল, বোধ্যঙ্গ, নির্বাণ ও প্রজ্ঞপ্তি ইত্যাদি। সূত্রপিটকে যেই ধর্ম লৌকিকভাবে দেশনা করা হয়েছে তাই অভিধর্মপিটকে অসাধারণভাবে বা পারমার্থিকভাবে বা পারমার্থিক উপায়ে আলোচিত, বিভাজিত ও ব্যাখ্যাত হয়েছে। তাই বলা চলে—**‘সূত্রের ভাষা আছে, সেই ভাষার তরঙ্গ আছে, উচ্ছ্বাস আছে, উদান আছে, গাথা আছে, উৎসাহ আছে, উদ্দীপনা আছে, অপায় আছে, অপায়ের ভয় আছে, দেব-ব্রহ্মা আছে, দেব-ব্রহ্মলোকের আকর্ষণ আছে, নির্বাণের সুসমাচার আছে। কিন্তু অভিধর্ম যেন নীরব ভাষাহীন, আছে শুধু ছেদন, বিশ্লেষণ, বিভাজন, পর্যবেক্ষণ এবং নৈর্ব্যক্তিক পরম সত্য-জ্ঞানের উদ্ভাবন। সঙ্গে সঙ্গে চির চঞ্চল ব্যবহারিক জগতের নিরবশেষ বিলয় সাধন।’**

Visit: http://www.buddhistdownload.com

অভিধর্মপিটকে বৌদ্ধ দর্শনের সাতটি গ্রন্থ রয়েছে। যথা : ধর্মসঙ্গণী, ধাতুকথা, পুদ্‌গল পঞ্‌ঞত্তি, কথাবত্থু, যমক ও পট্‌ঠান। সাত খণ্ডের এই অভিধর্মপিটকের মধ্যে পট্‌ঠানের স্থান সর্বশেষ। বিগত ষষ্ঠ মহাসঙ্গীতিতে সঙ্গীতিকারক ভুবনবিখ্যাত পণ্ডিত ভিক্ষুগণ পট্‌ঠানকে পঞ্চ গ্রন্থাকারে বিভাগ করেছেন। এই পট্‌ঠান গ্রন্থে রয়েছে ২৪টি প্রত্যয়ের আলোচনা। সেই প্রত্যয়সমূহ হচ্ছে : (১) হেতু-প্রত্যয়, (২) আলম্বন-প্রত্যয়, (৩) অধিপতি-প্রত্যয়, (৪) অনন্তর-প্রত্যয়, (৫) সমনন্তর-প্রত্যয়, (৬) সহজাত-প্রত্যয়, (৭) অন্যোন্য-প্রত্যয়, (৮) নিশ্রয়-প্রত্যয়, (৯) উপনিশ্রয়-প্রত্যয়, (১০) পূর্বজাত-প্রত্যয়, (১১) পশ্চাজ্জাত-প্রত্যয়, (১২) আসেবন-প্রত্যয়, (১৩) কর্ম-প্রত্যয়, (১৪) বিপাক-প্রত্যয়, (১৫) আহার-প্রত্যয়, (১৬) ইন্দ্রিয়-প্রত্যয়, (১৭) ধ্যান-প্রত্যয়, (১৮) মার্গ-প্রত্যয়, (১৯) সম্প্রযুক্ত-প্রত্যয়, (২০) বিপ্রযুক্ত-প্রত্যয়, (২১) অস্তি-প্রত্যয়, (২২) নাস্তি-প্রত্যয়, (২৩) বিগত-প্রত্যয় ও (২৪) অবিগত-প্রত্যয়।

**'পট্‌ঠান'** শব্দের অর্থ **'প্রধান কারণ,' 'মূল কারণ'** বা **'প্রকৃত কারণ'**। পালি অভিধর্মপিটকে এটি সবচেয়ে বৃহৎ গ্রন্থ। তাই একে **মহাপ্রকরণ**ও বলা হয়। বৌদ্ধধর্মে কার্যকারণ-নীতি (laws of causation) নির্ণয়ের ২টি রীতি। একটি **'প্রতীত্যসমুৎপাদ-রীতি,'** অপরটি **'পট্‌ঠান-রীতি'**। পট্‌ঠানকে প্রতীত্যসমুৎপাদেরই বিশ্লেষণধর্মী বিশদ ব্যাখ্যা বলা যেতে পারে। পট্‌ঠান প্রকরণে ২৪ প্রকার প্রত্যয়কে বিভিন্নভাবে বিশ্লেষণ করে কারণ ও কার্যের মধ্যে বিভিন্ন প্রকার সম্পর্ক প্রদর্শনপূর্বক প্রতীত্যসমুৎপাদ পদ্ধতিকে প্রতিষ্ঠিত করা হয়েছে। প্রতীত্যসমুৎপাদের ১২টি নিদান (factor) পট্‌ঠানে ২৪টি প্রত্যয়াকারে অতিসরলভাবে বর্ণিত হয়েছে। পট্‌ঠানে প্রথমে ২৪ প্রকার প্রত্যয়ের তালিকা দেওয়া হয়েছে যাকে বলা হয় **'প্রত্যয়-উদ্দেশ'**। এরপর **'প্রত্যয়-নির্দেশে'** প্রত্যয়গুলোর সংজ্ঞা প্রদত্ত হয়েছে। শেষে ত্রিক (ত্রিবিধ নীতিবাচক) পট্‌ঠানের বিশেষ বিশেষ ক্ষেত্রে প্রত্যয়গুলোর প্রয়োগ দেখানো হয়েছে।

পট্‌ঠানের বিষয়বস্তু অতি দুর্জ্ঞেয়, দুরধিগম্য। কারণ ২৪টি প্রত্যয়ের মধ্যে কোন কোন প্রত্যয় কোন কোন ধর্মের উৎপত্তিতে সহায় সেটা সাধারণের উপলব্ধির বাইরে। এটা একমাত্র সর্বজ্ঞ তথাগত বুদ্ধেরই উপলব্ধির বিষয়। অর্থসালিনীতে উক্ত আছে, প্রথম ছয়টি অভিধর্ম গ্রন্থ দেশনাকালে বুদ্ধের শরীর থেকে কোনো জ্যোতি বা রশ্মি নির্গত হয়নি; কিন্তু পট্‌ঠান দেশনাকালে তাঁর শরীর থেকে ষড়্‌বর্ণের দিব্যরশ্মি চতুর্দিকে বিচ্ছুরিত হয়েছিল। এতে পট্‌ঠান গ্রন্থের মাহাত্ম্য বোঝা যায়।

Visit: http://www.buddhistdownload.com

বাস্তবিকপক্ষে **'ধর্মসঙ্গণী'** এবং বিরাটকায় **'পট্ঠানই'** অভিধর্মের বিশুদ্ধ সারাংশ। ধর্মসঙ্গণী গ্রন্থে অভিধর্মের বিষয়বস্তু উপস্থিত করে একে অন্যান্য গ্রন্থে বিস্তারিত আলোচনা করে পট্ঠানে সমাপ্ত করা হয়েছে। **'নাম-রূপের'** যাবতীয় ব্যাপারের পরস্পর সম্পর্ক বা কারণ-নির্ণয়ই পট্ঠানের প্রতিপাদ্য বিষয়। মনোজগতের সাথে মনোজগতের এবং মনোজগতের সাথে জড়জগতের পরস্পর সম্পর্ক কী, সামগ্রিকভাবে বলতে গেলে যাবতীয় নাম-রূপের পরস্পর সম্পর্কই বা কী সে সম্বন্ধে বিশাল **'পট্ঠান'** গ্রন্থে এই ২৪ প্রকার প্রত্যয়ের দ্বারা গভীরভাবে পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা হয়েছে। ব্যবহারিক দৃষ্টিতে ও ভাষাতাত্ত্বিক বিশ্লেষণে যাকে আমরা আমি, তুমি, মাতা, পিতা, শত্রু, মিত্র, রাজা, প্রজা, পৃথিবী, নদী, পর্বত, গরু, ছাগল, নগর, গৃহ প্রভৃতি বলে পরিচিত করি, তাই আবার পারমার্থিক দৃষ্টিতে বিচার করলে **'উৎপত্তি-বিলয়শীল'** ব্যাপার মাত্র। এরূপ বিচারে **'পট্ঠান'**কে প্রতীত্যসমুৎপাদ-নীতি বা জন্ম-মৃত্যু রহস্যেরই বিশেষ বিশ্লেষণ বলা যায়। সূত্রপিটকের অন্তর্গত প্রতীত্যসমুৎপাদ-নীতিতে যা দ্বাদশ প্রকার নিদানাকারে সজ্জিত করে বর্ণনা করা হয়েছে, তাই পুনরায় অভিধর্মপিটকের পট্ঠান গ্রন্থে ২৪ প্রকার প্রত্যয়রূপে বিভাগ করে বিশদভাবে ব্যাখ্যা করা হয়েছে। অভিধর্মপিটকের মূল প্রতিপাদ্য বিষয় নাম-রূপের অনিত্যতা ও অনাত্মতা। অভিধর্মপিটকের পট্ঠান প্রকরণে এর যথার্থ ও চূড়ান্ত বিশ্লেষণ যথার্থভাবে প্রদর্শিত হয়েছে।

অভিধর্ম বৌদ্ধ মননশীলতার চরম বিকাশ। সূত্রপিটকে বলা হয়েছে যে, প্রাণিহত্যা করা উচিত নয়। এটি দুঃখ অকুশল কর্ম। এর পরিণাম দুঃখজনক। কেন প্রাণিহত্যা করা অনুচিত সূত্রপিটকে এর মনস্তাত্ত্বিক বিশ্লেষণ ও প্রমাণ পাওয়া কঠিন। অভিধর্মপিটকেই এর যথাযথ কারণ ও প্রমাণ প্রদর্শিত হয়েছে। এতে কাল্পনিক কোনো বিষয়ের অবতারণা করে মূল বক্তব্যকে চাপা দেওয়ার প্রচেষ্টা নেই। সূত্রপিটকে যে ধর্ম লৌকিকভাবে দেশনা করা হয়েছে, অভিধর্মপিটকে তা অসাধারণ বা পারমার্থিক উপায়ে আলোচিত, ব্যাখ্যাত ও বিভাজিত করা হয়েছে। কার্যকারণ সম্পর্ক নির্ণয়ের সাহায্যে বক্তব্য বিষয়ের বিশ্লেষণ করাই এর প্রধান বিশেষত্ব। পূর্বেই বলা হয়েছে যে, অভিধর্মের মূল আলোচ্য বিষয় বৌদ্ধদর্শন ও পরমার্থ-সত্য। পরমার্থ মাত্রই জটিল ও সাধনালভ্য। সংস্কার, মন ও কঠোর সাধনা ব্যতীত এটি হৃদয়ঙ্গম করা কঠিন। শীলবান ব্যক্তি একনিষ্ঠ সাধনার দ্বারাই এতে বুৎপত্তি লাভ করেন। অত্যাধিক কামনা-বাসনাপরায়ণ ব্যক্তির জন্য সত্যিই এটি দুরবগাহ। দর্শন আলোচনার জন্য কিছুটা মানসিক প্রস্তুতির প্রয়োজন। সেইরূপ মানসিক প্রস্তুতি ও শীলসম্পন্ন না হয়ে পারমার্থিক বিষয়ে মনঃসংযোগ করা যায় না। এই জন্য

Visit: http://www.buddhistdownload.com

অভিজ্ঞ বৌদ্ধাচার্যগণ প্রথমে ধর্ম-বিনয় শিক্ষা ও অনুশীলন করার পরই অভিধর্ম চর্চা করার জন্য উপদেশ প্রদান করে থাকেন।

বুদ্ধের অভিধর্মজ্ঞান শিক্ষার উদ্দেশ্য নির্বাণ প্রত্যক্ষ করা। বৌদ্ধধর্মে একটি মাত্র স্বাদ পাওয়া যায় আর তা হচ্ছে মুক্তির স্বাদ। অভিধর্মে মূলত এই মুক্তির স্বাদকেই চূড়ান্তভাবে ব্যাখ্যা করা হয়েছে। অভিধর্ম শিক্ষার ফলে মানুষের পূর্ব সংস্কার পরিবর্তন হয়ে যায় এবং আধ্যাত্মিক বিষয়াদিতে চিত্ত আকৃষ্ট হয়ে থাকে। চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ সম্বন্ধে চিত্তের পরিশুদ্ধ ধারণা জন্মিলে ভাবনাদিতে বিনাকষ্টে অগ্রসর হওয়া যায়। অভিধর্ম চর্চার প্রভাবে তারা প্রার্থনানুযায়ী প্রতিসম্ভিদাপ্রাপ্ত অর্হত্ত্বে উপনীত হয়ে থাকেন। এই কারণে অভিধর্ম শিক্ষা ও গবেষণার উপযোগিতা অত্যধিক।

অভিধর্ম কীরূপ গম্ভীর তা বোঝাবার জন্য বুদ্ধঘোষ একটি ঘটনার উল্লেখ করেছেন। একবার শ্রীলংকাবাসী মহাগতিম্বতিস্‌স দত্ত স্থবির বোধিবৃক্ষকে পূজা করার মানসে শ্রীলংকা থেকে জাহাজে করে ভারতে আসছিলেন। তিনি জাহাজে বসে চতুর্দিকের মহাসমুদ্রকে দেখছিলেন। তিনি দেখলেন সমুদ্রের এপার-ওপার দেখা যাচ্ছে না। অনন্ত ঊর্মিমালা ও জলরাশি ভিন্ন কিছুই দেখা যাচ্ছে না। শুধু জল আর জল। তখন তিনি  ভাবলেন, 'এই মহাসমুদ্রের ঊর্মিবেগই বলবান না চতুর্বিংশতি প্রত্যয়-সমন্বিত পট্ঠান বলবান?' তারপর তিনি দেখলেন যে, এই মহাসমুদ্র অসীম নয়! এই মহাসমুদ্রের নিচে পৃথিবী, উপরে আকাশ, একদিকে চক্রবালপর্বত, অন্যদিকে বেলাভূমি। কিন্তু পট্ঠানের তো কোনো সীমা-পরিসীমা নেই। এটি অনন্ত, অসীম। এইভাবে গূঢ় ও সূক্ষ্মধর্ম প্রত্যবেক্ষণ করতে করতে তাঁর প্রীতি বলবতী হলো। কিন্তু তিনি প্রীতিকে সংযত করে বিপস্‌সনা বাড়াতে বাড়াতে ওই আসনেই সমস্ত চিত্তক্লেশ দূর করে অর্হত্ত্বরূপ অগ্রফলে প্রতিষ্ঠিত হয়েছিলেন।

তাই বুদ্ধ আভিধার্মিক ভিক্ষুদের প্রশংসা করে বলেছেন, "আভিধার্মিক ভিক্ষুরাই ধর্মদেশনার উপযুক্ত পাত্র। তাঁরাই সত্যিকার **'ধর্মকথিক'**। অন্যরা ধর্মদেশনা করলেও 'ধর্মকথিক' আখ্যা লাভের অনুপযুক্ত"। কারণ অন্যরা কর্ম, কর্মবিপাক, রূপারূপ পরিচ্ছেদ, চিত্ত, চৈতসিক ইত্যাদি ধর্মবিষয়ে দেশনাকালে তালগোল পাকিয়ে ফেলেন, সুশৃঙ্খলভাবে ধর্মদেশনা করতে পারেন না। কিন্তু আভিধার্মিক ভিক্ষুগণ অত্যন্ত সুশৃঙ্খলভাবে ধর্মদেশনা করেন, যদ্‌দ্বারা শ্রোতৃমণ্ডলী উপকৃত হন। এই প্রসঙ্গে বুদ্ধ মৌদ্‌গল্যায়ন স্থবিরের প্রশংসায় পঞ্চমুখ হয়ে সারিপুত্রকে বলেছিলেন, **'সাধু সাধু সারিপুত্ত। যথা তং মোগ্‌গল্লানো চ সম্মা ব্যাকরমাণো ব্যাকরেয্য, মোগ্‌গল্লানোহি সারিপুত্ত ধর্মকথিকো'তি।'**

Visit: http://www.buddhistdownload.com

অভিধর্ম সম্পর্কে বুদ্ধের জীবিতাবস্থায় ভিক্ষুগণ কীরূপ ধারণা পোষণ করতেন, তা নিম্নলিখিত আলোচনা হতে পরিস্ফুট হবে। ধর্মসেনাপতি সারিপুত্র মহামৌদ্গল্লায়নকে সম্বোধন করে বললেন :

**'রমনীযং, আবুসো মোগ্গল্লান, গোসিঙ্গ-সালবনং, দোসিনা রত্তি, সব্ব-ফালিফুল্লা, সালা, দিব্বা মঞে গন্ধা সম্পবাযন্তি। কথং রূপেন, আবুসো মোগ্গল্লান, ভিক্খুনা গোসিঙ্গ সালবনং সোভেয্যা'তি?'**

**'ইধাবুসো সারিপুত্তো, দ্বে ভিক্খু অভিধম্ম কথং কথেন্তি, তে অঞ্ঞমঞ্ঞং পঞ্হং পুচ্ছন্তি, অঞ্ঞমঞ্ঞস্স পঞ্হং পুট্ঠা বিস্সজ্জেন্তি, নো চ সংসাদেন্তি, ধম্মী চ নেসং কথা পবত্তনী হোতি। এবরূপেন খো আবুসো সারিপুত্ত, ভিক্খুনা গোসিঙ্গ-সালবনং সোভেয্যা'তি।'**

'বন্ধু মৌদ্গল্লায়ন, অতিশয় রমণীয় এই গোশৃঙ্গ-শালবন। জোৎস্না রাত্রি, অমল-ধবল-চন্দ্রকিরণ চতুর্দিকে শোভমান। চতুর্দিকে সুগন্ধ পুষ্প প্রস্ফুটিত, মনে হয় দিব্যগন্ধই প্রবাহিত হচ্ছে। বন্ধু মৌদ্গল্লায়ন, কীরূপ ভিক্ষু এই পরিবেশে গোশৃঙ্গ-শালবনের শোভা বর্ধন করবে?'

মৌদ্গল্লায়ন উত্তর করেন, 'বন্ধু সারিপুত্র, এখানে দুজন ভিক্ষু অভিধর্মের গভীর তত্ত্ব নিয়ে আলোচনায় রত থাকবেন। তাঁরা পরস্পর পরস্পরকে ওই বিষয় সম্পর্কীয় প্রশ্ন করবেন। কেউ কাউকে থামতে দেবেন না। তাঁদের ধর্মালোচনা চলতেই থাকবে। এইরূপ ভিক্ষুই ঈদৃশ বনের শোভা বর্ধন করবে।'

অমল-ধবল-জোৎস্না-প্লাবিত রাত্রে কামনা-বাসনা বিবর্জিত অনাসব অগ্রশ্রাবকদ্বয়ের চিত্তপ্রবাহে যেই সুরের তরঙ্গ দোলায়িত হয়ে উঠেছিল, তারই দার্শনিক পরিভাষা হলো সৌমনস্য-সহগত জ্ঞান-সম্প্রযুক্ত ক্রিয়াচিত্ত। অভিধর্ম আলোচনা ও গবেষণা কষ্টসাধ্য ব্যাপার। সাধারণ মানুষ এতে ব্যতিব্যস্ত হয়ে পড়েন। কিন্তু যাদের অন্তকরণ ধমীয়ভাবে উদ্বুদ্ধ ও জ্ঞানসাধনায় কৃতবিদ্যা তারা এতে তন্ময় হয়ে পড়েন। প্রাথমিক বাধা অতিক্রম করার পর ক্রমে শিক্ষার্থী এতে আকৃষ্ট হয়ে পড়েন এবং তাদের অন্তঃস্থল কী এক অপার্থিব ঊর্ধ্বে উত্থিত হয়ে নির্মলানন্দ অনুভব করেন।

বাংলা ভাষায় দর্শনমূলক গ্রন্থ বিরল। এই বিস্ময়কর অভিধর্মকে ভিত্তি করে চিন্তাশীল শিক্ষিতেরা বহু উপাদেয় গ্রন্থ রচনা করতে পারেন এবং তদ্দ্বারা জাতীয় সাহিত্যকে উচ্চাঙ্গের সাহিত্য জাতীয় সম্পদ। বিশাল ত্রিপিটক যার ধর্মগ্রন্থ, তার সাহিত্য দারিদ্র কি শোচনীয় নহে? অভিধর্মে উচ্চশ্রেণির সাহিত্যের সুস্বাদু ও পুষ্টিকর খাদ্য সঞ্চিত আছে। এ সম্বন্ধে একজন চিন্তাশীল ইংরেজের অভিমত প্রণিধান যোগ্য :

"The study of Buddhist psychology is endless, and that is

Visit: http://www.buddhistdownload.com

beauty and fascination of it, Throughout, it is the same as science, there are always fresh channels of thought to be investigated, by the aid of fundamental laws.

The more one learns, the more one finds greater meterial for work, and the more one studies the system, the more does one find its far-reaching drmonstrations of explanation.

The higher understanding may indeed be said to de secret knowledge, but anyone may attain to this higher understanding by the cultivation of the mind prescribed in the methods given to us all. Through his compassion for all living things by our Greatest Teacher, Gautama Buddha."

"The Nature of Consciousness."

'অভিধর্মের আলোচনা এক অফুরন্ত ব্যাপার। বাস্তবিক এটিই এর সৌন্দর্য, এটিই এর জাদুমন্ত্র। ঠিক জড়-বিজ্ঞানের মতো, মূলনীতির সহায়ে জ্ঞান অনুসন্ধানের জন্য নব নব পন্থা এর সর্বত্র চির বিদ্যমান।'

'এই নীতি যে যত বেশি শিখবে, কর্তব্য সম্পাদনের জন্য তত মহত্তর উপকরণ জুটবে। এই নীতি যে যত বেশি গবেষণা করবে, সে এর বক্তব্যসমূহের সুদূরপ্রসারী প্রমাণ তত বেশি পাবে।'

'বাস্তবিকপক্ষে উচ্চতরজ্ঞানকে গুপ্তবিদ্যা বলা যেতেও পারে। কিন্তু আমাদের মহাশিক্ষক গৌতম বুদ্ধ সর্বপ্রাণীর প্রতি অনুকম্পাপরবশে যে বিধানাবলি আমাদের সকলের জন্য দিয়ে গেছেন তদানুযায়ী চিত্তের অনুশীলনে যে কেউ উচ্চতর জ্ঞান অধিকার করতে পারেন।'

শুধু কতকগুলো আনুষ্ঠানিক বহিরাচরণ ও বিধি-নিষেধ সমাজে একটা বাহ্যিক ধর্মভাব বজায় রাখতে পারে বটে, কিন্তু ব্যষ্টি বা সমষ্টির জীবনকে বা জাতীয় জীবনকে রূপান্তরিত করতে পারে না, গুটিকাকে প্রজাপতি করতে পারে না; তজ্জন্য বিশুদ্ধ জ্ঞান আবশ্যক। যেমন মানবমুক্তির জন্য, তেমন মানবসভ্যতার জন্যও পরমার্থজ্ঞান সঞ্চয় প্রয়োজন। অভিধর্মই সেই প্রয়োজন সিদ্ধ করে। অভিধর্ম শাক্যকুমার সিদ্ধার্থকে যেমন ভগবান, অর্হৎ, সম্যকসম্বুদ্ধ করেছিল; তেমন আদর্শ নৃপতি, আদর্শ শাসনতন্ত্র, আদর্শ সভ্যতাও সৃষ্টি করেছিল। প্রত্যেক মানবের এহেন অভিধর্মের সাথে সুপরিচিত হওয়া আবশ্যক। এই গ্রন্থ সেই শুভ পরিচয় স্থাপনের দাবি রাখে।

অভিধর্মের মূল প্রতিপাদ্য বিষয় হিসেবে স্থান পেয়েছে চারটি; যথা : **চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণ**। রূপ ব্যতীত চিত্ত, চৈতসিক ও নির্বাণ হচ্ছে মানস

Visit: http://www.buddhistdownload.com

প্রকৃতি বা মনসম্পর্কিত। আবার রূপের স্বভাব বা প্রকৃতি উপলব্ধির জন্যও মনের প্রয়োজন। অভিধর্মের পরিধি হচ্ছে দেহ-মনের সূক্ষাতিসূক্ষ্ম বিশ্লেষণ, পর্যবেক্ষণ, পরিক্ষণ এবং বাহ্যিক বিষয়বস্তুর সাথে নিজের দেহ-মনের তুলনামূলক বিশ্লেষণ। এটা সম্পূর্ণ মনস্তাত্ত্বিক ব্যাপার। এটার আলোচনার গবেষণা অত্যন্ত সূক্ষ্ম, জটিল এবং অফুরন্ত ব্যাপার। অভিধর্মচর্চা এবং আধ্যাত্মিক ধ্যান-সাধনা ব্যতীত তথাগত বুদ্ধের ধর্ম বুঝা কঠিন।

অভিধর্মের আলোচ্য চারটি বিষয়কে সংক্ষেপে দুটি বিষয়ে রূপান্তরিত করা যায়; যথা : রূপ ও অরূপ। চিত্ত, চৈতসিক ও নির্বাণ অরূপের পর্যায়ভুক্ত আর রূপ রূপের পর্যায়ভুক্ত। একে আবার নাম-রূপও বলা হয়। তন্মধ্যে চিত্ত, চৈতসিক ও রূপ প্রত্যায়াধীন কিন্তু নির্বাণ প্রত্যয়াধীন নহে। এই পট্‌ঠান পাঁচ খণ্ডবিশিষ্ট হলেও এর আলোচনা কিন্তু ঘুরে ফিরে চিত্ত, চৈতসিক, রূপ ও নির্বাণকেই সূক্ষ্ম থেকে সূক্ষ্মতরভাবে উপস্থাপন করা হয়েছে।

**'চিন্তেতী'তি চিত্তং'** অর্থাৎ **যা চিন্তা করে তা-ই চিত্ত**। কী চিন্তা করে? **'আরম্মণং বিজানাতী'তি'** অর্থাৎ **বিষয় বা আলম্বন চিন্তা করে**। এখানে 'চিন্তা করে' অর্থ আলম্বন গ্রহণ করে, আলম্বন জানে, আলম্বন অবগত হয়। **'চিত্ত'**, **'মন'**, **'বিজ্ঞান'** একার্থবোধক; এদের যেকোনো একটি অন্য দুটির প্রতিশব্দরূপে ব্যবহৃত হয়। তাদের লক্ষণ যথাক্রমে চিন্তন, মনন ও বিজানন; এরাও একার্থবোধক। আলম্বন বিজানন চিত্তের স্বভাব। চিত্তের সংখ্যা ৮৯টি এবং ৮ প্রকার লোকোত্তর চিত্ত পঞ্চবিধ ধ্যানাঙ্গানুসারে গ্রহণ করে ৪০ প্রকার হয় সে অনুসারে চিত্ত ১২১টি।

চিত্ত সাধারণত ভাস্বর। চৈতসিক বা চিত্তবৃত্তি সহযোগে এটি সংক্লিষ্ট হয়। চৈতসিক অর্থ হচ্ছে চিত্তবৃত্তি বা চিত্তের উপকরণ। চিত্ত ও চৈতসিক এক নহে আবার ভিন্নও নহে। চিত্ত ব্যতীত চৈতসিকের কল্পনা করা বৃথা। এই চৈতসিক বা চিত্তবৃত্তির সংখ্যা ৫২টি। এরা বিভিন্ন সমবায়ে চিত্তের সাথে একসঙ্গে উৎপন্ন ও নিরোধ হয় এবং এক আলম্বন ও একবাস্তু গ্রহণ করে। এই ৫২ প্রকার চৈতসিকই মনের সাথে যুক্ত হয়ে ৮৯ (বা বিস্তৃতভাবে ১২১) প্রকার চিত্ত উৎপত্তির হেতু হয়। প্রত্যেক চিত্তে কত প্রকার চিত্তবৃত্তি একক বা দলাবদ্ধভাবে উৎপন্ন হয়, অভিধর্মপিটকে সে বিষয় সুন্দরভাবে প্রদর্শিত হয়েছে।

বৌদ্ধদর্শনে রূপকে এর গুণাবলিতে বিভাগ করে পারমার্থিকভাবে পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা হয়েছে। আটাশ প্রকার রূপস্কন্ধই রূপ। এটি জড় পদার্থের অন্তর্গত। এটি শৈত্যে বা উত্তাপে পরিবর্তিত হয়। অভিধর্মপিটকে আটাশ প্রকার রূপকে আধ্যাত্মিক ও বাহ্যিক, অবস্থা পরিবর্তনের কারণ, কলাপ ও উৎপত্তিক্রম অনুসারে বিভাগ করে বর্ণনা করে এতে বলা হয়েছে যে, মনোজগতের ন্যায়

Visit: http://www.buddhistdownload.com

রূপজগৎকেও এর গুণ শক্তিতে পরিণত করা যায়। একেও অন্তর্জগতের ন্যায় চিরন্তন পরিবর্তনশীল প্রবাহ মাত্র।

নির্বাণ অতুলনীয়। এর অস্তিত্ব, রূপ, সংস্থান, বয়স, প্রমাণ, উপমা, হেতু বা যুক্তি দ্বারা প্রকাশযোগ্য নহে। নির্বাণ শান্ত, প্রণীত ও সুখদায়ক। নির্বাণ লোকোত্তর। নির্বাণ অচলা শান্তি। এতদূর্ধ্বে আর করণীয় নেই। লোক সংস্কৃত ধর্ম। নির্বাণ অসংস্কৃত ধর্ম। সংস্কৃত বস্তু মাত্রই ধ্বংস অনিবার্য। অসংস্কৃত বস্তুর ধ্বংস নেই। অতএব নির্বাণ অপরিবর্তনীয়। পার্থিব বস্তুর অস্থায়িত্ব দুঃখদায়ক। নৈর্বাণিক আনন্দে স্থায়িত্ব বর্তমান। নির্বাণই শ্রেষ্ঠ। এটি অনুত্তর যোগক্ষেম। দেবমানবের কল্পনায় নির্বাণ পরম শ্রেষ্ঠ। এটি এমন এক অমৃতপদ যা পরম শান্তিপদ। সুখ-দুঃখ-নিরপেক্ষ, অজর, অমর, ব্যাধিবর্জিত অনুত্তর যোগক্ষেমই নির্বাণ। অভিধর্মপিটকে এর প্রকৃত স্বরূপ উদ্ঘাটিত। অপর দুই পিটকে পরমার্থ সত্যের এরূপ বিস্তৃত ব্যাখ্যা সম্ভব নয়।

**'পট্ঠানে'** সমস্ত পরমার্থ সত্যসমূহকে চারটি প্রণালিতে ব্যাখ্যা করা হয়েছে; যেমন : (১) অনুলোম-নয় (প্রণালি বা ধারা), (২) প্রতিলোম-নয়, (৩) অনুলোম-প্রতিলোম-নয়, (৪) প্রতিলোম-অনুলোম-নয়। উক্ত চারটি নয় হচ্ছে পট্ঠানের চারটি প্রধান বিভাগ। প্রত্যেকটি নয়কে আবার ছয় প্রকার অনুবিভাগে ভাগ করা হয়েছে; যেমন : (১) ত্রিক (ত্রিবিধ নীতিবাচক), (২) দ্বিক (যুগ্ম বা জোড়া), (৩) দ্বিক-ত্রিক সমন্বয়, (৪) ত্রিক-দ্বিক সমন্বয়, (৫) ত্রিক-ত্রিক সমন্বয়, (৬) দ্বিক-দ্বিক সমন্বয়। এভাবে দেখা যায় পট্ঠানের ২৪টি (৪×৬) বিভাগ রয়েছে।

প্রত্যকটি ত্রিক, দ্বিক এবং এদের সমন্বয়কে আবার ৭টি বার বা অধ্যায়ে ভাগ করা হয়েছে; যেমন : (১) প্রতীত্য অধ্যায়, (২) সহজাত অধ্যায়, (৩) প্রত্যয় অধ্যায়, (৪) নিশ্রয় অধ্যায়, (৫) সংশ্লিষ্ট অধ্যায়, (৬) সম্প্রযুক্ত অধ্যায়, (৭) প্রশ্ন অধ্যায়। উক্ত ৭টি অধ্যায়ের প্রত্যেকটিতে চারটি ভাগ রয়েছে, যেমন : (১) অনুলোম-প্রত্যয়, (২) প্রতিলোম-প্রত্যয়, (৩) অনুলোম-প্রতিলোম-প্রত্যয়, (৪) প্রতিলোম-অনুলোম-প্রত্যয়। আবার অনুলোম-প্রত্যয় বর্ণনায় এবং প্রতিলোম-প্রত্যয় বর্ণনায় বিভঙ্গ অধ্যায় ও গণনা অধ্যায় এই দ্বিবিধ অধ্যায়ের আলোচনা করা হয়েছে। **'পট্ঠান'**-এর সমস্ত অধ্যায়ের আলোচনা **'প্রতিলোম উদ্ধার বা সংগ্রহ'** এর বর্ণনার মাধ্যমে শেষ করা হয়েছে।

এতদ্ব্যতীত আছে প্রশ্নোত্তরের মাধ্যমে প্রত্যয়সমূহের বর্ণনা। এই প্রশ্নসমূহকে একত্রিত করলে বিরাট একটি সংখ্যা দাঁড়ায়। পালি পট্ঠানে তাও সমস্ত প্রশ্নগুলোর অবতারণা করা হয়নি। যেগুলোর বিশেষ প্রয়োজনীয়তা আছে সেগুলোরই বর্ণনা দেওয়া হয়েছে মাত্র। সকল প্রশ্নগুলোকে গ্রন্থে মুদ্রিত করতে

Visit: http://www.buddhistdownload.com

হলে প্রত্যেকটি ৪০০ পৃষ্ঠাযুক্ত তিন কোটি গ্রন্থকেও ছাড়িয়ে যাবে।

অর্থকথাতে অবশ্য মোটামুটি প্রশ্নের সংখ্যা দেওয়া হয়েছে : ৪০৪, ৯৪৮, ৫৩৩, ২৪৮টি এবং টীকাতে ৩৮৮, ৭৭৮, ৩৪৪, ৭১৩টি প্রশ্ন।

এটি কী প্রকারে সম্ভব?

ধরা যাক, পট্ঠানের শুরুতে 'অনুলোম-নয়' অলোচিত হয়েছে। এর প্রথমে ২২টি ত্রিকের মধ্যে প্রথমটি অর্থাৎ কুশলত্রিকের আলোচনা আছে। প্রথমে প্রতীত্যবার, হেতু-প্রত্যয়, হেতু-প্রত্যয়ে এক-দ্বিক-ত্রিক-চতুষ্ক ইত্যাদি আকারে অনেক প্রশ্ন আছে। কুশলত্রিকের আবার তিনটি বিভাগঃ কুশল, অকুশল এবং অব্যাকৃত। (১) কুশল, (২) অকুশল, (৩) অব্যাকৃত, (৪) কুশল এবং অব্যাকৃত, (৫) অকুশল এবং অব্যাকৃত, (৬) কুশল এবং অকুশল, (৭) কুশল, অকুশল এবং অব্যাকৃত।

এদের প্রত্যেকটিকে অবলম্বন করে ৭ প্রকার প্রশ্ন জিজ্ঞাসিত হয়েছে; যেমন :

(১) হেতু-প্রত্যয় দ্বারা কিভাবে কুশল ধর্মকে ভিত্তি করে কুশল ধর্ম উৎপন্ন হয়ে থাকে?

(২) হেতু-প্রত্যয় দ্বারা কিভাবে কুশল ধর্মকে ভিত্তি করে অকুশল ধর্ম উৎপন্ন হয়ে থাকে?

(৩) হেতু-প্রত্যয় দ্বারা কিভাবে কুশল ধর্মকে ভিত্তি করে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়ে থাকে?

(৪) হেতু-প্রত্যয় দ্বারা কিভাবে কুশল ধর্মকে ভিত্তি করে কুশল এবং অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়ে থাকে?

(৫) হেতু-প্রত্যয় দ্বারা কিভাবে কুশল ধর্মকে ভিত্তি করে অকুশল এবং অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়ে থাকে?

(৬) হেতু-প্রত্যয় দ্বারা কিভাবে কুশল ধর্মকে ভিত্তি করে কুশল এবং অকুশল ধর্ম উৎপন্ন হয়ে থাকে?

(৭) হেতু-প্রত্যয় দ্বারা কিভাবে কুশল ধর্মকে ভিত্তি করে কুশল, অকুশল এবং অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়ে থাকে?

এভাবে প্রতিটি বিভাগে ৭টি করে প্রশ্ন ধরলে পরে প্রশ্ন সংখ্যা দাঁড়ায় ৪৯টি (৭×৭)। তাও যদি **'একক'** ধরা হয়। অতএব হেতু-প্রত্যয় প্রশ্ন সংখ্যা ৪৯টি। ২৪টি প্রত্যয়ে প্রশ্ন সংখ্যা হবে ৪৯×২৪ = ১,১৭৬টি। এটি ছাড়া **'দ্বিক', 'ত্রিক', 'চতুষ্ক', 'পঞ্চক'** ইত্যাদি আছে। এই পর্যন্ত **'কুশলত্রিকের অনুলোম-নয়'**। এর পর আছে বাকি তিনটি নয়। তাছাড়া কুশলত্রিকের পর অন্যান্য আরও ২১টি ত্রিক আছে; যেমন : বেদনাত্রিক, বিপাকত্রিক, উপাদিন্নত্রিক ও

Visit: http://www.buddhistdownload.com

সংক্লিষ্টত্রিক ইত্যাদি। ত্রিকগুলো শেষ হলে শুরু হবে দ্বিকগুলো। দ্বিকগুলোর সংখ্যা ১০০টি। অতএব অনুমান করা যেতে পারে পট্‌ঠানের আলোচিত প্রশ্ন সংখ্যা কত হতে পারে। সেজন্য বলা হয়েছে **'পট্‌ঠান'** কেবলমাত্র সর্বজ্ঞ বুদ্ধগণের গোচর, অন্য করো গোচরীভূত হতে পারে না।

যেকোনো নতুন বিষয় শিক্ষা করতে গেলে প্রাথমিক বাধাসমূহ অতিক্রম করতে হয়। এই পট্‌ঠান শিক্ষা করতে গেলেও তদ্রূপ; সেজন্য সাধনা আবশ্যক। বিদ্যালয় পাঠ্য জ্যামিতি, বীজগণিত, পদার্থবিদ্যা ইত্যাদি অধিগত করার সাধনা ও দক্ষতা, বিশ্লেষণ-কৌশল ও সংশ্লেষণ-ক্ষমতা যার আছে, তার পট্‌ঠান আয়ত্ত করার শক্তিও আছে। এই বিশালকায় পট্‌ঠান অধ্যয়ন করার আগে আচার্য পরম পূজ্য স্থবির অনুরুদ্ধ কর্তৃক রচিত প্রখ্যাত আভিধার্মিক শ্রীবীরেন্দ্রলাল মুৎসুদ্দি কর্তৃক অনূদিত **'অভিধর্মার্থ-সংগ্রহ'** ভালোভাবে অধ্যয়ন ও আয়ত্ত করতে হবে। অভিধর্মার্থ-সংগ্রহই হচ্ছে অভিধর্মের প্রবেশের প্রধান দরজা। 'অভিধর্মার্থ-সংগ্রহ' ভালোভাবে অধ্যয়ন ও কণ্ঠস্থ করলে অভিধর্ম তাদের হাতের মুঠোয় চলে আসে। এমনটি না হলে সাধারণ পাঠকেরা এমন দার্শনিক আলোচনা-সমৃদ্ধ তাত্ত্বিক বিষয়গুলো পড়ে রস পাবেন বলে মনে হয় না। অভিধর্মার্থ-সংগ্রহ অধ্যয়ন ও আয়ত্ত করেছেন এমন পাঠকেরাই শুধুমাত্র এই গ্রন্থের রসাস্বাদনে সমর্থ হবেন।

ইতোপূর্বে পট্‌ঠানে পৃথিবী সৃষ্টির রহস্য সন্নিবেশিত রয়েছে বলে অনেকে ধারণা পোষণ করতেন। আসলে বৌদ্ধধর্মের বিশ্লেষণ সে রকম নয়। বৌদ্ধধর্মে স্রষ্টার অবস্থান কীরূপ তা ব্যাখ্যা করা হয়েছে। বৌদ্ধধর্মে অদৃশ্য কোনো শক্তির স্থান নেই। স্বীয় কর্মদ্বারা কীভাবে দুঃখের শৃঙ্খল থেকে মুক্তি পাওয়া যায় তা-ই বৌদ্ধধর্ম নির্দেশ করে।

বৌদ্ধদের মধ্যে ভক্তিমার্গীদের চাইতে জ্ঞানমার্গীদের সংখ্যা তুলনামূলক হারে কম। সেহেতু এই পট্‌ঠান নামক গ্রন্থটি ভক্তিমার্গীদের চাইতে জ্ঞানমার্গীদের কাছেই বেশি সমাদর পাবে বলে আমি মনে করি। বুদ্ধধর্মের অনুগামী যাঁরা উন্নত ধীসম্পন্ন এবং যাঁরা শীল-সমাধি-প্রজ্ঞারূপ মার্গ অনুসরণ করে 'বিপস্‌সনা'র মাধ্যমে সরাসরি জন্ম-মৃত্যুর মুক্তিরূপ নির্বাণ লাভেচ্ছু, তাঁদেরই জন্যই এই পট্‌ঠান। উড়ু উড়ু মন নিয়ে পট্‌ঠানের আলোচনা পড়লে পরে এর আলোচ্য বিষয় ধূলিবৎ, নীরস ও শুষ্ক মনে হতে পারে। জাতকের কাহিনী বা উপন্যাসের মতো দার্শনিক বিষয় কখনো প্রসাদগুণবিশিষ্ট হতে পারে না। এর অধ্যয়ন গণিতশাস্ত্র অধ্যয়নের অনুরূপ।

সত্যান্বেষায় প্রাজ্ঞজনেরা বা আদর্শ জীবনযাপনে আন্তরিকভাবে আগ্রহী তাদের অপরিহার্য নির্দেশিকা এবং মননশীল চর্চার মজার সঙ্গী হতে পারে এই

Visit: http://www.buddhistdownload.com

পট্ঠান গ্রন্থটি। বুদ্ধবচনের মর্ম ঠিক ঠিক বুঝতে হলে এবং নির্বাণ উপলব্ধি করতে হলে অভিধর্মের পট্ঠান পরম মিত্র (সহায়ক)-রূপে প্রতিপন্ন হবে এটা নিঃসন্দেহে বলা যায়। কেননা, অভিধর্ম হলো পারমার্থিক সত্যজ্ঞানের দরজা খোলার চাবিকাঠিস্বরূপ।

বুদ্ধশাসনের পঞ্চ অন্তর্ধানের মধ্যে ত্রিপিটক অন্তর্ধানে এই পট্ঠানই প্রথম অন্তর্হিত হবে। আমাদের পরম সৌভাগ্য যে এই **'পট্ঠান'** গ্রন্থাকারে আজো আমাদের মধ্যে বিদ্যমান রয়েছে। সম্যকভাবে পট্ঠান অধ্যয়নে বুদ্ধভাষিত সদ্ধর্ম সম্পূর্ণরূপে অবগত হওয়া যায়। ত্রিপিটকের যেকোনো বিষয়াবলি অনায়াসেই হৃদয়ঙ্গম করতে পারা যায়। বৌদ্ধধর্মের রসাস্বাদনে আকাঙ্ক্ষী শ্রদ্ধাবান উপাসক-উপাসিকাদের ভগবান তথাগত ভাষিত পট্ঠান গ্রন্থ একবার পাঠ করা নিতান্তই দরকার। অভিধর্ম সম্পর্কে যাদের কিঞ্চিৎ পরিমাণও জ্ঞান রয়েছে তারাও পট্ঠান পাঠ করে নিরামিষ প্রীতিতে সিক্ত হতে পারেন বলে মনে করি। যে ধর্মের বাণী 'অত্তাহি অত্তনো নাথো কোহি নাথো পরো সিযা?' সে ধর্মের অনুগামীর পক্ষে পারমার্থ জ্ঞান অনুশীলনের আবশ্যকতা কত বেশি তা বলার অপেক্ষা রাখে না। সুতরাং ধর্মপ্রাণ ভিক্ষু-শ্রামণের এবং উপাসক-উপাসিকারা যৎকিঞ্চিৎ অভিধর্ম আলোচনা বা শিক্ষা করে উত্তরোত্তর বিশুদ্ধ জ্ঞানের অধিকারী হবার চেষ্টা করুন।

বাংলা ত্রিপিটকের মধ্যে পট্ঠানের বিষয়বস্তু উপলব্ধি করা একমাত্রই কঠিন ও দুর্বোধ্য হলেও পালি ত্রিপিটক থেকে কিন্তু পট্ঠানের অনুবাদ করাই একমাত্রই সহজ। অতীতে ড. সুকোমল চৌধুরী কর্তৃক অনূদিত সূক্ষ্মানুসূক্ষ্ম, গুরুগম্ভীর পট্ঠান ১ম খণ্ডের অনুবাদে অস্পষ্টতা ও জটিলতাসমূহ উপলব্ধি করে গ্রহণযোগ্য ও ভালো মানের গ্রন্থ উপহার দেওয়ার মানসে আমি পট্ঠান অনুবাদে হাত দিই। কিন্তু পাঁচ মাস সময়ের মধ্যে পাঁচ খণ্ড পট্ঠানের অনুবাদ সমাপ্ত করলেও প্রকাশকের অভাবে তা প্রকাশ করতে আমাকে দীর্ঘ সময় অতিবাহিত করতে হয়েছে। পাঠকের হাতে গ্রন্থ পৌঁছে দিতে বিলম্বিত হওয়ায় আমি আন্তরিকভাবে ক্ষমাপ্রার্থী। অনুবাদের ভাষা যাতে সহজ, সরল ও প্রাঞ্জল হয় সেদিকেও বিশেষভাবে লক্ষ রাখা হয়েছে। আলোচ্য গ্রন্থটির বিষয়বস্তু সাধারণ পাঠক ও গবেষকদের নিকটে বোধগম্য করার লক্ষ্যে বঙ্গানুবাদে ব্যবহৃত ও প্রতিপাদ্য কঠিন, দুরূহ শব্দের টীকা, ব্যাখ্যা ও তুলনামূলক বিশ্লেষণ দেওয়া হয়েছে। তবে অভিধর্মের বিষয়াবলি অবশ্যই কঠিন, দুর্বোধ্য; এটিই যুক্তিসঙ্গত। তদ্ধেতু কতটুকু সফলতা লাভ করতে পেরেছি তা বিজ্ঞ পাঠকের বিচারাধীন।

বর্তমান গ্রন্থটি অনুবাদকর্মে আমি পট্ঠানের মূল পালি গ্রন্থ ব্যতীত যে সমস্ত

Visit: http://www.buddhistdownload.com

গ্রন্থের সাহায্য নিয়েছি (যা সহায়ক গ্রন্থসমূহে উল্লেখ করা হয়েছে) সেই সকল গ্রন্থের অনুবাদক এবং সেই গ্রন্থসমূহের অর্থকথাচার্যগণের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করছি সর্বান্তঃকরণে। তাঁদের সকলের জীবন বিমুক্তিসুখে স্নাত হোক এই প্রত্যাশা করছি।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পালি বিভাগের প্রাক্তন চেয়ারম্যান, বরেণ্য সাংঘিক ব্যক্তিত্ব, দর্শনশাস্ত্রবারিধি, বৌদ্ধরত্ন, পরম পূজ্য পণ্ডিত ডক্টর জ্ঞানরত্ন মহাস্থবির ভান্তে মহোদয় পাণ্ডিত্যপূর্ণ ভূমিকা লিখে দিয়ে গ্রন্থের মান বৃদ্ধি করেছেন। তাই ভন্তে মহোদয়ের প্রতি অশেষ কৃতজ্ঞতা নিবেদন করছি। এ ছাড়া আমাকে পালি ভাষা ও অভিধর্ম শিক্ষা দানকারী শিক্ষাগুরু, বহুগ্রন্থের অনুবাদক, পালি ও ত্রিপিটক শাস্ত্র বিশারদ, সুলেখক, সুদেশক, বৌদ্ধরত্ন, পরম পূজ্য পণ্ডিত করুণাবংশ স্থবির ভন্তে মহোদয় গ্রন্থের পাণ্ডুলিপি দেখে দিয়ে ও প্রকাশনার কার্যটি সমাধাকল্পে সহযোগিতার হাত প্রসারিত করে আমাকে যারপরনাই বাধিত করেছেন। শ্রদ্ধেয় ভন্তে মহোদয়ের এই অকৃত্রিম অবদান আমি অসীম কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। এবং মহাকারুণিক বুদ্ধের সকাশে ভন্তে মহোদয়ের নিরোগ দীর্ঘায়ু জীবন কামনা করছি। শ্রদ্ধাভাজন প্রিয়শীলী বিপুলানন্দ ভন্তে ও আর্যদেব ভন্তে মহোদয়গণ কম্পিউটার কম্পোজের মতো শ্রমসাধ্য কাজটি সম্পাদন করে দিয়ে আমাকে চিরকৃতজ্ঞতার পাশে আবদ্ধ করেছেন। তাই ভন্তে মহোদয়দ্বয়ের নির্বাণসুখ কামনা করছি। আমার দীক্ষাগুরু, কল্যাণমিত্র, গুণোত্তম সংঘপুরুষ শ্রদ্ধেয় সত্যপ্রেম মহাস্থবির ভন্তে মহোদয় অনুবাদকর্মের জন্য কিছু খাতা দান করেছেন। তজ্জন্য ভন্তে মহোদয়ের কাছেও অশেষ কৃতজ্ঞ। আমার অত্যন্ত হিতকামী, কল্যাণমিত্র ধুতাঙ্গসাধক, সুদেশক শ্রদ্ধেয় মেত্তাবংশ স্থবির ভন্তে মহোদয় অনুবাদ কর্মের জন্য আমাকে শ্রীমৎ শান্তরক্ষিত মহাস্থবির সংকলিত পালি-বাংলা অভিধান দুটি দান করেছেন। তজ্জন্য ভন্তে মহোদয়ের নিকটও কৃতজ্ঞ। আমার অত্যন্ত হিতকামী, কল্যাণমিত্র, আমাকে ১ম খণ্ড পালি ভাষা শিক্ষাদানকারী গুরু গুণোত্তম ভিক্ষু শ্রদ্ধেয় সম্বোধি স্থবির ভন্তে মহোদয় পট্ঠানের মূলপালি গ্রন্থসমূহ আমাকে অনুবাদকর্মের জন্য দিয়েছেন। তাই ভন্তে মহোদয়ের কাছেও অশেষ কৃতজ্ঞ। স্নেহভাজন অরণ্যবিহারী বিনয়শীল বিমলজ্যোতি ভিক্ষু অনুবাদকর্মের জন্য 'পঞ্চপ্পকরণ অর্থকথা' গ্রন্থটি দিয়েছেন, আমাকে কম্পিউটার কম্পোজ শিখিয়েছেন এবং তিনি ও স্নেহভাজন বিনয়শীল একায়নো ভিক্ষু মিলে বইয়ের আনুষাঙ্গিক লাইন সেটিং করে দিয়েছেন। তদ্ধেতু তাদের কাছেও কৃতজ্ঞ। স্নেহভাজন বিনয়শীল শাসনহিত শ্রামণ (বর্তমানে ভিক্ষু) বইয়ের কাজের জন্য তার ল্যাপটপটি প্রদান করেছেন। তার কাছেও কৃতজ্ঞ। শাসনস্বদ্ধর্মের হিতকামী, ধুতাঙ্গসাধক শ্রদ্ধেয়

Visit: http://www.buddhistdownload.com

প্রিয়রত্ন ভন্তে মহোদয়ের মাধ্যমে পাহাড়তলী নিবাসী নির্বাণকামী শ্রদ্ধাবান উপাসক মুন্না বড়ুয়া আমাকে বইয়ের কাজের জন্য একটি ল্যাপটপ দান করেছেন। তাই তাঁদের কাছেও কৃতজ্ঞ। আমার গৃহী বাবা শ্রদ্ধাবান উপাসক শিক্ষক অমলেন্দু বিকাশ বড়ুয়া (সাধু) বইয়ের কাজের জন্য কিছু অপসেট পেপার দান করেছেন। তজ্জন্য তাঁর কাছেও আমি কৃতজ্ঞ। এহেন পুণ্যের ফলে সকলের নির্বাণ লাভের হেতু হোক, এই আশা রাখি।

এ-স্থলে বলা অপ্রাসঙ্গিক হবে না রাজবন বিহারে প্রব্রজ্যা লাভের পর থেকে যাঁদের স্নেহ-মমতা, সাহায্য-সহযোগিতা ও উপদেশ লাভে কখনো বিমুখ হয়নি এবং যাঁদের সংস্পর্শ পাওয়ায় আমার প্রব্রজ্যাজীবনকে করেছে প্রীতিময় ও জ্ঞানদীপ্ত; মানবসেবায় নিবেদিতপ্রাণ, পরম পূজ্য বনভন্তের শাসনের রত্ন সেই সকল মহতো মহান সংঘমনিষীরা হলেন : শ্রদ্ধেয় জ্ঞানপ্রিয় মহাস্থবির, শ্রদ্ধেয় আনন্দমিত্র মহাস্থবির, শ্রদ্ধেয় সত্যপ্রেম মহাস্থবির, শ্রদ্ধেয় বিধুর মহাস্থবির, শ্রদ্ধেয় ধর্মবংশ মহাস্থবির, শ্রদ্ধেয় মেত্তাবংশ স্থবির, শ্রদ্ধেয় করুণাবংশ স্থবির, শ্রদ্ধেয় সম্বোধি স্থবির, শ্রদ্ধেয় প্রজ্ঞাদর্শী ভিক্ষু, শ্রদ্ধেয় সুভূতি ভিক্ষু, শ্রদ্ধেয় সীবক ভিক্ষু, স্নেহভাজন তিষ্যমিত্র ভিক্ষু, স্নেহভাজন মঙ্গলময় ভিক্ষু, স্নেহভাজন সাধনামিত্র ভিক্ষু, স্নেহভাজন একায়নো ভিক্ষু, স্নেহভাজন মৈত্রীজগৎ ভিক্ষু ও স্নেহভাজন শুভপ্রিয় শ্রামণের প্রমুখ শ্রদ্ধেয় ভন্তেদের চরণতলে নতশিরে বন্দনা-সহকারে কৃতজ্ঞতা ও স্নেহভাজন ভিক্ষু-শ্রামণেরদের আশীর্বাদ নিবেদন করছি মনে-প্রাণে। কামনা ও প্রার্থনা করি উঁনারা নিরাময়, সুদীর্ঘ জীবন লাভ করুক এবং বুদ্ধশাসনের শ্রীবৃদ্ধি সাধন করে অন্তিমে পরম সুখ লাভে সক্ষম হোক।

কিংবদন্তী বৌদ্ধমনীষী পূজনীয় প্রজ্ঞালোক ভন্তে হতে শুরু করে ত্রিপিটকের বাংলা অনুবাদ শুরু হলেও অনেকের হাত ধরে এর অনুবাদ সবেমাত্র শেষের দাঁড়প্রান্তে। এতো দীর্ঘ সময় পাড়ি দেয়ার মূল কারণ আমার মতে প্রকাশকের অভাবটা মূখ্য। এর সমন্বয়ের জটিলতার কারণে অনুবাদের কর্ম থেকে অনেকে পিছপা হয়েছেন। এমতাবস্থায় প্রকাশকের অভাবের বিষয়টি আমি অল্পপুণ্য হতভাগার ক্ষেত্রেও ব্যতিক্রম ঘটেনি। দেড় বছর আগে পট্‌ঠানের অনুবাদ শেষ করলেও এর প্রকাশনা নিয়ে অনেকের নিকট মুখ রেখেছি কে শোনে কার কথা, আমার কপালে আলতো ঝাঁটা। একটা কথা আছে—‘ধর্মের কাজ পিছিয়ে পড়ে থাকে না’ যাদের কাছে সাহায্য-সহযোগিতা পাবার আশা করেছি তাদের কাছে সাড়া না পেলেও আরও অনেক সহৃদয় উদারমনা ভিক্ষু ও উপাসক-উপাসিকার কাছে তা পেয়েছি। পূজ্য বনভন্তের শিষ্য খাগড়াছড়িস্থ ধর্মপুর আর্যবন বিহারের

Visit: http://www.buddhistdownload.com

আবাসিক ভিক্ষু ধর্মভাই স্নেহাভাজন পট্ঠানের গুরুত্ব ও প্রয়োজনীয়তা উপলব্ধি করে পট্ঠান প্রকাশনায় এগিয়ে এসেছেন। ইতোপূর্বে তারই উদ্যোগে পট্ঠানের ৫ম খণ্ডটি ৫০০ কপি এবং সমল বড়ুয়ার তথা বোধি ফাণ্ডস্-এর উদ্যোগে ১০০০ কপি প্রকাশ করা হয়েছে। সাধনামিত্র ভিক্ষুর উদ্যোগে ৪র্থ খণ্ডটি ১০০০ কপি প্রকাশ করা হয়েছে। বর্তমানে ১ম খণ্ডটি সমাধিনন্দ ভিক্ষু ১০০০ কপি প্রকাশনায় হাত দিয়েছে এবং অনাগতে অপর খণ্ডগুলো প্রকাশনার আশা রয়েছে। তাদের এই অকৃত্রিম অবদানকে আমি অসীম কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি এবং সকলের নিরোগ দীর্ঘায়ু এবং উজ্জ্বল শাসনিক জীবন কামনা করছি। এ-ব্যাপারে স্নেহাভাজন ধর্মভাই ভিক্ষু সাধনামিত্র সমাধিনন্দ ভিক্ষুকে উৎসাহিত করেছেন। তাই এরূপ অবদানের জন্য আমি তার কাছে অশেষ কৃতজ্ঞ। পুণ্যের, ধর্মদানে অংশগ্রহণের এবং জন্মে জন্মে প্রজ্ঞাবান হয়ে নির্বাণ লাভের আশায় যারা উদার মনে শ্রদ্ধাদান দিয়েছেন তাদের আমি মৈত্রীপূর্ণ আশীর্বাদ জানাচ্ছি এবং অকাতরে পুণ্যদান করছি। কামনা করি এই পুণ্যেতে সকলের কপালে ঝিঁয়ে ফুল ফুটুক।

একই সাথে ঢাকাবাসী বুদ্ধ ও বনভন্তের শাসনের দরদী উপাসক বর্তমান ঢাকার গুলশানে স্ট্যান্ডার্স চাটার্স ব্যাংকে সিনিয়র ম্যানেজার হিসেবে কর্মরত বাবু অপরূপ বড়ুয়া, উঁনার শিষ্য-শিষ্যা ও ঢাকাবাসী উপাসক-উপাসিকাবৃন্দ ১,৩৩,৩৫০ টাকা এবং বনভন্তে সদ্ধর্ম উন্নয়ন উপাসক-উপাসিকা পরিষদ, চট্টগ্রাম-এর পক্ষ থেকে ৪০,০০০ টাকা দান দিয়ে পট্ঠানের ১ম খণ্ডটি ১০০০ কপি প্রকাশনার ব্যয়ভার গ্রহণ করেছেন। ঢাকাবাসী বুদ্ধ ও বনভন্তের শাসনের দরদী উপাসক বর্তমানে ঢাকায় হিসাব মহানিয়ন্ত্রণের কার্যালয়ে সরকারি কর্মরত বাবু অসীম বড়ুয়া পট্ঠান ১ম খণ্ডটি প্রকাশনার জন্য শ্রদ্ধাদান সংগ্রহ করতে গিয়ে আমার পারমী স্বল্পতার দরুন অক্লান্ত পরিশ্রম করতে হয়েছে। আসলে উঁনি যখন রাঙামাটি রাজবন বিহারে উঁনার ছেলে জ্ঞানবিকাশ বড়ুয়াসহ শ্রামণ হন তখন স্নেহাভাজন সাধনামিত্র ভিক্ষু উঁনাকে উৎসাহিত করেছেন এবং উঁনিই ছিলেন ১ম খণ্ডের এই প্রকাশনার প্রথম উদ্যোক্তা। বাথুয়া নিবাসী বুদ্ধ ও বনভন্তের শাসনের দরদী উপাসক বাবু সমরেশ বড়ুয়া (মিথুন) বনভন্তে সদ্ধর্ম উন্নয়ন উপাসক-উপাসিকা পরিষদ, চট্টগ্রাম-এর পক্ষ হয়ে এই প্রকাশনায় শ্রদ্ধাদানের মধ্য দিয়ে অতুলনীয় উপকার সাধন করেছেন। নির্জনবিহারী তেরো প্রকার ধুতাঙ্গব্রত পরিপূরক পূজনীয় শ্রদ্ধেয় ধর্মরত্ন স্থবির মহোদয় সমরেশ বড়ুয়া (মিথুন)-কে পট্ঠান প্রকাশনায় উৎসাহিত করেছেন। আমি এই প্রকাশনার সাথে জড়িত সকল

Visit: http://www.buddhistdownload.com

ধর্মপিপাসু ব্যক্তিবর্গকে মৈত্রীময় আশীর্বাদসহ কৃতজ্ঞতা জানাচ্ছি এবং অকাতরে পুণ্যদান করছি। পুণ্যের, ধর্মদানে অংশগ্রহণের এবং জন্মে জন্মে প্রজ্ঞাবান হয়ে নির্বাণ লাভের আশায় যারা উদার মনে শ্রদ্ধাদান দিয়েছেন তাদের আমি মৈত্রীপূর্ণ আশীর্বাদ জানাচ্ছি এবং অকাতরে পুণ্যদান করছি। কামনা করি এই পুণ্যেতে সকলের কপালে ঝিঁয়ে ফুল ফুটুক।

পরিশেষে পাঠক ও পাঠিকাগণের কাছে এতটুকুই প্রত্যাশা—বই পড়ুন, ধর্মজ্ঞানে নিজেকে উদ্ভাসিত করুন। 'পট্ঠান' ১ম খণ্ড বইটি পড়ে পাঠক মহলের মধ্যে যদি কিঞ্চিৎমাত্রও ধর্মজ্ঞান উৎপন্ন হয়, তাতে আমার কয়েক বছরের কষ্ট সফল ও সার্থক হবে। এতটুকু প্রত্যাশায়—

[জগতের সকল প্রাণী প্রজ্ঞাবান হোক!]

প্রণত

অনুবাদক

**ভদন্ত রাহুল ভিক্ষু**

Visit: http://www.buddhistdownload.com

# পট্‌ঠান পরিচিতি

"সম্যকসম্বুদ্ধ যাঁর নাহিক তুলনা
সদ্ধর্ম ও সংঘোত্তমে করিয়া বন্দনা,
সংক্ষেপেতে সে-বিষয় করিব বর্ণন
পট্‌ঠান যে-বিষয় করেছে ধারণ।
পরমার্থাকারে সে পট্‌ঠানে ব্যক্ত
চিত্ত, চৈতসিক, রূপ, নির্বাণ চতুর্থ।"

অভিধর্মপিটকে বৌদ্ধ দর্শনের সাতটি গ্রন্থ রয়েছে। যথা : ধর্মসঙ্গণী, ধাতুকথা, পুদ্‌গল-পঞ্‌ঞত্তি, কথাবত্থু, যমক ও পট্‌ঠান। সাত খণ্ডের এই অভিধর্মপিটকের মধ্যে পট্‌ঠানের স্থান সর্বশেষ। এই পট্‌ঠান গ্রন্থে রয়েছে ২৪টি প্রত্যয়ের আলোচনা। সেই প্রত্যয়সমূহ যথাক্রমে—(১) হেতু-প্রত্যয়, (২) আলম্বন-প্রত্যয়, (৩) অধিপতি-প্রত্যয়, (৪) অনন্তর-প্রত্যয়, (৫) সমনন্তর-প্রত্যয়, (৬) সহজাত-প্রত্যয়, (৭) অন্যোন্য-প্রত্যয়, (৮) নিশ্রয়-প্রত্যয়, (৯) উপনিশ্রয়-প্রত্যয়, (১০) পূর্বজাত-প্রত্যয়, (১১) পশ্চাজ্জাত-প্রত্যয়, (১২) আসেবন-প্রত্যয়, (১৩) কর্ম-প্রত্যয়, (১৪) বিপাক-প্রত্যয়, (১৫) আহার-প্রত্যয়, (১৬) ইন্দ্রিয়-প্রত্যয়, (১৭) ধ্যান-প্রত্যয়, (১৮) মার্গ-প্রত্যয়, (১৯) সম্প্রযুক্ত-প্রত্যয়, (২০) বিপ্রযুক্ত-প্রত্যয়, (২১) অস্তি-প্রত্যয়, (২২) নাস্তি-প্রত্যয়, (২৩) বিগত-প্রত্যয় ও (২৪) অবিগত-প্রত্যয়।

**'পট্‌ঠান'** শব্দের অর্থ কী? **'পট্‌ঠান'** শব্দের মুখ্য অর্থ হচ্ছে **'মূল কারণ, 'প্রধান কারণ'** বা **'প্রকৃত কারণ'**। মূল শব্দটি ছিল **'প (ধান) + ঠান'**। এটিরই সংক্ষিপ্তাকার হয়েছে পট্‌ঠান। পালিতে **'ঠান'** শব্দের বিভিন্ন অর্থ আছে। আলোচ্য স্থলে এর অর্থ হচ্ছে হেতু, প্রত্যয়, নিদান, কারণ।

এখন জানা যাক পট্‌ঠানের আলোচ্য বিষয় কী এবং পট্‌ঠান কী নিয়েই বা আলোচনা করে? প্রত্যেক কারণের **মুখ্য ও গৌণ**—এই দ্বিবিধ ফল। কোনো ব্যক্তি যদি অর্থ লাভের জন্য কৃষি বা বাণিজ্য করেন এবং তদ্‌দ্বারা অর্থাগম হয় ও পরিবার প্রতিপালন ও দানাদি কুশলকর্ম করেন, তবে তিনি এর সুফল ভাবীকালে ভোগ করবেন। তার অর্থ লাভ, পরিবার প্রতিপালন, পুণ্যফল ইত্যাদি **'গৌণ-ফল'**। কিন্তু এসব কার্যে তার চিত্তের ও দেহের যে অনুশীলন হয় সেই সমুদয় **'মূখ্য-ফল'**। নাম-রূপ সম্পর্কীয় মূখ্য-ফলের প্রত্যয়-বিচারই পট্‌ঠানের আলোচ্য বিষয়। যে ২৪টি প্রত্যয় এই প্রত্যক্ষ-ফলের সাথে সংশ্লিষ্ট

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যেকটিকেই তাই পট্‌ঠান আখ্যা দেওয়া হয়েছে। অতএব এগুলো যে গ্রন্থে সন্নিবেশিত হয়েছে সামগ্রিকভাবে তার নামও 'পট্‌ঠান' দেওয়া হয়েছে।

ভগবান বুদ্ধ **'নির্বাণ' ও 'প্রজ্ঞপ্তি'** ব্যতিরেকে জগতের সমস্ত কিছুকেই অনিত্য-দুঃখ-অনাত্মদৃষ্টিতে দেখিয়েছেন। বিশ্ব-ব্রহ্মাণ্ডের জড়-অজড় কোনো কিছুর মধ্যেই তিনি স্থায়ী সত্তা খুঁজে পাননি। তাঁর মতে যা সত্য তা হচ্ছে এই নাম-রূপময় জগতের সমস্ত কিছুর নিয়ত পরিবর্তনশীলতা যাকে দর্শনের ভাষার বলা হয়েছে **'বিপরিণামধর্মীতা'**। প্রতিক্ষণেই সমস্ত কিছুর পরিবর্তন সাধিত হচ্ছে। উৎপত্তি-স্থিতি-বিনাশ এই তিন অবস্থাতে এবং একটি নির্দিষ্ট বিধানে এই পরিবর্তন সম্পাদিত হচ্ছে, কোনো কিছুই খেয়ালের বশে বা বিনা সম্বন্ধে, বিনা কারণে সংঘটিত হচ্ছে না।

এই ষড়েন্দ্রিয়গ্রাহ্য জড়াজড়ের যাবতীয় ঘটনা, যাবতীয় জড়াজড়, ওদের উপকরণ, ওদের উৎপত্তি, স্থিতি এক নির্দিষ্ট বিধানে সম্পাদিত হচ্ছে। এই বিধানসমূহকে **'প্রত্যয়'** বলা হয়েছে। ক্ষুদ্র-বৃহৎ প্রত্যেক ঘটনা বা চিন্তার সাথে সম্বন্ধীভূত, কিছুই খেয়ালের বশে বা বিনা সম্বন্ধে, বিনা কারণে সংঘটিত হয় না। এরূপে যেই পূর্ববর্তী অবস্থার সহায়ে পরবর্তী অবস্থা উৎপন্ন হয় সেই পূর্ববর্তীটি **'প্রত্যয়-ধর্ম'** এবং পরবর্তীটি **'প্রত্যয়োৎপন্ন-ধর্ম'** এবম্বিধ প্রক্রিয়ার সংসাধক **'প্রত্যয়-শক্তি'**। এই প্রত্যয়-শক্তি ২৪ প্রকারে প্রতীয়মান হয়। অবিদ্যা প্রত্যয়ধর্ম; এবং সংস্কার প্রত্যয়োৎপন্ন-ধর্ম। অবিদ্যা হেতু-প্রত্যয় স্বভাববিশিষ্ট হলে অকুশল-সংস্কার উৎপন্ন হয়। কিন্তু অবিদ্যাকে যদি হেতু হতে না দিয়ে উপনিশ্রয়-প্রত্যয়াকারে ব্যবহার করা হয়, তবে কুশল-সংস্কার উৎপন্ন হয়। দুগ্ধকে একভাবে ব্যবহার করলে তা হতে দধি জন্মে, অন্যভাবে ব্যবহার করলে মাখন উৎপন্ন হয়। অবশ্য অবিদ্যার সম্পর্কে সংস্কার প্রত্যয়োৎপন্ন-ধর্ম বটে। কিন্তু বিজ্ঞানের সম্পর্কে সংস্কার প্রত্যয়-ধর্ম এবং বিজ্ঞান সম্পর্কে সংস্কার প্রত্যয়-ধর্ম এবং বিজ্ঞান সংস্কারের প্রত্যয়োৎপন্ন-ধর্ম। এরূপে যা একের সম্পর্কে প্রত্যয়-ধর্ম তা অন্য একটির সম্পর্কে প্রত্যয়োৎপন্ন-ধর্ম।

এ পর্যায়ে পট্‌ঠানের ২৪ প্রকার প্রত্যয়ের সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দেওয়া হলো :

**১. হেতু-প্রত্যয় :** হেতু ছয় প্রকার; যথা : লোভ, দ্বেষ, মোহ, অলোভ, অদ্বেষ ও অমোহ। 'হেতু' শব্দের অর্থ হচ্ছে মূল। একে বৃক্ষমূলের সঙ্গে তুলনা করা যেতে পারে। যেমন : একটি বৃক্ষ তার মূলের উপরই দাঁড়িয়ে থাকে। অর্থকারেরা বলেন, **'হিনোতি-পতিট্‌ঠাতী'তি হেতু'** অর্থাৎ যেই সকল চৈতসিক চিত্তকে এটির আলম্বনে প্রতিষ্ঠিত করে রাখে, সেই সকল চৈতসিকই 'হেতু'। তদ্রূপ কুশল এবং অকুশল-চিত্ত সংস্কার বা চৈতসিক ছয়টি মূলের উপর নির্ভর

Visit: http://www.buddhistdownload.com

করে। লোভ-দ্বেষ-মোহ এই তিনটি হচ্ছে অকুশলমূলক এবং অলোভ-অদ্বেষ-অমোহ হচ্ছে কুশলমূলক। শিকড় যেমন বৃক্ষকে ভূমিতে সুপ্রতিষ্ঠিত রাখে বলে এগুলোই হেতু। সংক্ষেপে বলতে গেলে বলা যায়, **'মূল'** অর্থে **'হেতু'** এবং **'উপকারক'** বা **'সাহায্যকারী'** অর্থে প্রত্যয়। অতএব, হেতু-প্রত্যয় শব্দের অর্থ হচ্ছে মূল কারণরূপে উপকারক বা সাহায্যকারী ধর্মই **'হেতু-প্রত্যয়'**। ঈদৃশ হেতুর আকারে, এরা প্রত্যয়োৎপন্ন-ধর্মোৎপত্তির ও স্থিতির উপকার করতে পারে বলে লোভাদি প্রত্যয়ধর্মী। সুতরাং ছয় হেতু প্রত্যয়ধর্মী এবং এদের প্রত্যয়োৎপন্ন-ধর্ম ৭১ প্রকার সহেতুক (হেতুযুক্ত) চিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ প্রকার চৈতসিক, সহেতুক চিত্তজ-রূপ এবং প্রতিসন্ধিকালীন কর্মজ-রূপ। হেতু সর্বদা চৈতসিক, কিন্তু এর প্রত্যয়োৎপন্ন ধর্ম সর্বদা চিত্ত এবং রূপ উভয়। উদাহরণস্বরূপ বলা যেতে পারে, লোভের বশে লোভমূলক চিত্ত উৎপন্ন হয়, এটি ব্যক্তিকে পরদ্রব্যের প্রতি লুব্ধ করে। এর ফলে ব্যক্তির রূপকায়ের মধ্যে পরিবর্তন ঘটে। এখানে লোভ হচ্ছে প্রত্যয়ধর্ম এবং এর দ্বারা লোভ চিত্তের উৎপত্তি এবং রূপকায়ের পরিবর্তন (যেমন-হাত বাড়িয়ে পরদ্রব্য গ্রহণ) ইত্যাদি হচ্ছে 'প্রত্যয়োৎপন্ন-ধর্ম'। ঠিক তদ্রূপভাবে অলোভ হচ্ছে **'হেতু'**-এর দ্বারা অন্যকে দান করার জন্য দানচিত্ত উৎপন্ন হতে পারে। এই চিত্ত উৎপন্ন হওয়ার সঙ্গে সঙ্গে তার মুখ প্রসন্ন হয় এবং হাত বাড়িয়ে প্রার্থীকে দান করে। এখানে অলোভ হচ্ছে **'প্রত্যয়-ধর্ম'**। দান চিত্তের উৎপত্তিমুখে প্রসন্নভাব এবং হাত বাড়িয়ে দান এগুলো হচ্ছে **'প্রত্যয়োৎপন্ন-ধর্ম'**। এই উভয়ের মধ্যে যে সম্পর্ক তারই নাম **'হেতু-প্রত্যয়'**। তাই বলা হয়েছে, হেতু-প্রত্যয় হচ্ছে একটি সম্পর্ক বা সম্বন্ধের নাম। যা হেতু রূপী প্রত্যয়-ধর্ম এবং তৎসম্পর্কযুক্ত চিত্ত এবং তদ্‌জাত রূপ রূপী প্রত্যয়োৎপন্ন-ধর্মের সঙ্গে সম্পর্ক রক্ষা করে।

**২. আলম্বন-প্রত্যয় :** অবলম্বন, আরম্মণ, গোচর, বিষয়, আয়তন ইত্যাদি আলম্বনের প্রতিশব্দ। দুর্বল ব্যক্তি যেমন যষ্টি অবলম্বনে উত্থিত হয়, চিত্ত-চৈতসিকও তদ্রূপ রূপ, শব্দ, গন্ধাদির অবলম্বনে উৎপন্ন হয়। এরূপ যার আলম্বনে যেই চিত্ত-চৈতসিক উৎপন্ন হয়, তাই সেই চিত্ত-চৈতসিকের অবলম্বন। এই অবলম্বনে চিত্ত-চৈতসিক যেন ঝুলতে থাকে, তাই এর অন্য নাম **'অবলম্বন'**, এতে রমিত হয় বলে **'আরম্মণ'**, বিচরণ করে বলে **'বিষয়'**, ভোগ্য-বস্তুরূপে ব্যবহার করে বলে **'গোচর'** এবং চিত্ত-চৈতসিকের নিবাসস্থান তা-ই **'আয়তন'** নামেও অভিহিত হয়। বাস্তবিক আলম্বনই চিত্ত-চৈতসিকের কার্যক্ষেত্র এবং এই আলম্বন নির্বাচন গ্রহণ ও তৎপ্রতি চিত্তের ধারণার উপরই চিত্তের কুশলাকুশল নির্ভর করে। আলম্বন ব্যতীত চিত্ত-চৈতসিকের অস্তিত্ব নাই এবং চিত্ত-চৈতসিক ব্যতীতও আলম্বনের অস্তিত্ব নাই। উভয়েই পরস্পরসাপেক্ষ,

Visit: http://www.buddhistdownload.com

উভয়ের পরস্পর সম্বন্ধই বুদ্ধদর্শনে পট্ঠানে **'আলম্বন-প্রত্যয়'**। রূপালম্বন, শব্দালম্বন, গন্ধালম্বন, রসালম্বন, স্প্রষ্টব্যালম্বন ও ধর্মালম্বনসহ আলম্বনের সংখ্যা মোট ছয়টি। চিত্ত ও তার সহজাত চৈতসিকের উৎপত্তিতে আলম্বনের সাহায্য একান্ত প্রয়োজন। অতএব আলম্বন সহায়তাদানে চিত্ত-চৈতসিকের প্রত্যয় হয়। এজন্য একে বলা হয় **'আলম্বন-প্রত্যয়'**। সংশ্লিষ্ট চিত্ত- চৈতসিকের সেই প্রত্যয় দ্বারা উৎপন্ন নাম-রূপ, প্রজ্ঞপ্তি ও নির্বাণ যা কিছু চিত্ত-চৈতসিকের আলম্বন হয়, সমস্তই আলম্বন-প্রত্যয়। উদাহরণস্বরূপ একটি বুদ্ধমূর্তি দেখে শ্রদ্ধা করলে বন্দনা চিত্ত উৎপন্ন হতে পারে। এখানে বুদ্ধমূর্তি হলো 'প্রত্যয়-ধর্ম' এবং বন্দনা চিত্ত হলো 'প্রত্যয়োৎপন্ন-ধর্ম।' উভয়ের মধ্যে যে সম্পর্ক তারই নাম হচ্ছে 'আলম্বন-প্রত্যয়'। রূপ এবং চক্ষু-বিজ্ঞান, শব্দ এবং শ্রোত্র-বিজ্ঞান, গন্ধ এবং ঘ্রাণ-বিজ্ঞান, রস এবং জিহ্বা-বিজ্ঞান, স্প্রষ্টব্য এবং কায়-বিজ্ঞান, মন এবং মনোবিজ্ঞান এই আলম্বন-প্রত্যয়ের দ্বারা সম্পর্কীত। লোকীয় এবং লোকোত্তর সবকিছুই মনের আলম্বন হতে পারে। নির্বাণ ব্যতীত আর সমস্ত ধর্মই হচ্ছে লোকীয়। আলম্বন যখন অত্যন্ত প্রীতির, লোভের বা গভীর শ্রদ্ধার সাথে গৃহীত হয় তখন তা আলম্বন-অধিপতি বা আলম্বন-উপনিশ্রয় প্রত্যয়ধর্মী হয়। তদুভয়ের প্রত্যয়োৎপন্ন ধর্ম ৮ লোভসহগত চিত্ত, ৮ মহাকুশল, ৪ জ্ঞান-সম্প্রযুক্ত মহাক্রিয়া, ৮ লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৪৭ প্রকার চৈতসিক। আলম্বন-প্রত্যয় রূপ, নাম, প্রজ্ঞপ্তি ও নির্বাণ; কিন্তু এর প্রত্যয়োৎপন্ন-ধর্ম সর্বদা চিত্ত-চৈতসিক।

**৩. অধিপতি-প্রত্যয় :** অধিপতি শব্দের অর্থ হচ্ছে, **'কর্তা'**, যা অধিপত্য করে। এখানে প্রত্যয় ধর্ম হচ্ছে আধিপত্য বিস্তারকারী আলম্বন এবং প্রত্যয়োৎপন্ন ধর্ম হচ্ছে সেই চিত্ত-চৈতিসক, যা আধিপত্যের দ্বারা উৎপন্ন হয়। অতএব অধিপতি-প্রত্যয় তাকেই বলা হয়, যা আধিপত্যের সঙ্গে সহায়তাদানে প্রত্যয়ের ক্রিয়া সম্পাদন করে। এই অধিপতি-প্রত্যয় দুই প্রকার; যথা : আলম্বন-অধিপতি-প্রত্যয় এবং সহজাত-অধিপতি-প্রত্যয়।

ক. **আলম্বন-অধিপতি-প্রত্যয় :** বস্তুত আলম্বনই আলম্বন-অধিপতি হয়, যখন তা অত্যন্ত প্রীতির, লোভের বা গভীর শ্রদ্ধার সাথে গৃহীত হয়ে থাকে, চিত্ত-চৈতসিকের উপরে এতাদৃশ আলম্বনের আধিপত্য বা প্রভাব স্বাভাবিকভাবেই প্রকটিত। এজন্য একে বলা হয় **'আলম্বন-অধিপতি-প্রত্যয়'**। উদাহরণস্বরূপ বলা যায় : 'সূতসোম' জাতকে দেখা যায় যে, রাজকুমার 'পোরিসাদ'-এর মনে নরমাংস ভক্ষণের তীব্র আকাঙ্ক্ষা জাগে। কিন্তু রাজপ্রাসাদ থেকে তাঁর আকাঙ্ক্ষা চরিতার্থ করা অসম্ভব। তখন সেই নরমাংস লোভের প্রভাবে প্রভাবিত হয়ে সে রাজপ্রাসাদ ত্যাগ করে এবং যাযাবরের বেশে বনে-

Visit: http://www.buddhistdownload.com

জঙ্গলে ঘুরে বেড়াতে থাকে। এখানে নরমাংস ভক্ষণের লিপ্সা হচ্ছে 'প্রত্যয়-ধর্ম' এবং তা লাভ করার জন্য যে লোভচিত্ত উৎপন্ন হয়েছিল সেটা হচ্ছে 'প্রত্যয়োৎপন্ন-ধর্ম'। অন্যদিকে বোধিসত্ত্ব 'সূতসোম'-এর ছিল সত্যের প্রতি গভীর শ্রদ্ধা। তিনিও সত্যের সন্ধানে রাজ-ঐশ্বর্য ত্যাগ করে সাধারণ পথিকের বেশে ওই জঙ্গলেই ঘুলে বেড়াচ্ছিলেন। যেখানে রাজকুমার পোরিসাদ নরমাংস ভক্ষণের জন্য ঘুরতে ঘুরতে ওই জঙ্গলে এসে উপস্থিত। বোধিসত্ত্ব সূতসোম কুমার পোরিসাদের মনের কথা জানতে পেরে তিনি তার ভক্ষ্যরূপে নিজেকে সমর্পণ করলেন। এখানে প্রত্যয়ধর্ম হচ্ছে সত্যরক্ষার জন্য তীব্র আকাঙ্ক্ষা এবং প্রত্যয়োৎপন্ন-ধর্ম হচ্ছে ওই সত্যরক্ষার জন্য রাজ-ঐশ্বর্য ত্যাগ এবং পরিশেষে নিজের জীবনেরও বলিদান। এ উদাহরণ থেকেই প্রকটিত হয় আলম্বন-অধিপতি কাকে বলে। গুরুত্ব-সহকারে গৃহীত অন্যান্য সমস্ত আলম্বন সম্বন্ধেও তদ্রূপ।

খ. **সহজাত-অধিপতি-প্রত্যয় :** সহজাত শব্দের অর্থ হচ্ছে সহ বা সঙ্গে জাত ধর্ম। এমন কতগুলো বিষয় আছে, যেগুলো চিত্তের সঙ্গে উৎপন্ন হয় আবার চিত্ত-চৈতসিকের উপর আধিপত্যও বিস্তার করে। এজন্য এগুলোকে বলা হয় **'সহজাত-অধিপতি-প্রত্যয়'**। এরূপ বিষয়ের সংখ্যা ৪টি; যথা : ক. ছন্দ, খ. চিত্ত, গ. বীর্য ও ঘ. মীমাংসা বা প্রজ্ঞাই। ছন্দ হচ্ছে কোনো কিছু করার জন্য তীব্র ইচ্ছা। চিত্ত হচ্ছে বলবতী চেতনা। বীর্য হচ্ছে চিত্ত-সন্ততিকে ধারণ করার সহজাত শক্তি এবং মীমাংসা বা প্রজ্ঞা হচ্ছে কোনো কিছুর সত্যকে জানার খোঁজে বা অন্বেষণে তীব্র আকাঙ্ক্ষার নাম। এই চারটি সহজাত-অধিপতির যেকোনো একটি এক সময়ে সহজাত চৈতসিক এবং রূপের সঙ্গে অধিপতিরূপে প্রাধান্য দিয়ে প্রত্যয় সম্পর্ক গড়ে তুলতে পারে। চারি সহজাত-অধিপতির একটিকে প্রাধান্য দিয়ে যখন চিত্ত এবং চৈতসিক উৎপন্ন হয়, তখন একটি অধিক বলশালী হয়ে অন্য তিনটির উপর প্রভাব বিস্তার করে, তখন কোনো শক্তিই এর প্রভাবকে খর্ব করতে পারে না। এটাই হচ্ছে **'সহজাত-অধিপতি-প্রত্যয়'**। এরা প্রত্যয়-ধর্মী; এদের প্রত্যয়োৎপন্ন-ধর্ম দ্বিহেতুক জবন (চিত্তোৎপত্তি ও কর্মসম্পাদনের স্থান হচ্ছে জবন) ১৮ (৮ লোভমূলক, ২ দ্বেষমূলক, ৪ জ্ঞান-বিপ্রযুক্ত মহাকুশল, ৪ জ্ঞান-বিপ্রযুক্ত মহাক্রিয়া চিত্ত), ত্রিহেতুক জবন ৩৪ (৪ জ্ঞান-সম্প্রযুক্ত মহাকুশল, ৪ জ্ঞান-সম্প্রযুক্ত মহাক্রিয়া, ৫ রূপাবচর কুশল, ৫ রূপাবচর ক্রিয়া, ৪ অরূপাবচর কুশল, ৪ অরূপাবচর ক্রিয়া, ৪ লোকোত্তর কুশল, ৪ লোকোত্তর বিপাক চিত্ত), এদের সম্প্রযুক্ত চৈতসিক এবং চিত্তজরূপ। কিন্তু মীমাংসা বা প্রজ্ঞার আধিপত্যে অকুশল চিত্ত উৎপন্ন হয় না।

Visit: http://www.buddhistdownload.com

**৪. অনন্তর-প্রত্যয় :** ‘অনন্তর’ শব্দের আক্ষরিক অর্থ হচ্ছে যার মধ্যে কোনো ফাঁক বা অন্তর নেই। অবিচ্ছেদ্যভাবে ক্ষণে ক্ষণে নিরুদ্ধ চিত্ত-চৈতসিক ধর্মসমূহ হচ্ছে অনন্তর-প্রত্যয়। কোনো এক চিত্ত নিরুদ্ধ হয়ে গেলে, তার অবিচ্ছেদে অন্য এক চিত্ত উৎপন্ন হয়। পূর্ববর্তী নিরুদ্ধ চিত্তটি অনন্তর-প্রত্যয়-ধর্ম এবং পরবর্তী উৎপন্ন চিত্তটি প্রত্যয়োৎপন্ন-ধর্ম। নিজের অব্যবহিত পরে অবিকল আরও একটি ধর্ম উৎপন্ন করে এই অর্থে **‘অনন্তর’** আর উপকারক এই অর্থে **‘প্রত্যয়’** বলা হয়। ভবাঙ্গ-চিত্তের সাথে আবর্তন-চিত্তের অনন্তর-প্রত্যয়। আবর্তনের সাথে দ্বিপঞ্চ-বিজ্ঞানের, দ্বিপঞ্চবিজ্ঞানের সাথে সম্প্রতীচ্ছের, তৎপর সন্তীরণাদির, ক্রমে তদালম্বনের সাথে ভবাঙ্গের অনন্তর-প্রত্যয়। পুনঃ ভবাঙ্গের সাথে তৎপরবর্তী বীথিস্থ আবর্তন-চিত্তের অনন্তর-প্রত্যয়। যেমন বীথির সাথে ভবাঙ্গের এবং ভবাঙ্গের সাথে বীথির অনন্তর সম্বন্ধ, তেমনি প্রত্যেক বীথির চিত্তসমূহের মধ্যেও ক্রমান্বয়ে অনন্তর সম্বন্ধ। অনন্তর-প্রত্যয়-ধর্ম ৮৯ চিত্ত ও তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, যখন এরা নিরুদ্ধ হয়ে অন্য চিত্তোৎপত্তির অবকাশ দেয়। এবং এই প্রত্যয়োৎপন্ন-ধর্মও ৮৯ চিত্ত এবং তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক, যখন এরা অনন্তরে অর্থাৎ তৎপরবর্তী-ক্ষণে উৎপন্ন হয়। আসন্ন-চিত্তের সাথে চ্যুতি-চিত্তের এবং চ্যুতি-চিত্তের সাথে প্রতিসন্ধি-চিত্তের, প্রতিসন্ধি-চিত্তের সাথে ভবাঙ্গের এবং ভবাঙ্গের সাথে ভব-নিকন্তি নামক লোভজবন-চিত্তের অনন্তর-প্রত্যয়। এরূপে জীবের অনাদিকাল হতে অনুপাদিশেষ নির্বাণ লাভ না হওয়া পর্যন্ত চিত্তপরম্পরা উৎপত্তি-বিলয়ের মধ্য দিয়ে পরিবর্তিত হতে হতে অবিচ্ছিন্নভাবে প্রবাহিত হয়ে থাকে। চিত্তের ক্রমোন্নতি যখন অর্হত্ত্ব-চিত্তে পরাকাষ্ঠা লাভ করে, তখন চেতনা ও কর্মক্লেশ সম্পূর্ণরূপে নিরুদ্ধ হয়ে যায়; পুনরুৎপত্তির হেতু ধ্বংস হয়। অর্হতের চ্যুতির সঙ্গে চিত্ত-প্রবাহ রুদ্ধ হয়। এক কথায় বলতে গেলে, পূর্বেকার মাতৃপরম্পরার ন্যায় হচ্ছে **‘অনন্তর-প্রত্যয় পরম্পরা’**। আর শেষের কন্যা পরম্পরার ন্যায় হচ্ছে **‘প্রত্যয়োৎপন্ন পরম্পরা’**। অনন্তর-প্রত্যয় হৃদয়ঙ্গম করতে পারলে শাশ্বত-উচ্ছেদদৃষ্টি ধ্বংসপ্রাপ্ত হয়; অনাত্ম-জ্ঞানোদয় হয়, সম্যকদৃষ্টি উৎপন্ন হয়। দুঃখসত্য প্রকট হয়।

**৫. সমনন্তর-প্রত্যয় :** সমনন্তর শব্দের অর্থ হচ্ছে **‘সুষ্ঠু অনন্তর’**। যেমন কঠিন শিলাস্তম্ভাদিতে রূপকলাপসমূহ যতই নিখুত, নিরেট একাবদ্ধ হোক না কেন, রূপধর্মের স্বভাব বিদ্যমান থাকার কারণে তন্মধ্যে পরিচ্ছেদ তথা সচ্ছিদ্রতা-রূপ আকাশধাতু বিদ্যমান থাকবেই। দুটি রূপকলাপের মধ্যে অবশ্যই অন্তর বা ফাঁক থাকবে। তবে পূর্বের ও পরের দুটি চিত্ত-চৈতসিক কলাপের মধ্যে তাদৃশ কোনো অন্তর বা ফাঁক নেই। তারা অরূপধর্মের স্বভাবধর্মী হওয়ার কারণে তাদের মধ্যে কোনো পরিচ্ছেদ বা সচ্ছিদ্রতা বিদ্যমান থাকে না। তারা

Visit: http://www.buddhistdownload.com

সর্বতোভাবে অন্তর-রহিত হয়ে থাকে। সাধারণত এই দুটি কলাপের মধ্যে কোনো অন্তর বা ফাঁক দেখা যায় না। এতে করে সত্ত্বগণ চিত্তকে নিত্য, ধ্রুব, স্থাবর ও অবিপরিণামধর্মী মনে করে। এভাবে তারা চিত্তের প্রতিও নিত্য ধারণা পোষণ করে এভাবে **'সুষ্ঠু অনন্তর'** অর্থে সমনন্তর। বস্তুতপক্ষে অনন্তর এবং সমনন্তর-প্রত্যয়ের মধ্যে বিশেষ কোনো পার্থক্য নেই। একটি পার্থক্য অবশ্যই আছে। তবে সে পার্থক্য বিচার করা সহজসাধ্য নয়। তবে এটুকু বলা যায়, অনন্তর হচ্ছে অব্যবহিত নৈকট্য, সমনন্তর হচ্ছে 'অধিকতর' অব্যবহিত নৈকট্য। এখানে প্রত্যয়-ধর্ম এবং প্রত্যয়োৎপন্ন-ধর্মের মধ্যে অন্তর এতো সূক্ষাতিসূক্ষ্ম যে তা ধরা পড়ে না, অর্থাৎ দুয়ের মধ্যে তৃতীয় কোনো চিত্ত-চৈতসিকের আগমন বা উৎপত্তি একেবারে অসম্ভব। উদাহরণস্বরূপ সন্তীরণ-চিত্ত এবং ব্যবস্থাপন-চিত্তের মধ্যখানের অনন্তরের কথা উল্লেখ করা যেতে পারে। আরও বিশেষ করে বলা যায়, তদালম্বন-চিত্ত এবং জবন-চিত্তের মধ্যস্থিত অনন্তরের কথা। অর্থাৎ তদালম্বন-চিত্তের পরে জবন-চিত্ত উৎপত্তি এতো দ্রুতগতিতে হয় যে উভয়ের মধ্যে কোনো অন্তর আছে বলে বোঝাই যায় না। তাই বলা হয়েছে : 'যেসং যেসং ধম্মা তে তে ধম্মানং সমনন্তর যে যে ধম্মা উপ্পজ্জন্তি চিত্ত-চেতসিকা ধম্মা তে তে ধম্মা তেসং তেসং ধম্মানং সমনন্তর-পচ্চযেন পচ্চযো হোতি'। নিরোধসমাপত্তির (নিরোধসমাধি) সময় কিন্তু নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন চিত্তই 'পূর্ব-চিত্ত' আর আর্যফল-চিত্তই **'পরচিত্ত'**। এই দুটি চিত্তের মধ্যে এক দিবা-রাত্রি, দুই দিবা-রাত্রি করে সাত দিবা-রাত্রি পর্যন্ত চিত্তহীন (অচিত্তক) অবস্থায় থাকে। অসংজ্ঞ-সত্ত্বভূমিতেও পূর্ব কামভবের চ্যুতিচিত্তই **'পূর্বচিত্ত'** আর পরের কামভবের প্রতিসন্ধি-চিত্তই **'পরচিত্ত'**। এই দুটি চিত্তের মধ্যে অসংজ্ঞসত্ত্ব পুদ্‌গল পাঁচশত কল্প পর্যন্ত চিত্তহীন অবস্থায় থাকে। মহৎ ভাবনার প্রণিধিবলে প্রবাহিত হওয়ার কারণে পূর্বচিত্তসমূহ নিরুদ্ধ হওয়ার সময় নিজেদের অনন্তরে অন্য একটি চিত্ত উৎপন্ন করার শক্তিসম্পন্ন হয়েই নিরুদ্ধ হয়। পরচিত্তসমূহ উৎপন্ন হওয়ার সময় দলবদ্ধভাবে পরক্ষণেই উৎপন্ন না হয়ে দীর্ঘকাল পর উৎপন্ন হয়ে থাকে।

**৬. সহজাত-প্রত্যয় :** পঞ্চস্কন্ধের রূপস্কন্ধকে **'রূপ'** আর বেদনা-সংজ্ঞা-সংস্কার ও বিজ্ঞানস্কন্ধকে একত্রে **'নাম'** সংজ্ঞায় অভিহিত করা হয়। নামের লক্ষণ **'নমন'** স্বভাববিশিষ্ট। স্বাভাবিক গতিতে এই চারি অরূপস্কন্ধ রূপকায়ের প্রতি নমিত হয় বলে চারি অরূপস্কন্ধের সমষ্টিকে **'নাম'** বলে। রূপের আশ্রয়ে থেকে এরা আপন আপন কার্য সম্পাদন করে থাকে। বেদনা, সংজ্ঞা ও সংস্কারস্কন্ধ ৫২ প্রকার চৈতসিক বা চিত্তবৃত্তির অন্তর্গত। চিত্তবৃত্তির (চৈতসিকের) সাহায্য ব্যতীত চিত্ত বা বিজ্ঞানস্কন্ধ একাকী উৎপন্ন হতে পারে না। যেমন

Visit: http://www.buddhistdownload.com

আলোক ও উত্তাপ সূর্যের সহজাত, তদ্রূপ চিত্ত ও চিত্তবৃত্তিসমূহও পরস্পর সহজাত। যখন কোনো প্রত্যয় এটির প্রত্যয়োৎপন্নের সাথে একসঙ্গে উৎপন্ন হয়, তখন তারা সহজাত। যেইক্ষণে বিজ্ঞান উৎপন্ন হয়, সেইক্ষণে বেদনা, সংজ্ঞা, সংস্কারও উৎপন্ন হয়। এই অর্থে চারি অরূপস্কন্ধ বা **'নাম'** সহজাত-প্রত্যয়। মহাভূতরূপ পরস্পর সহজাত। প্রতিসন্ধিক্ষণে **'নাম'** ও **'রূপ'** পরস্পরের উৎপত্তির সাহায্য করে। একটির অভাবে অপরটি উৎপন্ন হতে পারে না। চিত্ত-চৈতসিক ধর্ম চিত্তোৎপন্নরূপের সহজাত-প্রত্যয়। চারি মহাভূতরূপ ভূতোৎপন্নরূপের সহজাত-প্রত্যয়। রূপ কখনো **'নামের'** সহজাত-প্রত্যয় আবার কখনো হয় না। **'নাম'** ও **'রূপ'** পরস্পরাশ্রিত। তাদের একটি ভগ্ন হলে অপটিরও তখনই ভগ্ন হয়ে যায়।

**৭. অন্যোন্য-প্রত্যয় :** ত্রিদণ্ড যেমন পরস্পরের সাহায্যে দণ্ডায়মান থাকে, কিন্তু একটির পতনে অন্য দুটিও ভূপতিত হয়, তদ্রূপ অরূপস্কন্ধও রূপস্কন্ধের মধ্যে, চারি অরূপস্কন্ধ, চারি মহাভূত এবং প্রতিসন্ধিক্ষণে নাম-রূপ পরস্পর পরস্পরের উৎপত্তি ও উপস্তম্ভনের (অপতনের) সাহায্য করে। একটির অভাবে অন্যগুলোর উৎপন্ন হতে পারে না। **'অন্যোন্য-প্রত্যয়'** মাত্রেই সহজাত, কিন্তু সহজাত মাত্রই **'অন্যোন্য-প্রত্যয়'** নহে। চারি মহাভূতরূপ ভূতোৎপন্ন-রূপের সহজাত, কিন্তু অন্যোন্য নহে, কারণ ভূতোৎপন্ন (উপাদা) রূপ ব্যতীত চারি মহাভূতরূপ বিদ্যমান থাকতে পারে। মহাভূতরূপ পরস্পর 'সহজাত' এবং 'অন্যোন্য' উভয় প্রত্যয়। এক্ষেত্রে বলা যেতে পারে যে, সমস্ত চৈতসিক ধর্ম চিত্ত প্রত্যয় লাভ না করলে উৎপন্ন হতে পারে না, এটি ঠিক। কারণ স্পর্শ প্রভৃতি চৈতসিক কৃত্য হতে চিত্তের বিজানন কৃত্যই পূর্বগামী হওয়ার ফলে 'মনোপুব্বঙ্গমা' তথা 'মনই পূর্বগামী' বলা হয়েছে। বরঞ্চ চিত্তই চৈতসিক প্রত্যয় লাভ না করলে উৎপন্ন হতে পারে না, ইহা ঠিক নয়। এর কারণ, চৈতসিক ধর্মসমূহ চিত্তেরই 'সহায়ক-অঙ্গ' মাত্র। তবে এটিও ঠিক যে, সেই চৈতসিক ধর্মসমূহের সাহায্য ছাড়া চিত্তও উৎপন্ন হতে পারে না। চারি মহাভূতরূপ সম্বন্ধেও অনুরূপ। মহাভূতোৎপন্নরূপ কিন্তু মহাভূতরূপের পরিণতি স্বরূপ হওয়ার কারণে 'সহায়ক-অঙ্গ' হয় না। আহাররূপ, জীবিতরূপও প্রত্যয় বিশেষত্বের কারণে 'সহায়ক-অঙ্গ' হয় না। কারণ হিসেবে বলা যেতে পারে যে, তারা কেবল স্থিতির সময়ই 'সহায়ক-অঙ্গ' হয়, উৎপন্ন হওয়ার সময় হয় না। কিন্তু এখানে উৎপন্ন হওয়ার সময়ও 'সহায়ক-অঙ্গ হতে হয়। এটিই অভিপ্রেত।

**৮. নিশ্রয়-প্রত্যয় :** নিশ্রয় ও আশ্রয় একার্থবোধক শব্দ। ভূমি উদ্ভিদের নিশ্রয়। আরোহীর যখন নৌকাকে নিশ্রয় বা আশ্রয় করে নদী উত্তীর্ণ হয়। তখন নৌকা, আরোহীর নদী পার হবার নিশ্রয়। নিশ্রয়-প্রত্যয় দুই প্রকার; যথা :

Visit: http://www.buddhistdownload.com

সহজাত-নিশ্রয় ও পূর্বজাত-নিশ্রয়। চক্ষু-বাস্তু চক্ষু-বিজ্ঞানের নিশ্রয়। চক্ষু পূর্বজাত; চক্ষু-বিজ্ঞান তৎপর উৎপন্ন হয়। এজন্য চক্ষু **'পূর্বজাত-নিশ্রয়'**। কিন্তু চিত্ত-চৈতসিক সহজাত হয়ে পরস্পর পরস্পরের নিশ্রয় হয়, এজন্য এরা **'সহজাত-নিশ্রয়'**। নিশ্রয়-প্রত্যয় এর প্রত্যয়োৎপন্ন-ধর্মকে উৎপত্তিক্ষণ হতে সাহায্য করে। তথায় সহজাত-নিশ্রয় কীরূপ? সমস্ত সহজাত-প্রত্যয়ই সহজাত-নিশ্রয়। তাই এক্ষেত্রে প্রত্যয়ের শ্রেণিবিভাগ ও প্রত্যয়োৎপন্ন ধর্মের শ্রেণিবিভাগ সম্বন্ধে সহজাত-প্রত্যয়ে বর্ণিত বর্ণনার মতেই জানতে হবে। আবার পূর্বজাত-নিশ্রয় তিন প্রকার; যথা : বাস্তু-পূর্বজাত-নিশ্রয়, আলম্বন-পূর্বজাত-নিশ্রয় ও বাস্তু-আলম্বন-পূর্বজাত-নিশ্রয়। বাস্তু-পূর্বজাত-নিশ্রয় কীরূপ? বাস্তুরূপ ছয় প্রকার; যথা : চক্ষুবাস্তু, শ্রোত্রবাস্তু, ঘ্রাণবাস্তু, জিহ্বাবাস্তু, কায়বাস্তু ও হৃদয়বাস্তু। এই ছয়টি বাস্তু প্রবর্তনের সময় সত্ত্বগণের বিজ্ঞান ধাতুসমূহের বাস্তু-পূর্বজাত-নিশ্রয় হয়। বাস্তুরূপ পূর্বজাত হয়ে নিশ্রয় হয় বিধায় বাস্তু-পূর্বজাত-নিশ্রয় বলা হয়। তথায় চিত্ত-চৈতসিক ধর্মসমূহের নিশ্রয়স্থান এই অর্থে 'বাস্তু'। আর এই ছয় বাস্তুরূপ নিজ নিজ প্রত্যয়োৎপন্ন ধর্মের উৎপন্ন হওয়ার পূর্বক্ষণেই জাত হয়, উৎপন্ন হয় এই অর্থে 'পূর্বজাত'। মরণাসন্নকালে ছয় বাস্তু সবকটি চ্যুতিচিত্তের আগে সতেরতম ভবাঙ্গ-চিত্তের উৎপত্তিক্ষণেই কেবল উৎপন্ন হয়, তারপর উৎপন্ন হয় না। তাই মরণাসন্নকালে ভবাঙ্গ-চিত্তসমূহ, সমস্ত ছয়দ্বারিক বীথিচিত্ত ও চ্যুতিচিত্ত পূর্বোৎপন্ন সবকটিই নিজ নিজ বাস্তুর আশ্রয়ে উৎপন্ন হয়। এটিই হচ্ছে বাস্তু-পূর্বজাত-নিশ্রয়। আলম্বন-পূর্বজাত-নিশ্রয় কীরূপ? বর্তমানকালীয় আঠার প্রকার নিষ্পন্নরূপই হচ্ছে আলম্বন-পূর্বজাত-নিশ্রয়। তন্মধ্যে বর্তমানকালীয় রূপ, শব্দাদি পঞ্চালম্বনই নিয়ম অনুযায়ী পঞ্চবিজ্ঞান বীথিচিত্তের আলম্বন-পূর্বজাত-নিশ্রয় হয়। বাস্তু-আলম্বন-পূর্বজাত-নিশ্রয় কীরূপ? নিজ অধ্যাত্ম বা দেহস্থ বাস্তুরূপকে কেন্দ্র করে যেই রূপের আশ্রয়ে আমার মনোবিজ্ঞান উৎপন্ন হয়, 'এটিই আমার, এটিই আমি, এটিই আমার আত্মা' এভাবে তৃষ্ণা-মান-দৃষ্টি দ্বারা গ্রহণ করার কাণে অথবা 'এটি অনিত্য, এটি দুঃখ, এটি অনাত্মা' এভাবে সংমর্শন জ্ঞানযোগে আবর্তন প্রভৃতি মনোদ্বারিক চিত্তসমূহ যখন উৎপন্ন ও প্রবাহিত হতে থাকে। তখন সেই সেই বাস্তুরূপের প্রত্যেকটি সেই চিত্তসমূহের যুগপৎ নিশ্রয়বাস্তু ও আলম্বন হয়। তাই সেই সেই হৃদয়বাস্তু সেই সেই চিত্তোৎপত্তির বাস্তু-আলম্বন-পূর্বজাত-নিশ্রয় হয়। এটিই হচ্ছে 'বাস্তু-আলম্বন-পূর্বজাত-নিশ্রয়'।

**৯. উপনিশ্রয়-প্রত্যয় :** বলবান নিশ্রয়ই **'উপনিশ্রয়'**। **'প্রধান উপায়'** 'বলবান কারণ' বুঝাবার জন্য **'উপ'** উপসর্গের সংযোগ করা হয়েছে। আলম্বন-প্রত্যয় যেমন আপনার গুরুত্বের জন্য অধিপতি-প্রত্যয়ে রূপান্তরিত হয়, তেমনি

Visit: http://www.buddhistdownload.com

নিশ্রয়-প্রত্যয় ও আপনার বলবত্তার জন্য উপনিশ্রয় প্রত্যয় হয়ে যায়। উপনিশ্রয়-প্রত্যয়কে বৃষ্টির সঙ্গে তুলনা করা হয়েছে। যার উপর বৃক্ষ-লতা-গুল্মাদির বৃদ্ধি নির্ভর করে। দৃষ্টান্তস্বরূপ বলা যায় যে, পাঁচ প্রকার গর্হিত কর্ম (মাতৃহত্যা, পিতৃহত্যা ইত্যাদি) নরকে উৎপত্তির উপনিশ্রয়-প্রত্যয় হয়। পূর্ববর্তী কুশলকর্ম ভবিষ্যৎ কুশলকর্মের উপনিশ্রয়-প্রত্যয় হয়, তদ্রূপ আধ্যাত্মিক অহংকার প্রভৃতি কুকর্ম। অকুশল ফলপ্রদানের উপনিশ্রয়-প্রত্যয়। তাই বলা হয়েছে : 'পূর্ব পূর্ব কুশল ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অকুশল ধর্মসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।' উপনিশ্রয়-প্রত্যয় কর্মে কর্মে, কর্মে বিপাকে, বিপাকে কর্মে, কালান্তরে বা ভবান্তরে।

উপনিশ্রয় তিন প্রকার, যথা : আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়। **আলম্বন-উপনিশ্রয় :** আলম্বন যখন অত্যন্ত প্রীতির, লোভের বা গভীর শ্রদ্ধার সাথে গৃহীত হয় তখন তা আলম্বন-উপনিশ্রয় হয়। ৮ লোভ-সহগত চিত্ত, ৮ মহাকুশল, ৪ জ্ঞান-সম্প্রযুক্ত মহাক্রিয়া, ৮ লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৪৭ চৈতসিকই তার প্রত্যয়োৎপন্ন ধর্ম। দান, শীলাদি পুণ্যকর্ম অনুষ্ঠানের পর তা যে পর্যালোচনা বা প্রত্যবেক্ষণ বলে, তার প্রত্যয় দান-শীলাদি আলম্বনই, তাকে বলা হয় প্রত্যবেক্ষণ চিত্তের আলম্বন। এ অর্থে তা আলম্বন-উপনিশ্রয়। **অনন্তর-উপনিশ্রয় :** 'পূর্ব পূর্ব কুশলস্কন্ধ পরবর্তী পরবর্তী কুশলস্কন্ধের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।' অন্যদিকে চক্ষু-বিজ্ঞান-ধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্ম মনোধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অতএব অর্থত অনন্তর-প্রত্যয় এবং অনন্তর-উপনিশ্রয় এক ও অভিন্ন। তথাপি জানতে হবে যে, নিজ নিজ অনন্তর অনুরূপ চিত্তোৎপত্তির প্রবর্তনের সামর্থ দ্বারা অনন্তর হলে এবং পূর্বক্ষণচিত্ত পরবর্তী ক্ষণ-চিত্ত হতে বলবান হলে অনন্তর-উপনিশ্রয় হয়। অনন্তর-উপনিশ্রয় প্রত্যয়ে প্রত্যয় ধর্ম প্রত্যয়োৎপন্ন ধর্মের অনন্তর-প্রত্যয়, জননী ও সন্তানের সম্বন্ধের ন্যায়। এটি একই বীথিস্থ চিত্তসমূহের মধ্যে, অথবা বীথিতে ভবাঙ্গে, কিংবা ভবাঙ্গে বীথিতে, বা চ্যুতি-প্রতিসন্ধি-চিত্তে। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রাকৃতিক উপনিশ্রয়ই প্রকৃতি-উপনিশ্রয়। পূর্বজন্মের কুশলাকুশল কর্ম, বর্তমান জন্মে সুখ-দুঃখ, ঋতু, ভোজন, শয্যাসন, শ্রদ্ধা, শীল, শ্রুতি, ত্যাগ, প্রজ্ঞা, রাগ, দ্বেষ, মোহ প্রভৃতির উপনিশ্রয়-প্রত্যয়। এখানে প্রকৃতি হচ্ছে স্বীয় অভ্যন্তরে নিষ্পাদিত শ্রদ্ধা, শীল ও উপোসথ। স্ব-উপসেবিত ঋতু, ভোজন ইত্যাদি। প্রকৃতি-উপনিশ্রয় শোভন মনোবৃত্তি (চৈতসিক) 'শ্রদ্ধা'-কে উপনিশ্রয় করে দানাদি কুশল ক্রিয়া যখন সম্পন্ন হয় তখন কুশল কুশলের উপনিশ্রয় হয়। এভাবে প্রকৃতি-উপনিশ্রয় ৯ প্রকার। ভূত-ভবিষ্যৎ-বর্তমানের, নিজেরও পরের ৮৯ চিত্ত, ৫২ চৈতসিক, ২৮

Visit: http://www.buddhistdownload.com

প্রকার রূপ, নির্বাণ ও প্রজ্ঞপ্তি (মনের ধারণা) যাবতীয় সমস্তই অবস্থানুসারে প্রকৃতি-উপনিশ্রয়ের অন্তর্ভূক্ত হয়। এরা পৃথক পৃথকভাবে, অবস্থানুসারে বর্তমানকালীয় সর্ববিধ চিত্ত-চৈতসিকের প্রত্যয় হয়।

প্রকৃতি-উপনিশ্রয় নয় প্রকার। সেগুলোর সংক্ষিপ্ত পরিচয় নিম্নরূপ :

**কুশল কুশলের উপনিশ্রয় হয়।** যেমন, শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান, শীল, ভাবনা করা হয়। প্রজ্ঞাকে উপনিশ্রয় করে কুশল কর্ম করা হয়। পূর্বকৃত দান-শীল-ভাবনা, পরবর্তী দান-শীল-ভাবনার উপনিশ্রয় হয়। **কুশল অকুশলের বলবান উপনিশ্রয় হয়।** দান, শীল, ভাবনাদি সম্পাদন করে তার প্রতি গুরুত্ব আরোপ করে মান কিংবা মিথ্যাদৃষ্টি উৎপন্ন হতে পারে। এটা আলম্বন-উপনিশ্রয়। কুশল কর্মকে উপনিশ্রয় করে রাগ, দ্বেষ, মোহ, মান, দৃষ্টি, তৃষ্ণা ও উৎপন্ন হতে পারে। এটা প্রকৃতি-উপনিশ্রয়। যেমন, "কোনো ব্যক্তি ভিক্ষু ভোজন ইত্যাদি নানাবিধ দানাদি পুণ্যানুষ্ঠান করে, যদি চিন্তা করে যে, শুধু আমিই এ প্রকার দানাদি পূণ্যকর্ম করতে পারি, অথবা আমার মতো দান করার হৃদয় কারো নেই, কিংবা এতে আমি সকলের প্রশংসার পাত্র হবো ইত্যাদি নানাপ্রকার কুচিন্তা পোষণ করে মান, অহংকার, বড়াই, অভিমান করে থাকে। তাতে তার মনে নানাপ্রকার লোভ, মিথ্যাদৃষ্টি, সন্দেহ, চিত্ত-চাঞ্চল্য ইত্যাদি ভাবের উদয় হয়, কিংবা যদি মনে করে যে, পুণ্যকর্ম সম্পাদন করলাম কিন্তু অনেক টাকা খরচ হয়ে গেল ইত্যাদি কুচিন্তা তার মনে দুঃখ বেদনার সঞ্চার হয়, অথবা তদ্ব্যতীত অতীতে অনেক কুশলকর্ম করেছি" এরূপ চিন্তা করে উৎফুল্ল হয়ে বড়াই করে কিংবা ধ্যানলাভী কোনো সাধক ধ্যান হতে উঠে ধ্যান লাভ করেছে ভেবে খুব আনন্দ উপভোগ ও অহংকার করে ইত্যাদি কুচিন্তাতে কুশলকর্ম সম্পাদন করলেও ফল অকুশলই হয়ে থাকে। কিন্তু কুশল অকুশলের অনন্তর-উপনিশ্রয় হয় না। **কুশল অব্যাকৃতের উপনিশ্রয় হয়।** কুশল কর্ম সর্বদা বিপাকের উপনিশ্রয়। বিপাক কিন্তু সর্বদা অব্যাকৃত। বোধিসত্ত্বগণ কুশল কর্ম সম্পাদনকালে বিভিন্ন প্রকার দৈহিক কষ্ট অনুভব করেন, এখানে দৈহিক কষ্টকে ভয় করে তারা কোনো কুশল কর্ম সম্পাদন করতে পারে না। কিন্তু অন্যান্য অনেকে আছেন যারা তাদের শ্রম এবং কুশল কর্মের ফলভোগ করে যেমন—সম্যকসম্বুদ্ধ, প্রত্যেক (পচ্চেক) বুদ্ধ এবং শ্রাবকবুদ্ধ ইত্যাদি। এভাবে আরও কুশলকর্মের বিপাক হচ্ছে অব্যাকৃত। **অকুশল অকুশলের উপনিশ্রয় হয়।** লোভের উপনিশ্রয়ের প্রাণিবধ ও অন্যান্য শীল ভঙ্গ করা হয়। রাগ, দ্বেষ, মোহ, মান, দৃষ্টি ও প্রার্থনা (তৃষ্ণা) রাগের, দ্বেষের, মোহের, মানের, দৃষ্টির ও প্রার্থনার উপনিশ্রয়। এক মিথ্যা ঢাকবার জন্য শত মিথ্যার আশ্রয় নেয়া হয়। **অকুশল কুশলের উপনিশ্রয় হয়।** অকুশল কর্মের বিপাককে প্রতিহত করার জন্য দান,

Visit: http://www.buddhistdownload.com

শীল ভাবনাদি দশবিধ কুশল কর্ম করা হয়। রাগের উপলক্ষে দানাদি কুশলকর্ম করা হয়। রোগী যেমন ওষুধের সন্ধান করে অগ্নিভয়ে ভীত ব্যক্তি যেমন জলের সন্ধান করে। ঠিক তদ্রূপ অকুশল থেকে মুক্তিকামী ব্যক্তি তদ্বিপরীত সন্ধান করে। একজন ঘাতক অনুশোচনাবশত শীলাদি কুশল কর্ম সম্পাদন করে, এখানে হত্যারূপ অকুশল শীলরূপ কুশলের সঙ্গে সম্পর্কযুক্ত। **অকুশল অব্যাকৃতের উপনিশ্রয় হয়।** রাগ, দ্বেষ এবং মোহ কায়িক সুখ-দুঃখের উপনিশ্রয় হয়। অকুশল কর্ম বিপাকের উপনিশ্রয় হয়। সুখ, দুঃখ ও বিপাক অব্যাকৃত। বহু মানুষ আছে যারা নানা দুষ্কর্ম করে চারি অপায়ে পতিত হয়ে অপায় দুঃখভোগ করতেছে। এমনকি ইহ জীবনেই কেউ কেউ নিজের বা পরের দুষ্কর্মের কারণে বহু দুঃখ ভোগ করতেছে। কেউ কেউ দুষ্কর্মের দরুন প্রভূত বিত্তসম্পত্তি লাভ করে সুখভোগ করতেছে। বহু মানুষ রাগ বা লোভমূলক বহু দুঃখভোগ করতেছে। তদ্রূপ দ্বেষমূলক, মিথ্যাদৃষ্টিমূলক, মানমূলক বহু দুঃখভোগ করতেছে। **অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের উপনিশ্রয় হয়।** অর্হতেরা নির্বাণকে আলম্বন করে প্রত্যবেক্ষণ করেন। ভবাঙ্গের উপনিশ্রয়ে আবর্তন-চিত্ত উৎপন্ন হয়। ঋতু, ভোজন, শয্যাসন ইত্যাদি কায়িক সুখ-দুঃখের উপনিশ্রয় হয়। **অব্যাকৃত ধর্ম কুশল ধর্মের উপনিশ্রয় হয়।** অর্জিত অর্থ অব্যাকৃত, অর্থাৎ কুশলও নহে, অকুশলও নহে। এই অব্যাকৃত-স্বভাব-বিশিষ্ট অর্থের উপনিশ্রয়ে দান, বিহার-নির্মাণ, তীর্থ-ভ্রমণ ইত্যাদি নানাপ্রকার কুশল কর্ম করা হয়। কায়িক সুখ-দুঃখ, ঋতু, ভোজন, শয্যা ও আসন প্রভৃতির উপনিশ্রয়ে দান, শীল, ভাবনাদি করা হয়। পূর্ণিমা-জোৎস্নার উপনিশ্রয়ে অজাতশত্রু ভগবান বুদ্ধের নিকট গিয়ে **"শ্রামণ্য-ফলের"** ব্যাখ্যা শ্রবণ করেছিলেন। **অব্যাকৃত ধর্ম অকুশলের উপনিশ্রয় হয়।** চক্ষাদি দ্বাদশ আয়তন অব্যাকৃত। এগুলোকে উপভোগ্য মনে করে যখন অভিনন্দন করা হয়, আস্বাদন করা হয়, তখন তৃষ্ণা উৎপন্ন হয়। অন্ধকারের উপনিশ্রয়ে বহু পাপকর্ম করা হয়। বিহার ও গৃহের উপনিশ্রয়ে মাৎসয্য উৎপন্ন হয়। কায়িক সুখ-দুঃখ, শয্যা, আসন, ভোজন প্রভৃতির উপনিশ্রয়ে প্রাণিবধাদি শীলভঙ্গ করা হয়। এরূপে উপনিশ্রয়-প্রত্যয় অতীব বহুল। **"প্রাকৃতিক-উপনিশ্রয়-প্রত্যয়"**-এর প্রভাব দূরবর্তী চিত্তবীথিতেও উৎপন্ন হয়। কয়েক বর্ষ পূর্বে বুদ্ধগয়ার বোধিদ্রুমের ছায়ায় যে দান-শীল-ভাবনাদি সম্পাদিত হয়েছিল, আজ এই দূরবর্তী স্থানে অবস্থাকালে সেই স্মৃতি জাগিল এবং সেই কুশলস্মৃতিকে উপনিশ্রয় করে এখন দান-শীল-ভাবনা করা হলে। এমতাবস্থায় উপনিশ্রয়-প্রত্যয়, অনন্তর-প্রত্যয় নহে। কারণ এই দুই পৃথক সময়ের কুশলকর্ম অন্যান্য কর্ম দ্বারা পৃথকীভূত অথচ পূর্বটির সহায়েই পরেরটি সম্পাদন করা হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

**১০. পূর্বজাত-প্রত্যয় :** পূর্বক্ষণ হতে উৎপন্ন অবস্থায় থেকে বর্তমানক্ষণে সাহায্যকারী রূপধর্ম **'পূর্বজাত-প্রত্যয়'**। পূর্বজাত-প্রত্যয় সর্বদা 'রূপ' এবং এটির প্রত্যয়োৎপন্ন ধর্ম সর্বদা 'নাম' বা চিত্ত-চৈতসিক। চক্ষু পূর্বোৎপন্ন থেকে চক্ষু বিজ্ঞানোৎপত্তির প্রত্যয় হয়। সেইরূপ শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায় এবং বর্ণ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য পূর্বোৎপন্ন থেকে পঞ্চবিজ্ঞান ও তৎসম্প্রযুক্ত চৈতসিকের পূর্বজাত-প্রত্যয় হয়। পূর্বজাত-প্রত্যয় দুই প্রকার। যথা : আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায় ইত্যাদি **'বাস্তু-পূর্বজাত'** এবং বর্ণ, শব্দ, গন্ধ, রস, স্পর্শ ইত্যাদি **'আলম্বন-পূর্বজাত'**। হৃদয়-বাস্তু প্রতিসন্ধির সময় প্রতিসন্ধি-বিজ্ঞানের সহজাত, কিন্তু প্রবর্তনের সময় মনোধাতুত্রিকের ও মনোবিজ্ঞান-ধাতুর পূর্বজাত। বর্তমানকালীয় ১৮ প্রকার নিষ্পন্ন-রূপই (পৃথিবী-ধাতু হতে কবলীকৃত আহার পর্যন্ত) হচ্ছে আলম্বন-পূর্বজাত-প্রত্যয়। তন্মধ্যে বর্তমানকালীয় রূপ, শব্দাদি পঞ্চালম্বনই নিয়ম অনুযায়ী পঞ্চবিজ্ঞান বীথিচিত্তের আলম্বন-পূর্বজাত হয়। যেমন বীণার তারে বীণাদণ্ড-দ্বারা আঘাত করলেই কেবল বীণাশব্দ উৎপন্ন হয়। এতে করে সেই শব্দ পূর্বজাত হলেও বীণার তার ও বীণাদণ্ড ব্যতীত উৎপন্ন হতে পারে না। পঞ্চবিজ্ঞান বীথিচিত্তসমূহ পঞ্চবাস্তু-দ্বারে পঞ্চবিধ আলম্বন উপস্থিত হলেই উৎপন্ন হয়। এই পঞ্চদ্বারিক আলম্বন যুগপৎভাবে দুই দ্বারের মধ্যেই উপস্থিত হয়। তখন সেই পঞ্চ আলম্বন কেবল সেই পঞ্চবাস্তুর মধ্যেই উপস্থিত হয় না, একই সঙ্গে ভবাঙ্গে তথা মনোদ্বারেও উপস্থিত হয়। মনোদ্বারে সেই আলম্বন উপস্থিত হওয়ার পর দুইবার ভবাঙ্গচলন হয়ে ভবাঙ্গোপচ্ছেদ হয়। তার পরপরই মনোদ্বারাবর্তন, জবন, তদালম্বন—এই ৩টি বীথিচিত্ত পূর্বজাত-বাস্তু-দ্বারালম্বন ব্যতীত উৎপন্ন হতে পারে না। সেই ১৮ প্রকার নিষ্পন্ন-রূপগুলো (তৃষ্ণা-দৃষ্টি-মান-সম্প্রযুক্ত কর্মদ্বারা এই ১৮ প্রকার রূপ উৎপন্ন হয় বলে এদের নিষ্পন্ন-রূপ বলা হয়) নিরুদ্ধ হয়ে গেলে 'অতীত', অনুৎপন্ন থাকলে 'অনাগত' এবং উৎপন্ন হলে 'বর্তমান'। উপরোক্ত সমস্ত আলম্বনই মনোবিজ্ঞান বীথিচিত্তের আলম্বন হয়। তন্মধ্যে বর্তমানকালীয় আলম্বনসমূহ তাদের আলম্বন-পূর্বজাত-প্রত্যয় হয়। যখন দূরে বা প্রতিচ্ছন্নে স্থিত কোনো আলম্বনীয় বস্তু মনের আলম্বন হয় তখন যদি সেই বাস্তু সেখানে বিদ্যমান থাকে, তবেই বর্তমান প্রাপ্ত হয়।

**১১. পশ্চাজ্জাত-প্রত্যয় :** পশ্চাজ্জাত চিত্ত-চৈতসিক পূর্বজাত রূপকায়ের পশ্চাজ্জাত-প্রত্যয় হয়। বপিত বীজকে অঙ্কুরিত ও বর্ধিত হতে যেমন পরবর্তী বারিরাশি সাহায্য করে, তেমনি প্রতিসন্ধি-চিত্তের সহজাত এই কর্মজ-কায়কে বর্ধন ও পোষণার্থ পরবর্তী চিত্ত-চৈতসিক শেষ চ্যুতিচিত্তকাল পর্যন্ত (প্রতিসন্ধির পরে পুনঃপুন হয়ে) ক্ষণে ক্ষণে সাহায্য করে। এই পূর্বোৎপন্ন কায়ার প্রতি

Visit: http://www.buddhistdownload.com

পশ্চাদোৎপন্ন চিত্ত-চৈতসিক এবম্বিধ সাহায্য করে **'পশ্চাজ্জাত-প্রত্যয়'** হয়। প্রতিসন্ধি-চিত্ত এবং অরূপ বিপাক-চিত্ত ব্যতীত কাম, রূপ, অরূপ ও লোকোত্তরের যাবতীয় চিত্তই এই কর্ম-চিত্ত-ঋতু-আহার-সমুত্থিত-রূপকায়কে পশ্চাদোৎপন্ন হয়ে, পোষণার্থ সাহায্য করে। তথায় 'পরবর্তী সময়ে উৎপন্ন চিত্ত' বলতে প্রথম ভবাঙ্গ চিত্তের পর থেকে চ্যুতিচিত্ত পর্যন্ত সমস্ত চিত্ত। 'পূর্বজাত-রূপকায়' বলতে প্রতিসন্ধি-চিত্তের সহোৎপন্ন কর্মজ-রূপকায়সহ অধ্যাত্ম সমুৎপন্ন চতুর্সমুত্থিত সমস্ত রূপকায়। প্রতিসন্ধি-চিত্তের সহোৎপন্ন কর্মজ-রূপকায়ের প্রথম ভবাঙ্গাদি পনেরোটি ভবাঙ্গ-চিত্তই পশ্চাজ্জাত-প্রত্যয়। প্রতিসন্ধি-চিত্ত সেই রূপকায়ের সহোৎপন্ন বিধায় পশ্চাজ্জাত-প্রত্যয় হয় না। ১৬তম ভবাঙ্গ-চিত্তটি সেই কায়ের ভাঙন ক্ষেত্রে উৎপন্ন হয় বিধায় এটিও প্রত্যয় হয় না। তাই ১৫টি ভবাঙ্গ-চিত্ত বলা হয়েছে। প্রতিসন্ধি-চিত্তের স্থিতিক্ষণে কিন্তু দুটি রূপকায় উৎপন্ন হয়। যথা : কর্মজ-রূপকায় ও ঋতুজ-রূপকায়। ভবাঙ্গক্ষণেও তদ্রূপ। প্রথম ভবাঙ্গ-চিত্ত উৎপত্তিক্ষণে কিন্তু ৩টি রূপকায় উৎপন্ন হয়। যথা : কর্মজ-রূপকায় ও চিত্তজ-রূপকায়। বাহ্যিক আহারের স্পর্শে অধ্যাত্ম আহার যখন আহারজ-রূপকায় উৎপন্ন করে, তারপর থেকে চতুর্সমুত্থানিক চতুর্বিধ রূপকায় জ্বলন্ত প্রদীপ সদৃশ আমরণকাল পর্যন্ত উৎপন্ন ও প্রবাহিত হতে থাকে। উৎপত্তিক্ষণ অতিক্রমের পর স্থিতিক্ষণ পর্যন্ত তারা তাকে ধারণ ও পালন করে। তাই পনেরোটি চিত্ত সেই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয় হয়। 'বর্ধন ও পোষণ করে' অর্থে কর্ম-চিত্ত-ঋতু-আহার এই চতুর্সমুত্থানিক রূপ-সন্ততিকে (প্রবাহকে) উপর্যুপরি বর্ধন ও পোষণ করে। এভাবে যদি পূর্ববর্তী চারি প্রকার রূপকায় পশ্চাজ্জাত-প্রত্যয় পুনঃপুন লাভ করে, তখন তারা নিরুদ্ধ হলেও পরবর্তী রূপসন্ততি পরম্পরার বর্ধন, পোষণ ও বিপুলতার জন্য বলবান প্রত্যয় হয়েই নিরুদ্ধ হয়। এজন্য পট্‌ঠানে বলা হয়েছে, 'পুরেজাতানং রূপধম্মানং উপথম্ভকত্থেন উপকারকো অরূপধম্মো পশ্চাজ্জাত পচ্চযো হোতি'।

**১২. আসেবন-প্রত্যয় :** আসেবন শব্দের অর্থ পুনঃপুন সেবন, খাওয়া, পরিচর্যা, অভ্যাস। কোনো গ্রন্থ পুনঃপুন অধ্যয়নে প্রত্যেক নতুন পঠনের সাথে উহা ক্রমে ক্রমে অধিকতর অধিগত হয়। এইরূপে চিত্তের প্রগুণতা বা ক্রমবর্ধনশীল দক্ষতা সম্পাদনই আসেবনের বিশেষত্ব। চিত্তবীথির জবন স্থানে প্রথম জবন দ্বিতীয় জবনকে স্বীয় শক্তি প্রদান করে। দ্বিতীয় জবন তৃতীয় জবনকে, প্রথম জবন হতে প্রাপ্ত শক্তি ও নিজ শক্তি একত্রযোগে প্রদান করে। এই প্রকারে চিত্তে শক্তি সঞ্চারক এই 'আসেবন-প্রত্যয়'। প্রথম জবন **'আসেবন-প্রত্যয় ধর্ম'**। দ্বিতীয় জবন তার **'প্রত্যয়োৎপন্ন ধর্ম'**। পুনঃ দ্বিতীয় জবন **'আসেবন-প্রত্যয় ধর্ম'** তৃতীয় জবন **'আসেবন-প্রত্যয়োৎপন্ন ধর্ম'**।

Visit: http://www.buddhistdownload.com

এইরূপে অবশিষ্টগুলো বুঝতে হবে। আসেবন-প্রত্যয় কুশলে কুশলে, অকুশলে অকুশলে, ক্রিয়া-অব্যাকৃতে ক্রিয়া-অব্যাকৃতে। শুধু কামাবচর কুশলাকুশল ক্রিয়া-চিত্তে, মহদ্‌গত কুশল ক্রিয়া-চিত্তে এবং নির্বাণালম্বনের গোত্রভূচিত্তেই আসেবন-প্রত্যয় হয়। লোকোত্তর কুশল-চিত্তে একাধিক জবন নেই, এজন্য এটি আসেবন বর্জিত। লোকীয় ৪৭ জবন-চিত্তেই (১২ অকুশল, ৮ মহাকুশল, ৮ মহাক্রিয়া, ১ হসিতোৎপাদ, ৫ রূপাবচর কুশল, ৫ রূপাবচর ক্রিয়া, ৪ অরূপাবচর কুশল ও ৪ অরূপাবচর ক্রিয়াচিত্ত) আসেবন-প্রত্যয় হয়। অনন্তর ও সমনন্তর-প্রত্যয় চিত্তবীথির সর্বস্থানে; কিন্তু আসেবন-প্রত্যয় শুধু জবন স্থানে। অনন্তর-প্রত্যয়ে প্রগুণতা নেই; প্রগুণ ভাবই আসেবন-প্রত্যয়ের বৈশিষ্ট্য। বর্তমান জীবনের জবন স্থানেই আসেবন-প্রত্যয় দ্বারা অতীত জীবন পরম্পরার সঞ্চিত কুশল অকুশলের উপস্তম্ভন, উৎপীড়ন, উপঘাতন সম্পাদিত হয়। আসেবন-প্রত্যয় কর্মে কর্মে প্রত্যয় শুধু জবন (ক্রিয়াশীল) স্থানে। উপনিশ্রয়-প্রত্যয় কর্মে কর্মে, কর্মে বিপাকে, বিপাকে কর্মে, কালান্তরে বা ভবান্তরে। বিপাক-প্রত্যয় বিপাকে বিপাকে। আসেবন-প্রত্যয় নামে সাথে নামের প্রত্যয়। ক্ষণধর্মী চিত্তে আসেবন-প্রত্যয় বিদ্যমান আছে বলে পুরুষ-বলের, পুরুষ-বিক্রমের দীর্ঘকাল গঠন ও বর্ধন করে মহৎ ব্যাপার সম্পাদন সম্ভবপর হয়। এমনকি বুদ্ধত্বও এই আসেবন-প্রত্যয় লব্ধ প্রগুণতা দ্বারাই লাভ হয়। **"সতি-পট্‌ঠানং ভাবেতি", "সম্মপ্পধানং ভাবেতি", "সম্মাদিট্‌ঠিং ভাবেতি"** ইত্যাদিতে "ভাবেতি" শব্দ দ্বারা জবনস্থানে পুনঃপুন দীর্ঘকালব্যাপী আসেবন বা অভ্যাস করাই বুঝায়।

**১৩. কর্ম-প্রত্যয় :** চিত্তের প্রয়োগ বা চেতনা দ্বারা সাহায্য করাই কর্ম-প্রত্যয়। কর্ম-প্রত্যয় দ্বিবিধ : **সহজাত-কর্ম-প্রত্যয়** এবং **নানাক্ষণিক-কর্ম-প্রত্যয়**। **"চেতেতী'তি চেতনা"**। যা চিন্তা করায় তা-ই চেতনা। চেতনা সহজাত চৈতসিকগুলোকে নিজের অঙ্গীভূত করে আলম্বনে যোগ করে ও তাদের কার্যে উদ্দেশ্য নির্ধারণ করে এবং কর্মসিদ্ধির জন্য প্ররোচিত করে এটি **'সহজাত চেতনা বা কর্ম-প্রত্যয়।'** সহজাত কর্ম-প্রত্যয়ের প্রত্যয় ধর্ম ৮৯ চিত্তের ৮৯ চেতনা; প্রত্যয়োৎপন্ন ধর্ম ৮৯ চিত্ত, চিত্তজ-রূপ ও প্রতিসন্ধিতে কর্মজ-রূপ। আবার লোভাদি হেতু সংযোগে এই চেতনা 'কর্ম' পরিণত হয় এবং সংস্কাররূপে চিত্ত-সন্ততিতে প্রচ্ছন্ন থাকে ও অবকাশ পেলে কায়কর্মে বা বাক্‌কর্মে প্রকাশিত হয়। যখন এটি কুশলাকুশলে পরিবর্তিত হয় তখন **'নানাক্ষণিক চেতনা'**। কর্ম সম্পাদনকাল ও ফলোৎপত্তিকাল বিভিন্ন বলে এটি নানাক্ষণিক। **'নানা' অর্থে বিভিন্ন।** নানাক্ষণিক কর্ম-প্রত্যয়ের প্রত্যয় ধর্ম অতীত জন্মপরম্পরার লোকীয় ২৯ (১২ অকুশল, ৮ মহাকুশল, ৫ রূপাবচর কুশল, ৪ অরূপাবচর কুশল চিত্ত)

Visit: http://www.buddhistdownload.com

এবং লোকোত্তর ৪, মোট ৩৩ কুশলাকুশল চেতনা। এবং ৩৬ বিপাক-চিত্ত ও কর্মজরূপ এটি প্রত্যয়োৎপন্ন ধর্ম। নানাক্ষণিক কর্ম-প্রত্যয়ের এক বিশেষ শক্তি আছে। চেতনা থেমে গেলেও এটির শক্তি চিত্তপ্রবাহে (স্বভাব বা সংস্কারের আকারে) প্রচ্ছন্ন থাকে। যখন যেইটি সুযোগ পায়, তখন সেটি চ্যুতিচিত্তের পর 'ব্যক্তিবিশেষরূপে' পরবর্তী ভবে জন্মগ্রহণ করে। প্রত্যেক জীব **'কম্মস্‌সকো'**। যেগুলো সুযোগ না পায়, সেগুলো নির্বাণ না পাওয়া পর্যন্ত চিত্ত-সন্ততিতে প্রচ্ছন্ন থাকে।

**১৪. বিপাক-প্রত্যয় :** কর্মের পরিণত অবস্থা অর্থাৎ ফল প্রদানের অবস্থাই বিপাকাবস্থা। কী অর্থে 'বিপাক' বলা হয়? বিপাক প্রদান করে এই অর্থে বিপাক। এক্ষেত্রে 'বিপাক' অর্থে তরুণ অবস্থা অতিক্রম করে পরিপক্ব অবস্থা প্রাপ্ত হওয়া এখানে কোন ধর্মের তরুণ অবস্থা আর কোন ধর্মের পরিপক্ব অবস্থা বুঝানো হয়েছে? নানাক্ষণিক কর্ম-প্রত্যয় নামক অতীত কর্মের তরুণ অবস্থা আর সেই সমস্ত কর্মের পরিপক্ব অবস্থা। তথায় একেকটি চেতনার বা কর্মের চারি অবস্থা; যথা : ১. চিত্তে উৎপত্তি অবস্থা (চেতনাবস্থা), ২. উৎপত্তির পর চিত্তবীথির জবনস্থানে আসেবনের অবস্থা (কর্মাবস্থা), ৩. নিমিত্তের অবস্থা বা মরণাসন্ন বীথিতে সম্পাদিত কর্মের প্রতিচ্ছবির অবস্থা, ৪. বিপাকাবস্থা বা ফল প্রদানের অবস্থা। তথায় সেই চেতনা নিরুদ্ধ হয়ে গেলেও সেই ক্রিয়ার বিশেষ অবস্থা কিন্তু নিরুদ্ধ হয় না। তা চিত্ত-সন্ততিতে (ভবাঙ্গ-প্রবাহে) প্রবহমান অবস্থায় থাকে। এটিই হচ্ছে 'কর্মাবস্থা'। 'নিমিত্তাবস্থা' বলতে সেই কর্ম প্রবর্তনের সময় বিপাক প্রদানের সুযোগ না পেলে মরণাসন্নকালে সেই ব্যক্তির সেই কর্মই তখন স্মৃতিপটে কর্ম, কর্মনিমিত্ত বা গতিনিমিত্ত আকারে উপস্থিত হয়। এটিই হচ্ছে 'নিমিত্তাবস্থা'। আর 'বিপাকাবস্থা' হচ্ছে সেই ব্যক্তি যদি মরণাসন্নকালে উপস্থিত সেই কর্ম, কর্মনিমিত্ত বা গতিনিমিত্তের যেকোনো একটি আলম্বনকে ত্যাগ না করে মৃত্যুবরণ করে, তখন সেই কর্ম সেই ভবে বিপাক প্রদান করে অর্থাৎ সেই কর্ম সেই ভবে একটি শরীর হয়ে আবির্ভূত হয়। তখন পূর্বোক্ত তিনটি অবস্থার মধ্যে সেই কর্ম তরুণ অবস্থা প্রাপ্ত হয় এবং পরে বিপাকাবস্থায় পতিত হয়ে পরিপক্ব অবস্থা প্রাপ্ত হয়। এভাবে পরিপক্ব অবস্থা প্রাপ্ত চিত্ত-চৈতসিক ধর্মসমূহই হচ্ছে বিপাক-প্রত্যয়। ৩৬ বিপাক চিত্ত (১৫ অহেতুক বিপাক, ৮ মহাবিপাক, ৫ রূপাবচর বিপাক, ৪ অরূপাবচর বিপাক, ৪ লোকোত্তর বিপাক চিত্ত) এবং তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিকের বিপাক-প্রত্যয় ধর্ম। বিপাক প্রত্যয়োৎপন্ন ধর্ম ও ৩৬ বিপাক চিত্ত এবং ৩৮ চৈতসিক এবং প্রবর্তনকালে চিত্তজ-রূপও প্রতিসন্ধিতে কর্মজ-রূপ। চিত্ত-নিয়মের অনুবলে (অব্যাপারনীতি দ্বারা) বিপাক স্বত-ই উৎপন্ন হয়, দ্বার-বলে নহে। এর উৎপত্তি

Visit: http://www.buddhistdownload.com

চেষ্টা-উৎসাহ-নিরপেক্ষ। বিপাকের এই শান্ত-স্বভাব হেতু, শুধু ভবাঙ্গের অবস্থা নহে, সম্প্রতীচ্ছ ও সন্তীরণ প্রভৃতিরও দুর্জ্ঞেয়। জবনে এর প্রভাব জ্ঞাত হওয়া যায়।

**১৫. আহার-প্রত্যয় :** আহার অর্থে কী বুঝায়? যা **'নাম-রূপকে'** উৎপন্ন করে, পরিপোষণ করে তা-ই নাম-রূপের আহার। আহারের উৎপাদিকা শক্তি থাকলেও উপস্তম্ভন বা পরিপোষণ শক্তিই এতে প্রবল। কবলীকৃত আহার ভক্ষণীয় দ্রব্যাদি; এটি রূপ-আহার। কবলীকৃতাহারের প্রত্যয়-ধর্ম ভক্ষণীয় আহার্যের ওজ এবং এর প্রত্যয়োৎপন্ন-ধর্ম আহারজ-রূপ। অরূপ-আহার কিন্তু ত্রিবিধ : স্পর্শ, চেতনা ও বিজ্ঞান আহার। এর প্রত্যয়োৎপন্ন-ধর্ম চিত্ত, চৈতসিক, চিত্তজ-রূপ ও প্রতিসন্ধিতে কর্মজ-রূপ। ১. **কবলীকৃত-আহার** রূপকায়ের সন্ততির কারণ। কর্মফলে রূপকায়ের উৎপত্তি হলেও এর পোষণ ও সন্ততির জড় আহারের প্রয়োজন, যেন তা পূর্ণ আয়ুষ্কাল অবিচ্ছেদে যাপন করতে পারে। রূপকায় রূপ-আহারই খোঁজে। ২. **'স্পর্শ'** বেদনার আহার; বেদনা স্পর্শই খোঁজে। স্পর্শ সুখ-বেদনা জন্মিয়ে সেই বেদনা উপভোগের জন্য সত্ত্বগণের তৃষ্ণা, উৎপাদন ও কর্মোৎপত্তির কারণ হয়। ৩. **চেতনা-আহার** কাম, রূপ ও অরূপ এই ত্রিবিধ ভবে প্রতিসন্ধি কার্য যথোচিতরূপে সম্পাদনকারী অতীতকালীয় ২৯ প্রকার কুশলাকুশল লোকীয় চিত্ত (অর্থাৎ ১২ অকুশল, ৮ কামাবচর কুশল, ৫ রূপাবচর কুশল, ৪ অরূপাবচর কুশল চিত্ত)। এর অপর নাম কর্ম বা সংস্কার বা কর্মভব। এবং এটি বিজ্ঞান বা বিপাক-চিত্তের আহার 'বিপাকো কম্মসম্ভবো'। ৪. **বিজ্ঞান-আহার** ১৯ প্রকার প্রতিসন্ধি-চিত্ত। এটি নাম-রূপ, ষড়ায়তন ও স্পর্শের আহার।

**১৬. ইন্দ্রিয়-প্রত্যয় :** ইন্দ্রত্ব করে, আধিপত্য করে, প্রভাব বিস্তার করে এ অর্থে বলা হয় ইন্দ্রিয়। ইন্দ্রিয়ের সংখ্যা মোট বাইশটি। যথা : চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায়, স্ত্রী, পুরুষ, জীবিত (নাম ও রূপ-জীবিত-ইন্দ্রিয়), মন, সুখ, দুঃখ, সৌমনস্য, দৌর্মনস্য, উপেক্ষা, শ্রদ্ধা, বীর্য, স্মৃতি, সমাধি, প্রজ্ঞা, অজ্ঞাতকে জানিব এই চিন্তা (স্রোতাপত্তি-মার্গজ্ঞান), লোকোত্তর-জ্ঞান (অর্হত্ত্ব-ফলজ্ঞান) ও লোকোত্তর-জ্ঞানী-ইন্দ্রিয় (স্রোতাপত্তি-ফলজ্ঞান হতে অর্হত্ত্ব-মার্গজ্ঞান পর্যন্ত)। এই দ্বাবিংশতি প্রকার ইন্দ্রিয়ের মধ্যে **"ভাবদ্বয়"** ভিন্ন অবশিষ্ট বিংশতি প্রকার ইন্দ্রিয়ই ইন্দ্রিয়-প্রত্যয়-ধর্মী। প্রত্যয়-ধর্ম (গুণ, শক্তি) তিনটি; যথা : উৎপাদন, ধারণ, পালন। অনন্তর-প্রত্যয় উৎপাদন-গুণবিশিষ্ট; পশ্চাজ্জাত-প্রত্যয়ের ধারণ-গুণ প্রকট। এবং জীবিতেন্দ্রিয়ে পালন-গুণ প্রধান। কিন্তু "ভাবদ্বয়ে" এই তিন গুণের কোনোটি বিদ্যমান নেই। প্রত্যয়-গ্রণ না থাকলেও এদেরকে ইন্দ্রিয় বলা হয়; কারণ এরা স্ত্রী ও পুরুষের হাব-ভাব আকার-প্রকারাদি লক্ষণ সম্বন্ধে কায়ার

Visit: http://www.buddhistdownload.com

উপর আধিপত্য করে। **পঞ্চপ্রসাদ** "ইন্দ্রিয়-প্রত্যয়-ধর্ম" এবং চক্ষু-বিজ্ঞানাদি পঞ্চবিজ্ঞান "প্রত্যয়োৎপন্ন-ধর্ম"। এরা পূর্বজাত-ইন্দ্রিয়-প্রত্যয়। **রূপ-জীবিত-ইন্দ্রিয়** "প্রত্যয়-ধর্ম"; এর "প্রত্যয়োৎপন্ন-ধর্ম" কর্মজরূপ (রূপ-জীবিত-ইন্দ্রিয় ব্যতীত)। রূপ-জীবিত-ইন্দ্রিয় সহজাত-রূপের স্থিতিক্ষণের ইন্দ্রিয়-প্রত্যয়। **বাকী পঞ্চদশ ইন্দ্রিয়** প্রত্যয়ধর্মী; এদের প্রত্যয়োৎপন্ন-ধর্ম স্ব স্ব সম্প্রযুক্ত চিত্ত-চৈতসিক ও তৎ তৎ সমুত্থান-রূপ। তা অবশ্য চিত্ত-সমুত্থান-রূপ; কিন্তু প্রতিসন্ধিক্ষণে কর্মজ-রূপ। **দ্বাবিংশতি ইন্দ্রিয়ের বৈশিষ্ট্য :** যদি কোনো সাধক কিংবা ধ্যানী আর্যভূমি লাভ করতে ইচ্ছুক হলে প্রথমে দেহস্থ ইন্দ্রিয়সমূহ বুঝতে হবে। এজন্য চক্ষু প্রভৃতি পঞ্চেন্দ্রিয় উল্লেখিত হয়েছে। স্ত্রী কিংবা পুরুষ-ইন্দ্রিয় এই দুই ইন্দ্রিয় তৎপরই স্থান পেয়েছে। কিন্তু উক্ত সপ্ত ইন্দ্রিয় জীবিতেন্দ্রিয় প্রতিবদ্ধ। যতকাল জীবিতেন্দ্রিয় প্রবহমান থাকে, ততকাল সুখ-দুঃখাদি বেদনাও বিদ্যমান থাকে। এই বেদনা কীভাবে ইন্দ্রত্ব করে তা জানা আবশ্যক। বিশ্লেষণ করে দেখলে প্রমাণিত হয় যে, সর্ববিধ বেদনাই দুঃখ। 'সুখবেদনা ঠিতা সুখা, বিপরিণাম দুক্খা'। এই দুঃখ অতিক্রম করতে হলে শ্রদ্ধা, বীর্য, সামাধি ও প্রজ্ঞা শুধু প্রয়োজনই নয় বরং অনুশীলনের মাধ্যমে ইন্দ্রত্বে পরিপুষ্ট করা অপরিহার্য। এদের ইন্দ্রত্ব লাভে উচ্চাশা নির্ধারণের শক্তি লাভ হয়, অজ্ঞাতকে জানার জন্য সংকল্প জাগে। এই সংকল্পের ইন্দ্রত্ব অবস্থাই লোকোত্তরের প্রথম মার্গে, স্রোতাপত্তিমার্গে উপনীত করে। এই মার্গে সেই পরিপক্ব জ্ঞান প্রদান করে, সেই লোকোত্তর জ্ঞানেন্দ্রিয় (অঞ্ঞিঞন্দ্রিয়) এর পরেই স্থান পেয়েছে। এই লোকোত্তর জ্ঞানেন্দ্রিয় অনুশীলনের ফলে লোকোত্তর জ্ঞানীন্দ্রিয়ে (অঞ্ঞতাবিন্দ্রিযে) পূর্ণতা প্রাপ্ত হয়। এটাই অর্হতের অবস্থা। এখানেই করণীয় কৃত হয়। উক্ত দ্বাবিংশতি ইন্দ্রিয়ের মধ্যে প্রত্যেকটি 'প্রত্যয়-ধর্ম' এবং এর দ্বারা জাত-বিজ্ঞান ও রূপ ইত্যাদি হলো 'প্রত্যয়োৎপন্ন-ধর্ম'। ধরা যাক, শ্রদ্ধান্দ্রিয়ের কথা, শ্রদ্ধান্দ্রিয় হলো প্রত্যয়-ধর্ম। এর প্রভাবে শ্রদ্ধা-বিজ্ঞান উৎপন্ন হয়। যার ফলে ব্যক্তি করজোড়ে বন্দনা করে। এখানে শ্রদ্ধা-বিজ্ঞানের উৎপত্তি এবং করজোড়ে বন্দনা নিবেদন করা হচ্ছে প্রত্যয়োৎপন্ন-ধর্ম। তদ্রূপভাবে চক্ষু হচ্ছে ইন্দ্রিয়, এর প্রত্যয়ে চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়। এখানে চক্ষু হচ্ছে প্রত্যয়-ধর্ম এবং চক্ষু-বিজ্ঞান হচ্ছে প্রত্যয়োৎপন্ন-ধর্ম, উভয়ের মধ্যে সম্পর্কটা করছে ইন্দ্রিয়-প্রত্যয়।

**১৭. ধ্যান-প্রত্যয় :** ধ্যানাঙ্গ সাতটি। যথা : বিতর্ক, বিচার, প্রীতি, সুখ, উপেক্ষা, দৌর্মনস্য এবং একাগ্রতা বা সমাধি। এই সাত ধ্যানাঙ্গই ধ্যান-প্রত্যয় ধর্ম। দ্বিপঞ্চবিজ্ঞান ব্যতীত (৮৯−১০) = ৭৯ প্রকার চিত্ত ও তৎসম্প্রযুক্ত চৈতসিক এবং সপ্ত ধ্যানাঙ্গ সহজাতরূপ এস্থলে প্রত্যয়োৎপন্ন ধর্ম। দ্বিপঞ্চবিজ্ঞান ধ্যান-প্রত্যয়ের অন্তর্গত নহে। কারণ একাগ্রতা, উপেক্ষা সুখ-দুঃখাদি বেদনা

Visit: http://www.buddhistdownload.com

এইসব চিত্ত ধ্যানাকারে বিদ্যমান থাকে না। ধ্যান প্রত্যয়োৎপন্ন চিত্ত কুশল, অকুশল, ক্রিয়া, বিপাক এই চার জাতীয়। কামাবচর ও রূপাবচর ধ্যানাঙ্গের সঙ্গে, প্রবর্তনের সময়ে চিত্ত-সমুত্থানরূপের প্রত্যয় এবং প্রতিসন্ধির সময় কর্মজ-রূপের প্রত্যয় হয়। যোগী এই সাত ধ্যানাঙ্গের অনুবলে চিত্তকে স্থির ও একাগ্র করে ধ্যেয় বিষয়ে পরিচালিত করে ও আবদ্ধ করে রাখে এবং ঈদৃশ আলম্বনাবদ্ধ চিত্তে শারীরিক, বাচনিক ও মানসিক কার্যাদি সম্পাদন করে। কুশল ধ্যানাঙ্গের উৎপাদন ব্যতীত দান, শীল, ভাবনাদি কুশলকর্ম এবং অকুশল ধ্যানাঙ্গের উৎপাদন ব্যতীত শীল ভঙ্গাদি অকুশলকর্ম কেউ সম্পাদন করতে পারে না। একাগ্রতার তারতম্যানুসারে শক্তির তারতম্য হয় মাত্র। সপ্ত ধ্যানাঙ্গের মধ্যে **'বিতর্ক'** সহজাত ধর্মকে আলম্বনে সংযোগ করে **'বিচার'** সেই আলম্বনকে পুনঃপুন পরীক্ষা করে চিত্তকে সেই আলম্বনে দৃঢ়ভাবে সম্পর্কিত করে রাখে। **'প্রীতি'** সেই আলম্বনে রুচি উৎপন্ন করে চিত্তকে তথায় আকৃষ্ট করে প্রফুল্ল করে। **'বেদনা'** (অর্থাৎ সুখ, উপেক্ষা, দৌর্মনস্য) আলম্বন-রস অনুভব করিয়ে তাকে (আলম্বনকে) চিত্তের অপরিহার্য করে। **'একাগ্রতা'** চিত্তকে আলম্বনময় করে। অবশ্য ধ্যানাঙ্গসমূহ ধ্যানচিত্তের যুগপৎ উৎপন্ন হয় এবং যুগপৎ স্ব স্ব কৃত্য সম্পাদিত হয়। উক্ত সপ্ত ধ্যানাঙ্গের মধ্যে বিতর্ক, বিচার, প্রীতি, সুখ ও একাগ্রতামূলক চিত্তের অন্তর্গত। বিতর্ক, বিচার, উপেক্ষা এবং একাগ্রতা মোহমূলক চিত্তের অন্তর্গত। যেমন, কোনো ব্যাধ একটি হরিণকে দেখতে পেল, দেখার সঙ্গে সঙ্গে তার মনে বিতর্ক, বিচার, দৌর্মনস্য ও একাগ্রতা এই চার ধ্যানাঙ্গের কাজ শুরু হয়ে গেল। এখানে এই চারি ধ্যানাঙ্গ হলো 'প্রত্যয়-ধর্ম'। ব্যাধের বধক চিত্ত উৎপন্ন হল। এই বধক চিত্তের উৎপত্তি হচ্ছে 'প্রত্যয়াৎপন্ন-ধর্ম'। তদ্রূপ বিতর্ক, বিচার, প্রীতি, সুখ ও একাগ্রতা থেকে প্রথম রূপধ্যানের উৎপত্তি হয়। অনুরূপভাবে উপেক্ষা এবং একাগ্রতা এই দুই প্রকার ধ্যানাঙ্গের প্রভাবে প্রথম অরূপধ্যান চিত্তের উৎপত্তি হয়। এসব উদাহরণ থেকে বোঝা যায় যে, ধ্যানাঙ্গসমূহ হচ্ছে 'প্রত্যয়-ধর্ম' এবং ধ্যান চিত্ত ও তদ্‌সমুত্থান রূপ হচ্ছে 'প্রত্যয়োৎপন্ন-ধর্ম'। তাই বলা হয়েছে, 'ঝানঙ্গানি ঝান-সম্পযুত্তাকানং ধম্মানং তং সমুট্‌ঠানানং চ রূপানং ঝানপচ্চযেন পচ্চযো।'

**১৮. মার্গ-প্রত্যয় :** মার্গ-প্রত্যয়ে দ্বাদশ মার্গাঙ্গই (সম্যক দৃষ্টি, সম্যক সংকল্প, সম্যক বাক্য, সম্যক জীবিকা, সম্যক ব্যায়াম বা প্রচেষ্টা, সম্যক স্মৃতি, সম্যক সমাধি, মিথ্যা দৃষ্টি, মিথ্যা সংকল্প, মিথ্যা ব্যায়াম এবং মিথ্যা সমাধি) মার্গ-প্রত্যয় ধর্ম। ৭১ সহেতুক (হেতুযুক্ত) চিত্ত, ৫২ চৈতসিক, সহেতুক চিত্তজ-রূপ, প্রতিসন্ধিকালে কর্মজ-রূপই মার্গের প্রত্যয়োৎপন্ন ধর্ম। সম্যক দৃষ্টি-আদি ৮ প্রকার কুশল মার্গাঙ্গ সুগতি বা নির্বাণের পথে পরিচালিত করে এবং

Visit: http://www.buddhistdownload.com

মিথ্যাদৃষ্টি-আদি অপর চার অকুশল মার্গাঙ্গ দুর্গতি বা অপায়ের পথে পরিচালিত করে। নিচে এই অঙ্গসমূহের সংক্ষিপ্ত পরিচয় দেওয়া হলো :

১. সম্যক দৃষ্টি 'প্রজ্ঞেন্দ্রিয়' চৈতসিক। জ্ঞান-সম্প্রযুক্ত ৪৭ প্রকার চিত্তের 'প্রজ্ঞাই' সম্যক দৃষ্টি নামক মার্গাঙ্গ।

২. সম্যক সংকল্প 'বিতর্ক' চৈতসিক। বিতর্ক সম্প্রযুক্ত ৫৯ প্রকার শোভন চিত্তের বিতর্ক চৈতসিকই সম্যক সংকল্প নামক মার্গাঙ্গ।

৩. ৮ প্রকার কামাবচর কুশল, ৮ প্রকারলোকোত্তর কুশল—এই ১৬ প্রকার চিত্তের 'সম্যক বাক্য' নামক চৈতসিকই সম্যক বাক্য নামক মার্গাঙ্গ।

৪. ৮ প্রকার কামাবচর কুশল, ৮ প্রকার লোকোত্তর কুশল—এই ১৬ প্রকার কুশর চিত্তের সম্যক কর্ম চৈতসিকই 'সম্যক কর্ম' নামক মার্গাঙ্গ।

৫. ৮ প্রকার কামাবচর কুশল, ৮ প্রকার লোকোত্তর কুশল—এই ১৬ প্রকার কুশর চিত্তের 'সম্যক জীবিকা' চৈতসিকই সম্যক জীবিকা নামক মার্গাঙ্গ।

৬. বীর্য চৈতসিক সম্প্রযুক্ত ৫৯ প্রকার শোভন চিত্তের বীর্য চৈতসিকই 'সম্যক ব্যায়াম' নামক মার্গাঙ্গ।

৭. সমৃতি চৈতসিক সম্প্রযুক্ত ৫৯ প্রকার শোভন চিত্তের স্মৃতি চৈতসিকই 'সম্যক স্মৃতি' নামক মার্গাঙ্গ।

৮. ৫৯ প্রকার শোভন চিত্তের একাগ্রতা চৈতসিকই 'সম্যক সমাধি' নামক মার্গাঙ্গ।

৯. ৪ লোভমূলক চিত্তের দৃষ্টি চৈতসিকই 'মিথ্যা দৃষ্টি' নামক মার্গাঙ্গ।

১০. ১২ অকুশল চিত্তের বিতর্ক চৈতসিকই 'মিথ্যা সংকল্প' নামক মার্গাঙ্গ।

১১. ১২ অকুশল চিত্তের বীর্য চৈতসিকই 'মিথ্যা ব্যায়াম' নামক মার্গাঙ্গ।

১২. বিচিকিৎসা বর্জিত ১১ অকুশল চিত্তের একাগ্রতা চৈতসিকই 'মিথ্যা সমাধি' নামক মার্গাঙ্গ।

**ধ্যান-প্রত্যয়ের** কার্য হলো চিত্তকে আলম্বনে সরল, দৃঢ় ও অর্পণাময় (নিমজ্জিত) করে রাখা। আর **মার্গ-প্রত্যয়ের** কার্য হলো সংসারচক্রে বন্ধনকারী কর্মপ্রসূ চেতনাকে এবং সংসারচক্র থেকে মুক্তকারী ভাবনাপ্রসূ চেতনাকে সরল এবং দৃঢ় করা কার্যে, গঠনে, বর্ধনে ও উন্নতিতে পরিচালনা করে উচ্চতম অবস্থায় অর্থাৎ লোকোত্তরে উন্নীত করা। দুই প্রত্যয়ের এটিই পার্থক্য। কর্মপ্রসূ-চেতনা কুশলাকুশল কর্মাদি সম্পাদন দ্বারা ত্রিলোকে প্রতিসন্ধি গ্রহণ করে। এজন্য এর নাম **'কর্মপথ-প্রাপ্ত চেতনা'**। ভাবনাপ্রসূ-চেতনা ভাবনানুক্রমে, সুশৃঙ্খলার নাথে অনুশীলনে কামলোক হতে স্তরে স্তরে উঠতে উঠতে ক্রমে লোকোত্তরে উন্নীত হয়; এমনকি এক আসনেই। এজন্য এর নাম **'ভূম্যন্তর-প্রাপ্ত চেতনা'**।

Visit: http://www.buddhistdownload.com

**১৯. সম্প্রযুক্ত-প্রত্যয় :** পরমার্থদৃষ্টিতে কতগুলো চিত্ত-চৈতসিক ভিন্ন লক্ষণযুক্ত হলেও একসঙ্গে উৎপন্ন হয়, একসঙ্গে নিরুদ্ধ হয়, এক আলম্বন গ্রহণ করে এবং বাস্তু গ্রহণ করে। এই সকল চিত্ত-চৈতসিক পরস্পর সম্প্রযুক্ত-প্রত্যয়বদ্ধ। প্রতিসন্ধির সময় নাম-রূপ সহজাত, কিন্তু সম্প্রযুক্ত নয়। অতএব সম্প্রযুক্ত-প্রত্যয় এমন একটি সম্বন্ধ যা প্রত্যয়-ধর্ম এবং প্রত্যয়োৎপন্ন-ধর্মের সঙ্গে পরস্পর অঙ্গাঙ্গিভাবে জড়িত থাকে। যেমন : চিত্ত এবং চৈতসিক। অতএব সম্প্রযুক্ত-প্রত্যয়ের প্রত্যয় ধর্ম হচ্ছে যাবতীয় চিত্ত-চৈতসিক। এর প্রত্যয়োৎপন্ন ধর্মও যাবতীয় চিত্ত-চৈতসিক।

**২০. বিপ্রযুক্ত-প্রত্যয় :** বিপ্রযুক্ত-প্রত্যয় তিন প্রকার; যথা : সহজাত-বিপ্রযুক্ত, পূর্বজাত-বিপ্রযুক্ত ও পশ্চাজ্জাত-বিপ্রযুক্ত। কোনো কোনো ধর্ম (স্বভাব বা বিষয়) আছে, যেগুলো একটি অন্য থেকে বিপ্রযুক্ত। নাম এবং রূপ এই পর্যায় ধর্ম। এরা একে অন্যের সঙ্গে সম্প্রযুক্ত নয়। রূপ নামের সঙ্গে এক বাস্তু ও এক আলম্বন গ্রহণ না করেও নামের উৎপত্তির প্রত্যয় হয়। নামও তদ্রূপ রূপের উৎপত্তির প্রত্যয় হয়। রূপও নামের এইরূপ প্রত্যয়ের নামই বিপ্রযুক্ত-প্রত্যয়।

**২১. অস্তি-প্রত্যয় :** অস্তি-প্রত্যয় ৫ প্রকার; যথা : সহজাত-অস্তি-প্রত্যয়, পূর্বজাত-অস্তি-প্রত্যয়, পশ্চাজ্জাত-অস্তি-প্রত্যয়, রূপ-জীবিত-ইন্দ্রিয়-অস্তি-প্রত্যয় ও কবলীকৃত আহার-অস্তি-প্রত্যয়। 'অস্তি-প্রত্যয়' দ্বারা এই বুঝায় যে, প্রত্যয় ধর্ম সহজাত হয়ে বিদ্যমান থাকুক যা পূর্বজাত হয়ে বিদ্যমান থাকুক, তার অস্তিভাব বা বিদ্যমানতার কারণেই প্রত্যয়োৎপন্ন ধর্ম উৎপত্তি-স্থিতি-ভঙ্গক্ষণে পরিপোষিত হয়। এটি উপস্তম্ভন বা পরিপোষণ গুণবিশিষ্ট, জনক গুণবিশিষ্ট নয় এবং নিশ্রয়াকারেও প্রত্যয় হয় না, অস্তিভাবেই প্রত্যয় হয়। সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, রূপ-জীবিত-ইন্দ্রিয় ও কবলীকৃত আহার-প্রত্যয়াদির মধ্যে যে **'অস্তি ভাব'** তা-ই **'অস্তি-প্রত্যয়'**। সেজন্য অস্তি-প্রত্যয় এই পাঁচ প্রকার। **'অন্যোন্য'** এবং **'সন্ততি'** এই দুই আকারেই অস্তি-প্রত্যয় হয়। মহাভূতের সাথে ভূতোৎপন্নের **'অস্তি'** সন্ততিভাবে; কিন্তু মহাভূতে মহাভূতে অন্যোন্যভাবে। অতএব দেখা যাচ্ছে যে, অস্তি-প্রত্যয়ে প্রত্যয় ধর্মের বিদ্যমানতায় প্রত্যয়োৎপন্ন ধর্মও বিদ্যমান থাকে। চিত্ত বিদ্যমান থাকলে চৈতসিকও বিদ্যমান থাকে। যেখানে চক্ষু-বিজ্ঞান আছে সেখানে সম্প্রতীচ্ছ-চিত্তও বর্তমান থাকে।

**২২. নাস্তি-প্রত্যয় : 'নাস্তি'** শব্দের অর্থ হচ্ছে অস্তিত্বের অভাব। এটা যে দুটি চৈতসিকের মাঝখানে বিদ্যমান থাকে, তার মধ্যে একটির উপস্থিতি অর্থ নিশ্চিতরূপে অন্যটির অনুপস্থিতি। যখন প্রত্যয় ধর্ম অনুপস্থিত থাকে, তখন প্রত্যয়োৎপন্ন ধর্ম বর্তমান থাকে। আলোর অনুপস্থিতে যেমন অন্ধকার নেমে

Visit: http://www.buddhistdownload.com

আসে এর অর্থ হলো পূর্ববর্তীটির অনুপস্থিতিতে পরবর্তীটি উৎপন্ন হয়। উদাহরণস্বরূপ বলা যায়, যখন চক্ষু-বিজ্ঞান অনুপস্থিত তখন সম্প্রতীচ্ছ-চিত্ত উপস্থিত থাকে। অথবা যখন সম্প্রতীচ্ছ-চিত্ত অনুপস্থিত তখন সন্তীরণ উপস্থিত থাকে। নাস্তি-প্রত্যয় অনন্তর-প্রত্যয় সদৃশ। অবিদ্যমান থেকে এটি প্রত্যয়োৎপন্ন-ধর্মের উৎপত্তির অবকাশ প্রদান করে।

**২৩. বিগত-প্রত্যয় :** বিগত বলতে গত বা বিলুপ্তি হওয়াকে বুঝায়। জগতের উৎপন্ন সর্বদিক বিষয়-আশয় এমনকি চিত্ত-চৈতসিকসহ ক্রমান্বয়ে বিলুপ্তির দিকে এগুচ্ছে এবং একদিন বিনাশ হবেই। এ বিগত হওয়ার রীতি-নীতি জাগতিক সত্য। এ-সত্যই বিগত-প্রত্যয়। বিগত-প্রত্যয় অনন্তর-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য। অবিদ্যমান থেকে এটি প্রত্যয়োৎপন্ন-ধর্মের উৎপত্তিতে অবকাশ প্রদান করে। তাই বলা হয়েছে : 'সমনন্তর বিগতা চিত্ত-চেতসিকা ধম্মা পচ্চুপন্নানং চিত্ত-চেতসিকানং ধম্মানং বিগত পচ্চযেন পচ্চযো হোতি।'

**২৪. অবিগত-প্রত্যয় :** অবিগত-প্রত্যয় ৫ প্রকার; যথা : সহজাত-অবিগত-প্রত্যয়, পূর্বজাত-অবিগত-প্রত্যয়, পশ্চাজ্জাত-অবিগত-প্রত্যয়, রূপ-জীবিত-ইন্দ্রিয়-অবিগত-প্রত্যয় ও কবলীকৃত আহার-অবিগত-প্রত্যয়। অবিগত-প্রত্যয় সম্পূর্ণরূপে অস্তি-প্রত্যয় সদৃশ। এটি তিন ক্ষণে বিদ্যমান থেকেই প্রত্যয়োৎপন্ন ধর্মকে পোষণ করে।

সম্প্রযুক্ত-প্রত্যয় ও বিপ্রযুক্ত-প্রত্যয় এক যুগল। সেইরূপ অস্তি ও নাস্তি এক যুগল। এবং বিগত ও অবিগত তৃতীয় যুগল। এই যুগলত্রয় কোনো বিশেষ প্রত্যয় নহে। পুর্বোক্ত প্রত্যয়গুলির মধ্যে প্রত্যয়-ধর্ম ও প্রত্যয়োৎপন্ন-ধর্মের সম্বন্ধ কতকগুলো সম্প্রযুক্তভাবে, কতকগুলো বিপ্রযুক্তভাবে, কতকগুলো অস্তিভাবে, অন্যগুলি নাস্তিভাবে, কতকগুলো বিগতভাবে, অন্যগুলো অবিগতভাবে সংগঠিত হয়। এরা এটিই প্রদর্শন করে।

**'অস্তি'** ও **'নাস্তি'** শব্দদ্বয় দ্বারা ক্রমে শ্বাশতবাদ ও উচ্ছেদবাদ বুঝায়। এর প্রতিষেধনার্থে **'অবিগত'** ও **'বিগত'** শব্দদ্বয়ের ব্যবহার আবশ্যক হয়েছে।

[ধ্যানে জ্ঞান উৎপন্ন হয়]

[অভিধর্মপিটকে পট্‌ঠান পরিচিতি সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

# সূ চি প ত্র


ধর্মানুলোমে ত্রিক পট্‌ঠান .................................................... ৬৩
প্রত্যয়-নিদান .................................................... ৬৩
(১) প্রত্যয়-উদ্দেশ বর্ণনা .................................................... ৬৩
(২) প্রত্যয়-নির্দেশ বর্ণনা .................................................... ৬৪
৩. প্রশ্নবার (অধ্যায়) .................................................... ৮০
১. প্রত্যয় : অনুলোম .................................................... ৮০
২. প্রত্যয় : প্রতিলোম .................................................... ৮৬
৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম .................................................... ৮৬
৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম .................................................... ৮৮
১. কুশলত্রিক .................................................... ৮৯
১. প্রতীত্য বার (পরিচ্ছেদ) .................................................... ৮৯
১. প্রত্যয় : অনুলোম—১. বিভঙ্গ অধ্যায় .................................................... ৮৯
১. প্রত্যয় : অনুলোম .................................................... ১০১
২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায় .................................................... ১০৪
৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম .................................................... ১১৮
৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম .................................................... ১২৮
২. সহজাতবার .................................................... ১৩৬
১. প্রত্যয় : অনুলোম—১. বিভঙ্গ অধ্যায় .................................................... ১৩৬
২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ-প্রত্যয় .................................................... ১৩৮
৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম .................................................... ১৩৯
৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম .................................................... ১৩৯
৩. প্রত্যয়বার .................................................... ১৪০
১. প্রত্যয় : অনুলোম—১. বিভঙ্গ অধ্যায় .................................................... ১৪০
১. প্রত্যয় : অনুলোম .................................................... ১৫২
২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ-অধ্যায় .................................................... ১৫৪
২. প্রত্যয় : প্রতিলোম .................................................... ১৫৭
৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম .................................................... ১৬৯


Visit: http://www.buddhistdownload.com

৪. নিশ্রয়বার ........................................................ ১৭৬
১. প্রত্যয় : অনুলোম—১. বিভঙ্গ অধ্যায় ............................ ১৭৬
২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায় ............................ ১৭৮
৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম ........................................ ১৭৯
৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম ........................................ ১৮০
৫. সংশ্লিষ্টবার ........................................................ ১৮০
১. প্রত্যয় : অনুলোম—১. বিভঙ্গ অধ্যায় ............................ ১৮০
২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায় ............................ ১৮৩
৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম ........................................ ১৮৮
৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম ........................................ ১৯৩
৬. সম্প্রযুক্তবার ........................................................ ১৯৭
১. প্রত্যয় : অনুলোম—১. বিভঙ্গ অধ্যায় ............................ ১৯৭
২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায় ............................ ১৯৮
৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম ........................................ ১৯৯
৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম ........................................ ১৯৯
৭. প্রশ্নবার ........................................................ ১৯৯
১. প্রত্যয় : অনুলোম—১. বিভঙ্গ অধ্যায় ............................ ১৯৯
[আসেবনমূলক সমাপ্ত] ........................................ ৩০৬
কর্মমূলক ........................................................ ৩০৬
দ্বিক (২৩) ........................................................ ৩০৬
২. বেদনাত্রিক ........................................................ ৩৫৫
১. প্রতীত্যবার ........................................................ ৩৫৫
১. প্রত্যয় : অনুলোম—১. বিভঙ্গ অধ্যায় ............................ ৩৫৫
২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায় ............................ ৩৫৮
৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম ........................................ ৩৬৪
৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম ........................................ ৩৬৪
১. প্রত্যয় : অনুলোম ........................................................ ৩৮১
২. প্রত্যয় : প্রতিলোম ........................................................ ৩৮৯
৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম ........................................ ৩৯০
৩. বিপাকত্রিক ........................................................ ৩৯২
১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম ................................ ৩৯২
২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায় ............................ ৩৯৯

Visit: http://www.buddhistdownload.com

৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম........................................৪০৭
৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম........................................৪০৮
২. সহজাতবার—১. প্রত্যয় : অনুলোম................................৪০৮
১. প্রত্যয় : অনুলোম ................................................৪১৭
২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়..............................৪১৮
৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম........................................৪১৯
৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম........................................৪১৯
৪. নিশ্রয়বার—১-৪. প্রত্যয় : চতুষ্ক ...................................৪২০
৫. সংশ্লিষ্টবার—১. প্রত্যয় : অনুলোম .................................৪২০
৪. উপাদিন্নত্রিক ........................................................৪৪৫
১. প্রতীত্যবার—১.প্রত্যয় : অনুলোম...................................৪৪৫
২. প্রত্যয় : প্রতিলোম ..................................................৪৪৯
৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম........................................৪৫৪
৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম........................................৪৫৫
২. সহজাতবার—১-৪. প্রত্যয় : চতুষ্ক.................................৪৫৫
৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম...................................৪৫৫
৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম........................................৪৬২
৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম........................................৪৬২
৫. সংশ্লিষ্টবার..........................................................৪৬২
৬. সম্প্রযুক্তবার........................................................৪৬৪
৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম......................................৪৬৪
৫. সংক্লিষ্টত্রিক..........................................................৪৯৬
১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম..................................৪৯৬
২. প্রত্যয় : প্রতিলোম ..................................................৪৯৮
৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম........................................৪৯৯
৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম........................................৪৯৯
৭. প্রশ্নবার .............................................................৪৯৯

----------------------------------

Visit: http://www.buddhistdownload.com

Visit: http://www.buddhistdownload.com

"ত্রিলোকশাস্তা সেই ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধকে বিনম্র বন্দনা"

# অভিধর্মপিটকে
# পট্ঠান
(প্রথম খণ্ড)

## ধর্মানুলোমে[১] ত্রিক পট্ঠান[২]

### প্রত্যয়-নিদান

### (১) প্রত্যয়[৩]-উদ্দেশ বর্ণনা

হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয়, অধিপতি-প্রত্যয়, অনন্তর-প্রত্যয়, সমনন্তর-প্রত্যয়, সহজাত-প্রত্যয়, অন্যোন্য-প্রত্যয়, নিশ্রয়-প্রত্যয়, উপনিশ্রয়-প্রত্যয়, পূর্বজাত-প্রত্যয়, পশ্চাজ্জাত-প্রত্যয়, আসেবন-প্রত্যয়, কর্ম-প্রত্যয়, বিপাক-প্রত্যয়, আহার-প্রত্যয়, ইন্দ্রিয়-প্রত্যয়, ধ্যান-প্রত্যয়, মার্গ-প্রত্যয়, সম্প্রযুক্ত-প্রত্যয়, বিপ্রযুক্ত-প্রত্যয়, অস্তি-প্রত্যয়, নাস্তি-প্রত্যয়, বিগত-প্রত্যয় এবং অবিগত-প্রত্যয়।

---

[১]। অনুলোম দ্বিবিধ; যথা : ধর্মানুলোম ও প্রত্যয়ানুলোম। "কুশল ধর্মকে ভিত্তি করে কুশল ধর্ম উৎপন্ন হয়।" ইত্যাদি অভিধর্ম মাতিকা পদসমূহের দ্বারা গঠিত ধর্মসমূহের অনুলোমই ধর্মানুলোম। "হেতু-প্রত্যয় দ্বারা, আলম্বন-প্রত্যয় দ্বারা" ইত্যাদি চব্বিশ প্রকার প্রত্যয়সমূহের অনুলোমই প্রত্যয়ানুলোম। *পঞ্চপকরণ অর্থকথা*

[২]। 'পট্ঠান' শব্দের মুখ্য অর্থ হচ্ছে 'প্রধান কারণ' বা 'প্রকৃত কারণ'। মূল শব্দটি ছিল 'প(ধান) + ঠান'। এটিরই সংক্ষিপ্তাকার হয়েছে পট্ঠান। পালিতে 'ঠান' শব্দের বিভিন্ন অর্থ আছে। আলোচ্য স্থলে এর অর্থ হচ্ছে হেতু, প্রত্যয়, নিদান, কারণ। 'পট্ঠান' গ্রন্থের মূল আলোচ্য বিষয় হচ্ছে হেতু-প্রত্যয়াদি ২৪টি প্রত্যয়।

[৩]। 'প্রত্যয়' শব্দের অর্থও আলোচ্য স্থলে কারণ, হেতু, নিদান এবং সাহায্যকারী কারণ। যার সাহায্যে কোনো কার্য সম্পাদিত হয়, ঘটনা ঘটে, ফলোৎপন্ন হয়, তা ওই কার্যের, ওই ঘটনার, ওই ফলের প্রত্যয় হয়। সুতরাং প্রত্যয় সাহায্যকারক বা উপকারক।

Visit: http://www.buddhistdownload.com

## (২) প্রত্যয়-নির্দেশ[১] বর্ণনা

### (১) হেতু-প্রত্যয়[২]

হেতু হেতু-সম্প্রযুক্ত (সংযুক্ত) ধর্মসমূহের এবং তৎসমুত্থান রূপ[৩]সমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### ২. আলম্বন-প্রত্যয়

রূপ-আয়তন[৪] চক্ষু-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

শব্দ-আয়তন শ্রোত্র-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

গন্ধ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

রস-আয়তন জিহ্বা-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

রূপ-আয়তন, শব্দ-আয়তন, গন্ধ-আয়তন, রস-আয়তন, স্প্রষ্টব্য-আয়তন

---

[১]। 'প্রত্যয়-উদ্দেশ' হচ্ছে প্রত্যয়সমূহের নামকরণ অর্থাৎ বর্ণনা। 'প্রত্যয়-নির্দেশ' হচ্ছে প্রত্যয়সমূহের ব্যাখ্যা।

[২]। হেতু-প্রত্যয় : হেতু ছয় প্রকার; যথা : লোভ, দ্বেষ, মোহ, অলোভ, অদ্বেষ ও অমোহ। যেই সকল চৈতসিক চিত্তকে এটির আলম্বনে প্রতিষ্ঠিত করে রাখে, সেই সকল চৈতসিকই "হেতু"। এইস্থলে হেতু-প্রত্যয়ের অর্থ হচ্ছে যা হেতু তা-ই প্রত্যয়। হেতু হয়ে প্রত্যয় 'হেতু-প্রত্যয়'। হেতুভাবের দ্বারা প্রত্যয় হেতু-প্রত্যয়। হেতু এবং প্রত্যয় এই দুইটি দ্বারা সমাস নিষ্পন্ন শব্দ হচ্ছে হেতু-প্রত্যয়।

[৩]। রূপ : √ রূপ ধাতু নিষ্পন্ন; যার অর্থ পরিবর্তন হওয়া, ধ্বংস হওয়া। ওটার মূলগত অর্থ হলো : "সীতুণ্হাদিবসেন বণ্ণবিকারমপজ্জতী'তি রূপং" অর্থাৎ "যা উষ্ণতা এবং শীতলতা ইত্যাদি দ্বারা পরিবর্তিত হয় তা-ই রূপ।" রূপ সাধারণ অর্থে জড় পদার্থ; লৌকিক অর্থে বর্ণ বা আকার; আভিধার্মিক অর্থে জড় পদার্থের গুণাবলিকে বুঝায়। অভিধর্মে ২৮ প্রকার রূপের ব্যাখ্যা করা হয়েছে।

[৪]। আয়তন : 'আয়তন' অর্থ উৎপত্তিস্থল বা নিবাসস্থান। চক্ষু ও বর্ণ, দ্বার ও আলম্বনের আকারে, চক্ষু-বিজ্ঞানের আয়তন বা উৎপত্তিস্থান। এই প্রকারে শ্রোত্র ও শব্দ, শ্রোত্র-বিজ্ঞানের, ঘ্রাণ ও গন্ধ ঘ্রাণ-বিজ্ঞানের, জিহ্বা ও রস জিহ্বা-বিজ্ঞানের, কায় ও স্প্রষ্টব্য কায়-বিজ্ঞানের এবং মন ও ধর্ম মনোবিজ্ঞানের আয়তন। এদের মধ্যে চক্ষাদি ছয়টি আধ্যাত্মিক বা দ্বার-ভূত দেহস্থ আয়তন। এবং রূপাদি ছয়টি আলম্বনভূত বহি আয়তন। ৫২ প্রকার চৈতসিক, ১৬ প্রকার সূক্ষ্মরূপ এবং নির্বাণ—এই ৬৯ ধর্মই ধর্ম-আয়তন।

Visit: http://www.buddhistdownload.com

মনোধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সমস্ত ধর্মসমূহ মনোবিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

যে যে ধর্মকে (স্বভাব বা বিষয়কে) ভিত্তি করে যে যে চিত্ত-চৈতসিক ধর্মসমূহ উৎপন্ন হয়, সেই সেই ধর্মসমূহ সেই সেই ধর্মসমূহের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।[১]

## ৩. অধিপতি-প্রত্যয়

ছন্দ (ইচ্ছা বা বাসনা) অধিপতি ছন্দ-সম্প্রযুক্ত ধর্মসমূহের এবং তৎসমুত্থান রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

বীর্য-অধিপতি বীর্য-সম্প্রযুক্ত ধর্মসমূহের এবং তৎসমুত্থান রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

চিত্ত-অধিপতি চিত্ত-সম্প্রযুক্ত ধর্মসমূহের এবং তৎসমুত্থান রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

মীমাংসা (অনুসন্ধান বা প্রজ্ঞা) অধিপতি মীমাংসা-সম্প্রযুক্ত ধর্মসমূহের এবং তৎসমুত্থান রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

যে যে ধর্মকে গুরুত্ব প্রদান করে যে যে চিত্ত-চৈতসিক ধর্মসমূহ উৎপন্ন হয়, সেই সেই ধর্মসমূহ তৎ তৎ ধর্মসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।[২]

## ৪. অনন্তর-প্রত্যয়[৩]

চক্ষু-বিজ্ঞান-ধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোধাতুর এবং তৎসম্প্রযুক্ত

---

[১]। অবলম্বন, আরম্মণ, গোচর, বিষয়, আয়তন ইত্যাদি আলম্বনের প্রতিশব্দ। দুর্বল ব্যক্তি যেমন যষ্ঠি অবলম্বনে উত্থিত হয়, চিত্ত-চৈতসিকও তদ্রূপ রূপ, শব্দ, গন্ধাদির অবলম্বনে উৎপন্ন হয়। এরূপ যার আলম্বনে যেই চিত্ত-চৈতসিক উৎপন্ন হয়, তাই সেই চিত্ত-চৈতসিকের অবলম্বন। বাস্তবিক আলম্বনই চিত্ত-চৈতসিকের কার্যক্ষেত্র। আলম্বন ব্যতীত চিত্ত-চৈতসিকের অস্তিত্ব নাই এবং চিত্ত-চৈতসিক ব্যতীতও আলম্বনের অস্তিত্ব নাই। উভয়েই পরস্পরসাপেক্ষ, উভয়ের পরস্পর সম্বন্ধই বুদ্ধদর্শনে পট্‌ঠানে 'আলম্বন-প্রত্যয়'।

[২]। অধিপতি শব্দের অর্থ হচ্ছে, 'কর্তা' যা অধিপত্য করে। এখানে প্রত্যয় ধর্ম হচ্ছে আধিপত্য বিস্তারকারী আলম্বন এবং প্রত্যয়োৎপন্ন ধর্ম হচ্ছে সেই চিত্ত-চৈতিসক, যা আধিপত্যের দ্বারা উৎপন্ন হয়। অতএব অধিপতি-প্রত্যয় তাকেই বলা হয়, যা আধিপত্যের সঙ্গে সহায়তাদানে প্রত্যয়ের ক্রিয়া সম্পাদন করে।

[৩]। অবিচ্ছেদ্যভাবে ক্ষণে ক্ষণে নিরুদ্ধ চিত্ত-চৈতসিক ধর্মসমূহ হচ্ছে অনন্তর-প্রত্যয়। কোনো এক চিত্ত নিরুদ্ধ হয়ে গেলে, তার অবিচ্ছেদে অন্য এক চিত্ত উৎপন্ন হয়। নিজের অব্যবহিত পরে অবিকল আরও একটি ধর্ম উৎপন্ন করে এই অর্থে 'অনন্তর' আর উপকারক এই অর্থে 'প্রত্যয়' বলা হয়।

Visit: http://www.buddhistdownload.com

ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মনোধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোবিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

শ্রোত্র-বিজ্ঞান-ধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মনোধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোবিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

ঘ্রাণ-বিজ্ঞান-ধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মনোধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোবিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

জিহ্বা-বিজ্ঞান-ধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মনোধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোবিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

কায়-বিজ্ঞান-ধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মনোধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোবিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্ববর্তী পূর্ববর্তী কুশল[১] ধর্মসমূহ পরবর্তী পরবর্তী কুশল ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূববর্তী কুশল ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অব্যাকৃত ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্ববর্তী পূর্ববর্তী অকুশল[২] ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অকুশল ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী অকুশল ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অব্যাকৃত ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্ববর্তী পূর্ববর্তী অব্যাকৃত[৩] ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অব্যাকৃত ধর্মসমূহের

---

[১]। কুশল : যা জীবন দুঃখের এবং সেই দুঃখের হেতু তৃষ্ণার ক্ষয়কারক ও ধ্বংসসাধক তা-ই কুশল অর্থাৎ পাপ বিধ্বংসনে যা "কুশ" যুক্ত তা-ই কুশল। ২১ কুশল চিত্ত এবং তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক কুশলধর্ম।

[২]। অকুশল : যা জীবন দুঃখের এবং সেই দুঃখের হেতু তৃষ্ণারজনক, পরিপোষক ও পরিবর্দ্ধক তা-ই অকুশল। ১২ অকুশল চিত্ত এবং তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক অকুশলধর্ম।

[৩]। অব্যাকৃত : পালিতে অব্যাকত। পালি সাহিত্যে অব্যাকৃত শব্দটি পর্যায়ভেদে দ্বিবিধ অর্থে ব্যবহৃত হয়। ১. অব্যাখ্যাত (সূত্রপিটক মতে) ও ২. কুশলও নয় এবং অকুশলও নয়

Visit: http://www.buddhistdownload.com

অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী অব্যাকৃত ধর্মসমূহ পরবর্তী পরবর্তী কুশল ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী অব্যাকৃত ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অকুশল ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

যে যে ধর্মসমূহের অনন্তরে যে যে চিত্ত-চৈতসিক (চিত্ত বা মন-চিত্তবৃত্তি বা চিত্তের উপকরণ) ধর্মসমূহ উৎপন্ন হয়, সেই সেই ধর্মসমূহ ওই ওই ধর্মসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## ৫. সমনন্তর-প্রত্যয়[১]

চক্ষু-বিজ্ঞান-ধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মনোধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোবিজ্ঞান ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

শ্রোত্র-বিজ্ঞান-ধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মনোধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোবিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

ঘ্রাণ-বিজ্ঞান-ধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মনোধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোবিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

জিহ্বা-বিজ্ঞান-ধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মনোধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোবিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

---

(অভিধর্মপিটকমতে)। বর্তমান গ্রন্থে 'অব্যাকৃত' শব্দটি 'অনির্দিষ্ট' অর্থে ব্যবহৃত হয়েছে। কুশল ও অকুশল আকারে অনির্দিষ্ট অর্থাৎ যা কুশলও নহে এবং অকুশলও নহে তাই অব্যাকৃত। ৩৬ বিপাক চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ অব্যাকৃত বা কুশল-অকুশল আকারে অনির্দিষ্ট ধর্ম।

[১]। সমনন্তর শব্দের অর্থ হচ্ছে 'সুষ্ঠু অনন্তর'। যেমন কঠিন শিলাস্তম্ভাদিতে রূপকলাপসমূহ যতই নিখুঁত, নিরেট একাবদ্ধ হোক না কেন, রূপধর্মের স্বভাব বিদ্যমান থাকার কারণে তন্মোধ্যে পরিচ্ছেদ তথা সচ্ছিদ্রতা-রূপ আকাশধাতু বিদ্যমান থাকবেই। দুটি রূপকলাপের মধ্যে অবশ্যই অন্তর বা ফাঁক থাকবে। তবে পূর্বের ও পরের দুটি চিত্ত-চৈতসিক কলাপের মধ্যে তাদৃশ কোন অন্তর বা ফাঁক নেই। এভাবে 'সুষ্ঠু অনন্তর' অর্থে সমনন্তর।

Visit: http://www.buddhistdownload.com

কায়-বিজ্ঞান-ধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মনোধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহ মনোবিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্ববর্তী পূর্ববর্তী কুশল ধর্মসমূহ পরবর্তী পরবর্তী কুশল ধর্মসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী কুশল ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অব্যাকৃত ধর্মসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্ববর্তী পূর্ববর্তী অকুশল ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অকুশল ধর্মসমূহের সমনন্তর প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী অকুশল ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অব্যাকৃত ধর্মসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্ববর্তী পূর্ববর্তী অব্যাকৃত ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অব্যাকৃত ধর্মসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী অব্যাকৃত ধর্মসমূহ পরবর্তী পরবর্তী কুশল ধর্মসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী অব্যাকৃত ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অকুশল ধর্মসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

যে যে ধর্মসমূহের সমনন্তরে যে যে চিত্ত-চৈতসিক ধর্মসমূহ উৎপন্ন হয়, সেই সেই ধর্মসমূহ ওই ওই ধর্মসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### ৬. সহজাত-প্রত্যয়[১]

চারি অরূপস্কন্ধ (বেদনা, সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞান) পরস্পর সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

চারি মহাভূত (পৃথিবী, আপ, তেজ ও বায়ু) পরস্পর সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

প্রতিসন্ধিক্ষণে (অবক্রান্তিক্ষণে) নাম-রূপ (মানসিক দেহ-ভৌতিক দেহ) পরস্পর সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

চিত্ত-চৈতসিক ধর্মসমূহ চিত্ত-সমুত্থান-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা

---

[১]। যখন কোনো প্রত্যয় এটির প্রত্যয়োৎপন্নের সাথে একসঙ্গে উৎপন্ন হয়, তখন তারা সহজাত। যেইক্ষণে বিজ্ঞান উৎপন্ন হয়, সেইক্ষণে বেদনা, সংজ্ঞা, সংস্কারও উৎপন্ন হয়। এই অর্থে চারি অরূপস্কন্ধ বা 'নাম' সহজাত-প্রত্যয়। মহাভূতরূপ পরস্পর সহজাত। প্রতিসন্ধিক্ষণে 'নাম' ও 'রূপ' পরস্পরের উৎপত্তির সাহায্য করে। একটির অভাবে অপরটি উৎপন্ন হতে পারে না। চিত্ত-চৈতসিক ধর্ম চিত্তোৎপন্নরূপের সহজাত-প্রত্যয়। চারি মহাভূতরূপ ভূতোৎপন্নরূপের সহজাত-প্রত্যয়। 'রূপ কখনো 'নামের' সহজাত-প্রত্যয় আবার কখনো হয় না। 'নাম' ও 'রূপ' পরস্পরাশ্রিত। তাদের একটি ভগ্ন হলে অপটিরও তখনই ভগ্ন হয়ে যায়।

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়।

মহাভূতসমূহ উপাদা (চারি মহাভূতোৎপন্ন) রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (পৃথিবী-আদি মহাভূতসমূহ তদ্‌উদ্ভূত ২৪ প্রকার রূপের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়)।

রূপী[১] (সাকার) ধর্মসমূহ অরূপী (নিরাকার) ধর্মসমূহের কোনো সময় সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার কোনো সময় না-সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (মাতৃগর্ভে হৃদয়-বাস্তুর উৎপত্তি অ-সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় বুঝতে হবে)।

## ৭. অন্যোন্য-প্রত্যয়

চার অরূপস্কন্ধ অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চারি মহাভূত পরস্পর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

প্রতিসন্ধিক্ষণে (ওক্কান্তিক্‌খণে) নাম-রূপ পরস্পর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।[২]

## ৮. নিশ্রয়-প্রত্যয়[৩]

(বেদনাদি) চারি অরূপস্কন্ধ পরস্পর নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(পৃথিবী-আদি) চারি মহাভূত[৪] পরস্পর নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

---

[১]। রূপী : রূপান্তরশীল বলে রূপী। রূপ আছে এই অর্থে রূপী। আর যা রূপী নহে তা অরূপী।

[২]। ত্রিদণ্ড যেমন পরস্পরের সাহায্যে দণ্ডায়মান থাকে, কিন্তু একটির পতনে অন্য দুইটিও ভূপতিত হয়, তদ্রূপ অরূপস্কন্ধও রূপস্কন্ধের মধ্যে, চারি অরূপস্কন্ধ, চারি মহাভূত এবং প্রতিসন্ধিক্ষণে নাম-রূপ পরস্পর পরস্পরের উৎপত্তি ও উপস্তম্ভনের (অপতনের) সাহায্য করে। একটির অভাবে অন্যগুলোর উৎপন্ন হতে পারে না। তাই এগুলোকে 'অন্যোন্য-প্রত্যয়' বলা হয়।

[৩]। নিশ্রয় ও আশ্রয় একার্থবোধক শব্দ। ভূমি উদ্ভিদের নিশ্রয়। নিশ্রয়-প্রত্যয় দুই প্রকার; যথা : সহজাত-নিশ্রয় ও পূর্বজাত-নিশ্রয়। আবার পূর্বজাত-নিশ্রয় তিন প্রকার; যথা : বাস্তু-পূর্বজাত, আলম্বন-পূর্বজাত ও বাস্তু-আলম্বন-পূর্বজাত। চক্ষু-বাস্তু চক্ষু-বিজ্ঞানের নিশ্রয়। চক্ষু পূর্বজাত; চক্ষু-বিজ্ঞান তৎপর উৎপন্ন হয়। এজন্য চক্ষু 'পূর্বজাত-নিশ্রয়'। কিন্তু চিত্ত-চৈতসিক সহজাত হয়ে পরস্পর পরস্পরের নিশ্রয় হয়, এজন্য এরা 'সহজাত-নিশ্রয়'। নিশ্রয়-প্রত্যয় এর প্রত্যয়োৎপন্ন-ধর্মকে উৎপত্তিক্ষণ হতে সাহায্য করে।

[৪]। চারি মহাভূত : পৃথিবী, আপ, তেজ ও বায়ু—এই চারটিই চারি মহাভূত, যা মহৎ-আকারে এবং প্রকট-আকারে গঠিত। জড়পদার্থমাত্রই স্থান অধিকার করে থাকে। সুতরাং 'স্থানাবরোধকতা' বা 'বিস্তৃতি' জড়ের একটি মৌলিক গুণ। এটির অন্তর্গত গুণ কঠিনতা, কোমলতা। কঠিনতা ও কোমলতা তুলনামূলক। জড়ের এই বিস্তৃতি ও কঠিনতা কোমলতা গুণের পরিভাষা 'পৃথিবী ধাতু'। 'পত্থরতী'তি পৃথিবী'। পালি 'পত্থরতি' অর্থ বিস্তৃত হওয়া।

Visit: http://www.buddhistdownload.com

প্রতিসন্ধিক্ষণে নাম-রূপ পরস্পর নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

চিত্ত[১]-চৈতসিক[২] ধর্মসমূহ চিত্ত-সমুত্থান[৩] রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

মহাভূতসমূহ তদ্-উদ্ভূত (উপাদা)[৪] রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

---

জড়ের এই 'বিস্তৃতি' গুণকে ধাতু বলা হয়েছে, কারণ সর্বাবস্থায় জড়তার এই বিশিষ্ট বিস্তৃতি গুণ বা স্বভাব ধারণ করে। আপ-ধাতু : জড়ের আর একটি মৌলিক গুণ 'সংসক্তি'। এই গুণ বলে জড় পিণ্ডীভূত হতে পারে। তরল পদার্থ, যেমন জড়, দ্বিধাবিভক্ত হলেও স্বতঃ পুনঃ জড়ীভূত হয় এই 'সংসক্তির' কারণে এবং জলেই এই সংসক্তির গুণ প্রকট। এই জন্য এই সংসক্তির পরিভাষা 'আপ-ধাতু'। আপ অর্থ বন্ধন। তেজ-ধাতু : জড়ের তৃতীয় মৌলিক গুণ 'তাপ'। তাপহীন পদার্থ নাই। উষ্ণ-শীতল তাপের তুলনামূলক অবস্থামাত্র। এটির পরিভাষা 'তেজ-ধাতু'। দগ্ধ, উত্তপ্ত, আলোকিত, পরিপাক করবার শক্তিই এই তেজ-ধাতু। বায়ু-ধাতু : জড়ের চতুর্থ মৌলিক গুণ 'গতিশীলতা' এবং এটির পরিভাষা 'বায়ুধাতু'। যা প্রবাহিত হয় অর্থাৎ গতিশীল তা-ই বায়ু। আমাদের এই দেহ, অঙ্গপ্রত্যঙ্গ, হ্রস্ব পদাদিকে মন গতিশীলতা বা বায়ুধাতুর বিদ্যমানতার কারণে ইচ্ছামতো পরিচালনা করতে পারি। এই বায়ু-ধাতু, তেজ-ধাতুর সাথে অবিচ্ছদ্যভাবে জড়িত এবং উত্তাপের উৎপাদক।

[১]। চিত্ত : 'চিন্তেতী'তি চিত্তং' অর্থাৎ যা চিন্তা করে তা-ই চিত্ত। কী চিন্তা করে? 'আরম্মণং বিজানাতী'তি' অর্থাৎ বিষয় বা আলম্বন চিন্তা করে। এখানে 'চিন্তা করে' অর্থ আলম্বন গ্রহণ করে, আলম্বন জানে, আলম্বন অবগত হয়। 'চিত্ত', 'মন', 'বিজ্ঞান' একার্থবোধক; এদের যেকোনো একটি অন্য দুটির প্রতিশব্দরূপে ব্যবহৃত হয়। তাদের লক্ষণ যথাক্রমে চিন্তন, মনন ও বিজানন; এরাও একার্থবোধক। আলম্বন বিজানন চিত্তের স্বভাব। চিত্তের সংখ্যা ৮৯ টি এবং ৮ প্রকার লোকোত্তর চিত্ত পঞ্চবিধ ধ্যানাঙ্গানুসারে গ্রহণ করে ৪০ প্রকার হয় সে অনুসারে চিত্ত **১২১**টি।

[২]। চৈতসিক **:** চৈতসিক অর্থ হচ্ছে চিত্তবৃত্তি বা চিত্তের উপকরণ। এই চৈতসিক বা চিত্তবৃত্তির সংখ্যা ৫২টি। এরা বিভিন্ন সমবায়ে চিত্তের সাথে একসঙ্গে উৎপন্ন ও নিরোধ হয় এবং এক আলম্বন ও একবাস্তু গ্রহণ করে।

[৩]। চিত্ত-সমুত্থানরূপ : কায়-বিজ্ঞপ্তি ও বাক-বিজ্ঞপ্তি শুদ্ধ চিত্তজ-রূপ। তদ্ভিন্ন অবিনিভাজ্য রূপ, শব্দ, লঘুতা, মৃদুতা, কর্মণ্যতা এবং আকাশ যেমন অন্যান্য কারণে উৎপন্ন হয়, তেমনি চিত্ত দ্বারাও উৎপন্ন হয়। চিত্তজ-রূপ এই পনের প্রকার।

[৪]। উপাদারূপ : চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা ও কায়—এই পাঁচটি প্রাসাদরূপ। রূপ, শব্দ, গন্ধ, রস, এই চারটি গোচররূপ। স্ত্রীভাব, পুংভাব এই দুটি ভাব রূপ। জীবিতেন্দ্রিয় জীবিতরূপ। হৃদয় বাস্তু হৃদয়রূপ। কায়-বিজ্ঞপ্তি ও বাক-বিজ্ঞপ্তি—বিজ্ঞপ্তিরূপ ও আকাশ ধাতু, রূপের লঘুতা, মৃদুতা, কর্মণ্যতা, উপচয়, সন্ততি, জড়তা, অনিত্যতা, আহার এই ২৪ প্রকার রূপ। এগুলো চারি মহাভূত হতে উৎপন্ন বলে উপাদারূপ বা উৎপন্নরূপ নামে অভিহিত।

Visit: http://www.buddhistdownload.com

চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

কায়-আয়তন কায়-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

যেই রূপকে (হৃদয় বাস্তুকে বা চিত্ত-চৈতসিকের আশ্রয়স্থলকে) নিশ্রয় (ভিত্তি) করে মনোধাতু (স্বভাব) এবং মনোবিজ্ঞান-ধাতু উৎপন্ন হয় (পরিবর্তিত) হয়, সেই রূপ মনোধাতুর এবং মনোবিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## ৯. উপনিশ্রয়-প্রত্যয়[১]

পূর্ব পূর্ব কুশল ধর্মসমূহ পরবর্তী পরবর্তী কুশল ধর্মসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (পূর্বোৎপন্ন কুশল ধর্মসমূহ পশ্চাদোৎপন্ন কুশল ধর্মসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়)। পূর্ব পূর্ব কুশল ধর্মসমূহ পরবর্তী পরবর্তী কোনো কোনো অকুশল ধর্মসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব কুশল ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অব্যাকৃত ধর্মসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্ব পূর্ব অকুশল ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অকুশল ধর্মসমূহের উপনিশ্রয়-

---

১। বলবান নিশ্রয়ই 'উপনিশ্রয়'। 'প্রধান উপায়' 'বলবান কারণ' বুঝাবার জন্য 'উপ' উপসর্গের সংযোগ করা হয়েছে। আলম্বন-প্রত্যয় যেমন আপনার গুরুত্বের জন্য অধিপতি-প্রত্যয়ে রূপান্তরিত হয়, তেমনি নিশ্রয়-প্রত্যয় ও আপনার বলবত্তার জন্য উপনিশ্রয় প্রত্যয় হয়ে যায়। উপনিশ্রয়-প্রত্যয়কে বৃষ্টির সঙ্গে তুলনা করা হয়েছে। যার উপর বৃক্ষ-লতা-গুল্মাদির বৃদ্ধি নির্ভর করে। দৃষ্টান্তস্বরূপ বলা যায় যে, পাঁচ প্রকার গর্হিত কর্ম (মাতৃহত্যা, পিতৃহত্যা ইত্যাদি) নরকে উৎপত্তির উপনিশ্রয়-প্রত্যয় হয়। পূর্ববর্তী কুশলকর্ম ভবিষ্যৎ কুশলকর্মের উপনিশ্রয়-প্রত্যয় হয়, তদ্রূপ আধ্যাত্মিক অহংকার প্রভৃতি কুকর্ম। অকুশল ফলপ্রদানের উপনিশ্রয়-প্রত্যয়। তাই বলা হয়েছে : 'পূর্ব পূর্ব কুশল ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অকুশল ধর্মসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।' উপনিশ্রয়-প্রত্যয় কর্মে কর্মে, কর্মে বিপাকে, বিপাকে কর্মে, কালান্তরে বা ভবান্তরে। উপনিশ্রয় তিন প্রকার, যথা : আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়।

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অকুশল ধর্মসমূহ পরবর্তী পরবর্তী কোনো কোনো কুশল ধর্মসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অকুশল (পাপ) ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অব্যাকৃত (পাপও নয়, পুণ্যও নয়) ধর্মসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

পূর্ব পূর্ব অব্যাকৃত ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অব্যাকৃত ধর্মসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অব্যাকৃত ধর্মসমূহ পরবর্তী পরবর্তী কুশল ধর্মসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অব্যাকৃত ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অকুশল ধর্মসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

ঋতু (তাপ বা উষ্ণতা-শীতলতা) এবং ভোজনও (আহার) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পুদ্‌গল বা ব্যক্তি উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শয্যাসনও উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## ১০. পূর্বজাত-প্রত্যয়[১]

চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

কায়-আয়তন কায়-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞান-ধাতুর[২] এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের পূর্বজাত-

---

[১]। পূর্বক্ষণ হতে উৎপন্ন অবস্থায় থেকে বর্তমানক্ষণে সাহায্যকারী রূপধর্ম 'পূর্বজাত-প্রত্যয়'। পূর্বজাত-প্রত্যয় সর্বদা 'রূপ' এবং এটির প্রত্যয়োৎপন্ন ধর্ম সর্বদা 'নাম' বা চিত্ত-চৈতসিক। চক্ষু পূর্বোৎপন্ন থেকে চক্ষু বিজ্ঞানোৎপত্তির প্রত্যয় হয়। সেইরূপ শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায় এবং বর্ণ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য পূর্বোৎপন্ন থেকে পঞ্চবিজ্ঞান ও তৎসম্প্রযুক্ত চৈতসিকের পূর্বজাত-প্রত্যয় হয়। পূর্বজাত-প্রত্যয় দুই প্রকার। যথা : আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। চক্ষাদি 'বাস্তু-পূর্বজাত' এবং বর্ণাদি 'আলম্বন-পূর্বজাত'। হৃদয়-বাস্তু প্রতিসন্ধির সময় প্রতিসন্ধি-বিজ্ঞানের সহজাত, কিন্তু প্রবর্তনের সময় মনোধাতুত্রিকের ও মনোবিজ্ঞান-ধাতুর পূর্বজাত।

[২]। ধাতু : কুশল-অকুশলের বিপাক ভেদে দুই প্রকার চক্ষু-বিজ্ঞানই চক্ষু-বিজ্ঞান-ধাতু। দুই

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

শব্দ-আয়তন শ্রোত্র-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

গন্ধ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

রস-আয়তন জিহ্বা-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

রূপ-আয়তন শব্দ-আয়তন, রস-আয়তন, গন্ধ-আয়তন, স্প্রষ্টব্য-আয়তন, মনোধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

যেই রূপকে (হৃদয়-বাস্তুকে) নিশ্রয় করে মনোধাতু[১] (যা মনন স্বভাববিশিষ্ট) এবং মনোবিজ্ঞান-ধাতু[২] উৎপন্ন (প্রবর্তিত) হয়, সেরূপ মনোধাতু এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কোনো কোনো সময় মনোবিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়, আবার কোনো সময় না-পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় (অর্থাৎ কোনো সময় পূর্বজাত-প্রত্যয় ছাড়াও প্রত্যয় হয়ে থাকে)।

---

প্রকার শ্রোত্র-বিজ্ঞানই শ্রোত্র-বিজ্ঞান-ধাতু, তদ্রূপ ঘ্রাণ-বিজ্ঞান-ধাতু, জিহ্বা-বিজ্ঞান-ধাতু, কায়-বিজ্ঞান-ধাতু। এই পঞ্চবিজ্ঞানকে 'ধাতু' বলে কেন? অর্থকারেরা বলেন 'যা নিজ নিজ স্বভাব ধারণ করে, অর্থাৎ আত্মার স্বভাব ধারণ করে না, তা-ই ধাতু। এই পঞ্চবিজ্ঞানের স্বভাব স্ব স্ব বাস্তুর 'কৃত্য জানন'। চক্ষু-বিজ্ঞানের স্বভাব চক্ষু বাস্তুর দর্শনকৃত্য অবগত হওয়া। চক্ষু ভিন্ন অন্য কিছুই এই দর্শনকৃত্য সম্পাদন করতে পারে না; এবং চক্ষু-বিজ্ঞান ভিন্ন অন্য কোনো বিজ্ঞান এই দর্শনকৃত্য অবগত হতে পারে না। এই দর্শন স্বভাব বিশিষ্টতার কারণে চক্ষু ও 'ধাতু' এবং দর্শনকৃত্য জানন স্বভাব বিশিষ্টতার কারণে চক্ষু-বিজ্ঞান-ধাতু। সেইরূপ অন্যান্য 'বিজ্ঞান-ধাতু' বুঝতে হবে।

[১]। মনোধাতু : পঞ্চদ্বারাবর্তন চিত্ত এবং সম্প্রতীচ্ছ চিত্তদ্বয়ের সাধারণ নাম মনোধাতু। এই চিত্তত্রয় 'মনন' স্বভাববিশিষ্ট। কী মনন করে? পঞ্চদ্বারাবর্তন চিত্ত 'মনস্কারের' নির্দেশিত রূপাদি আলম্বন মনন করে; সম্প্রতীচ্ছ চিত্ত পঞ্চবিজ্ঞান গৃহীত আলম্বন মনন করে। এরূপ মনন স্বভাববিশিষ্ট বলে এই তিন চিত্ত 'মনোধাতু-ত্রিক'।

[২]। মনোবিজ্ঞান-ধাতু : চক্ষু-বিজ্ঞানাদি দ্বিপঞ্চ-বিজ্ঞান ও মনোধাতু-ত্রিক ব্যতীত অবশিষ্ট অর্থাৎ ২১ কুশল চিত্ত, ১২ অকুশল চিত্ত ২৪ বিপাক চিত্ত এবং ১৯ ক্রিয়াচিত্ত—এই ৭৬ প্রকার চিত্তের সাধারণ নাম 'মনোবিজ্ঞান-ধাতু'। কারণ তাদের সকলের একই স্বভাব 'আলম্বন বিজানন'।

Visit: http://www.buddhistdownload.com

## ১১. পশ্চাজ্জাত-প্রত্যয়

পশ্চাজ্জাত (পশ্চাদোৎপন্ন) চিত্ত-চৈতসিক ধর্মসমূহ পূর্বজাত এই কায়ের (দেহের বা শরীরের) পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।[১]

## ১২. আসেবন-প্রত্যয়

পূর্ববর্তী পূর্ববর্তী কুশল ধর্মসমূহ পরবর্তী পরবর্তী কুশল ধর্মসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী অকুশল ধর্মসমূহ পরবর্তী পরবর্তী অকুশল ধর্মসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী ক্রিয়া-অব্যাকৃত ধর্মসমূহ পরবর্তী পরবর্তী ক্রিয়া-অব্যাকৃত ধর্মসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।[২]

## ১৩. কর্ম-প্রত্যয়

কুশল-অকুশল কর্ম বিপাক (ফলপ্রদায়ী) স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

চেতনা (কুশল-অকুশল কর্ম) সম্প্রযুক্ত ধর্মসমূহের এবং তৎসমুত্থান রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।[৩]

---

[১]। পশ্চাজ্জাত চিত্ত-চৈতসিক পূর্বজাত রূপকায়ের পশ্চাজ্জাত-প্রত্যয় হয়। বপিত বীজকে অঙ্কুরিত ও বর্ধিত হতে যেমন পরবর্তী বারিরাশি সাহায্য করে, তেমনি প্রতিসন্ধি-চিত্তের সহজাত এই কর্মজ কায়াকে বর্ধন ও পোষণার্থ পরবর্তী চিত্ত-চৈতসিক শেষ চ্যুতি-চিত্তকাল পর্যন্ত (প্রতিসন্ধির পরে পুনঃপুন হয়ে) ক্ষণে ক্ষণে সাহায্য করে। এই পূর্বোৎপন্ন কায়ার প্রতি পশ্চাদোৎপন্ন চিত্ত-চৈতসিক এবম্বিধ সাহায্য করে 'পশ্চাজ্জাত-প্রত্যয়' হয়। প্রতিসন্ধি-চিত্ত এবং অরূপ বিপাক-চিত্ত ব্যতীত কাম, রূপ, অরূপ ও লোকোত্তরের যাবতীয় চিত্তই এই কর্ম-চিত্ত-ঋতু-আহার-সমুত্থিত রূপকায়কে পশ্চাদোৎপন্ন হয়ে, পোষণার্থে সাহায্য করে। এইজন্য পট্‌ঠানে বলা হয়েছে : 'পুরেজাতানং রূপ ধম্মানং উপত্থম্ভকত্থেন উপকারকো অরূপধম্মো পশ্চাজ্জাত পচ্চযো হোতি'।

[২]। আসেবন শব্দের অর্থ পুনঃপুন সেবন, খাওয়া, পরিচর্যা, অভ্যাস। কোনো গ্রন্থ পুনঃপুন অধ্যয়নে প্রত্যেক নতুন পঠনের সাথে উহা ক্রমে ক্রমে অধিকতর অধিগত হয়। এইরূপে চিত্তের প্রগুণতা বা ক্রমবর্ধনশীল দক্ষতা সম্পাদনই আসেবনের বিশেষত্ব। লোকীয় ৪৭ জবন-চিত্তেই আসেবন-প্রত্যয় হয়। অনন্তর ও সমনন্তর-প্রত্যয় চিত্তবীথির সর্বস্থানে; কিন্তু আসেবন-প্রত্যয় শুধু জবন স্থানে। অনন্তর-প্রত্যয়ে প্রগুণতা নেই; প্রগুণ ভাবই আসেবন-প্রত্যয়ের বৈশিষ্ট্য।

[৩]। চিত্তের প্রয়োগ বা চেতনা দ্বারা সাহায্য করাই কর্ম-প্রত্যয়। কর্ম-প্রত্যয় দ্বিবিধ : সহজাত-কর্ম-প্রত্যয় এবং নানাক্ষণিক-কর্ম-প্রত্যয়। চেতনা সহজাত চৈতসিকগুলোকে নিজের অঙ্গীভূত করে আলম্বনে যোগ করে ও তাদের কার্যে উদ্দেশ্য নির্ধারণ করে এবং কর্মসিদ্ধির জন্য প্ররোচিত করে এটি 'সহজাত চেতনা বা কর্ম-প্রত্যয়। সহজাত কর্ম-প্রত্যয়ের প্রত্যয় ধর্ম ৮৯ চিত্তের ৮৯ চেতনা; প্রত্যয়োৎপন্ন ধর্ম ৮৯ চিত্ত, চিত্তজ-রূপ ও

Visit: http://www.buddhistdownload.com

## ১৪. বিপাক-প্রত্যয়

চারি প্রকার অরূপী বিপাকস্কন্ধ পরস্পর (একটি অপরটির) বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।[১]

## ১৫. আহার-প্রত্যয়

কবলীকৃত আহার (স্থূল বা গলাধঃকরণীয় আহার) এই কায়ের (দেহের) আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অরূপী (নিরাকার বা আকৃতিহীন) আহারসমূহ (স্পর্শ-আহার, মন-সঞ্চেতনা-আহার এবং বিজ্ঞান-আহার) সম্প্রযুক্ত ধর্মসমূহের এবং তৎসমুত্থান রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।[২]

## ১৬. ইন্দ্রিয়-প্রত্যয়[২]

চক্ষু-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের ইন্দ্রিয়-

---

প্রতিসন্ধিতে কর্মজ-রূপ। আবার লোভাদি হেতু সংযোগে এই চেতনা 'কর্ম' পরিণত হয় এবং সংস্কাররূপে চিত্ত-সন্ততিতে প্রচ্ছন্ন থাকে ও অবকাশ পেলে কায়কর্মে বা বাককর্মে প্রকাশিত হয়। যখন এটি কুশলাকুশলে পরিবর্তিত হয় তখন 'নানাক্ষণিক চেতনা'। কর্ম সম্পাদনকাল ও ফলোৎপত্তিকাল বিভিন্ন বলে এটি নানাক্ষণিক। 'নানা' অর্থে বিভিন্ন।

[১]। কর্মের পরিণত অবস্থা অর্থাৎ ফল প্রদানের অবস্থাই বিপাকাবস্থা। সহজভাবে বলা যায়, কর্ম যখন বীজ কোষে অন্তর্নিহিত অঙ্কুরের মত প্রচ্ছন্ন অবস্থা অতিক্রম করে পূর্ণ পরিণত অবস্থা প্রাপ্ত হয়, তখন তাকে বলা হয় বিপাক। শীতল বায়ু যেমন বৃক্ষের ছায়ায় অসীন বা সুপ্ত ব্যক্তিকে প্রশান্ত করে, সেরূপ বিপাক চিত্ত-চৈতসিকের প্রয়াসহীন শান্ত প্রকৃতির মত সহজাত-চৈতসিক এবং রূপের সঙ্গে প্রত্যয়রূপে সম্পর্কিত হয়। তাই বলা হয়েছে : 'বিপাকা চত্তারো খন্ধা অরূপিনো অঞ্‌ঞমঞ্‌ঞ বিপাক পচ্চযেন পচ্চযো হোতি।' চেতনার চারি অবস্থা ১. চিত্তে উৎপত্তি অবস্থা, ২. উৎপত্তির পর চিত্তবীথির জবনস্থানে আসেবনের অবস্থান, ৩. নিমিত্তের অবস্থান বা মরণাসন্ন বীথিতে সম্পাদিত কর্মের প্রতিচ্ছবির অবস্থা, ৪. বিপাকাবস্থা বা ফল প্রদানের অবস্থা। ৩৬ বিপাক চিত্ত এবং তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিকের বিপাক-প্রত্যয় ধর্ম। বিপাক প্রত্যয়োৎপন্ন ধর্ম ও ৩৬ বিপাক চিত্ত এবং ৩৮ চৈতসিক এবং প্রবর্তনকালে চিত্তজ-রূপও প্রতিসন্ধিতে কর্মজ-রূপ।

[২]। আহার অর্থে কী বুঝায়? যা 'নাম-রূপকে' উৎপন্ন করে, পরিপোষণ করে তা-ই নাম-রূপের আহার। আহারের উৎপাদিকা শক্তি থাকলেও উপস্তম্ভন বা পরিপোষণ শক্তিই এতে প্রবল। কবলীকৃত আহার ভক্ষণীয় দ্রব্যাদি; এটি রূপ-আহার। অরূপ-আহার কিন্তু ত্রিবিধ : স্পর্শ, চেতনা ও বিজ্ঞান আহার।

[২]। ইন্দ্রত্ব করে, আধিপত্য করে, প্রভাব বিস্তার করে এ অর্থে বলা হয় ইন্দ্রিয়। ইন্দ্রিয়ের মোট সংখ্যা বাইশটি। যথা : চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায়, স্ত্রী, পুরুষ, জীবিত, মন, সুখ, দুঃখ, সৌমনস্য, দৌর্মনস্য, উপেক্ষা, শ্রদ্ধা, বীর্য, স্মৃতি, সমাধি, প্রজ্ঞা, অজ্ঞাতকে জানিব এই চিন্তা, লোকোত্তর-জ্ঞান ও লোকোত্তর-জ্ঞানী-ইন্দ্রিয়।

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

শ্রোত্র-ইন্দ্রিয় শ্রোত্র-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

ঘ্রাণ-ইন্দ্রিয় ঘ্রাণ-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

জিহ্বা-ইন্দ্রিয় জিহ্বা-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

কায়-ইন্দ্রিয় কায়-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

রূপ-জীবিত-ইন্দ্রিয় (রূপকায়ের জীবনীশক্তি) কর্ম-সমুত্থান (পূর্বজন্মকৃত কর্ম দ্বারা উৎপন্ন) রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অরূপী ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত ধর্মসমূহের এবং তৎসমুত্থান রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## ১৭. ধ্যান-প্রত্যয়[১]

ধ্যানাঙ্গসমূহ (ধ্যানচিত্ত গঠনের অন্যতম উপকরণভূত চৈতসিকসমূহ) ধ্যান সম্প্রযুক্ত ধর্মসমূহের এবং তৎসম্প্রযুক্ত রূপসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## ১৮. মার্গ-প্রত্যয়[২]

মার্গাঙ্গসমূহ (মার্গ চিত্ত গঠনের অন্যতম উপকরণভূত চৈতসিকসমূহ) মার্গসম্প্রযুক্ত ধর্মসমূহের এবং তৎসম্প্রযুক্ত রূপসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

---

[১]। ধ্যানাঙ্গ সাতটি। যথা : বিতর্ক, বিচার, প্রীতি, সুখ, উপেক্ষা, দৌর্মনস্য এবং একাগ্রতা বা সমাধি। এই সাত ধ্যানাঙ্গই ধ্যান-প্রত্যয় ধর্ম।

[২]। মার্গ-প্রত্যয়ে দ্বাদশ মার্গাঙ্গই (সম্যকদৃষ্টি, সম্যক সংকল্প, সম্যক বাক্য, সম্যক জীবিকা, সম্যক প্রচেষ্টা, সম্যক স্মৃতি, সম্যক সমাধি, মিথ্যাদৃষ্টি, মিথ্যা সংকল্প, মিথ্যা প্রচেষ্টা এবং মিথ্যা সমাধি) মার্গ-প্রত্যয় ধর্ম। ৭১ সহেতুক চিত্ত, ৫২ চৈতসিক, সহেতুক চিত্তজ-রূপ, প্রতিসন্ধিকালে কর্মজ-রূপই মার্গের প্রত্যয়োৎপন্ন ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

## ১৯. সম্প্রযুক্ত-প্রত্যয়[১]

চার অরূপস্কন্ধ (বেদনা, সংজ্ঞা, সংস্কার বা ৫০ চৈতসিক ও বিজ্ঞান বা ৮৯ চিত্ত) পরস্পর সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## ২০. বিপ্রযুক্ত-প্রত্যয়[২]

রূপী ধর্মসমূহ অরূপী ধর্মসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

অরূপী ধর্মসমূহ রূপী ধর্মসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## ২১. অস্তি-প্রত্যয়[৩]

চার অরূপস্কন্ধসমূহ পরস্পর অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চারি মহাভূত পরস্পর অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

প্রতিসন্ধিকালে নাম-রূপ (রূপ-অরূপ) পরস্পর অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

চিত্ত-চৈতসিক (মন-মনোবৃত্তি) ধর্মসমূহ চিত্ত-সমুত্থান (চিত্ত দ্বারা উৎপন্ন বা জাত) রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(পৃথিবী-আদি) মহাভূতসমূহ উপাদা (পৃথিবী-আদি মহাভূত হতে উৎপন্ন) রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অস্তি-

---

[১]। পরমার্থ-দৃষ্টিতে কতগুলো চিত্ত-চৈতসিক ভিন্ন লক্ষণযুক্ত হলেও একসঙ্গে উৎপন্ন হয়, একসঙ্গে নিরুদ্ধ হয়, এক আলম্বন গ্রহণ করে এবং বাস্তু গ্রহণ করে। এই সকল চিত্ত-চৈতসিক পরস্পর সম্প্রযুক্ত-প্রত্যয়বদ্ধ। প্রতিসন্ধির সময় নাম-রূপ সহজাত, কিন্তু সম্প্রযুক্ত নয়। অতএব সম্প্রযুক্ত-প্রত্যয় এমন একটি সম্বন্ধ যা প্রত্যয় ধর্ম এবং প্রত্যয়োৎপন্ন ধর্মের সঙ্গে পরস্পর অঙ্গাঙ্গিভাবে জড়িত থাকে, যেমন : চিত্ত এবং চৈতসিক। অতএব সম্প্রযুক্ত-প্রত্যয়ের প্রত্যয় ধর্ম হচ্ছে যাবতীয় চিত্ত-চৈতসিক। এর প্রত্যয়োৎপন্ন ধর্মও যাবতীয় চিত্ত-চৈতসিক।

[২]। বিপ্রযুক্ত-প্রত্যয় তিন প্রকার; যথা : সহজাত-বিপ্রযুক্ত, পূর্বজাত-বিপ্রযুক্ত ও পশ্চাজ্জাত-বিপ্রযুক্ত। কোনো কোনো ধর্ম (স্বভাব বা বিষয়) আছে, যেগুলো একটি অন্য থেকে বিপ্রযুক্ত। নাম এবং রূপ এই পর্যায় ধর্ম। এরা একে অন্যের সঙ্গে সম্প্রযুক্ত নয়। রূপ নামের সঙ্গে এক বাস্তু ও এক আলম্বন গ্রহণ না করেও নামের উৎপত্তির প্রত্যয় হয়। নামও তদ্রূপ রূপের উৎপত্তির প্রত্যয় হয়। রূপও নামের এইরূপ প্রত্যয়ের নামই বিপ্রযুক্ত-প্রত্যয়।

[৩]। 'অস্তি-প্রত্যয়' দ্বারা এই বুঝায় যে, প্রত্যয় ধর্ম সহজাত হয়ে বিদ্যমান থাকুক যা পূর্বজাত হয়ে বিদ্যমান থাকুক, তার অস্তি বা বিদ্যমানতার কারণেই প্রত্যয়োৎপন্ন ধর্ম উৎপত্তি-স্থিতি-ভঙ্গক্ষণে পরিপোষিত হয়। এটি উপস্তম্ভন বা পরিপোষণ গুণবিশিষ্ট, জনক গুণবিশিষ্ট নয় এবং নিশ্রয়াকারেও প্রত্যয় হয় না, অস্তিভাবেই প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

কায় আয়তন কায়-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

শব্দ-আয়তন শ্রোত্র-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

গন্ধ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

রস-আয়তন জিহ্বা-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

রূপ-আয়তন, শব্দ-আয়তন, গন্ধ-আয়তন, রস-আয়তন, স্প্রষ্টব্য-আয়তন মনোধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

যে-ই রূপকে নিশ্রয় করে মনোধাতু এবং মনোবিজ্ঞান-ধাতু উৎপন্ন হয়, সে-ই রূপ মনোধাতুর এবং মনোবিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## ২২. নাস্তি-প্রত্যয়[১]

সমনন্তর নিরুদ্ধ (অর্থাৎ যা এইমাত্র নিরুদ্ধ হয়েছে) চিত্ত-চৈতসিক ধর্মসমূহ প্রত্যুৎপন্ন (বর্তমান) চিত্ত-চৈতসিক ধর্মসমূহের নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

---

[১]। 'নাস্তি' শব্দের অর্থ হচ্ছে অস্তিত্বের অভাব। এটা যে দুইটি চৈতসিকের মাঝখানে বিদ্যমান থাকে, তার মধ্যে একটির উপস্থিতি অর্থ নিশ্চিতরূপে অন্যটির অনুপস্থিতি। যখন প্রত্যয় ধর্ম অনুপস্থিত থাকে, তখন প্রত্যয়োৎপন্ন ধর্ম বর্তমান থাকে। আলোর অনুপস্থিতে যেমন অন্ধকার নেমে আসে এর অর্থ হলো পূর্ববর্তীটির অনুপস্থিতিতে পরবর্তীটি উৎপন্ন হয়। উদাহরণস্বরূপ বলা যায়, যখন চক্ষু-বিজ্ঞান অনুপস্থিত তখন সম্প্রতীচ্ছ-চিত্ত উপস্থিত থাকে। অথবা যখন সম্প্রতীচ্ছ-চিত্ত অনুপস্থিত তখন সন্তীরণ উপস্থিত থাকে।

Visit: http://www.buddhistdownload.com

## ২৩. বিগত-প্রত্যয়[১]

সমনন্তর বিগত (অর্থাৎ যা সবেমাত্র অন্তর্হিত হয়েছে) চিত্ত-চৈতসিক ধর্মসমূহ প্রত্যুৎপন্ন (বর্তমান) চিত্ত-চৈতসিক ধর্মসমূহের বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## ২৪. অবিগত-প্রত্যয়[২]

চারি অরূপস্কন্ধসমূহ পরস্পর অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চারি মহাভূত পরস্পর অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

প্রতিসন্ধিক্ষণে নাম-রূপ (বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান এবং রূপ বা শরীর) পরস্পর অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

চিত্ত-চৈতসিক ধর্মসমূহ চিত্ত-সমুত্থান (চিত্তজ) রূপসমূহের অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

মহাভূতসমূহ উপাদা (ভূতোৎপন্ন) রূপসমূহের অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

কায়-আয়তন কায়-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

---

[১]। বিগত-প্রত্যয় নাস্তি-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য। তাই বলা হয়েছে : 'সমনন্তর বিগতা চিত্ত-চেতসিকা ধম্মা পচ্চুপন্নানং চিত্ত-চেতসিকানং ধম্মানং বিগত পচ্চযেন পচ্চযো হোতি'।

[২]। অবিগত-প্রত্যয় সম্পূর্ণরূপে অস্তি-প্রত্যয় সদৃশ। এটি তিনক্ষণে বিদ্যমান থেকেই প্রত্যয়োৎপন্ন ধর্মকে পোষণ করে। # সম্প্রযুক্ত-প্রত্যয় ও বিপ্রযুক্ত-প্রত্যয় এক যুগল। সেইরূপ অস্তি ও নাস্তি এক যুগল। এবং বিগত ও অবিগত তৃতীয় যুগল। এই যুগলত্রয় কোন বিশেষ প্রত্যয় নহে। পুর্বোক্ত প্রত্যয়গুলির মধ্যে প্রত্যয়-ধর্ম ও প্রত্যয়োৎপন্ন-ধর্মের সম্বন্ধ কতকগুলো সম্প্রযুক্তভাবে, কতকগুলো বিপ্রযুক্তভাবে, কতকগুলো অস্তিভাবে, অন্যগুলি নাস্তিভাবে, কতকগুলো বিগতভাবে, অন্যগুলো অবিগতভাবে সংগঠিত হয়।

Visit: http://www.buddhistdownload.com

শব্দ-আয়তন শ্রোত্র-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

গন্ধ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

রস-আয়তন জিহ্বা-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

রূপ-আয়তন, শব্দ-আয়তন, গন্ধ-আয়তন, রস-আয়তন, স্প্রষ্টব্য-আয়তন মনোধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

যেই রূপকে (হৃদয়-বাস্তুকে) ভিত্তি করে মনোধাতু এবং মনোবিজ্ঞান-ধাতু উৎপন্ন হয়, সেই রূপ মনোধাতু এবং মনোবিজ্ঞান-ধাতুর এবং তৎসম্প্রযুক্ত ধর্মসমূহের অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

[প্রত্যয় নির্দেশ বর্ণনা সমাপ্ত হলো]

## ৩. প্রশ্নবার (অধ্যায়)

### ১. প্রত্যয় : অনুলোম

### একমূলক

### ১. কুশলপদ (হেতু-প্রত্যয়)

২৫. (১) কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(২) কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(৩) কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(৪) কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৫) কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৬) কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অকুশল ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৭) কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

Visit: http://www.buddhistdownload.com

## ২. অকুশলপদ (হেতু-প্রত্যয়)

২৬. (১) অকুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(২) অকুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(৩) অকুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(৪) অকুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৫) অকুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৬) অকুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অকুশল ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৭) অকুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

## ৩. অব্যাকৃতপদ (হেতু-প্রত্যয়)

২৭. (১) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(২) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(৩) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(৪) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৫) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৬) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অকুশল ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৭) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

## ৪. কুশল-অব্যাকৃতপদ (হেতু-প্রত্যয়)

২৮. (১) কুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল

Visit: http://www.buddhistdownload.com

ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(২) কুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(৩) কুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(৪) কুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে কুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৫) কুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৬) কুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অকুশল ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৭) কুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

## ৫. অকুশল-অব্যাকৃতপদ (হেতু-প্রত্যয়)

২৯. (১) অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(২) অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(৩) অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(৪) অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৫) অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৬) অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অকুশল ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৭) অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

## ৬. কুশল-অকুশলপদ (হেতু-প্রত্যয়)

৩০. (১) কুশল এবং অকুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(২) কুশল এবং অকুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হতে পারে কি?

(৩) কুশল এবং অকুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(৪) কুশল এবং অকুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৫) কুশল এবং অকুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৬) কুশল এবং অকুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অকুশল ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৭) কুশল এবং অকুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

### ৭. কুশল-অকুশল-অব্যাকৃতপদ (হেতু-প্রত্যয়)

৩১. (১) কুশল এবং অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(২) কুশল এবং অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(৩) কুশল এবং অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(৪) কুশল এবং অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৫) কুশল এবং অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(৬) কুশল এবং অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অকুশল ধর্মসমূহ উৎপন্ন হয় কি?

(৭) কুশল এবং অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হয় কি?

[হেতু-প্রত্যয়বার (এখানে) সমাপ্ত]

### আলম্বন-প্রত্যয় প্রভৃতি

৩২. কুশল ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(যেভাবে হেতু-প্রত্যয় বিস্তৃত হয়েছে, অনুরূপভাবে আলম্বন-প্রত্যয়ও বিস্তারিতভাবে আবৃত্তি করতে হবে)।

Visit: http://www.buddhistdownload.com

৩৩. কুশল ধর্মকে ভিত্তি অধিপতি-প্রত্যয় দ্বারা... অনন্তর-প্রত্যয় দ্বারা... সমনন্তর-প্রত্যয় দ্বারা... সহজাত-প্রত্যয় দ্বারা... অন্যোন্য-প্রত্যয় দ্বারা... নিশ্রয়-প্রত্যয় দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... পূর্বজাত-প্রত্যয় দ্বারা... পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... আসেবন-প্রত্যয় দ্বারা... কর্ম-প্রত্যয় দ্বারা... বিপাক-প্রত্যয় দ্বারা... আহার-প্রত্যয় দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... ধ্যান-প্রত্যয় দ্বারা... মার্গ-প্রত্যয় দ্বারা... সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... অস্তি-প্রত্যয় দ্বারা... নাস্তি-প্রত্যয় দ্বারা... বিগত-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

৩৪. কুশল ধর্মকে ভিত্তি করে অবিগত-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?... অকুশল ধর্মকে ভিত্তি করে... অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে... কুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে... অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে... কুশল এবং অকুশল ধর্মকে ভিত্তি করে কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?... অকুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?... অব্যাকৃত ধর্ম উৎপন্ন হতে পারে কি?... কুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?... অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?... কুশল এবং অকুশল ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?... কুশল এবং অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

(যেভাবে হেতু-প্রত্যয় বিস্তারিতভাবে বর্ণিত হয়েছে, অনুরূপভাবে অবিগত প্রত্যয়ও বিস্তারিতভাবে আবৃত্তি করতে হবে)।

[একমূলক সমাপ্ত]

## দ্বিমূলক প্রভৃতি

### হেতুমূলক

৩৫. কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় এবং আলম্বন-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে কি?... কুশল এবং অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় এবং আলম্বন-প্রত্যয় দ্বারা কুশল এবং অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হতে পারে কি?

৩৬. কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় এবং অধিপতি-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?... হেতু-প্রত্যয় এবং অনন্তর-প্রত্যয় দ্বারা... হেতু-প্রত্যয় এবং সমনন্তর-প্রত্যয় দ্বারা... হেতু-প্রত্যয় এবং অবিগত-প্রত্যয় দ্বারা (কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি)?

### ত্রিমূলক

৩৭. কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা, আলম্বন-প্রত্যয় দ্বারা এবং অধিপতি-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?... হেতু-প্রত্যয় দ্বারা,

Visit: http://www.buddhistdownload.com

আলম্বন-প্রত্যয় দ্বারা এবং অনন্তর-প্রত্যয় দ্বারা... হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয় এবং অবিগত-প্রত্যয় দ্বারা (কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি)?

### চতুষ্কমূলক

৩৮. কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা, আলম্বন-প্রত্যয় দ্বারা, অধিপতি-প্রত্যয় দ্বারা এবং অনন্তর-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?... হেতু-প্রত্যয় দ্বারা, আলম্বন-প্রত্যয় দ্বারা, অবিগত-প্রত্যয় দ্বারা এবং অবিগত-প্রত্যয় দ্বারা (কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি)?

(পঞ্চমূলক প্রভৃতি সংক্ষিপ্ত করা হয়েছে। একমূলক, দ্বিমূলক, ত্রিমূলক, চতুর্মূলক, পঞ্চমূলক, সর্বমূলক (অর্থাৎ ২৪টি প্রত্যয় দ্বারা) নির্ভূলভাবে বর্ণনা করতে হবে)।

[হেতুমূলক সমাপ্ত]

### আলম্বনমূলক প্রভৃতি (দ্বিমূলক)

৩৯. কুশল ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় এবং হেতু-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?... আলম্বন-প্রত্যয় এবং অধিপতি-প্রত্যয় দ্বারা... আলম্বন এবং অবিগত প্রত্যয় দ্বারা (কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি)?

কুশল ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?... অনন্তর-প্রত্যয় দ্বারা... সমনন্তর-প্রত্যয় দ্বারা... সহজাত-প্রত্যয় দ্বারা... অন্যোন্য-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় এবং হেতু-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় এবং আলম্বন-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় এবং অধিপতি-প্রত্যয় দ্বারা প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় এবং বিগত-প্রত্যয় দ্বারা... ?

### ত্রিমূলক

৪০. কুশল ধর্মকে ভিত্তি করে অবিগত-প্রত্যয়, হেতু-প্রত্যয় এবং আলম্বন-প্রত্যয় কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?... অবিগত-প্রত্যয়, হেতু-প্রত্যয় এবং অধিপতি-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয়, হেতু-প্রত্যয় এবং অনন্তর-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয়, হেতু-প্রত্যয় এবং বিগত-প্রত্যয় দ্বারা (কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি)?

### চতুর্মূলক

৪১. কুশল ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় এবং অধিপতি-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?... অবিগত-প্রত্যয়, হেতু-প্রত্যয়, আলম্বন এবং অধিপতি-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয়, হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয় দ্বারা (কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি)?

Visit: http://www.buddhistdownload.com

(প্রতিটি ক্ষেত্রে একমূলক, দ্বিমূলক, ত্রিমূলক, চতুর্মূলক, পঞ্চমূলক, সর্বমূলক নির্ভূলভাবে বিস্তৃত করতে হবে)।

(ক) পট্‌ঠানের ত্রিক, দ্বিক শ্রেষ্ঠ ও উত্তম,
দ্বিক-ত্রিক, ত্রিক-দ্বিক, ত্রিক-ত্রিক এবং দ্বিক-দ্বিক,
এই ছয় প্রকার অনুলোম অতি সুগভীর (জ্ঞানপূর্ণ)।

## ২. প্রত্যয় : প্রতিলোম

৪২. কুশল ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি? (অনুলোম-প্রত্যয়স্কন্ধে যেভাবে হেতু-প্রত্যয় বিস্তারিতভাবে বর্ণিত হয়েছে প্রতিলোমের না-হেতু-প্রত্যয় অনুরূপভাবে বর্ণনা করতে হবে)।

৪৩. কুশল ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয়... না-অধিপতি-প্রত্যয়... না-অনন্তর-প্রত্যয়... না-সমনন্তর-প্রত্যয়... না-সহজাত-প্রত্যয়... না-অন্যোন্য-প্রত্যয়... না-নিশ্রয়-প্রত্যয়... না-উপনিশ্রয়-প্রত্যয়... না-পূর্বজাত-প্রত্যয়... না-পশ্চাজ্জাত-প্রত্যয়... না-আসেবন-প্রত্যয়... না-কর্ম-প্রত্যয়... না-বিপাক-প্রত্যয়... না-আহার-প্রত্যয়... না-ইন্দ্রিয়-প্রত্যয়... না-ধ্যান-প্রত্যয়... না-মার্গ-প্রত্যয়... না-সম্প্রযুক্ত-প্রত্যয়... না-বিপ্রযুক্ত-প্রত্যয়... না-অস্তি-প্রত্যয়... না-নাস্তি-প্রত্যয়... না-বিগত-প্রত্যয়... না-অবিগত-প্রত্যয় ইত্যাদি প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

৪৪. কুশল ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা এবং না-আলম্বন-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(অনুলোম-প্রত্যয়স্কন্ধে যেভাবে প্রত্যেকটি পদের (প্রত্যয়ের) একমূলক, দ্বিমূলক, ত্রিমূলক, চতুর্মূলক ত্রিবিংশতি পর্যন্ত বর্ণিত হয়েছে, অনুরূপভাবে প্রতিলোম-প্রত্যয়স্কন্ধেও বিস্তৃতভাবে বর্ণনা করতে হবে)।

(খ) পট্‌ঠানের ত্রিক, দ্বিক শ্রেষ্ঠ ও উত্তম,
দ্বিক-ত্রিক, ত্রিক-দ্বিক, ত্রিক-ত্রিক এবং দ্বিক-দ্বিক,
এই ছয় প্রকার প্রতিলোম অতি সুগভীর (জ্ঞানপূর্ণ)।

## ৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

৪৫. কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা এবং না-আলম্বন-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?... কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা এবং না-আলম্বন-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

(যেভাবে অনুলোম হেতু-প্রত্যয় বিস্তৃত হয়েছে, অনুরূপভাবে অনুলোম-প্রতিলোম পদকে বিস্তারিতভাবে বর্ণনা করতে হবে)।

৪৬. কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা এবং না-অধিপতি-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?... হেতু-প্রত্যয় দ্বারা এবং না-অনন্তর-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় দ্বারা... হেতু-প্রত্যয় দ্বারা এবং না-অবিগত-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?...

৪৭. কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয় এবং না-অধিপতি-প্রত্যয় কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?... হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয় এবং না-অনন্তর-প্রত্যয় দ্বারা... হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয় এবং অবিগত-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয়, অধিপতি-প্রত্যয় এবং না-অনন্তর-প্রত্যয়ের দ্বারা... হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয়, অধিপতি-প্রত্যয় এবং না-অবিগত-প্রত্যয়ের দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয়, অধিপতি-প্রত্যয়, অনন্তর-প্রত্যয় এবং না-সমনন্তর-প্রত্যয় দ্বারা... হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয়, অধিপতি-প্রত্যয়, অনন্তর-প্রত্যয় এবং না-অবিগত-প্রত্যয় দ্বারা... ?

হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয়, অধিপতি-প্রত্যয়, অনন্তর-প্রত্যয়, সমনন্তর-প্রত্যয়, সহজাত-প্রত্যয়, অন্যোন্য-প্রত্যয়, নিশ্রয়-প্রত্যয়, উপনিশ্রয়-প্রত্যয়, পূর্বজাত-প্রত্যয়, পশ্চাজ্জাত-প্রত্যয়, আসেবন-প্রত্যয়, কর্ম-প্রত্যয়, বিপাক-প্রত্যয়, আহার-প্রত্যয়, ইন্দ্রিয়-প্রত্যয়, ধ্যান-প্রত্যয়, মার্গ-প্রত্যয়, সম্প্রযুক্ত-প্রত্যয়, বিপ্রযুক্ত-প্রত্যয়, অস্তি-প্রত্যয়, নাস্তি-প্রত্যয়, বিগত-প্রত্যয় এবং না-অবিগত-প্রত্যয় দ্বারা (কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি)?

৪৮. কুশল ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয়, অধিপতি-প্রত্যয় এবং অনন্তর-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?... অবিগত-প্রত্যয় এবং না-হেতু-প্রত্যয় দ্বারা..পে... অবিগত-প্রত্যয় এবং না-বিগত-প্রত্যয় দ্বারা (কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি)?

অবিগত-প্রত্যয়, হেতু-প্রত্যয় এবং না-আলম্বন-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয়, হেতু-প্রত্যয় এবং না-বিগত-প্রত্যয় দ্বারা (কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি)?

অবিগত-প্রত্যয়, হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয় এবং না-অধিপতি-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয়, হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয় এবং না-বিগত-প্রত্যয় দ্বারা... ?

অবিগত-প্রত্যয়, হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয়, অধিপতি-প্রত্যয়, অনন্তর-প্রত্যয়, সমনন্তর-প্রত্যয় এবং সহজাত-প্রত্যয় দ্বারা... না-বিগত-প্রত্যয় দ্বারা (কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি)?

(গ) পট্ঠানের ত্রিক, দ্বিক শ্রেষ্ঠ ও উত্তম,
দ্বিক-ত্রিক, ত্রিক-দ্বিক, ত্রিক-ত্রিক এবং দ্বিক-দ্বিক,

Visit: http://www.buddhistdownload.com

এই ছয় প্রকার অনুলোম-প্রতিলোম অতি সুগভীর (জ্ঞানপূর্ণ)।

### ৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

৪৯. কুশল ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় এবং না-আলম্বন-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি? কুশল ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় এবং অধিপতি-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?... না-হেতু-প্রত্যয় এবং অবিগত-প্রত্যয় দ্বারা (কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি)?

৫০. কুশল ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয়, না-আলম্বন-প্রত্যয় এবং না-অধিপতি-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?... অবিগত-প্রত্যয় দ্বারা (কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি)?

না-হেতু-প্রত্যয়, না-আলম্বন-প্রত্যয় এবং না-অধিপতি-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা (কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি)?

না-হেতু-প্রত্যয়, না-আলম্বন-প্রত্যয়, না-অধিপতি-প্রত্যয়, না-অনন্তর-প্রত্যয়,না-সমনন্তর-প্রত্যয় দ্বারা... না-অস্তি-প্রত্যয় না-নাস্তি-প্রত্যয়, না-বিগত-প্রত্যয় এবং অবিগত-প্রত্যয় দ্বারা (কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি)?

৫১. কুশল ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় এবং হেতু-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?

৫২. কুশল ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় এবং অধিপতি-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি?... না-আলম্বন-প্রত্যয় এবং অবিগত-প্রত্যয় দ্বারা... না-অবিগত-প্রত্যয় এবং হেতু-প্রত্যয় দ্বারা... না-অবিগত-প্রত্যয় এবং আলম্বন-প্রত্যয় দ্বারা... না-অবিগত-প্রত্যয় এবং বিগত-প্রত্যয় দ্বারা (কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি)?

না-অবিগত-প্রত্যয়, না-হেতু-প্রত্যয় এবং আলম্বন-প্রত্যয় দ্বারা... না-অবিগত-প্রত্যয়, না-হেতু-প্রত্যয় এবং বিগত-প্রত্যয় দ্বারা (কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি)?

না-অবিগত-প্রত্যয়, না-হেতু-প্রত্যয়, না-আলম্বন-প্রত্যয় এবং না-অধিপতি-প্রত্যয় দ্বারা... না-অস্তি-প্রত্যয়, না-নাস্তি-প্রত্যয় এবং বিগত-প্রত্যয় দ্বারা (কুশল ধর্ম উৎপন্ন হতে পারে কি)?

(ঘ) পট্‌ঠানের ত্রিক, দ্বিক শ্রেষ্ঠ ও উত্তম,
দ্বিক-ত্রিক, ত্রিক-দ্বিক, ত্রিক-ত্রিক এবং দ্বিক-দ্বিক,
এই ছয় প্রকার প্রতিলোম-অনুলোম অতি সুগভীর (জ্ঞানপূর্ণ)।

[প্রশ্নবার সমাপ্ত]

[নির্দেশবারে ত্রিবিংশতি প্রত্যয় (এখানে) সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

# ১. কুশলত্রিক

## ১. প্রতীত্য বার (পরিচ্ছেদ)

### ১. প্রত্যয় : অনুলোম—১. বিভঙ্গ অধ্যায়

**হেতু-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা–৯)

৫৩. (১) কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে[১] ভিত্তি করে তিনটি (কুশল) স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি (কুশল) স্কন্ধকে ভিত্তি করে একটি (কুশল) স্কন্ধ উৎপন্ন হয় । দুটি (কুশল) স্কন্ধকে ভিত্তি করে দুটি (কুশল) স্কন্ধ উৎপন্ন হয়।

(২) কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত (কুশলও নয়, অকুশলও নয়) ধর্ম উৎপন্ন হয়। কুশলস্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান (চিত্তজ) রূপ উৎপন্ন হয়।

(৩) কুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি (কুশল) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি (কুশল) স্কন্ধকে ভিত্তি করে একটি (কুশল) স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি (কুশল) স্কন্ধকে ভিত্তি করে দুটি (কুশল)-স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৪) অকুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হয়। একটি অকুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি (অকুশল)-স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৫) অকুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। অকুশলস্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৬) অকুশল ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অকুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৭) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। একটি বিপাক-অব্যাকৃত[২] বা ক্রিয়া-অব্যাকৃত[১] স্কন্ধকে ভিত্তি করে তিনটি

---

[১]। স্কন্ধ অর্থ পুঞ্জ বা রাশিকে বোঝায়। আচার্য বুদ্ধঘোষের সিদ্ধান্ত অনুসারে খন্ধ বা স্কন্ধ একটি বহুবচনান্ত শব্দ। এর অর্থ হলো ‘রাশি’, ‘স্তূপ’, ‘সমূহ’ ইত্যাদি।

[২]। বিপাক-অব্যাকৃত : ১৫ অহেতুক বিপাক চিত্ত, ৮ কামাবচর বিপাক চিত্ত, ৫ রূপাবচর

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। অপর দিকে প্রতিসন্ধিক্ষণে[২] বিপাক-অব্যাকৃত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান[৩] (কর্মজ) রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়)[৪] বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়[৫]। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়[৬]। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়[৭]। মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৮) কুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। কুশলস্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-

---

বিপাক চিত্ত, ৪ অরূপাবচর বিপাক চিত্ত, ৪ লোকোত্তর বিপাক চিত্ত।

[১]। ক্রিয়া-অব্যাকৃত : ৩ অহেতুক ক্রিয়াচিত্ত, ৮ কামাবচর ক্রিয়াচিত্ত, ৫ রূপাবচর ক্রিয়াচিত্ত, ৪ অরূপাবচর ক্রিয়াচিত্ত।

[২]। এখানে প্রতিসন্ধিক্ষণে বলতে অপায়-প্রতিসন্ধি, কামসুগতি-প্রতিসন্ধি, রূপাবচর-প্রতিসন্ধির কথাই বোঝানো হয়েছে। কারণ এই তিন প্রতিসন্ধিতেই কর্মজ-রূপ বিদ্যমান থাকে। অরূপাবচর ভূমিতে কোনো প্রকার রূপের বিদ্যমানতা নেই। অসংজ্ঞসত্ত্বগণের প্রতিসন্ধির সময় শুধুমাত্র জীবিতনবকই আবির্ভূত হয়।

[৩]। কর্ম-সমুত্থান-রূপ : পঞ্চপ্রসাদ, ভাবদ্বয়, হৃদয় ও জীবিত এই নয় প্রকার রূপই বিশুদ্ধ কর্মজ-রূপ। এদের প্রত্যেকটির সাথে অভিনিভাজ্যরূপ ও আকাশ নিত্য সংযুক্ত থাকে। কর্মজ-রূপ এই আঠারটি। ১২ অকুশল, ৮ মহাকুশল এবং ৫ রূপাবচর কুশল কর্ম, প্রতিসন্ধিক্ষণ হতে প্রত্যক চিত্তক্ষণের উৎপত্তি-স্থিতি-ভঙ্গক্ষণে অর্থাৎ নিরন্তর এই কর্মজরূপের অবস্থান্তর ঘটায়।

[৪]। বাস্তু : বাস্তুরূপ ছয়টি। যথা : চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায় ও হৃদয়। চিত্ত-চৈতসিকের আধার ও আশ্রয়স্থান হিসেবে এদের বাস্তু বলা হয়। 'বাস্তু' অর্থ বসতিস্থান। চক্ষু প্রসাদই চক্ষুবাস্তু, শ্রোত্র প্রসাদই শ্রোত্রবাস্তু ইত্যাদি। কিন্তু মস্তিষ্ক যাবতীয় স্নায়ুর কেন্দ্ররূপে চিত্তক্রিয়ার অন্যতর সহায় হলেও মস্তিষ্ক ও স্নায়ুর সজীবতা হৃদপিণ্ড প্রেরিত রক্তের উপর নির্ভর করে। এইজন্য হৃদপিণ্ডই মনোবিজ্ঞান ও মনোধাতুত্রিকের বাস্তু বলে বৌদ্ধ দার্শনিকগণ কর্তৃক গৃহীত হয়েছে। 'ধর্মপদে' চিত্তকে গুহাশায়ী বলা হয়েছে। হৃদয়গুহা 'আত্মার' বাসস্থান বলে বুদ্ধের পূর্ব হতে ভারতীয় দার্শনিকগণের ধারণা।

[৫]। যেমন পৃথিবীকে ভিত্তি করে আপ, তেজ ও বায়ু উৎপন্ন হয়।

[৬]। যেমন পৃথিবী, আপ এবং তেজকে ভিত্তি করে বায়ু উৎপন্ন হয়।

[৭]। যেমন পৃথীবী, আপকে ভিত্তি করে তেজ ও বায়ু উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

রূপ উৎপন্ন হয়।

(৯) অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। অকুশলস্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

### **আলম্বন-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

৫৪. (১) কুশল ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) অকুশল ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হয়। একটি অকুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৩) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। একটি বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক-অব্যাকৃত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

### **অধিপতি-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৯)

৫৫. (১) কুশল ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) কুশল ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় অধিপতি-প্রত্যয়। কুশলস্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৩) কুশল ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা কুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৪) অকুশল ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হয়। একটি অকুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৫) অকুশল ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। অকুশলস্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৬) অকুশল ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অকুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৭) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৮) কুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। কুশলস্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৯) অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। অকুশলস্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

### **অনন্তর-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

### **সমনন্তর-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

৫৬. (১) কুশল ধর্মকে ভিত্তি করে অনন্তর-প্রত্যয় দ্বারা... সমনন্তর-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়।

(এটির পর আলম্বন-প্রত্যয় দ্রষ্টব্য। কারণ এক্ষেত্রে অনন্তর-প্রত্যয় এবং সমনন্তর-প্রত্যয় আলম্বন-প্রত্যয় সদৃশ)।

Visit: http://www.buddhistdownload.com

**সহজাত-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৯)

৫৭. (১) কুশল ধর্মকে ভিত্তি করে সহজাত-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) কুশল ধর্মকে ভিত্তি করে সহজাত-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। কুশলস্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৩) কুশল ধর্মকে ভিত্তি করে সহজাত-প্রত্যয় দ্বারা কুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৪) অকুশল ধর্মকে ভিত্তি করে সহজাত-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হয়। একটি অকুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৫) অকুশল ধর্মকে ভিত্তি করে সহজাত-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। অকুশলস্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৬) অকুশল ধর্মকে ভিত্তি করে সহজাত-প্রত্যয় দ্বারা অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অকুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৭) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে সহজাত-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক-অব্যাকৃত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু (চিত্ত-চৈতসিকের বসতিস্থান) উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে

Visit: http://www.buddhistdownload.com

ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা (ভূতোৎপন্ন) রূপ উৎপন্ন হয়। বাহ্যিক[১] (বাইরের) একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে উপাদা-রূপ উৎপন্ন হয়। আহার-সমুত্থান[২] (আহার দ্বারা উৎপন্ন বা আহারজ) একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে উপাদা-রূপ উৎপন্ন হয়। ঋতু-সমুত্থান[৩] (ঋতু দ্বারা উৎপন্ন বা ঋতুজ) একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। অসংজ্ঞসত্ত্বগণের[৪] একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৮) কুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে সহজাত-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। কুশলস্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

---

[১]। এখানে বাহ্যিক বলতে বাহ্যিক ২৮ প্রকার রূপকে বোঝানো হয়েছে।

[২]। আহার-সমুত্থান-রূপ : দেহের রক্ষা ও পুষ্টি-সাধনার্থ যা ভক্ষণ করা হয়, তা-ই কবলীকৃত-আহার। ওজঃ বা শক্তি এটির লক্ষণ। আহার্য যখন পরিপাক হতে আরম্ভ হয় এবং দেহ উহার রসাদি গ্রহণ করতে থাকে, তখন আহারজ রূপোৎপত্তি হতে থাকে। শুদ্ধাষ্টক, আকাশ, লঘুতা, মৃদুতা, কর্মণ্যতা, এই বার প্রকার আহার-সমুত্থানরূপ।

[৩]। ঋতু-সমুত্থান-রূপ : তাপ-বৈষম্য রূপের বিভিন্ন অবস্থার উদ্ভবই ঋতু-সমুত্থান। ঋতু যেমন জীব-দেহে, তেমন দেহেতররূপেও অবস্থান্তর ঘটায়। শুদ্ধাষ্টক, শব্দ, আকাশ, লঘুতা, মৃদুতা, কর্মণ্যতা, এই তের প্রকার ঋতু-সমুত্থানরূপ। আকাশের নীলিমা, ইন্দ্রধনুর বর্ণ-বৈচিত্র্য, জ্যোতিষ্কমন্ডলীর সর্বস্ব, নদীর গান, সমুদ্রের উচ্ছ্বাস, অম্বর-চুম্বিত হিমাচল, দুর্বাদলের শ্যামলতা, কমলার রস ইত্যাদি সমস্তই ঋতু-সমুত্থানরূপ।

[৪]। অসংজ্ঞসত্ত্ব : অসংজ্ঞপ্রাণীগণ বা অসংজ্ঞ ভবনামক রূপ ব্রহ্মলোকের অধিবাসীবৃন্দ। অসংজ্ঞ রূপ ব্রহ্মলোকের সত্ত্বগণের পঞ্চস্কন্ধের মধ্যে 'রূপ' ও 'বেদনা' বর্তমান থাকে কিন্তু 'সংজ্ঞা-সংস্কার-বিজ্ঞান' এই তিনটি বর্তমান থাকে না বলে এই ভবের সত্ত্বগণ নিষ্ক্রিয়ের মতো নতুন কিছু ভাবতে বা চিন্তা করতে পারে না; তদ্ধেতু এই ভবের সত্ত্বগণ অসংজ্ঞসত্ত্ব নামে পরিচিত বা কথিত।

Visit: http://www.buddhistdownload.com

(৯) অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে সহজাত-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। অকুশলস্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

**অন্যোন্য-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

৫৮. (১) কুশল ধর্মকে ভিত্তি করে অন্যোন্য-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) অকুশল ধর্মকে ভিত্তি করে অন্যোন্য-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হয়। একটি অকুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৩) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে অন্যোন্য-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি বিপাক-অব্যাকৃত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। বাহ্যিক... আহার-সমুত্থান... ঋতু-সমুত্থান... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়।

**নিশ্রয়-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৯)

৫৯. (১) কুশল ধর্মকে ভিত্তি করে নিশ্রয়-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে...।

(নিশ্রয়-প্রত্যয়কে সহজাত-প্রত্যয় সদৃশ বুঝতে হবে)।

Visit: http://www.buddhistdownload.com

**উপনিশ্রয়-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

৬০. (১) কুশল ধর্মকে ভিত্তি করে উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে...।

(উপনিশ্রয়-প্রত্যয়কে আলম্বন-প্রত্যয় সদৃশ বুঝতে হবে)।

**পূর্বজাত-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

৬১. (১) কুশল ধর্মকে ভিত্তি করে পূর্বজাত-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে (ভিত্তি করে) পূর্বজাত-প্রত্যয় দ্বারা (কুশলস্কন্ধসমূহ উৎপন্ন হয়)।

(২) অকুশল ধর্মকে ভিত্তি করে পূর্বজাত-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হয়। একটি অকুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। (অনুরূপভাবে) তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে (ভিত্তি করে) পূর্বজাত-প্রত্যয় দ্বারা (অকুশলস্কন্ধসমূহ উৎপন্ন হয়)।

(৩) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে পূর্বজাত-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। একটি বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে (ভিত্তি করে) পূর্বজাত-প্রত্যয় (বিপাক-অব্যাকৃত অথবা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহ উৎপন্ন হয়)।

**আসেবন-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

৬২. (১) কুশল ধর্মকে ভিত্তি করে আসেবন-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) অকুশল ধর্মকে ভিত্তি করে আসেবন-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হয়। একটি অকুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৩) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে আসেবন-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। একটি ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয়।

**কর্ম-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৯)

৬৩. (১-৩) কুশল ধর্মকে ভিত্তি করে কর্ম-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে... (তিন)।

(৪-৬) অকুশল ধর্মকে ভিত্তি করে... (তিন)।

(৭) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে কর্ম-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। একটি বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধকে ভিত্তি করে...। প্রতিসন্ধিক্ষণে...। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৮) কুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে কর্ম-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। কুশলস্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

(৯) অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে কর্ম-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। অকুশলস্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

**বিপাক-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-১)

৬৪. (১) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে বিপাক-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়।[১] একটি বিপাক-অব্যাকৃত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। (অনুরূপভাবে) তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। আবার প্রতিসন্ধিক্ষণে একটি বিপাক-আব্যাকৃত সম্বন্ধে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি

[১]। বিপাক-প্রত্যয় শুধু বিপাকে বিপাকে।

Visit: http://www.buddhistdownload.com

করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। পুনশ্চ একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ এবং কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

### **আহার-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৯)

৬৫. (১-৩) কুশল ধর্মকে ভিত্তি করে আহার-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে... (তিন)।

(৪-৬) অকুশল ধর্মকে ভিত্তি করে আহার-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হয় আহার-প্রত্যয়। একটি অকুশলস্কন্ধকে ভিত্তি করে... (তিন)।

(৭) আব্যাকৃত ধর্মকে ভিত্তি করে আহার-প্রত্যয় দ্বারা আব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। একটি বিপাক-আব্যাকৃত বা ক্রিয়া-আব্যাকৃত স্কন্ধকে ভিত্তি করে... প্রতিসন্ধিক্ষণে...। একটি মহাভূতকে তিনটি মহাভূত... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ এবং কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। একটি আহার-সমুত্থান মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৮) কুশল এবং আব্যাকৃত ধর্মকে ভিত্তি করে...।

(৯) অকুশল এবং আব্যাকৃত ধর্মকে ভিত্তি করে আহার-প্রত্যয় দ্বারা আব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। অকুশলস্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়।

### **ইন্দ্রিয়-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৯)

৬৬. (১-৩) কুশল ধর্মকে ভিত্তি করে ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে... (তিন)।

(৪-৬) অকুশল ধর্মকে ভিত্তি করে... (তিন)।

(৭) আব্যাকৃত ধর্মকে ভিত্তি করে... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে...।

(ইন্দ্রিয়-প্রত্যয় কর্ম-প্রত্যয় সদৃশ। অতএব, কর্ম-প্রত্যয়ে বর্ণিত বিষয়ের ন্যায় এখানেও বুঝে পাঠ করতে হবে)।

### **ধ্যান-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৯)

### **মার্গ-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৯)

৬৭. (১) কুশল ধর্মকে ভিত্তি করে ধ্যান-প্রত্যয় দ্বারা... মার্গ-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

(ধ্যান-প্রত্যয় ও মার্গ-প্রত্যয় হেতু-প্রত্যয়ের ন্যায় বুঝে পাঠ করতে হবে)।

**সম্প্রযুক্ত-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

৬৮. (১) কুশল ধর্মকে ভিত্তি করে সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে...।

(সম্প্রযুক্ত-প্রত্যয়কে আলম্বন-প্রত্যয় সদৃশ বুঝে পাঠ করতে হবে)।

**বিপ্রযুক্ত-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৯)

৬৯. (১) কুশল ধর্মকে ভিত্তি করে বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। (অনুরূপভাবে) তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধ ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে (চিত্ত-চৈতসিকের বসতিস্থান) (ভিত্তি করে) বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা (কুশলস্কন্ধসমূহ উৎপন্ন হয়)।

(২) কুশল ধর্মকে ভিত্তি করে বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। কুশলস্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে (ভিত্তি করে) বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা (চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়)।

(৩) কুশল ধর্মকে ভিত্তি করে বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা কুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে (ভিত্তি করে) বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা স্কন্ধসমূহ (উৎপন্ন হয়)। স্কন্ধসমূহকে (ভিত্তি করে) বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা চিত্ত-সমুত্থান-রূপ (উৎপন্ন হয়)।

(৪) অকুশল ধর্মকে ভিত্তি করে বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হয়। একটি অকুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে (ভিত্তি করে) বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা (অকুশলস্কন্ধসমূহ উৎপন্ন হয়)।

(৫) অকুশল ধর্মকে ভিত্তি করে বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। অকুশলস্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে (ভিত্তি করে) বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা (চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়)।

(৬) অকুশল ধর্মকে ভিত্তি করে বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অকুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ

Visit: http://www.buddhistdownload.com

এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে (ভিত্তি করে) বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা স্কন্ধসমূহ (উৎপন্ন হয়)। স্কন্ধসমূহকে (ভিত্তি করে) বিপ্রযুক্ত-প্রত্যয় চিত্ত-সমুত্থান-রূপ (উৎপন্ন হয়)।

(৭) অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। একটি বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। (ছয়) বাস্তুকে (ভিত্তি করে) বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা স্কন্ধসমূহ (উৎপন্ন হয়)। স্কন্ধসমূহকে (ভিত্তি করে) বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা চিত্ত-সমুত্থান-রূপ (উৎপন্ন হয়)। প্রতিসন্ধিক্ষণে একটি বিপাক-অব্যাকৃত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্ম-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে (ভিত্তি করে) বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা স্কন্ধসমূহ (উৎপন্ন হয়)। স্কন্ধসমূহকে (ভিত্তি করে) বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা কর্ম-সমুত্থান-রূপ (উৎপন্ন হয়)। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে (ভিত্তি করে) বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা স্কন্ধসমূহ (উৎপন্ন হয়)। স্কন্ধসমূহকে (ভিত্তি করে) বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা (হৃদয়) বাস্তু (উৎপন্ন হয়)। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা (চিত্ত-সমুত্থান-রূপ, কর্ম-সমুত্থান-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়)।

(৮) কুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। কুশলস্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে (ভিত্তি করে) বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা (চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়)।

(৯) অকুশল এবং অব্যাকৃত ধর্মকে ভিত্তি করে বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। অকুশলস্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে (ভিত্তি করে) বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা (চিত্ত-সমুত্থান-রূপ উৎপন্ন হয়)।

Visit: http://www.buddhistdownload.com

**অস্তি-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৯)

৭০. (১) কুশল ধর্মকে ভিত্তি করে অস্তি-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়।

(সংক্ষিপ্ত। অস্তি-প্রত্যয় সহজাত-প্রত্যয় সদৃশ জানতে হবে)।

**নাস্তি-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

**বিগত-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

৭১. (১) কুশল ধর্মকে ভিত্তি করে নাস্তি-প্রত্যয় দ্বারা... বিগত-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়।

(নাস্তি-প্রত্যয় ও বিগত-প্রত্যয় উভয়ই আলম্বন-প্রত্যয় সদৃশ জানতে হবে)।

**অবিগত-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৯)

৭২. (১) কুশল ধর্মকে ভিত্তি করে অবিগত-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। কুশল একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। (অবিগত-প্রত্যয় সহজাত-প্রত্যয় সদৃশ জানতে হবে)।

(এই তেইশটি প্রত্যয় অধ্যয়ন বা আবৃত্তির দ্বারা বিস্তৃতব্য)।

## ১. প্রত্যয় : অনুলোম

## ২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৭৩. হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে নয়, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে তিন, আসেবনে তিন, কর্মে নয়, বিপাকে এক, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে নয়, অস্তিতে তিন, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে নয়।

### হেতুমূলক গণনা

### দ্বিক

৭৪. হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন, অধিপতিতে নয়, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে তিন, আসেবনে তিন, কর্মে নয়, বিপাকে এক, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে নয়।

### ত্রিক

৭৫. হেতু-প্রত্যয় এবং আলম্বন-প্রত্যয় দ্বারা অধিপতিতে তিন, অনন্তরে

Visit: http://www.buddhistdownload.com

৩৬৫. না-বিপাক-প্রত্যয় দ্বারা না-হেতুতে দুই, না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে তিন...।

### সপ্তক

না-বিপাক-প্রত্যয়, না-হেতু-প্রত্যয়, না-অধিপতি-প্রত্যয়, না-পূর্বজাত-প্রত্যয়, না-পশ্চাজ্জাত-প্রত্যয়, না-আসেবন-প্রত্যয় দ্বারা না-কর্মে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে দুই। (সংক্ষিপ্ত)।

## না-ধ্যান-প্রত্যয়

### দ্বিক

৩৬৬. না-ধ্যান-প্রত্যয় দ্বারা না-হেতুতে এক, না-অধিপতিতে এক, না-পশ্চাজ্জাতে এক, না-আসেবনে এক, না-মার্গে এক...।

Visit: http://www.buddhistdownload.com

### ষষ্ঠক

না-ধ্যান-প্রত্যয়, না-হেতু-প্রত্যয়, না-অধিপতি-প্রত্যয়, না-পশ্চাজ্জাত-প্রত্যয়, না-আসেবন-প্রত্যয় দ্বারা না-মার্গে এক।

## না-মার্গ-প্রত্যয়

### দ্বিক

৩৬৭. না-মার্গ-প্রত্যয় দ্বারা না-হেতুতে এক, না-অধিপতিতে এক, না-পূর্বজাতে এক, না-পশ্চাজ্জাতে এক, না-আসেবনে এক, না-কর্মে এক, না-বিপাকে এক, না-ধ্যানে এক, না-বিপ্রযুক্তে এক। (সংক্ষিপ্ত)।

## না-বিপ্রযুক্ত-প্রত্যয়

### দ্বিক

৩৬৮. না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা না-হেতুতে দুই, না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-মার্গে এক।

### ত্রিক

না-বিপ্রযুক্ত-প্রত্যয়, না-হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে দুই, না-পশ্চাজ্জাতে দুই, না-আসেবনে দুই, না-কর্মে এক, না-বিপাকে দুই, না-মার্গে এক...।

### নবক

না-বিপ্রযুক্ত-প্রত্যয়, না-হেতু-প্রত্যয়, না-অধিপতি-প্রত্যয়, না-পূর্বজাত-প্রত্যয়, না-পশ্চাজ্জাত-প্রত্যয়, না-আসেবন-প্রত্যয়, না-কর্ম-প্রত্যয়, না-বিপাক-প্রত্যয় দ্বারা না-মার্গে এক।

[সংশ্লিষ্টবারে প্রতিলোম সমাপ্ত]

## ৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

## হেতু-প্রত্যয়

### দ্বিক

৩৬৯. হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-বিপ্রযুক্তে তিন।

### ত্রিক

হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-

Visit: http://www.buddhistdownload.com

বিপ্রযুক্তে তিন।

### চতুষ্ক

হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয়, অধিপতি-প্রত্যয় দ্বারা না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-বিপ্রযুক্তে তিন...।

### একাদশক

হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয়, অধিপতি-প্রত্যয়, অনন্তর-প্রত্যয়, সমনন্তর-প্রত্যয়, সহজাত-প্রত্যয়, অন্যোন্য-প্রত্যয়, নিশ্রয়-প্রত্যয়, উপনিশ্রয়-প্রত্যয়, পূর্বজাত-প্রত্যয় দ্বারা না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন।

### দ্বাদশক (স-আসেবন)

হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয়... পূর্বজাত-প্রত্যয়, আসেবন-প্রত্যয় দ্বারা না-পশ্চাজ্জাতে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন...।

### ত্রয়োবিংশতিক (স-আসেবন)

হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয়... পূর্বজাত-প্রত্যয়, আসেবন-প্রত্যয়, কর্ম-প্রত্যয়, আহার-প্রত্যয়... অবিগত-প্রত্যয় দ্বারা না-পশ্চাজ্জাতে তিন, না-বিপাকে তিন।

### ত্রয়োদশক (স-বিপাক)

হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয়... পূর্বজাত-প্রত্যয়, কর্ম-প্রত্যয়, বিপাক-প্রত্যয় দ্বারা না-পশ্চাজ্জাতে এক, না-আসেবনে এক।

### ত্রয়োবিংশতিক (স-বিপাক)

হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয়... পূর্বজাত-প্রত্যয়, কর্ম-প্রত্যয়, বিপাক-প্রত্যয়, আহার-প্রত্যয়... অবিগত-প্রত্যয় দ্বারা না-পশ্চাজ্জাতে এক, না-আসেবনে এক।

### আলম্বন-প্রত্যয়

### দ্বিক

৩৭০. আলম্বন-প্রত্যয় দ্বারা না-হেতুতে দুই, না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে এক।

Visit: http://www.buddhistdownload.com

### ত্রিক

আলম্বন-প্রত্যয়, হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন। (সংক্ষিপ্ত)।

### না-অধিপতি-প্রত্যয়

### দ্বিক

৩৭১. অধিপতি-প্রত্যয় দ্বারা না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-বিপ্রযুক্তে তিন।

### ত্রিক প্রভৃতি

অধিপতি-প্রত্যয় দ্বারা হেতু-প্রত্যয় দ্বারা...। (সংক্ষিপ্ত)।

### অনন্তর প্রভৃতি-প্রত্যয়

৩৭২. অনন্তর-প্রত্যয় দ্বারা... সমনন্তর-প্রত্যয় দ্বারা... সহজাত-প্রত্যয় দ্বারা... অন্যোন্য-প্রত্যয় দ্বারা... নিশ্রয়-প্রত্যয় দ্বারা... উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা...।

(আলম্বনমূলকের ন্যায় বিস্তারিত জ্ঞাতব্য)।

### পূর্বজাত-প্রত্যয়

### দ্বিক

৩৭৩. পূর্বজাত-প্রত্যয় দ্বারা না-হেতুতে দুই, না-অধিপতিতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-ধ্যানে এক, না-মার্গে এক।

### ত্রিক

পূর্বজাত-প্রত্যয়, হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন। (সংক্ষিপ্ত)।

### আসেবন-প্রত্যয়

### দ্বিক

৩৭৪. আসেবন-প্রত্যয় দ্বারা না-হেতুতে দুই, না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-কর্মে এক, না-বিপাকে তিন, না-মার্গে তিন, না-বিপ্রযুক্তে তিন।

### ত্রিক

আসেবন-প্রত্যয় দ্বারা হেতুতে দুই, না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-বিপ্রযুক্তে তিন। (সংক্ষিপ্ত)।

Visit: http://www.buddhistdownload.com

## কর্ম-প্রত্যয়

### দ্বিক

৩৭৫. কর্ম-প্রত্যয় দ্বারা হেতুতে দুই, না-অধিপতিতে তিন না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-বিপাকে তিন, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে তিন।

### ত্রিক

কর্ম-প্রত্যয়, হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন। (সংক্ষিপ্ত)।

## বিপাক-প্রত্যয়

### দ্বিক

৩৭৬. বিপাক-প্রত্যয় দ্বারা না-হেতুতে এক, না-অধিপতিতে এক, না-পূর্বজাতে এক, না-পশ্চাজ্জাতে এক, না-আসেবনে এক, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে এক।

### ত্রিক

বিপাক-প্রত্যয়, হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে এক। (সংক্ষিপ্ত)।

## আহার-প্রত্যয়

### দ্বিক

৩৭৭. আহার-প্রত্যয় দ্বারা না-হেতুতে দুই, না-অধিপতিতে দুই, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে এক।

### ত্রিক

আহার-প্রত্যয়, হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন। (সংক্ষিপ্ত)।

## ইন্দ্রিয়-প্রত্যয়

### দ্বিক

৩৭৮. ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা না-হেতুতে দুই, না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে তিন।

### ত্রিক

ইন্দ্রিয়-প্রত্যয়, হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন। (সংক্ষিপ্ত)।

Visit: http://www.buddhistdownload.com

## ধ্যান-প্রত্যয়

### দ্বিক

৩৭৯. ধ্যান-প্রত্যয় দ্বারা না-হেতুতে দুই, না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে তিন।

### ত্রিক

ধ্যান-প্রত্যয়, হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন। (সংক্ষিপ্ত)।

## মার্গ-প্রত্যয়

### দ্বিক

৩৮০. মার্গ-প্রত্যয় দ্বারা না-হেতুতে এক, না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-বিপ্রযুক্তে তিন।

### ত্রিক

মার্গ-প্রত্যয়, হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন। (সংক্ষিপ্ত)।

## সম্প্রযুক্ত-প্রত্যয়

### দ্বিক

৩৮১. সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা না-হেতুতে দুই, না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-ধ্যানে এক, না-মার্গে এক, না-বিপ্রযুক্তে তিন।

### ত্রিক

সম্প্রযুক্ত-প্রত্যয়, হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন। (সংক্ষিপ্ত)।

## বিপ্রযুক্ত-প্রত্যয়

### দ্বিক

৩৮২. বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা না-হেতুতে দুই, না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে এক, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-ধ্যানে এক, না-মার্গে এক।

### ত্রিক

বিপ্রযুক্ত-প্রত্যয়, হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে এক, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন।

Visit: http://www.buddhistdownload.com

### চতুষ্ক

বিপ্রযুক্ত-প্রত্যয়, হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে এক, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন... ।

### দ্বাদশক

বিপ্রযুক্ত-প্রত্যয়, হেতু-প্রত্যয়, আলম্বন-প্রত্যয়... পূর্বজাত-প্রত্যয় দ্বারা না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন... ।

### ত্রয়োবিংশতিক (আসেবন সহ)

বিপ্রযুক্ত-প্রত্যয়, হেতু-প্রত্যয়... পূর্বজাত-প্রত্যয়, আসেবন-প্রত্যয়, কর্ম-প্রত্যয়, আহার-প্রত্যয়... অবিগত-প্রত্যয় দ্বারা না-পশ্চাজ্জাতে তিন, না-বিপাকে তিন ।

### ত্রয়োবিংশতিক (বিপাক সহ)

বিপ্রযুক্ত-প্রত্যয়, হেতু-প্রত্যয়... পূর্বজাত-প্রত্যয়, কর্ম-প্রত্যয়, বিপাক-প্রত্যয়, আহার-প্রত্যয়... অবিগত-প্রত্যয় দ্বারা না-পশ্চাজ্জাতে এক, না-আসেবন এক ।

## অস্তি প্রভৃতি প্রত্যয়

### দ্বিক

৩৮৩. অস্তি-প্রত্যয় দ্বারা... নাস্তি-প্রত্যয় দ্বারা... বিগত-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা... ।

(আলম্বন-প্রত্যয় ন্যায় বিস্তারিত জ্ঞাতব্য) ।

[সংশ্লিষ্টবারে অনুলোম-প্রতিলোম অধ্যায় সমাপ্ত]

## ৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

## না-হেতু-প্রত্যয়

### দ্বিক

৩৮৪. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে দুই, অন্যোন্যে দুই, নিশ্রয়ে দুই, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে দুই, আসেবনে দুই, কর্মে দুই, বিপাকে দুই, আহারে দুই, ইন্দ্রিয়ে দুই, ধ্যানে দুই, মার্গে এক, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে দুই, অস্তিতে দুই, নাস্তিতে দুই, বিগতে দুই, অবিগতে দুই ।

### দ্বিক

না-হেতু-প্রত্যয়, না-অধিপতি-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই... অবিগতে দুই

Visit: http://www.buddhistdownload.com

(সর্বত্র দুই)।

**চতুষ্ক**

না-হেতু-প্রত্যয়, না-অধিপতি-প্রত্যয়, না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে দুই, অন্যোন্যে দুই, নিশ্রয়ে দুই, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে দুই, আসেবনে এক, কর্মে দুই, বিপাকে এক, আহারে দুই, ইন্দ্রিয়ে দুই, ধ্যানে দুই, মার্গে এক, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে এক, অস্তিতে দুই, নাস্তিতে দুই, বিগতে দুই, অবিগতে দুই...।

**সপ্তক**

না-হেতু-প্রত্যয়, না-অধিপতি-প্রত্যয়, না-পূর্বজাত-প্রত্যয়, না-পশ্চাজ্জাত-প্রত্যয়, না-আসেবন-প্রত্যয়, না-কর্ম-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে এক, অন্যোন্যে এক, নিশ্রয়ে এক, উপনিশ্রয়ে এক, আহারে এক, ইন্দ্রিয়ে এক, ধ্যানে এক, সম্প্রযুক্তে এক, অস্তিতে এক, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে এক (সর্বত্র এক)...।

**দশক**

না-হেতু-প্রত্যয়, না-অধিপতি-প্রত্যয়, না-পূর্বজাত-প্রত্যয়, না-পশ্চাজ্জাত-প্রত্যয়, না-আসেবন-প্রত্যয়, না-কর্ম-প্রত্যয়, না-বিপাক-প্রত্যয়, না-মার্গ-প্রত্যয়, না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে এক, অন্যোন্যে এক, নিশ্রয়ে এক, উপনিশ্রয়ে এক, আহারে এক, ইন্দ্রিয়ে এক, ধ্যানে এক, সম্প্রযুক্তে এক, অস্তিতে এক, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে এক।

(না-বিপাক, না-মার্গ, না-বিপ্রযুক্ত-প্রত্যয়গুলো না-কর্ম-প্রত্যয় সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

## না-অধিপতি-প্রত্যয়

**দ্বিক**

৩৮৫. না-অধিপতি-প্রত্যয় দ্বারা হেতুতে তিন, আলম্বনে তিন... অবিগতে তিন।

**ত্রিক**

না-অধিপতি-প্রত্যয়, না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই... অবিগতে দুই। (না-অধিপতিমূলক না-হেতুতে গ্রহণ করা হলে না-হেতুমূলক সদৃশ করণীয়)।

Visit: http://www.buddhistdownload.com

## না-পূর্বজাত-প্রত্যয়

### দ্বিক

৩৮৬. না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা হেতুতে তিন, আলম্বনে তিন... আসেবনে তিন, কর্মে তিন, বিপাকে এক।

(সমস্ত পদসমূহ বিস্তৃতভাবে বর্ণনা করতে হবে। অলিখিত পদসমূহ সর্বত্র তিনটি প্রশ্ন। না-পূর্বজাতমূলকে না-হেতুতে গ্রহণ করা হলে আসেবনে ও মার্গে একটি প্রশ্ন করতে হবে। অবশিষ্ট ক্ষেত্রে না-হেতু-প্রত্যয় সদৃশ হবে। 'না-পশ্চাজ্জাত-প্রত্যয়' সম্পূর্ণরূপে না-অধিপতি-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য)।

## না-কর্ম-প্রত্যয়

### দ্বিক

৩৮৭. না-কর্ম-প্রত্যয় দ্বারা হেতুতে তিন, আলম্বনে তিন, অধিপতিতে তিন, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে তিন, আসেবনে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে তিন, অস্তিতে তিন, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে তিন।

### ত্রিক

না-কর্ম-প্রত্যয়, না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে এক, অন্যোন্যে এক, নিশ্রয়ে এক, উপনিশ্রয়ে এক, পূর্বজাতে এক, আসেবনে এক, আহারে এক, ইন্দ্রিয়ে এক, ধ্যানে এক, সম্প্রযুক্তে এক, বিপ্রযুক্তে এক, অস্তিতে এক, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে এক...।

### পঞ্চক

না-কর্ম-প্রত্যয়, না-হেতু-প্রত্যয়, না-অধিপতি-প্রত্যয়, না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে এক, অন্যোন্যে এক, নিশ্রয়ে এক, উপনিশ্রয়ে এক, আহারে এক, ইন্দ্রিয়ে এক, ধ্যানে এক, সম্প্রযুক্তে এক, অস্তিতে এক, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে এক।

(অবশিষ্ট পদসমূহ এই উপায়েই বিস্তারিত জ্ঞাতব্য। সংক্ষিপ্ত)।

## না-বিপাক-প্রত্যয়

### দ্বিক

৩৮৮. না-বিপাক-প্রত্যয় দ্বারা হেতুতে তিন, (সংক্ষিপ্ত, পরিপূর্ণ করা কর্তব্য)... অবিগতে তিন।

Visit: http://www.buddhistdownload.com

### পঞ্চক

না-বিপাক-প্রত্যয়, না-হেতু-প্রত্যয়, না-অধিপতি-প্রত্যয়, না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে দুই, অন্যোন্যে দুই, নিশ্রয়ে দুই, উপনিশ্রয়ে দুই, আসেবনে এক, কর্মে দুই, আহারে দুই, ইন্দ্রিয়ে দুই, ধ্যানে দুই, মার্গে এক, সম্প্রযুক্তে দুই, অস্তিতে দুই, নাস্তিতে দুই, বিগতে দুই, অবিগতে দুই।

(না-বিপাকমূলকেই শুধু এটি ভিন্ন প্রকারের। অবশিষ্টগুলো না-হেতুমূলক সদৃশ জানা উচিত)।

## না-ধ্যান-প্রত্যয়

### দ্বিক

৩৮৯. না-ধ্যান-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে এক, অন্যোন্যে এক, নিশ্রয়ে এক, উপনিশ্রয়ে এক, পূর্বজাতে এক, কর্মে এক, বিপাকে এক, আহারে এক, ইন্দ্রিয়ে এক, সম্প্রযুক্তে এক, বিপ্রযুক্তে এক, অস্তিতে এক, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে এক...।

### সপ্তক

না-ধ্যান-প্রত্যয়, না-হেতু-প্রত্যয়, না-অধিপতি-প্রত্যয়, না-পশ্চাজ্জাত-প্রত্যয়, না-আসেবন-প্রত্যয়, না-মার্গ-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে এক, অন্যোন্যে এক, নিশ্রয়ে এক, উপনিশ্রয়ে এক, পূর্বজাতে এক, কর্মে এক, বিপাকে এক, আহারে এক, ইন্দ্রিয়ে এক, সম্প্রযুক্তে এক, বিপ্রযুক্তে এক, অস্তিতে এক, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে এক।

## না-মার্গ-প্রত্যয়

### দ্বিক

৩৯০. না-মার্গ-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে এক, অন্যোন্যে এক, নিশ্রয়ে এক, উপনিশ্রয়ে এক, পূর্বজাতে এক, আসেবনে এক, কর্মে এক, বিপাকে এক, আহারে এক, ইন্দ্রিয়ে এক, ধ্যানে এক, সম্প্রযুক্তে এক, বিপ্রযুক্তে এক, অস্তিতে এক, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে এক...।

### পঞ্চক

না-মার্গ-প্রত্যয়, না-হেতু-প্রত্যয়, না-অধিপতি-প্রত্যয়, না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা আলম্বনে এক, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে এক, অন্যোন্যে এক, নিশ্রয়ে এক, উপনিশ্রয়ে এক, কর্মে এক, বিপাকে এক, আহারে এক, ইন্দ্রিয়ে এক, ধ্যানে এক, সম্প্রযুক্তে এক, বিপ্রযুক্তে এক, অস্তিতে এক, নাস্তিতে

Visit: http://www.buddhistdownload.com

এক, বিগতে এক, অবিগতে এক।

**ষষ্ঠক ইত্যাদি**

না-মার্গ-প্রত্যয়, না-হেতু-প্রত্যয় দ্বারা...। (সংক্ষিপ্ত)।

**না-বিপ্রযুক্ত-প্রত্যয়**

**দ্বিক**

৩৯১. না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা হেতুতে তিন, আলম্বনে তিন, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে তিন, আসেবনে তিন, কর্মে তিন, বিপাকে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে তিন, অস্তিতে তিন, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে তিন।

**ত্রিক**

না-বিপ্রযুক্ত-প্রত্যয়, হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে দুই, অন্যোন্যে দুই, নিশ্রয়ে দুই, উপনিশ্রয়ে দুই, আসেবনে এক, কর্মে দুই, আহারে দুই, ইন্দ্রিয়ে দুই, ধ্যানে দুই, মার্গে এক, সম্প্রযুক্তে দুই, অস্তিতে দুই, নাস্তিতে দুই, বিগতে দুই, অবিগতে দুই...।

**নবক**

না-বিপ্রযুক্ত-প্রত্যয়, না-হেতু-প্রত্যয়, না-অধিপতি-প্রত্যয়, না-পূর্বজাত-প্রত্যয়, না-পশ্চাজ্জাত-প্রত্যয় (না-আসেবন-প্রত্যয়মূলক না-হেতুমূলক সদৃশ) না-কর্ম-প্রত্যয়, না-বিপাক-প্রত্যয়, না-মার্গ-প্রত্যয় দ্বারা (এই তিনটি প্রত্যয়মূল এক সদৃশ) আলম্বনে এক, অনন্তরে এক, সমনন্তরে এক, সহজাতে এক, অন্যোন্যে এক, নিশ্রয়ে এক, উপনিশ্রয়ে এক, আহারে এক, ইন্দ্রিয়ে এক, ধ্যানে এক, সম্প্রযুক্তে এক, অস্তিতে এক, নাস্তিতে এক, বিগতে এক, অবিগতে এক।

[সংশ্লিষ্টবারে প্রতিলোম-অনুলোম অধ্যায় সমাপ্ত]

[সংশ্লিষ্টবার (এখানে) সমাপ্ত]

## ৬. সম্প্রযুক্তবার

### ১. প্রত্যয় : অনুলোম—১. বিভঙ্গ অধ্যায়

**হেতু-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

৩৯২. (১) কুশল ধর্মকে সম্প্রযুক্ত করে হেতু-প্রত্যয় দ্বারা কুশল ধর্ম উৎপন্ন হয়। একটি কুশলস্কন্ধকে সম্প্রযুক্ত করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে সম্প্রযুক্ত করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে সম্প্রযুক্ত করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

৩৯৩. (২) অকুশল ধর্মকে সম্প্রযুক্ত করে হেতু-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হয়। একটি অকুশলস্কন্ধকে সম্প্রযুক্ত করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে সম্প্রযুক্ত করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে সম্প্রযুক্ত করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

৩৯৪. (৩) অব্যাকৃত ধর্মকে সম্প্রযুক্ত করে হেতু-প্রত্যয় অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত একটি স্কন্ধকে সম্প্রযুক্ত করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে সম্প্রযুক্ত করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে সম্প্রযুক্ত করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক-অব্যাকৃত একটি স্কন্ধকে সম্প্রযুক্ত করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে সম্প্রযুক্ত করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে সম্প্রযুক্ত করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

### ১. প্রত্যয় : অনুলোম

### ২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩৯৫. হেতুতে তিন, আলম্বনে তিন, অধিপতিতে তিন, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে তিন, আসেবনে তিন, কর্মে তিন, বিপাকে এক, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে তিন, অস্তিতে তিন, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে তিন।

[অনুলোম অধ্যায় সমাপ্ত]

### ২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়

**না-হেতু-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-২)

৩৯৬. (১) অকুশল ধর্মকে সম্প্রযুক্ত করে না-হেতু-প্রত্যয় দ্বারা অকুশল ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সম্প্রযুক্ত করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

৩৯৭. (২) অব্যাকৃত ধর্মকে সম্প্রযুক্ত করে না-হেতু-প্রত্যয় দ্বারা অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। অহেতুক (হেতুবিরহিত) বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত একটি স্কন্ধকে সম্প্রযুক্ত করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে সম্প্রযুক্ত করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে সম্প্রযুক্ত করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। আবার অহেতুক প্রতিসন্ধিক্ষণে বিপাক-অব্যাকৃত একটি স্কন্ধকে সম্প্রযুক্ত করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে সম্প্রযুক্ত করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে সম্প্রযুক্ত করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

Visit: http://www.buddhistdownload.com

### ২. প্রত্যয় : প্রতিলোম

### ২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩৯৮. না-হেতুতে দুই, না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-ধ্যানে তিন, না-মার্গে তিন, না-বিপ্রযুক্তে তিন। (সংক্ষিপ্ত)।

[প্রতিলোম অধ্যায় সমাপ্ত]

### ৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

### হেতু-প্রত্যয়

### দ্বিক

৩৯৯. হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন, না-পূর্বজাতে তিন, না-পশচাজাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-বিপ্রযুক্তে তিন। (সংক্ষিপ্ত)।

[অনুলোম-প্রতিলোম অধ্যায় সমাপ্ত]

### ৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

### না-হেতু-প্রত্যয়

### দ্বিক

৪০০. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই, অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে দুই, অন্যোন্যে দুই, নিশ্রয়ে দুই, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে দুই, আসেবনে দুই, কর্মে দুই, বিপাকে এক, আহারে দুই, ইন্দ্রিয়ে দুই, ধ্যানে দুই, মার্গে এক, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে দুই, অস্তিতে দুই, নাস্তিতে দুই, বিগতে দুই, অবিগতে দুই। (সংক্ষিপ্ত)।

[প্রতিলোম-অনুলোম অধ্যায় সমাপ্ত]

[সম্প্রযুক্তবার (এখানে) সমাপ্ত]

(সংশ্লিষ্টত্ব মানে হচ্ছে সম্প্রযুক্তত্ব এবং সম্প্রযুক্তত্ব মানে হচ্ছে সংশ্লিষ্টত্ব)।

## ৭. প্রশ্নবার

### ১. প্রত্যয় : অনুলোম—১. বিভঙ্গ অধ্যায়

### হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৭)

৪০১. (১) কুশল ধর্ম কুশল ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) কুশল ধর্ম অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল হেতুসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) কুশল ধর্ম কুশল এবং অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়

Visit: http://www.buddhistdownload.com

হয়। কুশল হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪০২. (৪) অকুশল ধর্ম অকুশল ধর্মের হেতু-প্রত্যয় দ্বারা প্রত্যয় হয়। অকুশল হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অকুশল ধর্ম অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল হেতুসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অকুশল ধর্ম অকুশল এবং অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪০৩. (৭) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক-অব্যাকৃত এবং ক্রিয়া-অব্যাকৃত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে বিপাক-অব্যাকৃত হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### **আলম্বন-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৯)

৪০৪. (১) কুশল ধর্ম কুশল ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পুণ্যাকাক্ষী ব্যক্তি) দান দিয়ে, শীল[১] পালন করে, উপোসথকর্ম[২] সম্পাদন করে, এগুলোকে প্রত্যবেক্ষণ (জ্ঞানপূর্বক যাচাই-বাছাই করেন) করেন। পূর্বকৃত সুকর্মসমূহ[৩] প্রত্যবেক্ষণ করেন। ধ্যান[৪] হতে উত্থিত হয়ে ধ্যানকে প্রত্যবেক্ষণ

---

[১]। শীল : শীল বলতে গৃহীদের পঞ্চশীল এবং অষ্টাঙ্গ উপোসথশীল, শ্রামণদের দশশীল এবং ভিক্ষুদের প্রতিমোক্ষ সংবরণশীল, ইন্দ্রিয় সংবরণশীল, আজীব পরিশুদ্ধশীল এবং প্রত্যয় সন্নিশ্রিতশীল। এ ছাড়া ১৩ প্রকার পরমার্থশীল বা ধুতাঙ্গ অনুশীলন শীলের অন্তর্গত।

[২]। উপোসথকর্ম : উপোসথ দুই প্রকার । যথা : গৃহী উপোসথ এবং ভিক্ষু উপোসথ। ধর্ম পালনের নিমিত্ত "বিকাল ভোজনাদি" না করে উপোসথ পালন করাকে গৃহী উপোসথ বলে। "পারিসুদ্ধি উপোসথ", "অঞ্‌ঞমঞ্‌ঞ উপোসথ", "সংঘ উপোসথ", ও সামগ্‌গী উপোসথ—এই চার প্রকারের উপোসথকে ভিক্ষু উপোসথ বলে। ভিক্ষুরা সাধারণত চতুর্দশী কিংবা পঞ্চদশীতে উপোসথকর্ম করে থাকেন।

[৩]। পূর্বকৃত সুকর্মসমূহ বলতে বিহার নির্মাণ, তীর্থ ভ্রমণ, শীল পালন, রাস্তাঘাট নির্মাণ, মাতাপিতার সেবা ইত্যাদি আগে থেকে স্বহস্তে সম্পাদিত নানাপ্রকার কুশল বা জনকল্যাণমূলক কর্মকে বুঝায়।

[৪]। ধ্যান : পালি 'ঝান' শব্দ থেকে 'ধ্যান' শব্দটি উদ্ভূত। এটি 'ঝা' ধাতু নিষ্পন্ন। ৪০টি শমথ ধ্যান বিষয়ের যেকোনো একটিকে অথবা বিদর্শন ভাবনাকে আলম্বন করে উন্নতিমূলক চিন্তাধারায় তদ্ভাবতদ্‌গত মানসিক প্রক্রিয়ার নাম ধ্যান বা সমাধি। ভদন্ত

Visit: http://www.buddhistdownload.com

করেন, শৈক্ষ্যগণ[১] গোত্রভূকে[২] প্রত্যবেক্ষণ করেন, বোদান বা বিশুদ্ধিকে[৩] প্রত্যবেক্ষণ করেন, শৈক্ষ্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে প্রত্যবেক্ষণ করেন, শৈক্ষ্যগণ বা পৃথগ্‌জনেরা[৪] কুশলকে অনিত্য, দুঃখ এবং অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন, চিত্তপর্যায়জ্ঞানের (পরচিত্ত-বিজানন-জ্ঞানের) দ্বারা কুশল (৮ কামাবচর, ৫ রূপাবচর, ৪ অরূপাবচর ও ৪ লোকোত্তর কুশল) চিত্তসমন্বিত ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন[৫] কুশল (চিত্ত) বিজ্ঞান-অনন্ত-আয়তন[৬] কুশলের (চিত্তের) আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

---

বুদ্ধঘোষ 'ঝান' বা 'ধ্যান' শব্দের এরূপ ব্যাখ্যা করেছেন : 'আরম্মণ উপনিজ্ঝনতো পচ্চনীকঝাপনতো বা ঝানং', অর্থাৎ আলম্বন বা ধ্যেয় বিষয়কে (আরম্মণ) নিকটে নিবিষ্টভাবে চিন্তা (ধ্যান) বলা হয়।

[১]। শৈক্ষ্য : শৈক্ষ্য পালিতে 'সেখ', শৈক্ষ্য শব্দের অর্থ শিশিক্ষু, শিক্ষাব্রতী। শিক্ষা করে এই অর্থে শৈক্ষ্য, সপ্ত আর্যপুদ্‌গল বা ব্যক্তি যিনি স্রোতাপত্তি, সকৃদাগামী, অনাগামী ও অর্হত্ত্বমার্গস্তরে উন্নীত হয়েছেন। কিন্তু অর্হত্ত্বফল আয়ত্ত করতে পারেননি এবং যাঁরা লোকোত্তর শীল, সমাধি ও প্রজ্ঞার শিক্ষায় শিক্ষারত, তাঁদের বলা হয় শৈক্ষ্য আর্যপুদ্‌গল।

[২]। গোত্রভূ : সাধক তাঁর সাধনার ক্রমোন্নতিতে সাংসারিক গৃহীশ্রেণিভুক্ত (পুথুজ্জনা) মনোভাবের অবসানে যখন স্রোতাপত্তি ইত্যাদি আর্যকুলের মনোভাবে পরিবর্তিত হয়ে উন্নীত হন, সেই সময়ের পূর্ব মুহূর্তকেই "গোত্রভূ" বলা হয়। অনুলোম-জ্ঞানের পরবর্তী স্তর গোত্রভূ-জ্ঞান। এই জবনের পর পরই সাধক মার্গ লাভ করেন।

[৩]। বিশুদ্ধি : বিশুদ্ধি সাত প্রকার। দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ বিমুক্তি স্তরে—চতুর্থ চিত্তক্ষণকে 'বোদান' বা 'বিশুদ্ধি' বলা হয় (তা গোত্রভূ নয়)। 'বোদান' অর্থে নির্মলতা সাধন বুঝায়। যদি পরিকর্ম-চিত্তক্ষণ পূর্বে উৎপন্ন হয়ে 'বোদান' চিত্তক্ষণ চতুর্থ চিত্তক্ষণরূপে উৎপন্ন হয়, অন্যথায় তৃতীয় চিত্তক্ষণ রূপে উৎপন্ন হয়। গোত্রভূ এবং বিশুদ্ধি একই জবন-স্থানেই উৎপন্ন হয়। কিন্তু গোত্রভূ এবং বিশুদ্ধি এক নয়।

[৪]। পৃথগ্‌জন : পৃথগ্‌জন দ্বিবিধ। যথা : অন্ধ-পৃথগ্‌জন ও কল্যাণ-পৃথগ্‌জন। যারা সাধনা মার্গে অগ্রসর হয়েছেন অথচ অষ্ট আর্যস্তরের কোনোটি লাভ করতে পারেননি তারা কল্যাণ-পৃথগ্‌জন। যারা বুদ্ধশাসনের বহির্ভূত তারা অন্ধ-পৃথগ্‌জন। পৃথক অর্থে নানা, বহু। নানাপ্রকার ক্লেশ জনন করে, বিবিধ সৎকায়দৃষ্টি তাদের মধ্যে অবস্থিত আছে, তারা বহু শাস্তার মুখাপেক্ষী ইত্যাদি বহু কারণে পৃথগ্‌জন নামে অভিহিত।

[৫]। আকাশ-অনন্ত-আয়তন : আকাশ অর্থে উৎপত্তি-বিলয়হীন অনন্ত আকাশ, আয়তন অর্থে আলম্বন বা অবলম্বন বুঝায়। অনন্ত আকাশকে অবলম্বন করে যে কুশল চিত্ত উৎপন্ন হয় তা-ই "আকাশ-অনন্ত-আয়তন কুশল চিত্ত"। এটি প্রথম অরূপাবচর কুশল ধ্যানচিত্ত। এ ভূমিতে ৪২টি বীথিচিত্ত উৎপন্ন হয়।

[৬]। বিজ্ঞান-অনন্ত-আয়তন : অনন্ত আকাশময় "অনন্ত চিত্তকে" অবলম্বন করে ধ্যানের মাধ্যমে যে কুশল চিত্ত উৎপন্ন হয় তা-ই "বিজ্ঞান-অনন্ত-আয়তন কুশল চিত্ত" এটি দ্বিতীয় অরূপাবচর ধ্যানচিত্ত। এ ভূমিতে ৪০টি বীথিচিত্ত উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

আকিঞ্চন-আয়তন[১] কুশল নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন[২] কুশলের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশলস্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের (নানাবিধ অলৌকিক শক্তির), চিত্তপর্যায়জ্ঞানের (পরচিত্ত-বিজানন-জ্ঞানের), পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের (জাতিস্মর-জ্ঞানের), যথাকর্মোপগ-জ্ঞানের (কর্ম-অনুযায়ী পুনর্জন্ম বিষয়ক জ্ঞানের) এবং অনাগতভব-জ্ঞানের (ভবিষ্যৎজন্ম বিষয়ক জ্ঞানের) আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪০৫. (২) কুশল ধর্ম অকুশল ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম সম্পাদন করে। এগুলোকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এগুলোকে ভিত্তি করে রাগ (অনুরাগ বা লোভ) উৎপন্ন হয়, দৃষ্টি (মিথ্যাদৃষ্টি বা ভ্রান্ত ধারণা) উৎপন্ন হয়, বিচিকিৎসা (সংশয় বা দ্বিমত) উৎপন্ন হয়, ঔদ্ধত্য (চঞ্চলতা বা অস্থিরতা) উৎপন্ন হয়, দৌর্মনস্য (মানসিক অশান্তি বা অস্বস্থি) উৎপন্ন হয়।[৩] পূর্বে তিনি যে-সমস্ত কুশলকর্ম সম্পন্ন করেছিলেন সে-সমস্ত কুশলকর্মসমূহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এটিকে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা উৎপন্ন হয়, ঔদ্ধত্য উৎপন্ন হয়, দৌর্মনস্য উৎপন্ন হয়। ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকেই আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এটিকে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা উৎপন্ন হয়, ঔদ্ধত্য উৎপন্ন হয়। ধ্যান পরিহীন হলে পরে (অনুতাপকারী ব্যক্তির) দুঃখ এবং দৌর্মনস্য উৎপন্ন হয়।

৪০৬. (৩) কুশল ধর্ম অব্যাকৃত ধর্মকে আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

---

[১]। আকিঞ্চন-আয়তন : এই অনন্ত "কিছুই না" এটির ভগ্নাংশও অবশিষ্ট নাই, অর্থাৎ এটি অবিদ্যামান। এই ধরণা, চিত্তের এই অবস্থা "আকিঞ্চন-আয়তন কুশল চিত্ত"। কিঞ্চন (কিছুর) অভাব অকিঞ্চন এবং অকিঞ্চনের ভাব "আকিঞ্চন। এটি তৃতীয় অরূপাবচর ধ্যানচিত্ত। এ ভূমিতে ৩৮টি বীথিচিত্ত উৎপন্ন হয়।

[২]। নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন : যখন রূপসংজ্ঞা ও প্রতিঘসংজ্ঞা অতিক্রম করে চিত্ত সংজ্ঞাও নহে, অসংজ্ঞাও নহে এরূপ অবস্থায় স্থিত হয় তা-ই নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন কুশলচিত্ত। এটি চতুর্থ অরূপাবচর ধ্যানচিত্ত। এ ভূমিতে ৩৬টি বীথিচিত্ত উৎপন্ন হয়।

[৩]। সৌমনস্য-সহগত লোভ-সম্প্রযুক্ত চিত্তের দ্বারা অনুভব করেন, অনুরক্ত হন। সপ্রীতিক তৃষ্ণাবশে আনন্দিত হন, হৃষ্ট-তুষ্ট হন (অতিশয় আনন্দিত হন)। তদ্ধেতু আস্বাদনকারীর রাগ উৎপন্ন হয়। এখানে রাগ বলতে ৮ লোভ-সহগত চিত্ত গ্রহণ করে বলা হচ্ছে। অভিনন্দনকারী নিত্য, সুখ, শুভ, আত্মাবলে গ্রহণ করে বলে ৪ মিথ্যাদৃষ্টি-সম্প্রযুক্ত চিত্ত উৎপন্ন হয়। সন্ধিগ্ধপরায়ণ বা সংশয়যুক্ত ব্যক্তির বিচিকিৎসা উৎপন্ন হয়। চিত্তবিক্ষেপগ্রস্ত ব্যক্তির ঔদ্ধত্য উৎপন্ন হয়। 'কুশলকর্ম আমার না করাই ভালো ছিল' বলে অনুতাপকারীর দৌর্মনস্য উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

**ক্ষীণাসব অর্হৎগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে প্রত্যবেক্ষণ করেন।**[১] পূর্বকৃত সুকর্মসমূহকে প্রত্যবেক্ষণ করেন। কুশলকে অনিত্য, দুঃখ এবং অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা কুশল চিত্তসমন্বিত ব্যক্তির চিত্তকে জানেন। শৈক্ষ্য কিংবা পৃথগ্‌জনেরা কুশলকে অনিত্য, দুঃখ এবং অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। কুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই জবনেরই আশু বিপাক স্বরূপ) বিপাক তদ্‌-আলম্বনতা[২] উৎপন্ন হয়। কুশলকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এটিকে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা উৎপন্ন হয়, ঔদ্ধত্য উৎপন্ন হয়, দৌর্মনস্য উৎপন্ন হয়। অকুশল চিত্তসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই জবনেরই আশু বিপাক স্বরূপ) বিপাক তদ্‌-আলম্বনতা উৎপন্ন হয়। আকাশ-অনন্ত-আয়তন কুশল বিজ্ঞান-অনন্ত-আয়তন বিপাকের এবং ক্রিয়ার আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকিঞ্চন-আয়তন কুশল নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন বিপাকের এবং ক্রিয়ার আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশলস্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন[৩]-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

---

[১]। সাধকের প্রত্যবেক্ষণ-বীথি বা জ্ঞান উৎপন্ন হলে তিনি এরূপে এর মীমাংসা করেন : "আমি একান্তই ঠিক এই জ্ঞান-মার্গ দিয়ে এসেছি বলে তিনি 'মার্গ'-ক্ষণের চিত্ত প্রত্যবেক্ষণ করেন। আমার এই 'ফল' লাভ হয়েছে বলে তিনি 'ফল' প্রত্যবেক্ষণ করেন। আমার এই এই ক্লেশ পরিত্যক্ত হয়েছে বলে তিনি 'পরিত্যক্ত-ক্লেশ' প্রত্যবেক্ষণ করেন। উপরি তিনটি আর্য মার্গ উৎপাদনে প্রতিবন্ধকস্বরূপ, আমার এই এই ক্লেশ এখনও বিদ্যমান রয়েছে বলে অবশিষ্ট 'বিদূরিতব্য-ক্লেশসমূহ' প্রত্যবেক্ষণ করেন। অবসানে আলম্বন হিসাবে আমার দ্বারা এই ধর্ম এই এই প্রকারে বোধগম্য হয়েছে বলে অমৃতময় 'নির্বাণ' প্রত্যক্ষ করেন। স্রোতাপন্ন আর্য-পদ্‌গলদের মনশ্চক্ষুর দর্শন এই প্রণালিতে হয়ে থাকে। স্রোতাপন্ন আর্য-পুদ্‌গলদের ন্যায় সকৃদাগামী, অনাগামীও উক্ত প্রকারে প্রত্যবেক্ষণ ও নির্বাণ দর্শন করে থাকেন। কিন্তু অর্হত্ত্ব-মার্গে শুধু প্রথম চারিটি প্রত্যবেক্ষণীয়, কারণ এই অবস্থা সমগ্র ক্লেশের ধ্বংসাবস্থা, তাতে বিদূরিতব্য ক্লেশ থাকে না।"

[২]। তদালম্বনতা বা তদারম্মণতা : সাধারণ অর্থে 'সেই বিষয়'। এটি জবন-কর্মের রসানুভব। তদালম্বন কুশলাকুশল চিত্তের আশু বিপাক অর্থাৎ যা বর্তমান জীবনে অনুভূত হয়। জবনবীথির পরক্ষণে জবনের অনুরূপ বিষয় গ্রহণের জন্য দুই চিত্তক্ষণ উৎপন্ন হয় বা একটিও উৎপন্ন হয় না। তাই তাদের তদালম্বনতা বলা হয়। তদালম্বনতার পর আবার চিত্তস্রোত ভবাঙ্গে পতিত হয়। তদালম্বন এই দুইয়ের মধ্যে উৎপন্ন হয় : ১. জবন এবং ভবাঙ্গ, এবং ২. জবন এবং চ্যুতি। কামলোকচিত্তে, কামজবনাবসানে, কামলোকস্থ সত্ত্বগণের জন্য তদালম্বনতা আশা করা যায়।

[৩]। আবর্তন-চিত্ত : রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য হতে কোন এক আলম্বনের স্পর্শে ওই ভবাঙ্গের, স্বীয় আলম্বন পরিত্যাগ করে ওই স্পৃষ্ট আলম্বন অভিমুখে আবর্তনের নাম

Visit: http://www.buddhistdownload.com

৪০৭. (৪) অকুশল ধর্ম অকুশল ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রাগকে (লোভনীয় আলম্বনকে) আস্বাদন করেন (স্বাদগ্রহণ করেন) এবং অভিনন্দিত করেন (আনন্দ অনুভব করেন), তদ্ধেতু একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, সংশয় (বিচিকিৎসা) উৎপন্ন হয়, চঞ্চলতা (ঔদ্ধত্য) উৎপন্ন হয়, মানসিক নিরানন্দতা (দৌর্মনস্য) উৎপন্ন হয়। (অনুরূপভাবে) দৃষ্টিকে (মিথ্যা বিষয়কে) আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তদ্ধেতু একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা উৎপন্ন হয়, ঔদ্ধত্য উৎপন্ন হয়, দৌর্মনস্য উৎপন্ন হয়। বিচিকিৎসাকে ভিত্তি করে বিচিকিৎসা উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, ঔদ্ধত্য উৎপন্ন হয়, দৌর্মনস্য উৎপন্ন হয়। ঔদ্ধত্যকে ভিত্তি করে ঔদ্ধত্য উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা উৎপন্ন হয়, দৌর্মনস্যকে ভিত্তি করে দৌর্মনস্য উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা উৎপন্ন হয়, ঔদ্ধত্য উৎপন্ন হয়।

৪০৮. (৫) অকুশল ধর্ম কুশল ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শৈক্ষ্যগণ প্রহীন[১] ক্লেশসমূহকে[২] প্রত্যবেক্ষণ করেন, অপ্রহীন ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে তিনি যে-সমস্ত ক্লেশতে অভ্যস্ত ছিলেন সে-সমস্ত ক্লেশসমূহকে জানেন। শৈক্ষ্যগণ কিংবা পৃথগ্জনেরা অকুশলসমূহকে অনিত্য, দুঃখ এবং অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা অকুশল চিত্তসমন্বিত ব্যক্তির চিত্তকে জানেন। অকুশলস্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের এবং অনাগতভব-জ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪০৯. (৬) অকুশল ধর্ম অব্যাকৃত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্ষীণাসব অর্হৎগণ প্রহীন ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে তিনি যে-সমস্ত ক্লেশতে অভ্যস্ত ছিলেন সে-সমস্ত ক্লেশসমূহকে জানেন। অকুশলকে

---

"আবর্জন"বা "আবর্তন"। যদি তা কায়িক বিষয় হয় তবে তাকে পঞ্চদ্বারাবর্তন এবং মানসিক বিষয় হলে তাকে মনোদ্বারাবর্তন বলা হয়। এই চিত্তে মনস্কারেরই প্রাধান্য। চিত্তের এই আবর্তন অবস্থা হতেই বীথি-ভ্রমণ আরম্ভ হয়। এই আবর্তন-চিত্ত ক্রিয়াচিত্ত।

[১]। স্রোতাপত্তিলাভীর সৎকায়দৃষ্টি, বিচিকিৎসা ও শীলব্রত পরামর্শ ধ্বংস হয়; সকৃদাগামীলাভীর সৎকায়দৃষ্টি, বিচিকিৎসা ও শীলব্রত পরামর্শের পরিপূর্ণ ধ্বংস এবং কামরাগ ও ব্যাপাদের তনুভাব হয়; অনাগামীলাভীর সৎকায়দৃষ্টি, বিচিকিৎসা ও শীলব্রত পরামর্শ কামরাগ ও ব্যাপাদ পরিপূর্ণ ধ্বংস হয়; অর্হত্ত্বলাভীর রূপরাগ, অরূপরাগ, মান, ঔদ্ধত্য ও অবিদ্যা ধ্বংসে ক্লেশশূন্য হয়।

[২]। ক্লেশ : যদ্দ্বারা চিত্ত কুশল কলুষিত, পরিতপ্ত, ব্যাধি-গ্রস্ত, মলিন ও নীচ হয়, তা-ই চিত্তের ক্লেশ বা ক্লেদ। এটি দশ প্রকার। যথা : লোভ, দ্বেষ, মোহ, মান, দৃষ্টি, বিচিকিৎসা, স্ত্যান, ঔদ্ধত্য, অহ্রী ও অনপত্রপা।

Visit: http://www.buddhistdownload.com

অনিত্য, দুঃখ এবং অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা অকুশল (১২ অকুশল চিত্ত) চিত্তসমন্বিত ব্যক্তির চিত্তকে জানেন। শৈক্ষ্যগণ বা পৃথগ্‌জনেরা অকুশলসমূহকে অনিত্য, দুঃখ এবং অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। কুশল চিত্তসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই জবনেরই আশু বিপাক স্বরূপ) বিপাক তদ্‌-আলম্বনতা উৎপন্ন হয়। অকুশলকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তদ্ধেতু রাগ উৎপন্ন হয়, (মিথ্যা) দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা উৎপন্ন হয়, ঔদ্ধত্য উৎপন্ন হয়, দৌর্মনস্য উৎপন্ন হয়। অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই জবনেরই আশু বিপাক স্বরূপ) বিপাক তদ্‌-আলম্বনতা উৎপন্ন হয়। অকুশলস্কন্ধসমূহ চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪১০. (৭) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্ষীণাসব অর্হৎগণ[১] (মার্গ) ফলকে[২] প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে[৩] প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ (মার্গ) ফলের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অর্হৎগণ চক্ষুকে অনিত্য, দুঃখ এবং অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন (অনুরূপভাবে) শ্রোত্রকে (কর্ণকে)... ঘ্রাণকে (নাসিকাকে)... জিহ্বাকে... কায়কে... রূপকে (দৃশ্যমান বস্তুকে)... শব্দকে... গন্ধকে... রসকে... স্প্রষ্টব্যকে (স্পর্শ যোগ্য বিষয়কে)... (হৃদয়) বাস্তুকে... বিপাক-অব্যাকৃত এবং ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ এবং অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের (কর্ণের) দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত (৩৬ বিপাক ও ২০ ক্রিয়াচিত্ত) চিত্তসমন্বিত ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন ক্রিয়া বিজ্ঞান-অনন্ত-আয়তন ক্রিয়ার আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকিঞ্চন-আয়তন ক্রিয়া (ক্রিয়া-চিত্ত একমাত্র অর্হতের চিত্ত কিন্তু পঞ্চদ্বারাবর্তন ও মনোদ্বারাবর্তন ক্রিয়া-চিত্তদ্বয়

---

১। অর্হৎ : অরি + হত = অর্হৎ। নির্বাণের পথে সমস্ত অরি বা অন্তরায় যিনি ছিন্ন ও নিহত করেন তিনিই অর্হৎ। তিনিই নামরূপবিমুক্ত ও দুঃখপারগত।

২। ফল : ফল চার প্রকার। যথা : স্রোতাপত্তিফল, সকৃদাগামীফল, অনাগামীফল, ও অর্হত্ত্বফল। মার্গচিত্তক্ষণের পরেই ফলচিত্ত উৎপন্ন হয়। ফলচিত্ত অনুশীলিত অবস্থা। ফলচিত্ত দুই চিত্তক্ষণিক। যা জীবনে একবার মাত্র অনুভূত হয়।

৩। নির্বাণ : নি = নিষ্ক্রন্ত, বান = তৃষ্ণা—"বানতো নিক্‌খন্তং নিব্বানং" তৃষ্ণা হতে নিষ্ক্রান্ত হওয়াই নির্বাণ। "সব্বাসো তণ্‌হানং খয অসেস বিরাগ নিরোধ নিব্বানং"। নির্বাণ নাম ধর্ম। সমস্ত তৃষ্ণাক্ষয়ের ও সম্পূর্ণ আসক্তি শূন্যতার দরুন পুনর্জন্ম নিরোধই নির্বাণ।

Visit: http://www.buddhistdownload.com

সকল পুদ্‌গলের উৎপন্ন হয়) নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ক্রিয়ার আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (তদ্রূপ) শব্দ-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... গন্ধ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... রস-আয়তন জিহ্বা-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অব্যাকৃত স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধি-জ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪১১. (৮) অব্যাকৃত ধর্ম কুশল ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শৈক্ষ্য (শিশিক্ষুগণ) (মার্গ) ফলকে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির (শুদ্ধতার), মার্গের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শৈক্ষ্য বা পৃথগ্‌জনেরা (মার্গফলহীন ব্যক্তিরা) চক্ষুকে অনিত্য, দুঃখ এবং অনাত্মাদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। (একইভাবে) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপকে... শব্দকে... গন্ধকে... রসকে... স্প্রষ্টব্যকে... (হৃদয়) বাস্তুকে... বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহকে অনিত্য, দুঃখ এবং অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন[১]। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন, চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত চিত্তসমন্বিত ব্যক্তির চিত্তকে জানেন। অব্যাকৃত স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধি-জ্ঞানের, চিত্তপর্যায়-জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪১২. (৯) অব্যাকৃত ধর্ম অকুশল ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ব্যক্তি) চক্ষুকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। এটিকে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা উৎপন্ন হয়, ঔদ্ধত্য উৎপন্ন হয়, দৌর্মনস্য উৎপন্ন হয়। (একইভাবে) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপকে... শব্দকে... গন্ধকে... স্প্রষ্টব্যকে... (হৃদয়) বাস্তুকে... বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। এটিকে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা উৎপন্ন হয়, ঔদ্ধত্য উৎপন্ন হয়, দৌর্মনস্য উৎপন্ন হয়।

---

[১]। তিনি নাম-রূপের লক্ষণত্রয় অনিত্যতা-দুঃখময়তা-অনাত্মতা লৌকিক জ্ঞানে পুনঃপুন ভাবনা করেন এবং বুঝতে পারেন যে, নাম-রূপ ক্ষয় স্বভাব ও বিপরিণামধর্মী; সুতরাং "অনিত্য"। অনিত্যধর্মী বলে "হারাই হারাই, সদা ভয় পাই," তাই এটি ভয়াবহ এবং ভংঙ্করঃ এজন্য "দুঃখ"। "নাম-রূপ" প্রত্যয়-সমুৎপন্ন, স্বাবলম্বনহীন, আহারসাপেক্ষ; সুতরাং অসার, সুতরাং "অনাত্মা"।

Visit: http://www.buddhistdownload.com

**অধিপতি-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-১০)

৪১৩. (১) কুশল ধর্ম কুশল ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি ও সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** (পুণ্যকামী ব্যক্তি) দান দিয়ে, শীল পালন (আচরণ) করে, উপোসথকর্ম করে, একে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। শৈক্ষ্যগণ গোত্রভূকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। বিশুদ্ধিকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। শৈক্ষ্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। **সহজাত-অধিপতি :** কুশল-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪১৪. (২) কুশল ধর্ম অকুশল ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম করে, একে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন, একে গুরুত্ব প্রদান করার কারণে (আস্বাদনকারীর) রাগ (লোভ) উৎপন্ন হয়, (নিত্য, সুখ, শুভ ও আত্মা হিসেবে গ্রহণকারীর) (মিথ্যা) দৃষ্টি উৎপন্ন হয়। পূর্বকৃত সুকর্মসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকেই গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব প্রদান করার কারণে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়।

(৩) কুশল ধর্ম অব্যাকৃত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি ও সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** অর্হৎগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকেই গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। **সহজাত-অধিপতি :** কুশল-অধিপতি চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) কুশল ধর্ম কুশল এবং অব্যাকৃত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** কুশল-অধিপতি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪১৫. (৫) অকুশল ধর্ম অকুশল ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি ও সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** রাগকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, (মিথ্যা) দৃষ্টি উৎপন্ন হয়। (তদ্রূপ) দৃষ্টিকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয় এবং দৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অকুশল-অধিপতি-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৬) অকুশল ধর্ম অব্যাকৃত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অকুশল-অধিপতি চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অকুশল ধর্ম অকুশল এবং অব্যাকৃত ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অকুশল-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪১৬. (৮) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের অধিপতি প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি ও সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** অর্হৎগণ (মার্গ) ফলকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ (মার্গ) ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থান-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অব্যাকৃত ধর্ম অকুশল ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** শৈক্ষ্যগণ ফলকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, মার্গের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১০) অব্যাকৃত ধর্ম অকুশল ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** চক্ষুকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, (মিথ্যা) দৃষ্টি উৎপন্ন হয়। (অনুরূপভাবে) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপকে... শব্দকে... গন্ধকে... রসকে... স্প্রষ্টব্যকে... (হৃদয়) বাস্তুকে... বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহকে গুরুত্ব-সহকারে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, (মিথ্যা) দৃষ্টি উৎপন্ন হয়।

### **অনন্তর-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৭)

৪১৭. (১) কুশল ধর্ম কুশল ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব কুশলস্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী কুশলস্কন্ধমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম বিশুদ্ধির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ মার্গের[১] অনন্তর-প্রত্যয়ের

---

[১]। মার্গ : মার্গ অর্থ পথ বা উপায়। এটি চার প্রকার। যথা : স্রোতাপত্তিমার্গ, সকৃদাগামীমার্গ, অনাগামীমার্গ ও অর্হত্ত্বমার্গ। অর্থকারেরা বলেন, "কিলেসে মারেন্তো গচ্ছতী'তি মগ্‌গো" অর্থাৎ যেই উপায়ে চিত্তের ক্লেশসমূহকে ক্ষয় করতে করতে

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা প্রত্যয় হয়। বিশুদ্ধির মার্গের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়[১]।

(২) কুশল ধর্ম অব্যাকৃত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল উত্থানের... মার্গ ফলের... অনুলোম-জ্ঞান[২] শৈক্ষ্যগণের ফল-সমাপত্তির... নিরোধ সমাপত্তি[৩] হতে উত্থিত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ফল-সমাপত্তির[৪] অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়[৫]।

---

ক্রমোন্নতির পথে অগ্রসর হওয়া যায়, সেই উপায়ই মার্গ।

[১]। লোকোত্তর অর্পণা জবন-বীথি উৎপত্তির প্রণালি :

| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|---|
| পরিকর্ম | উপাচার | অনুলোম | গোত্রভূ | বিশুদ্ধি | মার্গ | ফল | ফল |

[২]। অনুলোম : অনুলোম অর্থে যা আনুপূর্বিক পূর্বাপর অনুকূল। উপাচার ধ্যান চিত্তের তৃতীয় জবনের নাম অনুলোম। অনুলোম চিত্তক্ষণে চিত্ত সম্পূর্ণ নির্মল হয়ে ধ্যান চিত্তে পরিস্ফুট হবার উপযুক্ত হয়। যার মধ্যে স্থির থেকে "উদয়-ব্যয় জ্ঞান" হতে "সংস্কার-উপেক্ষা জ্ঞান" এই আট প্রকার বিদর্শনজ্ঞানের স্ব স্ব কার্য সম্পাদনে সাইত্রিশ প্রকার "বোধিপক্ষীয় ধর্ম " হৃদয়ঙ্গমের অনুকূল, তা-ই অনুলোমজ্ঞান।

[৩]। নিরোধসমাপত্তি : যেই অনাগামী বা অর্হৎ রূপাবচর ও অরূপাবচর-ধ্যানে অভ্যস্ত, তিনি যদি ফল-সমাপত্তিতে নির্বাণ শুধু উপলব্ধি করে ক্ষান্ত না হন এবং যদি তাঁর সেই জীবনে লব্ধ-নির্বাণ উপভোগে উচ্ছুক হন, তবে তিনি নিরোধসমাপত্তি-ধ্যানে মগ্ন হন। নিরোধসমাপত্তিতে অবস্থান কালে চিত্ত-স্রোত সাময়িক নিরুদ্ধ হয়, তাই এই নামে অভিহিত হয়। এ অবস্থায় চিত্ত ক্রিয়া নিরুদ্ধ হয় বটে তবে জীবিতেন্দ্রিয় সজীব থাকে। অনাগামী এবং অর্হৎ যাঁরা রূপ এবং অরূপ ধ্যান পরিবর্ধন করেছেন তাঁরাই কেবল এ সর্বোত্তম ধ্যান সুখ করতে সক্ষম। এই ধ্যানে সর্বোচ্চ সাত দিন পর্যন্ত থাকা যায়। এই ধ্যানে স্থিতাবস্থায় কালক্রিয়া হয় না।

[৪]। ফল-সমাপত্তি : সমাপত্তি অর্থ মহাপ্রাপ্তি; ফল-সমাপত্তি চার প্রকার। যথা : স্রোতাপত্তি ফল-সমাপত্তি, সকৃদাগামী ফল-সমাপত্তি, অনাগামী ফল-সমাপত্তি ও অর্হত্ত্ব ফল-সমাপত্তি প্রত্যেক আর্য-পুদ্‌গল, তাঁর উচ্চতর মার্গ লাভের পূর্বে, প্রাপ্ত মার্গের ফল উপভোগ করতে করতে কাল যাপন করেন। এরূপ অনির্দিষ্ট দীর্ঘকালব্যাপী ফল উপভোগের নাম "ফল-সমাপত্তি"। ফলস্থ আর্য-পুদ্‌গল চতুষ্টয়ের ফল-সমাপত্তি বীথি স্ব স্ব লব্ধ ফলানুসারে একই প্রকার।

[৫]। নিরোধসমাপত্তিকালে (ধ্যানে চিত্তবৃত্তি নিরূদ্ধ হওয়ার সময়) চতুর্থ অরূপ-চিত্তের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞার) জবন দুবার মাত্র জবিত হয়ে নিরোধ প্রাপ্ত হয়। এবং সেই অবস্থা হতে পুনরুত্থানকালে অনাগামীফলচিত্ত বা অর্হত্ত্বফলচিত্ত পুদ্‌গলানুরূপে একবার উৎপন্ন হয়ে নিরুদ্ধ হয় এবং তদনন্তর ভবাঙ্গে পতিত হয়। নিরোধসমাপত্তি-ধ্যানে মগ্ন হবার কালে প্রথম বাক্‌ক্রিয়া, তৎপর কায়ক্রিয়া, তৎপর চিত্তক্রিয়া রূদ্ধ হয়। অর্থাৎ প্রথম বিতর্ক-বিচার, তৎপর নিশ্বাস-প্রশ্বাস, তৎপর সংজ্ঞা-বেদনা নিরুদ্ধ হয়। এবং এই ধ্যান হতে উত্থিত হবার

Visit: http://www.buddhistdownload.com

(৩) অকুশল ধর্ম অব্যাকৃত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অকুশলস্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অকুশলস্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অকুশল ধর্ম অব্যাকৃত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল (ধর্ম) উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ভবাঙ্গ[১] আবর্তন-চিত্তের... ক্রিয়া (চিত্ত) উত্থানের... অর্হতের অনুলোম-জ্ঞান ফল-সমাপত্তির... নিরোধসমাপত্তি হতে উত্থিত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন (সংজ্ঞাও নেই অসংজ্ঞাও নেই) ক্রিয়া ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অব্যাকৃত ধর্ম কুশল ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত কুশলস্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অব্যাকৃত ধর্ম অকুশল ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত অকুশলস্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

**সমনন্তর-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৭)

৪১৮. (১) কুশল ধর্ম কুশল ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব কুশলস্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী কুশলস্কন্ধসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম বিশুদ্ধির সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ মার্গের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিশুদ্ধি মার্গের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) কুশল ধর্ম অব্যাকৃত ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল (ধর্ম) উত্থানের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ ফলের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম শৈক্ষ্যগণের ফল-সমাপত্তির সমনন্তর-

---

কালে প্রথম চিত্তসংস্কার, তৎপর কায়সংস্কার, সর্বশেষে বাক্‌সংস্কার বা বিতর্ক-বিচার উৎপন্ন হয়।

[১]। ভবাঙ্গ : ভব+অঙ্গ = জীবনের অঙ্গ বা অনিবার্য কারণ বা জীবনের প্রত্যয়। ভবাঙ্গ অবচেতন মনের ক্রিয়াকে (বা মুহূর্তকে) বুঝায়। যেই প্রতিসন্ধি-বিজ্ঞান, নবীন জন্মের সাথে প্রতিসন্ধি ঘটায়, সেই প্রতিসন্ধি-বিজ্ঞান, প্রতিসন্ধিক্ষণের পরবর্তী ক্ষণ হতে বীথিচিত্তোৎপত্তির অনুপস্থিতে, ভবের (অস্তিত্বের) অঙ্গ বা কারণরূপে, আমরণ প্রবাহিত হতে থাকে। ভবের অঙ্গরূপী এবম্বিধ প্রতিসন্ধি-বিজ্ঞানের নাম "ভবাঙ্গ"। তরঙ্গহীন নদীর স্রোতের ন্যায় ভবাঙ্গ-স্রোত আমৃত্যু পর্যন্ত শান্তভাবে প্রবহমান।

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিরোধসমাপত্তি হতে উত্থিত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন কুশল ফল-সমাপত্তি সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অকুশল ধর্ম অকুশল ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অকুশলস্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অকুশলস্কন্ধসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অকুশল ধর্ম অব্যাকৃত ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল উত্থানের (তৎক্ষণাৎ ধ্যান হতে ওঠার) সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ভবাঙ্গ (প্রবহমান চিত্ত) অবর্তনে-চিত্তের... ক্রিয়া উত্থানের... নিরোধসমাপত্তি হতে উত্থিত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ক্রিয়া ফল-সমাপত্তির সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অব্যাকৃত ধর্ম কুশল ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত কুশলস্কন্ধসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অব্যাকৃত ধর্ম অকুশল ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত অকুশলস্কন্ধসমূহের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### **সহজাত-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৯)

৪১৯. (১) কুশল ধর্ম কুশল ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি কুশলস্কন্ধ তিনটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) কুশল ধর্ম অব্যাকৃত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশলস্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) কুশল ধর্ম কুশল এবং অব্যাকৃত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি কুশলস্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অকুশল ধর্ম অকুশল ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি অকুশলস্কন্ধ তিনটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের

Visit: http://www.buddhistdownload.com

সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অকুশল ধর্ম অব্যাকৃত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশলস্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অকুশল ধর্ম অকুশল এবং অব্যাকৃত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি অকুশলস্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(ক) বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(খ) প্রতিসন্ধিক্ষণে বিপাক-অব্যাকৃত একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(গ) একটি মহাভূত তিনটি মহাভূতের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি মহাভূত একটি মহাভূতের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি মহাভূত দুটি মহাভূতের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মহাভূতসমূহ উপাদা-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(ঘ) বাহ্যিক একটি মহাভূত তিনটি মহাভূতের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি মহাভূত একটি মহাভূতের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি মহাভূত দুটি মহাভূতের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মহাভূতসমূহ উপাদা-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(ঙ) আহার-সমুত্থিত একটি মহাভূত তিনটি মহাভূতের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি মহাভূত একটি মহাভূতের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি মহাভূত দুটি মহাভূতের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মহাভূতসমূহ উপাদা-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(চ) ঋতু-সমুত্থিত একটি মহাভূত তিনটি মহাভূতের সহজাত প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়। তিনটি মহাভূত একটি মহাভূতের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি মহাভূত দুটি মহাভূতের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মহাভূতসমূহ উপাদা-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(ছ) অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূত তিনটি মহাভূতের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি মহাভূত একটি মহাভূতের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি মহাভূত দুটি মহাভূতের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মহাভূতসমূহ উপাদা-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) কুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ অব্যাকৃত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশলস্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ অব্যাকৃত ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশলস্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

**অন্যোন্য-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

৪২০. (১) কুশল ধর্ম কুশল ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি কুশলস্কন্ধ তিনটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অকুশল ধর্ম অকুশল ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি অকুশলস্কন্ধ তিনটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(ক) বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত একটি স্কন্ধ তিনটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(খ) প্রতিসন্ধিক্ষণে বিপাক-অব্যাকৃত একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(গ) একটি মহাভূত তিনটি মহাভূতের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি মহাভূত একটি মহাভূতের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি মহাভূত দুটি মহাভূতের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(ঘ-ছ) বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূত তিনটি মহাভূতের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি মহাভূত একটি মহাভূতের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি মহাভূত দুটি মহাভূতের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

**নিশ্রয়-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-১৩)

৪২১. (১) কুশল ধর্ম কুশল ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি কুশলস্কন্ধ তিনটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) কুশল ধর্ম অব্যাকৃত ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশলস্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) কুশল ধর্ম কুশল এবং অব্যাকৃত ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি কুশলস্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অকুশল ধর্ম অকুশল ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি অকুশলস্কন্ধ তিনটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অকুশল ধর্ম অব্যাকৃত ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশলস্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অকুশল ধর্ম অকুশল এবং অব্যাকৃত ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি অকুশলস্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের নিশ্রয় প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(ক) বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(খ) প্রতিসন্ধিক্ষণে বিপাক-অব্যাকৃত একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(গ) একটি মহাভূত তিনটি মহাভূতের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি মহাভূত একটি মহাভূতের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি মহাভূত দুটি মহাভূতের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মহাভূতসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের, কর্ম-সমুত্থিত-রূপসমূহের এবং উপাদা-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(ঘ-ছ) বাহ্যিক... আহার-সমুত্থিত... ঋতু-সমুত্থিত... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূত তিনটি মহাভূতের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি মহাভূত একটি মহাভূতের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মহাভূতসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের, কর্ম-সমুত্থিত-রূপসমূহের এবং উপাদা-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(জ) চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অনুরূপভাবে) শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অব্যাকৃত ধর্ম কুশল ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু কুশলস্কন্ধসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অব্যাকৃত ধর্ম কুশল ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু অকুশলস্কন্ধসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৪২২. (১০) কুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ কুশল ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি কুশলস্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুর একটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুর দুটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(১১) কুশল এবং অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশলস্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১২) অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ অকুশল ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি অকুশলস্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুর একটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুর দুটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৩) অকুশল এবং অব্যাকৃত ধর্মসমূহ অব্যাকৃত ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশলস্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

**উপনিশ্রয়-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৯)

৪২৩. (১) কুশল ধর্ম কুশল ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়। **আলম্বন-উপনিশ্রয় :** দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম সম্পাদন করে একেই গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। পূর্বে তিনি যে-সমস্ত কুশলকর্ম সম্পাদন করেছিলেন সে-সমস্ত কুশলকর্মসমূহকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকেই গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। শৈক্ষ্য (শিশিক্ষুগণ) গোত্রভূকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন, বিশুদ্ধিকে গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। শৈক্ষ্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকেই গুরুত্ব-সহকারে প্রত্যবেক্ষণ করেন। **অনন্তর-উপনিশ্রয় :** পূর্ব পূর্ব কুশলস্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী কুশলস্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির... গোত্রভূ মার্গের... বিশুদ্ধি মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে (শ্রদ্ধা বা বিশ্বাসবশে) দান দেন[১], শীল পালন করেন, উপোসথকর্ম করেন, ধ্যান উৎপন্ন করেন[২], বিদর্শন উৎপন্ন করেন[৩], মার্গ উৎপন্ন

---

[১]। কুশল কুশলের উপনিশ্রয় হয়। যেমন, শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান, শীল, ভাবনা করা হয়। প্রজ্ঞাকে উপনিশ্রয় করে কুশল কর্ম করা হয়। পূর্বকৃত দান-শীল-ভাবনা, পরবর্তী দান-শীল-ভাবনার উপনিশ্রয় হয়।

[২]। ধ্যান বলতে প্রথমাদি পাঁচ রূপাবচর ধ্যান এবং আকাশ-অনন্ত-আয়তনাদি চার অরূপাবচর ধ্যান উৎপন্ন করেন।

[৩]। বিদর্শন : 'বিদর্শন' বি+দিস ধাতু নিষ্পন্ন, যার অর্থ বিশেষভাবে দেখা। নাম-রূপ তথা সমগ্র সংস্কার ধর্মকে বিবিধাকারে বা অনিত্য, দুঃখ ও অনাত্মারূপে দর্শনই বিদর্শন।

Visit: http://www.buddhistdownload.com

করেন, অভিজ্ঞা[১] উৎপন্ন করেন, সমাপত্তি[২] উৎপন্ন করেন। (তদ্রূপ) শীলকে... শ্রুতিকে... ত্যাগকে (বদন্যতাকে)... প্রজ্ঞাকে (এটি অমোহ চৈতসিক) উপনিশ্রয়কে দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন, ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন উৎপন্ন করেন, মার্গ উৎপন্ন করেন, অভিজ্ঞা উৎপন্ন করেন, সমাপত্তি উৎপন্ন করেন। এই কারণে শ্রদ্ধা... শীল... শ্রুতি... ত্যাগ... প্রজ্ঞা... শ্রদ্ধার... শীলের... শ্রুতির... ত্যাগের... প্রজ্ঞার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রথম ধ্যানের[৩] পরিকর্ম[৪] প্রথম ধ্যানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বিতীয় ধ্যানের[৫] পরিকর্ম দ্বিতীয় ধ্যানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তৃতীয় ধ্যানের[৬] পরিকর্ম তৃতীয় ধ্যানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চতুর্থ ধ্যানের[৭] পরিকর্ম চতুর্থ ধ্যানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকাশ-অনন্ত-আয়তনের পরিকর্ম আকাশ-অনন্ত-আয়তনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিজ্ঞান-অনন্ত-আয়তনের পরিকর্ম বিজ্ঞান-অনন্ত-আয়তনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকিঞ্চন-আয়তনের পরিকর্ম আকিঞ্চন-আয়তনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের পরিকর্ম নৈব-সংজ্ঞা-না সংজ্ঞা-আয়তনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রথম ধ্যান দ্বিতীয় ধ্যানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বিতীয় ধ্যান তৃতীয় ধ্যানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তৃতীয় ধ্যান চতুর্থ ধ্যানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চতুর্থ ধ্যান আকাশ-অনন্ত-আয়তনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকাশ-অনন্ত-

---

বিদর্শনের প্রকৃত উদ্দেশ্য হলো বিমুক্তি লাভের মানসে প্রত্যেক বিষয়কে যথাভূত দর্শন করা।

[১]। অভিজ্ঞা : উচ্চতর জ্ঞান। এটি লোকীয় ও লোকোত্তর ভেদে দ্বিবিধ। বিবিধ ঋদ্ধি, দিব্যশ্রোত্র, পরচিত্ত-বিজাননজ্ঞান, অতীত জন্মপরম্পরার স্মৃতি ও দিব্যচক্ষু বা সত্ত্বগণের জন্ম-মৃত্যু সম্বন্ধে জ্ঞানই 'লোকীয় অভিজ্ঞা'। এদের সাথে তৃষ্ণাক্ষয়ের সম্বন্ধ গৌন। লোকোত্তর অভিজ্ঞা 'আসবক্ষয়জ্ঞান' এটিতেই প্রকৃত দুঃখমুক্তি ঘটে।

[২]। সমাপত্তি : সম+আপত্তি (প্রাপ্তি) = সমাপত্তি অর্থাৎ সম্যকরূপে প্রাপ্তিই সমাপত্তি। সমাপত্তি বলতে ধ্যানের সুখময় অবস্থাকে বুঝায়। সমাপত্তি নয় প্রকার। যথা : অষ্টসমাপত্তি (চার রূপাবচর ধ্যান এবং চার অরূপাবচর ধ্যান সমাপত্তি) এবং নিরোধসমাপত্তি।

[৩]। কাম এবং অকুশল ধর্ম পরিত্যাগ করে একাগ্রতা-সমন্বিত হয়ে বিহার করা প্রথম ধ্যান।

[৪]। পরিকর্ম : এটি উপাচার-ধ্যান চিত্তের প্রথম জবন। এটির পারিভাষিক নাম পরিকর্ম। অর্থাৎ ধ্যান-চিত্ত উৎপত্তির পর্বাবস্থা বা প্রস্তুত হওয়ার চিত্তকে বুঝায়।

[৫]। বিতর্ক ও বিচার বর্জিত একাগ্রতা-সমন্বিত হয়ে বিহার করা দ্বিতীয় ধ্যান।

[৬]। প্রীতি বিরাগ বর্জিত একাগ্রতা-সহযোগে বিহার করা তৃতীয় ধ্যান।

[৭]। কায়িক সুখ-দুঃখ ত্যাগ করে একাগ্রতায় স্মৃতি পরিশুদ্ধ হয়ে বিহার করা চতুর্থ ধ্যান।

Visit: http://www.buddhistdownload.com

আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিজ্ঞান-অনন্ত-আয়তন আকিঞ্চন-আয়তনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দিব্যচক্ষুর পরিকর্ম দিব্যচক্ষুর উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দিব্যশ্রোত্রের পরিকর্ম দিব্যশ্রোত্রের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিবিধ ঋদ্ধিজ্ঞানের পরিকর্ম বিবিধ ঋদ্ধিজ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বার প্রত্যয় হয়। চিত্তপর্যায়জ্ঞানের পরিকর্ম চিত্তপর্যায়-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের পরিকর্ম পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। যথাকর্মোপগ-জ্ঞানের পরিকর্ম যথাকর্মোপগ-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনাগতভব-জ্ঞানের পরিকর্ম অনাগতভব-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দিব্যচক্ষু দিব্যশ্রোত্রের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দিব্যশ্রোত্র বিবিধ ঋদ্ধিজ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিবিধ ঋদ্ধিজ্ঞান চিত্তপর্যায়-জ্ঞানের উপনিশ্রয় প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চিত্তপর্যায়জ্ঞান পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞান যথাকর্মোপগ-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। যথাকর্মোপগ-জ্ঞান অনাগতভব-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রথম মার্গের (স্রোতাপত্তির) পরিকর্ম প্রথম মার্গের (স্রোতাপত্তির) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বিতীয় মার্গের (সকৃদাগামীর) পরিকর্ম দ্বিতীয় মার্গের (সকৃদাগামীর) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তৃতীয় মার্গের (অনাগামীর) পরিকর্ম তৃতীয় মার্গের (অনাগামীর) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চতুর্থ মার্গের (অর্হত্ত্বের) পরিকর্ম চতুর্থ মার্গের (অর্হত্ত্বের) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রথম মার্গ (স্রোতাপত্তি) দ্বিতীয় মার্গের (সকৃদাগামীর) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বিতীয় মার্গ (সকৃদাগামী) তৃতীয় মার্গের (অনাগামীর) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তৃতীয় মার্গ (অনাগামী) চতুর্থ মার্গের (অর্হত্ত্বের) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শৈক্ষ্যগণ মার্গকে উপনিশ্রয় করে অনুৎপন্ন সমাপত্তিকে উৎপন্ন করেন, যা উৎপন্ন হয়েছে তাতে অধিষ্ঠিত থাকেন, সমস্ত সংস্কারকে[১] অনিত্য, দুঃখ এবং

---

[১]। সংস্কার : পরমার্থ সত্যানুযায়ী চিত্তবৃত্তিসমূহ ৫২ প্রকার। বেদনা ও সংজ্ঞা ব্যতীত অশিষ্ট ৫০ প্রকার চিত্তবৃত্তিসমূহকে "সংস্কার" বলে। চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায় ও মন-সংস্পর্শ হতে চিত্তবৃত্তি বা চেতনা উদ্ভব হয়। অতীত, অনাগত ও বর্তমান অভ্যন্তরস্থ কিংবা বাহ্যিক স্থূল, সূক্ষ্মহীন, প্রণীত, দূরস্থ বা নিকটস্থ কামবচরাদি চতুর্বিধ ভূমির চেতনা রাশির সমষ্টিগত নাম "সংস্কার স্কন্ধ"। কুশল, অকুশল, অনেঞ্জা, কায়, বাক্য ও চিত্ত-

Visit: http://www.buddhistdownload.com

অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। মার্গ শৈক্ষ্যদের অর্থ-প্রতিসম্ভিদার[১], ধর্ম-প্রতিসম্ভিদার[২], নিরুক্তি-প্রতিসম্ভিদার[৩], প্রতিভান-প্রতিসম্ভিদার[৪] এবং দোষ-অদোষ বিষয়ক দক্ষতা-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) কুশল ধর্ম অকুশল ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়[৫]। (এটি দ্বিবিধ)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়। **আলম্বন-উপনিশ্রয় :** দান দিয়ে, শীল পালন করে, উপোসথকর্ম সম্পাদন করে, একেই গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, (মিথ্যা) দৃষ্টি উৎপন্ন হয়। পূর্বকৃত সুকর্মসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, (মিথ্যা) দৃষ্টি উৎপন্ন হয়। ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকেই গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, (মিথ্যা) দৃষ্টি

---

সংস্কার ভেদে ছয় প্রকার। কর্মকেই সাধারণত সংস্কার বলা হয়। "চেতনাহং ভিক্খবে কম্মং বদামি" অর্থাৎ "কর্ম ও সংস্কারের প্রভেদ তা হলে কী প্রকারে বুঝতে হবে? সাধারণত অতীতে যে সকল কর্ম করা হয়েছে এবং অনাগতেও যে সকল কর্ম করা হবে, সেই সকল কর্মের সমষ্টিকে "সংস্কার" এবং "বর্তমান কর্মপ্রবাহকে কর্ম" নামে অভিহিত করা হয়।

[১]। অর্থ-প্রতিসম্ভিদা : যেকোনো প্রত্যয়োৎপন্ন পদার্থ বিপাক সকল, ক্রিয়া, নির্বাণ এবং বুদ্ধভাষিত বাণীর অর্থ—এই পঞ্চ অবস্থা নাম অর্থ। এই পঞ্চ অর্থের বিস্তৃত বিশ্লেষণ জ্ঞানই অর্থ-প্রতিসম্ভিদা।

[২]। ধর্ম-প্রতিসম্ভিদা : কার্যোৎপাদক কারণ, আর্যমার্গ, সর্বজ্ঞভাষিত বাণী, কুশল এবং অকুশল কর্ম—এই অবস্থা পঞ্চকের নামধর্ম। ধর্মসমূহের অনুশীলনজনিত জ্ঞান ধর্ম-প্রতিসম্ভিদা।

[৩]। নিরুক্তি-প্রতিসম্ভিদা : সেই অর্থ এবং ধর্মে যা স্বভাব নিরুক্তি, নিরুক্তিকুশল বুদ্ধ তাকে নিরুক্তি আখ্যা দিয়েছেন। পঞ্চ অর্থ ও পঞ্চ ধর্ম সমবায়ে দশ প্রকার নিরুক্তি। এই দশবিধ নিরুক্তিতে জ্ঞান নিরুক্তি-প্রতিসম্ভিদা।

[৪]। প্রতিভান-প্রতিসম্ভিদা : উক্ত ত্রিবিধ জ্ঞানকে উপলক্ষ করে গবেষণা করলে সে জ্ঞানত্রয়ে যে প্রজ্ঞা জন্মে, তা প্রতিভান নামে অভিহিত হয়। দেখা গেল প্রতিভান বিংশতি প্রকার, এটাতে উৎপন্ন জ্ঞান প্রতিভান-প্রতিসম্ভিদা।

[৫]। কুশল অকুশলের বলবান উপনিশ্রয় হয়। দান, শীল, ভাবনাদি সম্পাদন করে তার প্রতি গুরুত্ব আরোপ করে মান কিংবা মিথ্যাদৃষ্টি উৎপন্ন হতে পারে। এটা আলম্বন-উপনিশ্রয়। কুশল কর্মকে উপনিশ্রয় করে রাগ, দ্বেষ, মোহ, মান, দৃষ্টি, তৃষ্ণা ও উৎপন্ন হতে পারে। এটা প্রকৃতি-উপনিশ্রয়। কিন্তু কুশল অকুশলের অনন্তর-উপনিশ্রয় হয় না।

Visit: http://www.buddhistdownload.com

উৎপন্ন হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে (ব্যক্তি) মান[১] উৎপন্ন করেন, দৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপ) শীলকে... শ্রুতিকে... ত্যাগকে... প্রজ্ঞাকে উপনিশ্রয় করে মান উৎপন্ন করেন, মিথ্যাদৃষ্টি উৎপন্ন করেন। এই কারণে শ্রদ্ধা... শীল... শ্রুতি... ত্যাগ... প্রজ্ঞা রাগের... দ্বেষের... মোহের... মানের... দৃষ্টির... প্রার্থনার (ভোগেচ্ছাজনিত তৃষ্ণার) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) কুশল ধর্ম অব্যাকৃত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়[২]। (এটি ত্রিবিধ)— আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়। **আলম্বন-উপনিশ্রয় :** ক্ষীণাসব অর্হৎগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। **অনন্তর-উপনিশ্রয় :** কুশল উত্থানের... মার্গ ফলের... অনুলোম-জ্ঞান শৈক্ষ্যগণের ফল-সমাপত্তির... নিরোধসমাপত্তি হতে উত্থিত ধ্যানীর নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন কুশল ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে নিজেকে উৎপীড়ন করে, ভীষণ রকম যন্ত্রণা দেয়, অন্বেষণজনিত দুঃখ অনুভব করেন। (তদ্রূপ) শীলকে... শ্রুতি (শিক্ষাকে)... ত্যাগকে... প্রজ্ঞাকে উপনিশ্রয় করে নিজেকে উৎপীড়ন করে, ভীষণ রকম যন্ত্রণা দেয়, অন্বেষণজনিত দুঃখ অনুভব করে। শ্রদ্ধা... শীল... শ্রুতি... ত্যাগ... প্রজ্ঞা কায়িক সুখের... কয়িক দুঃখের... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশলকর্ম বিপাকের (ফল প্রদান অবস্থার) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অর্হৎগণ মার্গকে উপনিশ্রয় করে অনুৎপন্ন ক্রিয়া-সমাপত্তি উৎপন্ন করেন, উৎপন্ন (ক্রিয়া-সমাপত্তিতে) অধিষ্ঠিত থাকেন। সমস্ত সংস্কারকে অনিত্য, দুঃখ, অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। মার্গ অর্হতের অর্থ-প্রতিসম্ভিদার (নানা অর্থে জ্ঞান), ধর্ম-প্রতিসম্ভিদার (নানা ধর্মে জ্ঞান), নিরুক্তি-প্রতিসম্ভিদার (নানা ভাষা ও ব্যাকরণে জ্ঞান), প্রতিভান-প্রতিসম্ভিদার (নানা অর্থ-ধর্ম-ব্যাকরণ সম্বন্ধীয় জ্ঞান) এবং দোষ-অদোষ বিষয়ক দক্ষতা-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ ফল-সমাপত্তির (বিশুদ্ধতা জ্ঞানপ্রাপ্তির) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

---

[১]। মান : "মঞ্ঞতী'তি মানো"। আমিত্ববোধ বা অহংকার। অন্যের সাথে তুলনা করে "মান" নিজেকে শ্রেষ্ঠ মনে করে। সমকক্ষ বা নীচ মনে করাও মানের লক্ষণ। তজ্জন্য মানের নয়টি শ্রেণিবিভাগ পাওয়া যায়।

[২]। কুশল অব্যাকৃতের উপনিশ্রয় হয়। কুশল সর্বদা বিপাকের উপনিশ্রয়। বিপাক কিন্তু সর্বদা অব্যাকৃত।

Visit: http://www.buddhistdownload.com

(৪) অকুশল ধর্ম অকুশল ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়[১]। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়। **আলম্বন-উপনিশ্রয় :** রাগকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। (তদ্রূপ) দৃষ্টিকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে গুরুত্ব দেওয়াতে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। **অনন্তর-উপনিশ্রয় :** পূর্ব পূর্ব অকুশলস্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অকুশলস্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** রাগকে উপনিশ্রয় করে প্রাণিহত্যা করে, অদত্তদ্রব্যগ্রহণ করেন, মিথ্যাভাষণ করে, পিশুন (ভেদবাক্য) বলে, কর্কশ (কটুবাক্য) বলে, সম্পলাপ (বৃথাবাক্য) বলে, সিঁধ কাটে (চুরি করার জন্য), পরদ্রব্য লুণ্ঠন করে, একাগারিক করে, পরিপথে (বড় বড় রাস্তার সন্ধিস্থলে) অবস্থান করেন, পরদার (পরস্ত্রীতে) গমন করে, গ্রাম লুণ্ঠন করে, নিগম (ছোট শহর) লুণ্ঠন করে, মাতৃহত্যা করে, পিতৃহত্যা করে, অর্হৎহত্যা করে, পাপ-অকুশল-চিত্তে তথাগতেরো (বুদ্ধের) শরীর হতে রক্তপাত ঘটায়, সংঘভেদ করে (অর্থাৎ ভিক্ষুসংঙ্ঘের মধ্যে বিভেদ সৃষ্টি করে)। (তদ্রূপ) দ্বেষকে (হিংসা বা ক্রোধকে) উপনিশ্রয় করে... মোহকে (অজ্ঞান বা অবিদ্যাকে) উপনিশ্রয় করে... মানকে (আমিত্ববোধকে) উপনিশ্রয় করে... প্রার্থনাকে উপনিশ্রয় করে প্রাণিহত্যা করে... সংঘভেদ করে। এই কারণে রাগ... দ্বেষ... মোহ... মান... দৃষ্টি... প্রার্থনা রাগের... দ্বেষের... মোহের... মানের... দৃষ্টির... প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রাণিহত্যা প্রাণিহত্যার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রাণিহত্যা অদত্তদ্রব্যগ্রহণের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কামেমিথ্যাচারের... মিথ্যাভাষণের... পিশুনবাক্যের (ভেদমূলকবাক্যের)... কর্কশবাক্যের (কটু বা অভদ্রবাক্যের)... সম্প্রলাপবাক্যের (বৃথা বা অযথাবাক্যের)... অভিধ্যা (লোভের)... ব্যাপাদের (দ্বেষ বা হিংসার)... মিথ্যাদৃষ্টির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অদত্তদ্রব্যগ্রহণ অদত্তদ্রব্যগ্রহণের... কামেমিথ্যাচারের (ব্যভিচারের)... মিথ্যাভাষণের... (সংক্ষিপ্ত)। মিথ্যাদৃষ্টির প্রাণিহত্যার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চক্রাকারে[২] প্রদর্শন করতে হবে) কামেমিথ্যাচার... মিথ্যাভাষণ... পিশুনবাক্য...

---

[১]। অকুশল অকুশলের উপনিশ্রয় হয়। লোভের উপনিশ্রয়ের প্রাণিবধ ও অন্যান্য শীল ভঙ্গ করা হয়। রাগ, দ্বেষ, মোহ, মান, দৃষ্টি ও প্রার্থনা (তৃষ্ণা) রাগের, দ্বেষের, মোহের, মানের, দৃষ্টির ও প্রার্থনার উপনিশ্রয়। এক মিথ্যা ঢাকবার জন্য শত মিথ্যার আশ্রয় নেয়া হয়।

[২]। শব্দচক্র অর্থাৎ শব্দগুলো চক্রাকারে ঘুরে ফিরে বার বার উচ্চারণ করতে হবে।

Visit: http://www.buddhistdownload.com

কর্কশবাক্য... সম্প্রলাপবাক্য... অভিধ্যা[১]... ব্যাপাদ... মিথ্যাদৃষ্টি মিথ্যাদৃষ্টির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মিথ্যাদৃষ্টি প্রাণিহত্যার... অদত্তদ্রব্যগ্রহণের (পরের দ্রব্য না বলে গ্রহণের)... কামেমিথ্যাচারের... মিথ্যাভাষণের... পিশুনবাক্যের... কর্কশবাক্যের... সম্প্রলাপবাক্যের... অভিধ্যার... ব্যাপাদের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মাতৃহত্যাকর্ম মাতৃহত্যাকর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মাতৃহত্যাকর্ম পিতৃহত্যাকর্মের উপনিশ্রয়... অর্হৎহত্যাকর্মের... (পাপ-অকুশল-চিত্তে তথাগতেরো শরীর হতে) রক্তপাত ঘটানোকর্মের... সংঘভেদকর্মের... নিয়ত-মিথ্যাদৃষ্টির[২] উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পিতৃহত্যাকর্ম পিতৃহত্যাকর্মের... অর্হৎহত্যাকর্মের... (দুষ্ট চিত্তে তথাগতেরো পায়ের আঙুল হতে) রক্তপাত ঘটানোকর্মের... সংঘভেদকর্মের... নিয়ত-মিথ্যাদৃষ্টির... মাতৃহত্যাকর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অর্হৎহত্যাকর্ম অর্হৎহত্যাকর্মের... (পাপ-অকুশল-চিত্তে তথাগতেরো পায়ের আঙুল হতে) রক্তপাত ঘটানোকর্মের...। (অনুরূপভাবে) (পাপ-অকুশল-চিত্তে তথাগতেরো পায়ের আঙুল হতে) রক্তপাত ঘটানোকর্ম (পাপ-অকুশল-চিত্তে তথাগতেরো পায়ের আঙুল হতে) রক্তপাত ঘটানোকর্মের... সংঘভেদকর্ম সংঘভেদকর্মের... নিয়ত-মিথ্যাদৃষ্টি নিয়ত-মিথ্যাদৃষ্টির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিয়ত-মিথ্যাদৃষ্টি মাতৃহত্যাকর্মের উপনিশ্রয়... অর্হৎহত্যাকর্মের... (পাপ-অকুশল-চিত্তে তথাগতেরো পায়ের আঙুল হতে) রক্তপাত ঘটানো... সংঘভেদকর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চক্রাকারে প্রদর্শন করতে হবে)।

(৫) অকুশল ধর্ম কুশল ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়[৩]। **প্রকৃতি উপনিশ্রয় :** রাগকে (লোভ) উপনিশ্রয় করে দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন, ধ্যান উৎপন্ন করেন (চিত্তের উৎকর্ষতা সাধন করেন), বিদর্শন (যথাভূতদর্শন বা সত্যদর্শন) উৎপন্ন করেন, মার্গ উৎপন্ন করেন, অভিজ্ঞা উৎপন্ন করেন, সমাপত্তি উৎপন্ন করেন। (একইভাবে) দ্বেষকে...

---

[১]। লোভ চিত্তকে পরের সম্পত্তির অভিমুখে ধ্যান (চিন্তা) করায় বলে এর নাম "অভিধ্যা"।

[২]। মিথ্যাদৃষ্টি দুই প্রকার; যথা : নিয়ত-মিথ্যাদৃষ্টি ও অনিয়ত-মিথ্যাদৃষ্টি। আবার নিয়ত-মিথ্যাদৃষ্টি তিন প্রকার। যথা : (১) অক্রিয়া-মিথ্যাদৃষ্টি (কুশলাকুশল কর্মে অবিশ্বাস—পূরণ কশ্যপের মতবাদ), (২) নাস্তিক-মিথ্যাদৃষ্টি (সুকৃত-দুষ্কৃত কর্মফলে অবিশ্বাস—অজিত কেশকম্বলীর মতবাদ), (৩) অহেতুক-মিথ্যাদৃষ্টি (জীবের পূর্ব হেতুতে অবিশ্বাস—মক্‌খালী গোশালের মতবাদ)।

[৩]। অকুশল কুশলের উপনিশ্রয় হয়। অকুশল কর্মের বিপাককে প্রতিহত করার জন্য দান, শীল ভাবনাদি দশবিধ কুশল কর্ম করা হয়। রাগের উপলক্ষে দানাদি কুশল কর্ম করা হয়।

Visit: http://www.buddhistdownload.com

মোহকে... মানকে... দৃষ্টিকে... প্রার্থনাকে (তৃষ্ণাকে) উপনিশ্রয় করে দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম করেন, ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন উৎপন্ন করেন, মার্গ উৎপন্ন করেন, অভিজ্ঞা উৎপন্ন করেন, সমাপত্তি উৎপন্ন করেন। এই কারণে রাগ... দ্বেষ... মোহ... মান... দৃষ্টি... প্রার্থনা শ্রদ্ধার... শীলের... শ্রুতির... ত্যাগের... প্রজ্ঞার... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রাণিহত্যা করে তার প্রতিকারের জন্য দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম করেন, ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন উৎপন্ন করেন, মার্গ উৎপন্ন করেন, অভিজ্ঞা উৎপন্ন করেন, সমাপত্তি (ধ্যানের সুখময় স্তর) উৎপন্ন করেন। (অনুরূপভাবে) অদত্তবস্তুগ্রহণ করে... মিথ্যাভাষণ করে... পিশুনবাক্য বলে... কর্কশবাক্য বলে... সম্প্রলাপবাক্য বলে... সিঁধ কেটে... লুণ্ঠন করে... (একাগারিক করে) এক ঘরে ফেলে রেখে... পথের চৌমহনীতে অবস্থান করে... পরদার গমন (অবৈধ যৌনাচার) করে... গ্রাম লুণ্ঠন করে... নিগম (ছোট শহর) লুণ্ঠন করে তার প্রতিকারের জন্য (অর্থাৎ এর বিপাককে প্রতিহত করণার্থে) দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম করেন, ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন উৎপন্ন করেন, মার্গ উৎপন্ন করেন, অভিজ্ঞা উৎপন্ন করেন, সমাপত্তি উৎপন্ন করেন। মাতৃহত্যা করে তার প্রতিকারের দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম করেন। পিতৃহত্যা করে তার... অর্হৎহত্যা করে... দুষ্ট চিত্তে তথাগতেরো রক্তপাত ঘটিয়ে... সংঘভেদ করে তার প্রতিকারের জন্য দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম করেন।

(৬) অকুশল ধর্ম অব্যাকৃত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়[১]। (এটি দ্বিবিধ)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়। **অনন্তর-উপনিশ্রয় :** অকুশল উত্থানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** রাগকে উপনিশ্রয় করে নিজেকে উৎপীড়ন করে, ভীষণ রকম যন্ত্রণা দেয়, অন্বেষণজনিত দুঃখ অনুভব করে। (অনুরূপভাবে) দ্বেষকে... মোহকে... মানকে... দৃষ্টিকে... তৃষ্ণাকে (কামনা-বাসনাকে) উপনিশ্রয় করে নিজেকে উৎপীড়ন করে, ভীষণ রকম যন্ত্রণা দেয়, অন্বেষণজনিত দুঃখ অনুভব করে। এই কারণে রাগ... দ্বেষ... মোহ... মান... দৃষ্টি... তৃষ্ণা কায়িক সুখের... কায়িক দুঃখের... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশলকর্ম বিপাকের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

[১]। অকুশল অব্যাকৃতের উপনিশ্রয় হয়। রাগ, দ্বেষ এবং মোহ কায়িক সুখ-দুঃখের উপনিশ্রয় হয়। অকুশল কর্ম বিপাকের উপনিশ্রয় হয়। সুখ, দুঃখ ও বিপাক অব্যাকৃত।

Visit: http://www.buddhistdownload.com

(৭) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়[১]। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়। **আলম্বন-উপনিশ্রয় :** ক্ষীণাসব অর্হৎগণ (মার্গ) ফলকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ (মার্গ) ফলের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **অনন্তর-উপনিশ্রয় :** পূর্ববর্তী পূর্ববর্তী বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ভবাঙ্গ (ভব বা অস্তিত্বের অঙ্গ বা কারণ) আবর্তন-চিত্তের... ক্রিয়া উত্থানের... অর্হতের অনুলোম-জ্ঞান ফল-সমাপত্তির... নিরোধসমাপত্তি হতে উত্থিত ধ্যানীর নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ক্রিয়া ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** কায়িক (দৈহিক) সুখ, কায়িক সুখের, কায়িক দুঃখের এবং ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কায়িক দুঃখ কায়িক সুখের, কায়িক দুঃখের ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঋতু (তাপ বা শীত-উষ্ণতা) কায়িক সুখের, কায়িক দুঃখের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ভোজন (আহার) কায়িক সুখের, কায়িক দুখের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শয্যাসন কায়িক সুখের, কায়িক দুখের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। এই হেতুতে কায়িক (দৈহিক) সুখ... কায়িক দুঃখ... ঋতু... ভোজন... শয্যাসন কায়িক সুখের, কায়িক দুঃখের, ফল-সমাপত্তির (সমাধির) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ফল-সমাপত্তি কায়িক সুখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ক্ষীণাসব অর্হৎগণ কায়িক সুখকে উপনিশ্রয় করে অনুৎপন্ন ক্রিয়া-সমাপত্তি উৎপন্ন করেন, উৎপন্ন (ক্রিয়া-সমাপত্তিতে) অধিষ্ঠিত থাকেন। সমস্ত সংস্কারকে (জাগতিক কারণোৎপন্ন বিষয়কে) অনিত্য, দুঃখ এবং অনাত্মাকারে প্রকৃষ্টরূপে দেখেন। এই হেতুতে কায়িক দুঃখকে... ঋতুকে... ভোজনকে... শয্যাসনকে উপনিশ্রয় করে অনুৎপন্ন ক্রিয়া-সমাপত্তি উৎপন্ন করেন। উৎপন্ন (ক্রিয়া-সমাপত্তিতে) অধিষ্ঠিত থাকেন। সমস্ত সংস্কারকে অনিত্য, দুঃখ এবং অনাত্মাকারে প্রকৃষ্টরূপে দেখেন।

(৮) অব্যাকৃত ধর্ম কুশল ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়[২]।

---

[১]। অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের উপনিশ্রয় হয়। অর্হতেরা নির্বাণকে আলম্বন করে প্রত্যবেক্ষণ করেন। ভবাঙ্গের উপনিশ্রয়ে আবর্তন-চিত্ত উৎপন্ন হয়। ঋতু, ভোজন, শয্যাসন ইত্যাদি কায়িক সুখ-দুঃখের উপনিশ্রয় হয়।

[২]। অব্যাকৃত ধর্ম কুশল ধর্মের উপনিশ্রয় হয়। অর্জিত অর্থ অব্যাকৃত, অর্থাৎ কুশলও নহে, অকুশলও নহে। এই অব্যাকৃত-স্বভাব-বিশিষ্ট অর্থের উপনিশ্রয়ে দান, বিহার-নির্মাণ, তীর্থ-

Visit: http://www.buddhistdownload.com

(এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয় । **আলম্বন-উপনিশ্রয় :** শৈক্ষ্যগণ (শিক্ষাব্রতীগণ) (মার্গ) ফলকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণকে গুরুত্ব দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর (লোকোত্তর মার্গের পূর্বক্ষণ)... বিশুদ্ধির... মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **অনন্তর-উপনিশ্রয় :** আবর্তন-চিত্ত কুশলস্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** কায়িক সুখকে উপনিশ্রয় করে (কায়িক সুখবশে) দান করেন, শীল পালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন, ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন উৎপন্ন করেন, মার্গ উৎপন্ন করেন, অভিজ্ঞা উৎপন্ন করেন, সমাপত্তি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) কায়িক দুঃখকে... ঋতুকে... ভোজনকে... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম সম্পাদন করেন, ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন উৎপন্ন করেন, মার্গ উৎপন্ন করেন, অভিজ্ঞা উৎপন্ন করেন, সমাপত্তি উৎপন্ন করেন। এই হেতুতে কায়িক সুখ... কায়িক দুঃখ... ঋতু... ভোজন... শয্যাসন শ্রদ্ধার... শীলের... শ্রুতির... ত্যাগের... প্রজ্ঞার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অব্যাকৃত ধর্ম অকুশল ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়[১]। (এটি ত্রিবিধ)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয়, এবং প্রকৃতি-উপনিশ্রয়। **আলম্বন-উপনিশ্রয় :** চক্ষুকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন, একে গুরুত্ব দেওয়ায় রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। (অনুরূপভাবে) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে... বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহকে গুরুত্ব দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এগুলোকে গুরুত্ব দেওয়ায় রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** কায়িক সুখকে উপনিশ্রয় করে প্রাণির জীবন হরণ করেন, অদত্তদ্রব্য গ্রহণ করেন, মিথ্যাভাষণ করেন, পিশুনবাক্য বলেন, কর্কশবাক্য বলেন, সম্প্রলাপবাক্য বলেন, সিঁধ কাটেন (চুরি করার জন্য),

---

ভ্রমণ ইত্যাদি নানাপ্রকার কুশল কর্ম করা হয়। কায়িক সুখ-দুঃখ, ঋতু, ভোজন, শয্যা ও আসন প্রভৃতির উপনিশ্রয়ে দান, শীল, ভাবনাদি করা হয়। পূর্ণিমা-জোৎস্নার উপনিশ্রয়ে অজাতশত্রু ভগবান বুদ্ধের নিকট গিয়ে "শ্রামণ্য-ফলের" ব্যাখ্যা শ্রবণ করেছিলেন।

[১]। অব্যাকৃত ধর্ম অকুশলের উপনিশ্রয় হয়। চক্ষাদি দ্বাদশ আয়তন অব্যাকৃত। এগুলোকে উপভোগ্য মনে করে যখন অভিনন্দন করা হয়, আস্বাদন করা হয়, তখন তৃষ্ণা উৎপন্ন হয়। অন্ধকারের উপনিশ্রয়ে বহু পাপকর্ম করা হয়। বিহার ও গৃহের উপনিশ্রয়ে মাৎসয্য উৎপন্ন হয়। কায়িক সুখ-দুঃখ, শয্যা, আসন, ভোজন প্রভৃতির উপনিশ্রয়ে প্রাণিবধাদি শীলভঙ্গ করা হয়।

Visit: http://www.buddhistdownload.com

পরদ্রব্য লুণ্ঠন করেন, একাগারিক করেন, পরিপথে অবস্থান করেন, পরদার (পরস্ত্রীতে) গমন করেন, গ্রাম লুণ্ঠন করেন, নিগম (ছোট শহর) লুণ্ঠন করেন, মাতৃহত্যা করেন, পিতৃহত্যা করেন, অর্হৎহত্যা করেন, দুষ্ট-চিত্তে তথাগতেরো রক্তপাত ঘটান, সংঘভেদ করেন। (তদ্রূপ) কায়িক দুঃখকে... ঋতুকে... ভোজনকে... শয্যাসনকে উপনিশ্রয় করে প্রাণির জীবন হরণ করেন... (সংক্ষিপ্ত করা হয়েছে) সংঘভেদ করেন। এই হেতুতে কায়িক সুখ... কায়িক দুঃখ... ঋতু... ভোজন... শয্যাসন রাগের... দ্বেষের... মোহের... মানের... দৃষ্টির... তৃষ্ণার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

**পূর্বজাত-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

৪২৪. (১) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** ক্ষীণাসব অর্হৎগণ ধর্মের চক্ষুকে অনিত্য, দুঃখ এবং অনাত্মাকারে প্রকৃষ্টরূপে দেখেন। (অনুরূপভাবে) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপ (বর্ণ) সমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ এবং অনাত্মাকারে প্রকৃষ্টরূপে দেখেন। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শব্দ-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... গন্ধ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... রস-আয়তন জিহ্বা-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) আব্যাকৃত ধর্ম কুশল ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত।

(ক) **আলম্বন-পূর্বজাত :** শৈক্ষ্য বা পৃথগ্‌জনেরা চক্ষুকে অনিত্য, দুঃখ এবং অনাত্মাকারে প্রকৃষ্টরূপে দেখেন। (অনুরূপভাবে) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য, দুঃখ এবং অনাত্মাকারে প্রকৃষ্টরূপে দেখেন। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রের দ্বারা শব্দ শ্রবণ করেন। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু

Visit: http://www.buddhistdownload.com

কুশলস্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অব্যাকৃত ধর্ম অকুশল ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্য বা পৃথগ্‌জনেরা) চক্ষুকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন, একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা উৎপন্ন হয়, ঔদ্ধত্য উৎপন্ন হয়, দৌর্মনস্য উৎপন্ন হয়। (অনুরূপভাবে) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে (কায়ার বিষয়সমূহকে)... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়... দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অকুশলস্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### **পশ্চাজ্জাত-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

৪২৫. (১) কুশল ধর্ম অব্যাকৃত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত কুশলস্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অকুশল ধর্ম অব্যাকৃত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত অকুশলস্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### **আসেবন-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

৪২৬. (১) কুশল ধর্ম কুশল ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী কুশলস্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী কুশলস্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির... গোত্রভূ মার্গের... বিশুদ্ধি মার্গের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অকুশল ধর্ম অকুশল ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী অকুশলস্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অকুশলস্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহের অসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

**কর্ম-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৭)

৪২৭. (১) কুশল ধর্ম কুশল ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল চেতনা (চিত্ত-প্রয়োগ) সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) কুশল ধর্ম অব্যাকৃত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** কুশল চেতনা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** কুশল চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) কুশল ধর্ম কুশল এবং অব্যাকৃত ধর্মের কর্ম প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অকুশল ধর্ম অকুশল ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অকুশল ধর্ম অব্যাকৃত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** অকুশল চেতনা চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অকুশল চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অকুশল ধর্ম অকুশল এবং অব্যাকৃত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক-অব্যাকৃত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চেতনা (হৃদয়) বাস্তুর কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

**বিপাক-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-১)

৪২৮. (১) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক-অব্যাকৃত একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

প্রতিসন্ধিক্ষণে বিপাক-অব্যাকৃত একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

**আহার-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৭)

৪২৯. (১) কুশল ধর্ম কুশল ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল আহারসমূহ (পরিপোষকসমূহ) সম্প্রযুক্ত স্কন্ধসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) কুশল ধর্ম অব্যাকৃত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল আহারসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) কুশল ধর্ম কুশল এবং অব্যাকৃত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অকুশল ধর্ম অকুশল ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অকুশল ধর্ম অব্যাকৃত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল আহারসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অকুশল ধর্ম অকুশল এবং অব্যাকৃত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক-অব্যাকৃত আহারসমূহ আহার সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কবলীকৃত (গলাধঃকরণীয়) আহার এই কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

**ইন্দ্রিয়-প্রত্যয়**[১] (প্রশ্ন সংখ্যা-৭)

৪৩০. (১) কুশল ধর্ম কুশল ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) কুশল ধর্ম অব্যাকৃত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল ইন্দ্রিয়সমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) কুশল ধর্ম কুশল এবং অব্যাকৃত ধর্মের ইন্দ্রিয় প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অকুশল ধর্ম অকুশল ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অকুশল ধর্ম অব্যাকৃত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল ইন্দ্রিয়সমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অকুশল ধর্ম অকুশল এবং অব্যাকৃত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক-অব্যাকৃত ইন্দ্রিয়সমূহ আহার সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞানের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (তদ্রূপ) শ্রোত্র-ইন্দ্রিয় শ্রোত্র-বিজ্ঞানের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঘ্রাণ-ইন্দ্রিয় ঘ্রাণ-বিজ্ঞানের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। জিহ্বা-ইন্দ্রিয় জিহ্বা-বিজ্ঞানের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কায়-ইন্দ্রিয় কায়-বিজ্ঞানের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপ-জীবিত-ইন্দ্রিয় (রূপকায়ের জীবনীশক্তি বা প্রাণ) কর্ম-সমুত্থিত (পূর্বজন্মকৃত কর্ম দ্বারা উৎপন্ন) রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

---

[১]। ইন্দ্রিয় বাইশ প্রকার; যথা : চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায়, মন, স্ত্রী, পুরুষ, জীবিত, সুখ, দুঃখ, সৌমনস্য, দৌর্মনস্য, উপেক্ষা, শ্রদ্ধা, বীর্য, স্মৃতি, সমাধি, প্রজ্ঞা, অজ্ঞাত-জ্ঞাতার্থী, লোকোত্তর-জ্ঞান ও লোকোত্তর-জ্ঞানী-ইন্দ্রিয়। তন্মধ্যে দশ প্রকার ইন্দ্রিয় অব্যাকৃত। দৌর্মনস্য-ইন্দ্রিয় অকুশল। অজ্ঞাত-জ্ঞাতার্থী-ইন্দ্রিয় কুশল, চার প্রকার ইন্দ্রিয় কখনো কখনো কুশল, কখনো কখনো অব্যাকৃত। ছয় প্রকার ইন্দ্রিয় কখনো কখনো কুশল, কখনো কখনো অকুশল, কখনো কখনো অব্যাকৃত।

Visit: http://www.buddhistdownload.com

**ধ্যান-প্রত্যয়**[১] (প্রশ্ন সংখ্যা-৭)

৪৩১. (১) কুশল ধর্ম কুশল ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল ধ্যানাঙ্গসমূহ (ধ্যান-চিত্ত উৎপাদনের প্রধান সহায়ক সেই সকল চৈতসিকসমূহ) সম্প্রযুক্ত স্কন্ধসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) কুশল ধর্ম অব্যাকৃত ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল ধ্যানাঙ্গসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) কুশল ধর্ম কুশল এবং অব্যাকৃত ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল ধ্যানাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অকুশল ধর্ম অকুশল ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল ধ্যানাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অকুশল ধর্ম অব্যাকৃত ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল ধ্যানাঙ্গসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অকুশল ধর্ম অকুশল এবং অব্যাকৃত ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল ধ্যানাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত ধ্যানাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক-অব্যাকৃত ধ্যানাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

**মার্গ-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৭)

৪৩২. (১) কুশল ধর্ম কুশল ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল মার্গাঙ্গসমূহ (মার্গ-চিত্ত উৎপাদনের প্রধান সহায়ক সেই সকল চৈতসিকসমূহ) সম্প্রযুক্ত স্কন্ধসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) কুশল ধর্ম অব্যাকৃত ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল মার্গাঙ্গসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) কুশল ধর্ম কুশল এবং অব্যাকৃত ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল মার্গাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের মার্গ-

---

[১]। ধ্যানাঙ্গ সাতটি। যথা : বিতর্ক, বিচার, প্রীতি, একাগ্রতা, সৌমনস্য, দৌর্মনস্য ও উপেক্ষা। তন্মধ্যে দৌর্মনস্য শুধু অকুশল ধ্যানাঙ্গ। অপর ছয়টি কুশল, অকুশল, অব্যাকৃত সকল জাতীয় ধ্যানের অঙ্গ।

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অকুশল ধর্ম অকুশল ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল মার্গাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অকুশল ধর্ম অব্যাকৃত ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল মার্গাঙ্গসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অকুশল ধর্ম অকুশল এবং অব্যাকৃত ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অকুশল মার্গাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত মার্গাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক-অব্যাকৃত মার্গাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্ম-সমুত্থিত-রূপসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### **সম্পযুক্ত-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

৪৩৩. (১) কুশল ধর্ম কুশল ধর্মের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি কুশলস্কন্ধ তিনটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অকুশল ধর্ম অকুশল ধর্মের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি অকুশলস্কন্ধ তিনটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত একটি স্কন্ধ তিনটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক-অব্যাকৃত একটি স্কন্ধ তিনটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### **বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)**

৪৩৪. (১) কুশল ধর্ম অব্যাকৃত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** কুশলস্কন্ধসমূহ চিত্ত-

Visit: http://www.buddhistdownload.com

সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** কুশলস্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অকুশল ধর্ম অব্যাকৃত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** অকুশলস্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অকুশলস্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অব্যাকৃত ধর্ম অব্যাকৃত ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় ত্রিবিধ)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিকালে বিপাক-অব্যাকৃত স্কন্ধসমূহ কর্ম-সমুত্থিত-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞানের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কায়-আয়তন কায়-বিজ্ঞানের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** বিপাক-অব্যাকৃত বা ক্রিয়া-অব্যাকৃত স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অব্যাকৃত ধর্ম কুশল ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু কুশলস্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অব্যাকৃত ধর্ম অকুশল ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অকুশলস্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### **অস্তি-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-১৩)

৪৩৫. (১) কুশল ধর্ম কুশল ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি কুশলস্কন্ধ তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) কুশল ধর্ম অব্যাকৃত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি-প্রত্যয়)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** কুশলস্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** কুশলস্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৩) কুশল ধর্ম কুশল এবং অব্যাকৃত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি কুশলস্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অকুশল ধর্ম অকুশল এবং অব্যাকৃত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি অকুশলস্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অকুশল ধর্ম অব্যাকৃত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (এটি দ্বিবিধ)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** অকুশলস্কন্ধসমূহ চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অকুশলস্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অকুশল ধর্ম অকুশল এবং অব্যাকৃত ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি অকুশলস্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্ত-সমুত্থিত-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃত-উপনিশ্রয় :** সুখ-বেদনা-সম্প্রযুক্ত শ্রদ্ধাকে ভিত্তি করে নিজেকে উৎপীড়ন করে, ভীষণ রকম যন্ত্রণা দিয়ে থাকে, অন্বেষণজনিত দুঃখ অনুভব করে। (তদ্রূপ) সুখ-বেদনা-সম্প্রযুক্ত শীলকে... শ্রুতিকে... ত্যাগকে... প্রজ্ঞাকে উপনিশ্রয় করে নিজেকে উৎপীড়ন করে, ভীষণ রকম যন্ত্রণা দিয়ে থাকে, অন্বেষণজনিত দুঃখ অনুভব করে। সুখ-বেদনা-সম্প্রযুক্ত রাগকে... মোহকে... মানকে... দৃষ্টিকে... তৃষ্ণাকে সুখ-সহগত কায়-বিজ্ঞানকে উপনিশ্রয় করে প্রাণির জীবন সংহার করেন। দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত

Visit: http://www.buddhistdownload.com

চিত্তে অদত্তদ্রব্যগ্রহণ (চুরি) করেন, মিথ্যাভাষণ করেন, পিশুনবাক্য করেন, কর্কশবাক্য বলেন, সম্প্রলাপবাক্য বলেন, সিঁধ কেটে চুরি করেন। পরের সম্পদ অপহরণ করেন, এক ঘরে ফেলে রাখেন, রাজপথের চৌমুহনীতে অবস্থান করেন, পরস্ত্রীতে গমন করেন, গ্রাম লুণ্ঠন করেন, নিগম লুণ্ঠন করেন, মাতৃহত্যা করেন, পিতৃহত্যা করেন, অর্হৎহত্যা করেন, পাপচিত্তে তথাগতেরো শরীর হতে রক্তপাত ঘটান, সংঘভেদ করেন। এই কারণবশত সুখ-বেদনা-সম্প্রযুক্ত শ্রদ্ধা... শীল... শ্রুতি... ত্যাগ... প্রজ্ঞা... রাগ... মোহ... মান... দৃষ্টি... তৃষ্ণা... সুখসহগত কায়-বিজ্ঞান দ্বেষের... মোহের... (পূর্বজন্মকৃত অহেতুক কুশল বিপাক) দুঃখসহগত কায়-বিজ্ঞানের দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (তিন প্রকার উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** সুখ-বেদনা-সম্প্রযুক্ত শ্রদ্ধাকে ভিত্তি করে অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত চিত্তে দান দেন, শীল অনুশীলন করেন, উপোসথকর্ম পালন করেন, অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন উৎপন্ন করেন, মার্গ উৎপন্ন করেন, অভিজ্ঞা উৎপন্ন করেন, সমাপত্তি উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, (মিথ্যা) দৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) সুখ-বেদনা-সম্প্রযুক্ত শীলকে... শ্রুতি... ত্যাগকে... প্রজ্ঞাকে... রাগকে... মোহকে... দৃষ্টিকে... তৃষ্ণাকে... সুখ-সহগত কায়-বিজ্ঞানকে উপনিশ্রয় করে অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন। অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত চিত্তে অদত্তদ্রব্যগ্রহণ করেন, মিথ্যাভাষণ করেন, পিশুনবাক্য বলেন, কর্কশবাক্য বলেন, সম্প্রলাপবাক্য বলেন, সিঁধ কেটে চুরি করেন, পরের সম্পদ অপহরণ করেন, এক ঘরে ফেলে রাখেন, রাজপথের চৌমুহনীতে ওঁত পেতে অবস্থান করেন, পরস্ত্রীতে গমন করেন, গ্রাম লুণ্ঠন করেন, নিগম লুণ্ঠন করেন। এই কারণবশত সুখ-বেদনা-সম্প্রযুক্ত শ্রদ্ধা... শীল... শ্রুতি... ত্যাগ... প্রজ্ঞা... রাগ... মোহ... দৃষ্টি... তৃষ্ণা... সুখসহগত কায়-বিজ্ঞান অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত শ্রদ্ধার... শীলের... শ্রুতির... ত্যাগের... প্রজ্ঞার... রাগের... মোহের... মানের... দৃষ্টির... তৃষ্ণার... অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫৪. (৪) দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** দ্বেষ বা হিংসাকে ভিত্তি করে

Visit: http://www.buddhistdownload.com

প্রাণির জীবন হরণ করেন, দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত চিত্তে অদত্তদ্রব্যগ্রহণ করেন... সংঘভেদ করেন। (তদ্রূপ) মোহকে এবং দুঃখসহগত কায়-বিজ্ঞানকে উপনিশ্রয় করে প্রাণির জীবন হরণ করেন, দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত চিত্তে অদত্তদ্রব্যগ্রহণ করেন... সংঘভেদ করেন। এই কারণবশত দ্বেষ... মোহ... দুঃখসহগত কায়-বিজ্ঞান দ্বেষের... মোহের... দুঃখ-সহগত কায়-বিজ্ঞান... দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত-স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** দ্বেষকে উপনিশ্রয় করে সুখ-বেদনা-সম্প্রযুক্ত চিত্তে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন। সুখ-বেদনা-সম্প্রযুক্ত চিত্তে অদত্তদ্রব্যগ্রহণ করেন... নিগম লুণ্ঠন করেন। (অনুরূপভাবে) মোহকে এবং দুঃখ-বেদনা-সহগত কায়-বিজ্ঞানকে ভিত্তি করে সুখ-বেদনা-সম্প্রযুক্ত চিত্তে দান দেন... নিগম লুণ্ঠন করেন। এই কারণবশত দ্বেষ... মোহ... দুঃখ-সহগত কায়-বিজ্ঞান সুখ-বেদনা-সম্প্রযুক্ত শ্রদ্ধার... সুখ-সহগত কায়-বিজ্ঞানের এবং সুখ-বেদনা-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** দ্বেষকে উপনিশ্রয় করে অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত চিত্তে দান দেন... নিগম লুণ্ঠন করেন। (তদ্রূপ) মোহকে এবং দুঃখ-সহগত কায়-বিজ্ঞানকে ভিত্তি করে অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত চিত্তে দান দেন... নিগম লুণ্ঠন করেন। এই কারণবশত দ্বেষ... মোহ... দুঃখসহগত কায়-বিজ্ঞান অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত শ্রদ্ধার... তৃষ্ণার... অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫৫. (৭) অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত শ্রদ্ধাকে উপনিশ্রয় করে অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত চিত্তে দান দেন... দৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপ) অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত শীলকে... শ্রুতিকে... ত্যাগকে... প্রজ্ঞাকে... রাগকে... মোহকে... মানকে... দৃষ্টিকে... ভোগেচ্ছাজনিত তৃষ্ণাকে ভিত্তি করে অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত চিত্তে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন। অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত চিত্তে অদত্তদ্রব্যগ্রহণ করেন... নিগম লুণ্ঠন করেন। এই কারণবশত

Visit: http://www.buddhistdownload.com

অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত শ্রদ্ধা... শীল... শ্রুতি... ত্যাগ... প্রজ্ঞা... রাগ... মোহ... মান... দৃষ্টি... তৃষ্ণা... অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত শ্রদ্ধার... অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত শ্রদ্ধাকে উপনিশ্রয় করে সুখ-বেদনা-সম্প্রযুক্ত চিত্তে দান দেন... দৃষ্টি উৎপন্ন করেন। (একইভাবে) অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত শীলকে... তৃষ্ণাকে উপনিশ্রয় করে সুখ-বেদনা-সম্প্রযুক্ত চিত্তে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন। সুখ-বেদনা-সম্প্রযুক্ত চিত্তে অদত্তদ্রব্যগ্রহণ করেন... নিগম লুণ্ঠন করেন। এই কারণবশত অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত শ্রদ্ধা... তৃষ্ণা সুখ-বেদনা-সম্প্রযুক্ত শ্রদ্ধার... তৃষ্ণার... সুখ-সহগত কায়-বিজ্ঞানের এবং সুখ-বেদনা-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত শ্রদ্ধাকে উপনিশ্রয় করে নিজেকে উৎপীড়ন করে, ভীষণ রকম যন্ত্রণা দিয়ে থাকে, অন্বেষণজনিত দুঃখ অনুভব করে। (একইভাবে) অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত শীলকে... তৃষ্ণাকে উপনিশ্রয় করে প্রাণিবধ করেন। দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত চিত্তে অদত্তদ্রব্যগ্রহণ করেন... সংঘভেদ করেন। এই কারণবশত অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত শ্রদ্ধা... তৃষ্ণা... দ্বেষের... মোহের... দুঃখসহগত কায়-বিজ্ঞানের... দুঃখ-বেদনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## আসেবন-প্রত্যয় (৩)

৫৬. (১) সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী সুখ-বেদনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী সুখ-বেদনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখ-বেদনা সম্প্রযুক্ত অনুলোম গোত্রভূর... অনুলোম বোদানের (বিশুদ্ধির)... গোত্রভূ মার্গের... বোদান মার্গের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়।

(৩) অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম অদুঃখ-অসুখ-বেদনা সম্প্রযুক্ত ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত অনুলোম গোত্রভূর... অনুলোম বোদানের... গোত্রভূ মার্গের... বোদান মার্গের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## কর্ম-প্রত্যয় (৮)

৫৭. (১) সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দুই প্রকার)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** সুখ-বেদনা-সম্প্রযুক্ত চেতনা (চৈতন্য বা মনোবৃত্তি) সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপর দিকে প্রতিসন্ধিকালে...। **নানাক্ষণিক :** সুখ-বেদনা-সম্প্রযুক্ত চেতনা সুখ-বেদনা-সম্প্রযুক্ত বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** সুখ-বেদনা-সম্প্রযুক্ত চেতনা দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** সুখ-বেদনা-সম্প্রযুক্ত চেতনা অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫৮. (৪) দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দুই প্রকার)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত চেতনা দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) দুঃখ-বেদনা–সম্প্রযুক্ত ধর্ম অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :**দুঃখ-বেদনা সম্প্রযুক্ত চেতনা অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫৯. (৬) অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দুই প্রকার)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

Visit: http://www.buddhistdownload.com

**নানাক্ষণিক :** অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত চেতনা অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত চেতনা সুখ-বেদনা-সম্প্রযুক্ত বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত চেতনা দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## বিপাক-প্রত্যয় (৩)

৬০. (১) সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সুখ-বেদনা-সম্প্রযুক্ত একটি বিপাক স্কন্ধ দুটি স্কন্ধের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ একটি স্কন্ধের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে সুখ-বেদনা-সম্প্রযুক্ত একটি স্কন্ধ দুটি স্কন্ধের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ একটি স্কন্ধের...।

(২) দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত একটি বিপাক স্কন্ধ দুটি স্কন্ধের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৩) অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত... অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত একটি বিপাক স্কন্ধ দুটি স্কন্ধের... প্রতিসন্ধিক্ষণে...।

## আহার-প্রত্যয় ইত্যাদি

৬১. সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

## ১. প্রত্যয় : অনুলোম

## ২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৬২. হেতুতে তিন, আলম্বনে নয়, অধিপতিতে পাঁচ, অনন্তরে সাত, সমনন্তরে সাত, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে নয়, আসেবনে তিন, কর্মে আট, বিপাকে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে তিন, অস্তিতে তিন, নাস্তিতে তিন, বিগতে সাত,

Visit: http://www.buddhistdownload.com

অবিগতে তিন।

### হেতু-সভাগ (প্রত্যয় সংখ্যা-১০)

৬৩. হেতু-প্রত্যয় দ্বারা অধিপতিতে দুই, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, বিপাকে দুই, ইন্দ্রিয়ে দুই, মার্গে দুই, সম্প্রযুক্তে তিন, অস্তিতে তিন, অবিগতে তিন।

### সামান্য সহযোগ (প্রশ্ন সংখ্যা-২)

(১) হেতু-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সহযোগে তিন।

(২) হেতু-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সহযোগে দুই।

### স-ইন্দ্রিয় ও মার্গ সহযোগ (২)

৬৪. (১) হেতু-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-ইন্দ্রিয়-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সহযোগে দুই।

(২) হেতু-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-ইন্দ্রিয়-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সহযোগে দুই।

### স-অধিপতি, ইন্দ্রিয় ও মার্গ সহযোগ (২)

৬৫. (১) হেতু-অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-ইন্দ্রিয়-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সহযোগে দুই।

(২) হেতু-অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-ইন্দ্রিয়-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সহযোগে দুই।

### আলম্বন সভাগ (প্রত্যয় সংখ্যা-২)

৬৬. আলম্বন-প্রত্যয় দ্বারা অধিপতিতে চার, উপনিশ্রয়ে চার।

### আলম্বন সহযোগ (প্রশ্ন সংখ্যা-১)

৬৭. আলম্বন-অধিপতি-উপনিশ্রয় সহযোগে চার।

### অধিপতি-সভাগ (প্রত্যয় সংখ্যা-১৩)

৬৮. অধিপতি-প্রত্যয় দ্বারা হেতুতে দুই, আলম্বনে চার, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে চার, বিপাকে দুই, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে তিন, অস্তিতে তিন, অবিগতে তিন।

### প্রকীর্ণ সহযোগ (প্রশ্ন সংখ্যা-১)

৬৯. অধিপতি-আলম্বন-উপনিশ্রয় সহযোগে চার।

Visit: http://www.buddhistdownload.com

### সহজাত সহযোগ (৮)

(১) অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সহযোগে তিন।

(২) অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সহযোগে দুই।

(৩) অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-আহার-ইন্দ্রিয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সহযোগে তিন।

(৪) অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-আহার-ইন্দ্রিয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সহযোগে দুই।

(৫) অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-ইন্দ্রিয়-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সহযোগে তিন।

(৬) অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-ইন্দ্রিয়-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সহযোগে দুই।

(৭) অধিপতি-হেতু-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-ইন্দ্রিয়-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সহযোগে দুই।

(৮) অধিপতি-হেতু-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-ইন্দ্রিয়-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সহযোগে দুই।

### অনন্তর-সভাগ (৬)

৭০. অনন্তর-প্রত্যয় দ্বারা সমনন্তরে সাত, উপনিশ্রয়ে সাত, আসেবনে তিন, কর্মে দুই, নাস্তিতে সাত, বিগতে সাত।

### সহযোগ (৩)

৭১. (১) অনন্তর-সমনন্তর-উপনিশ্রয়-নাস্তি-বিগত সহযোগে সাত।

(২) অনন্তর-সমনন্তর-উপনিশ্রয়-আসেবন নাস্তি-বিগত সহযোগে তিন।

(৩) অনন্তর-সমনন্তর-উপনিশ্রয়-কর্ম-নাস্তি-বিগত সহযোগে দুই।

### সমনন্তর-প্রত্যয় (৭)

(অনন্তর সদৃশ জানতে হবে)।

### সহজাত ইত্যাদি সভাগ (১৩)

৭২. সহজাত-প্রত্যয় দ্বারা... অন্যোন্য-প্রত্যয় দ্বারা... নিশ্রয়-প্রত্যয় দ্বারা হেতুতে তিন, অধিপতিতে তিন, সহজাতে তিন, অন্যোন্যে তিন, কর্মে তিন, বিপাকে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে তিন, অস্তিতে তিন, অবিগতে তিন।

Visit: http://www.buddhistdownload.com

## সহযোগ (২)

(১) নিশ্রয়-সহজাত-অন্যোন্য-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সহযোগে তিন।

(২) নিশ্রয়-সহজাত-অন্যোন্য-বিপাক-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সগযোগে তিন।

## উপনিশ্রয়-সভাগ (৮)

৭৩. উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা আলম্বনে চার, অধিপতিতে চার, অনন্তরে সাত, সমনন্তরে সাত, আসেবনে তিন, কর্মে আট, নাস্তিতে সাত, বিগতে সাত।

## সহযোগ (৫)

৭৪. (১) উপনিশ্রয়-আলম্বন-অধিপতি সহযোগে চার।

(২) উপনিশ্রয়-অনন্তর-সমনন্তর-নাস্তি-বিগত সহযোগে সাত।

(২) উপনিশ্রয়-অনন্তর-সমনন্তর-আসেবন-নাস্তি-বিগত সহযোগে তিন।

(৪) উপনিশ্রয়-কর্ম সহযোগে আট।

(৫) উপনিশ্রয়-অনন্তর-সমনন্তর-কর্ম-নাস্তি-বিগত সহযোগে দুই।

## আসেবন সভাগ (৫)

৭৫. আসেবন-প্রত্যয় দ্বারা অনন্তরে তিন, সমনন্তরে তিন, উপনিশ্রয়ে তিন, নাস্তিতে তিন, বিগতে তিন।

## সহযোগ (১)

(১) আসেবন অনন্তর-সমনন্তর-উপনিশ্রয়-নাস্তি-বিগত সহযোগে তিন।

## কর্ম সভাগ (১৩)

৭৬. কর্ম-প্রত্যয় দ্বারা অনন্তরে দুই, সমনন্তরে দুই, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে আট, বিপাকে তিন, আহারে তিন, সম্প্রযুক্তে তিন, অস্তিতে তিন, নাস্তিতে দুই, বিগতে দুই, অবিগতে তিন।

## প্রকীর্ণ সহযোগ (২)

(১) কর্ম-উপনিশ্রয় সমন্বয়ে আট।

(২) কর্ম-অনন্তর-সমনন্তর-উপনিশ্রয়-নাস্তি-বিগত সমন্বয়ে দুই।

## সহজাত সহযোগ (২)

(১) কর্ম-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-আহার-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(২) কর্ম-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-আহার-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

Visit: http://www.buddhistdownload.com

## বিপাক-সভাগ (১৩)

৭৭. বিপাক-প্রত্যয় দ্বারা হেতুতে দুই, অধিপতিতে দুই, সহজাতে তিন... ধ্যান দুই, মার্গে দুই, সম্প্রযুক্তে তিন, অস্তিতে তিন, অবিগতে তিন।

### সহযোগে (১)

(১) বিপাক-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

## আহার-সভাগ (১০)

৭৮. আহার-প্রত্যয় দ্বারা অধিপতিতে তিন, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, কর্মে তিন, বিপাকে তিন, ইন্দ্রিয়ে তিন, সম্প্রযুক্তে তিন, অস্তিতে তিন, অবিগতে তিন।

### সহযোগ (৮)

(১) আহার-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(২) আহার-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(৩) আহার-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-কর্ম-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(৪) আহার-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-কর্ম-বিপাক-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(৫) আহার-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-ইন্দ্রিয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(৬) আহার-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-ইন্দ্রিয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(৭) আহার-অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-ইন্দ্রিয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(৮) আহার-অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-ইন্দ্রিয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

## ইন্দ্রিয় সভাগ (১২)

৭৯. ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা হেতুতে দুই, অধিপতিতে তিন, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, বিপাকে তিন, আহারে তিন, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে তিন, অস্তিতে তিন, অবিগতে তিন।

Visit: http://www.buddhistdownload.com

## সহযোগ (১৬)

(১) ইন্দ্রিয়-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(২) ইন্দ্রিয়-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(৩) ইন্দ্রিয়-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(৪) ইন্দ্রিয়-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

(৫) ইন্দ্রিয়-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-ধ্যান-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(৬) ইন্দ্রিয়-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-ধ্যান-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

(৭) ইন্দ্রিয়-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-আহার-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(৮) ইন্দ্রিয়-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-আহার-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(৯) ইন্দ্রিয়-অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-আহার-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(১০) ইন্দ্রিয়-অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-আহার-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

(১১) ইন্দ্রিয়-অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(১২) ইন্দ্রিয়-অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

(১৩) ইন্দ্রিয়-হেতু-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

(১৪) ইন্দ্রিয়-হেতু-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

(১৫) ইন্দ্রিয়-হেতু-অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

(১৬) ইন্দ্রিয়-হেতু-অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

Visit: http://www.buddhistdownload.com

## ধ্যান-সভাগ (৯)

৮০. ধ্যান-প্রত্যয় দ্বারা সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, বিপাকে দুই, ইন্দ্রিয়ে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে তিন, অস্তিতে তিন, অবিগতে তিন।

## সহযোগ (৬)

(১) ধ্যান-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(২) ধ্যান-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

(৩) ধ্যান-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(৪) ধ্যান-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

(৫) ধ্যান-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-ইন্দ্রিয়-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(৬) ধ্যান-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-ইন্দ্রিয়-মার্গ-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

## মার্গ সভাগ (১১)

৮১. মার্গ-প্রত্যয় দ্বারা হেতুতে দুই, অধিপতিতে তিন, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, বিপাকে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, সম্প্রযুক্তে তিন, অস্তিতে তিন, অধিপতিতে তিন।

## সহযোগ (১৪)

(১) মার্গ-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(২) মার্গ-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

(৩) মার্গ-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-ইন্দ্রিয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(৪) মার্গ-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-ইন্দ্রিয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

(৫) মার্গ-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-ধ্যান-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(৬) মার্গ-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-ধ্যান-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

Visit: http://www.buddhistdownload.com

(৭) মার্গ-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-ইন্দ্রিয়-ধ্যান-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(৮) মার্গ-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-ইন্দ্রিয়-ধ্যান-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

(৯) মার্গ-অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-ইন্দ্রিয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(১০) মার্গ-অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-ইন্দ্রিয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

(১১) মার্গ-হেতু-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-ইন্দ্রিয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

(১২) মার্গ-হেতু-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-ইন্দ্রিয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

(১৩) মার্গ-হেতু-অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-ইন্দ্রিয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

(১৪) মার্গ-হেতু-অধিপতি-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-ইন্দ্রিয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত সমন্বয়ে দুই।

### সম্প্রযুক্ত সভাগ (১৩)

৮২. সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা হেতুতে তিন, অধিপতিতে তিন, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, কর্মে তিন, বিপাকে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে তিন, অস্তিতে তিন, অবিগতে তিন।

### সহযোগ (২)

(১) সম্প্রযুক্ত-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(২) সম্প্রযুক্ত-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-অস্তি-অবিগত সমন্বয়ে তিন।

(অস্তি-প্রত্যয় দ্বারা... নাস্তি-প্রত্যয় দ্বারা... বিগত-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা... )।

[প্রশ্নবারে অনুলোম অধ্যায় সমাপ্ত]

### **প্রতিলোম সংগ্রহ** (প্রশ্ন সংখ্যা-৯)

৮৩. (১) সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৪. (৪) দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় ।

(৬) দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৫. (৭) অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম সুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অদুঃখ-অসুখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্ম দুঃখ-বেদনা-সম্প্রযুক্ত ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## ২. প্রত্যয় : প্রতিলোম

## ২. গণনা অধ্যায় (একক)

৮৬. না-হেতুতে নয়, না-আলম্বনে নয়, না-অধিপতিতে নয়, না-অনন্তরে নয়, না-সমনন্তরে নয়, না-সহজাতে নয়, না-অন্যোন্যে নয়, না-নিশ্রয়ে নয়, না-উপনিশ্রয়ে নয়, না-পূর্বজাতে নয়, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে নয়, না-বিপাকে নয়, না-আহারে নয়, না-ইন্দ্রিয়ে নয়, না-ধ্যানে নয়, না-মার্গে নয়, না-সম্প্রযুক্তে নয়, না-বিপ্রযুক্তে নয়, না-অস্তিতে নয়, না-নাস্তিতে নয়, না-বিগতে নয়, না-অবিগতে নয়।

Visit: http://www.buddhistdownload.com

### না-হেতুমূলক

### দ্বিক

৮৭. না-হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে নয়... না-অবিগতে নয়।

### ত্রিক

না-হেতু-প্রত্যয়, না-আলম্বন-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে নয়... না-উপনিশ্রয়ে আট... না-অবিগতে নয়...।

### ত্রয়োবিংশতিক

না-হেতু-প্রত্যয়, না-আলম্বন-প্রত্যয়... না-উপনিশ্রয়-প্রত্যয়, না-পূর্বজাত-প্রত্যয়, না-পশ্চাজ্জাত-প্রত্যয়, না-আসেবন-প্রত্যয়, না-বিপাক-প্রত্যয়, না-আহার-প্রত্যয় দ্বারা... না-অবিগতে আট।

[না-হেতুমূলক সমাপ্ত]

(যেভাবে কুশলত্রিকে 'প্রতিলোম-গণনা' গণনা করা হয়েছে, তদ্রূপ এইস্থলেও নির্ভূলভাবে সকল মূলক গণনা করতে হবে)।

[প্রতিলোম সমাপ্ত]

## ৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

### হেতু সভাগ

৮৮. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে তিন, না-অধিপতিতে তিন, না-অনন্তরে তিন, না-সমনন্তরে তিন, না-উপনিশ্রয়ে তিন, না-পূর্বজাতে তিন, না-পশ্চাজ্জাতে তিন, না-আসেবনে তিন, না-কর্মে তিন, না-বিপাকে তিন, না-আহারে তিন, না-ইন্দ্রিয়ে তিন, না-ধ্যানে তিন, না-মার্গে তিন, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে তিন, না-বিগতে তিন।

### সহযোগ

৮৯. হেতু-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত যোগে না-আলম্বনে তিন... না-বিগতে তিন।

(যেভাবে কুশল ত্রিকে অনুলোম-প্রতিলোম গণনা আবৃত্তির জন্য গণনা করা হয়েছে। তদ্রূপ এইস্থলেও গণনা করতে হবে)।

কর্ম-প্রত্যয় দ্বারা না-হেতুতে আট, না-আলম্বনে আট... না-অবিগতে আট (সংক্ষিপ্ত)।

[অনুলোম-প্রতিলোম গণনা সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

## ৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

### না-হেতুমূলক

### দ্বিক

৯০. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে পাঁচ, অনন্তরে সাত, সমনন্তরে সাত, সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে নয়, আসেবনে তিন, কর্মে আট, বিপাকে তিন, আহারে তিন, ইন্দ্রিয়ে তিন, ধ্যানে তিন, মার্গে তিন, সম্প্রযুক্তে তিন, অস্তিতে তিন, নাস্তিতে সাত, বিগতে সাত, অবিগতে তিন।

### ত্রিক

না-হেতু-প্রত্যয়, না-আলম্বন-প্রত্যয় দ্বারা অধিপতিতে তিন, অনন্তরে সাত... অবিগতে তিন...।

### ষষ্ঠক

না-হেতু-প্রত্যয়, না-আলম্বন-প্রত্যয়, না-অধিপতি-প্রত্যয়, না-অনন্তর-প্রত্যয়, না-সমনন্তর-প্রত্যয় দ্বারা সহজাতে তিন, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তিন, উপনিশ্রয়ে নয়, কর্মে আট, বিপাকে তিন... অধিপতিতে তিন...।

### নবক

না-হেতু-প্রত্যয়, না-আলম্বন-প্রত্যয় (মূলককে সংক্ষিপ্ত করা হয়েছে) না-নিশ্রয়-প্রত্যয় দ্বারা উপনিশ্রয়ে নয়, কর্মে আট...।

### চতুর্বিংশতিক (উপনিশ্রয়সহ)

না-হেতু-প্রত্যয়, না-আলম্বন-প্রত্যয়... না-উপনিশ্রয়-প্রত্যয়, না-পূর্বজাত-প্রত্যয়, না-পশ্চাজ্জাত-প্রত্যয়, না-আসেবন-প্রত্যয়, না-বিপাক-প্রত্যয়, না-আহার-প্রত্যয়, না-ইন্দ্রিয়-প্রত্যয়, না-ধ্যান-প্রত্যয়, না-মার্গ-প্রত্যয়, না-সম্প্রযুক্ত প্রত্যয়, না-বিপ্রযুক্ত-প্রত্যয়, না-অস্তি-প্রত্যয়, না-নাস্তি-প্রত্যয়, না-বিগত-প্রত্যয়, না-অবিগত-প্রত্যয় দ্বারা কর্মে আট।

### চতুর্বিংশতিক (কর্মসহ)

না-হেতু-প্রত্যয়, না-আলম্বন-প্রত্যয়... না-নিশ্রয়-প্রত্যয়, না-পূর্বজাত-প্রত্যয়, না-পশ্চাজ্জাত-প্রত্যয়, না-আসেবন-প্রত্যয়, না-কর্ম-প্রত্যয়... না-বিগত-প্রত্যয়, না-অবিগত-প্রত্যয় দ্বারা উপনিশ্রয়ে নয়।

[না-হেতুমূলক সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

### না-আলম্বনমূলক

#### দ্বিক

৯১. না-আলম্বন-প্রত্যয় দ্বারা হেতুতে তিন... কর্মে আট... অবিগতে তিন...।

### না-অধিপতিমূলক

#### দ্বিক

৯২. না-অবিগত-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে চার, অনন্তরে সাত, সমনন্তরে সাত, উপনিশ্রয়ে নয়, আসেবনে তিন, কর্মে আট, নাস্তিতে সাত, বিগতে সাত...।

#### চতুষ্ক

না-অধিপতি-প্রত্যয়, না-হেতু-প্রত্যয়, না-আলম্বন-প্রত্যয় দ্বারা অনন্তরে সাত, সমনন্তরে সাত, উপনিশ্রয়ে সাত, আসেবনে তিন, কর্মে আট, নাস্তিতে সাত, বিগতে সাত...।

#### চতুর্বিংশতিক (উপনিশ্রয় সহ)

না-অবিগত-প্রত্যয়, না-হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বন-না-অধিপতি-না-অনন্তর-না-সমনন্তর-না-সহজাত-না-অন্যোন্য-না-নিশ্রয়-না-উপনিশ্রয়-না-পূর্বজাত-না-পশ্চাজ্জাত-না-আসেবন-না-বিপাক-না-আহার-না-ইন্দ্রিয়-না-ধ্যান-না-মার্গ-না-সম্প্রযুক্ত-না-বিপ্রযুক্ত-না-অস্তি-প্রত্যয়, না-নাস্তি-প্রত্যয়, না-বিগত-প্রত্যয় দ্বারা কর্মে আট।

#### চতুর্বিংশতিক (কর্মসহ)

না-অধিপতি-প্রত্যয়, না-হেতু-প্রত্যয়... না-নিশ্রয়-প্রত্যয়, না-পূর্বজাত-প্রত্যয়... না-কর্ম-প্রত্যয়... না-বিপাক-প্রত্যয় দ্বারা উপনিশ্রয়ে নয়।

(কুশলত্রিকে প্রতিলোম-অনুলোম গণনা আবৃত্তির জন্য যেভাবে গণনা করা হয়েছে, এইস্থলেও অনুরূপভাবে গণনা করতে হবে)।

[প্রতিলোম-অনুলোম অধ্যায় সমাপ্ত]

[বেদনাত্রিক বর্ণনা (এখানে) সমাপ্ত হলো]

## ৩. বিপাকত্রিক

### ১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

### ১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-১৩)

১. (১) বিপাক[১] (ফলদান) ধর্মকে (স্বভাব বা বিষয়কে) ভিত্তি করে হেতু-

---

[১]। ১৫ অহেতুক বিপাক চিত্ত, ৮ কামাবচর বিপাক চিত্ত, ৫ রূপাবচর বিপাক চিত্ত, ৪

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনসময়ে) এক প্রকার বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার (বিপাক) স্কন্ধ উৎপন্ন হয়। তিন প্রকার স্কন্ধকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ উৎপন্ন হয়। দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়। অপর দিকে প্রতিসন্ধিক্ষণে এক প্রকার বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়। তিন প্রকার স্কন্ধকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ উৎপন্ন হয়। দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়।

(২) বিপাক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম[১] উৎপন্ন হয়। বিপাক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ (চিত্ত দ্বারা উৎপন্ন) রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্মজ (পূর্বজন্মকৃত কর্ম দ্বারা উৎপন্ন) রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি (হৃদয়) বাস্তু (চিত্ত-চৈতসিকের আশ্রয়স্থল) উৎপন্ন হয়।

(৩) বিপাক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম (বিপাক বা ফলদানও নয় আর বিপাক উৎপাদকও নয়) ধর্মসমূহ উৎপন্ন হয়। এক প্রকার বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। তিন প্রকার বিপাক স্কন্ধকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে এক প্রকার বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। তিন প্রকার বিপাক স্কন্ধকে ভিত্তি করে এক প্রকার স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়।

২. (৪) বিপাকধর্মী[২] (বিপাক উৎপাদনের স্বভাব-সুলভ প্রকৃতি সম্পন্ন) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাকধর্মীধর্ম এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়।

---

অরূপাবচর বিপাক চিত্ত, ৪ লোকোত্তর বিপাক চিত্ত—সর্বমোট ৩৬ বিপাক চিত্ত এবং তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক বিপাক বা ফলদান ধর্ম ।

[১]। ৩ অহেতুক ক্রিয়াচিত্ত, ৮ কামাবচর ক্রিয়াচিত্ত, ৫ রূপাবচর ক্রিয়াচিত্ত, ৪ অরূপাবচর ক্রিয়াচিত্ত—সর্বমোট ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক, ২৮ রূপ ও নির্বাণ নৈব-বিপাক-না-বিপাকধর্মী অর্থাৎ বিপাকও নয়, বিপাকধর্মী বা বিপাক প্রধানের স্বভাব-সুলভ প্রকৃতিসম্পন্নও নয় ধর্ম।

[২]। ৮ লোভমূলক চিত্ত, ২ দ্বেষমূলক চিত্ত, ২ মোহমূলক চিত্ত, ৮ কামাবচর কুশল চিত্ত, ৫ রূপাবচর কুশল চিত্ত, ৪ অরূপাবচর কুশল চিত্ত, ৪ লোকত্তর কুশল চিত্ত এবং তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক—বিপাকধর্মী বা বিপাক উৎপাদনশীল ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

(৫) বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাকধর্মীধর্ম স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৬) বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা বিপাকধর্মীধর্ম এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মসমূহ উৎপন্ন হয়। বিপাকধর্মীধর্ম এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

৩. (৭) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। এক প্রকার মহাভূতকে ভিত্তি করে তিন প্রকার মহাভূত উৎপন্ন হয়। তিন প্রকার মহাভূতকে ভিত্তি করে এক প্রকার মহাভূত উৎপন্ন হয়। দুই প্রকার মহাভূতকে ভিত্তি করে দুই প্রকার মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ, কর্মজ-রূপ এবং উপাদা (চারি মহাভূতোপন্ন) রূপ উৎপন্ন হয়।

(৮) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে বিপাক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৯) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়।

৪. (১০) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে এক প্রকার বিপাক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(১১) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাক স্কন্ধ-স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়।

(১২) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে এক প্রকার বিপাক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুই

Visit: http://www.buddhistdownload.com

প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়।

৫. (১৩) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাকধর্মীধর্ম স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

## আলম্বন-প্রত্যয় (৫)

৬. (১) বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়। (চলমানজীবনে) এক প্রকার বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে এক প্রকার বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়।

৭. (২) বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাকধর্মীধর্ম এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়।

৮. (৩) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়।

(৪) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে বিপাক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

৯. (৫) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে এক প্রকার বিপাক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়।

## অধিপতি-প্রত্যয় (৯)

১০. (১) বিপাক ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়। এক প্রকার বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়।

(২) বিপাক ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৩) বিপাক ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মসমূহ উৎপন্ন হয়। এক প্রকার বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৪-৬) বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে... (তিন)।

১১. (৭) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। এক প্রকার মহাভূতকে ভিত্তি করে তিন প্রকার মহাভূত উৎপন্ন হয়... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

১২. (৮) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৯) বিপাকধর্মীধর্ম এবং না-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাকধর্মীধর্ম স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

### অনন্তর-প্রত্যয় ইত্যাদি

১৩. (১) বিপাক ধর্মকে ভিত্তি করে অনন্তর-প্রত্যয় দ্বারা... সমনন্তর-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়... (আলম্বন-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য)... সহজাত-প্রত্যয় দ্বারা... (সহজাত সর্বত্র হেতু-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য)।

(২) নৈব-বিপাক-না-বিপাবধর্মী ধর্মকে ভিত্তি করে সহজাত-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়... বাহ্যিক (বহিস্থঃ)... আহারজ... ঋতুজ... অসংজ্ঞসত্ত্বগণের... (সহজাতে এটাই বৈসাদৃশ্য)।

### অন্যোন্য-প্রত্যয় (৭)

১৪. (১) বিপাক ধর্মকে ভিত্তি করে অন্যোন্য-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়। এক প্রকার বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার (বিপাক) স্কন্ধ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে এক প্রকার বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়।

(২) বিপাক ধর্মকে ভিত্তি করে অন্যোন্য-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-

Visit: http://www.buddhistdownload.com

বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়।

(৩) বিপাক ধর্মকে ভিত্তি করে অন্যোন্য-প্রত্যয় দ্বারা বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়।

(৪) বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে অন্যোন্য-প্রত্যয় দ্বারা বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাকধর্মীধর্ম এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়।

১৫. (৫) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে অন্যোন্য-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়... একটি মহাভূতকে... বাহ্যিক... আহারজ... ঋতুজ... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...।

(৬) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে অন্যোন্য-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে বিপাক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৭) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মকে ভিত্তি করে অন্যোন্য প্রত্যয় বিপাক ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে এক প্রকার বিপাক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ... দুই প্রকার স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

## নিশ্রয়-প্রত্যয় ইত্যাদি

১৬. (১) বিপাক ধর্মকে ভিত্তি করে নিশ্রয়-প্রত্যয় দ্বারা (সংক্ষিপ্ত)... উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... পূর্বজাত-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়।

## আসেবন-প্রত্যয় (২)

১৭. (১) বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে আসেবন-প্রত্যয় দ্বারা বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাকধর্মীধর্ম এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে আসেবন-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম এক প্রকার স্কন্ধকে ভিত্তি করে তিন প্রকার স্কন্ধ উৎপন্ন হয়... দুই প্রকার স্কন্ধকে ভিত্তি করে দুই প্রকার স্কন্ধ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

### কর্ম-প্রত্যয় (১৩), বিপাক-প্রত্যয় (৯)

১৮. (১-৩) বিপাক ধর্মকে ভিত্তি করে কর্ম-প্রত্যয় দ্বারা (সংক্ষিপ্ত)... বিপাক-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৪) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে বিপাক-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। এক প্রকার মহাভূতকে ভিত্তি করে তিন প্রকার মহাভূত... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ এবং কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে বিপাক-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাক ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধির সময়ে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে বিপাক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৬) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে বিপাক-প্রত্যয় দ্বারা বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধির সময়ে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে বিপাক স্কন্ধসমূহ উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়।

(৭-৯) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মকে ভিত্তি করে বিপাক-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়... বিপাক-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়... বিপাক-প্রত্যয় দ্বারা বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মসমূহ উৎপন্ন হয়...।

### আহার-প্রত্যয় ইত্যাদি

১৯. বিপাক ধর্মকে ভিত্তি করে আহার-প্রত্যয় দ্বারা (সংক্ষিপ্ত)... ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... ধ্যান-প্রত্যয় দ্বারা... মার্গ-প্রত্যয় দ্বারা... সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... অস্তি-প্রত্যয় দ্বারা... নাস্তি-প্রত্যয় দ্বারা... বিগত-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয় ।

### ১. প্রত্যয় : অনুলোম

### ২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

২০. হেতুতে তেরো, আলম্বনে পাঁচ, অধিপতিতে নয়, অনন্তরে পাঁচ, সমনন্তরে পাঁচ, সহজাতে তেরো, অন্যোন্যে সাত, নিশ্রয়ে তেরো, উপনিশ্রয়ে পাঁচ, পূর্বজাতে তিন, অসেবনে দুই, কর্মে তেরো, বিপাকে নয়, আহারে তেরো, ইন্দ্রিয়ে তেরো, ধ্যানে তেরো, মার্গে তেরো, সম্প্রযুক্তে পাঁচ, বিপ্রযুক্তে তেরো, অস্তিতে তেরো, নাস্তিতে পাঁচ, বিগতে পাঁচ, অবিগতে তেরো।

Visit: http://www.buddhistdownload.com

### হেতুমূলক
### দ্বিক

২১. হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে পাঁচ... অবিগতে তেরো...।

(কুশলত্রিকে গণনার ন্যায় এখানেও গণনা করতে হবে)।

### আসেবনমূলক
### দ্বিক

২২. আসেবন-প্রত্যয় দ্বারা হেতুতে দুই, আলম্বনে দুই, অধিপতিতে দুই, অনন্তরে দুই, সমনন্তরে দুই, অন্যোন্যে দুই, নিশ্রয়ে দুই, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে দুই, কর্মে দুই, আহারে দুই, ইন্দ্রিয়ে দুই, ধ্যানে দুই, মার্গে দুই, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে দুই, অস্তিতে দুই, নাস্তিতে দুই, বিগতে দুই, অবিগতে দুই...।

### বিপাকমূলক
### দ্বিক

২৩. বিপাক-প্রত্যয় দ্বারা হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে পাঁচ, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে নয়, অন্যোন্যে ছয়, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে এক, কর্মে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে নয় (সংক্ষিপ্ত)।

[অনুলোম গণনা সমাপ্ত]

## ২. প্রত্যয় : প্রতিলোম—১. বিভঙ্গ অধ্যায়
### না-হেতু-প্রত্যয় (১০)

২৪. (১) বিপাক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়। একটি অহেতুক বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধির সময়ে একটি বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) বিপাক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। অহেতুক বিপাক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধির সময়ে বিপাক স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ এবং স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়।

(৩) বিপাক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা বিপাক এবং নৈব-

Visit: http://www.buddhistdownload.com

বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মসমূহ উৎপন্ন হয়। একটি অহেতুক বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধির সময়ে একটি বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়।

২৫. (৪) বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৫) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। অহেতুক নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত... দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ এবং কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। বাহ্যিক... আহারজ... ঋতুজ... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত... মহাভূতকে ভিত্তি করে কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৬) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধির সময়ে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে বিপাক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৭) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মসমূহ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়।

২৬. (৮) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধির সময়ে একটি বিপাক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৯) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। অহেতুক বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক

Visit: http://www.buddhistdownload.com

প্রতিসন্ধির সময়ে বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়।

(১০) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মসমূহ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধির সময়ে একটি বিপাক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়।

**না-আলম্বন-প্রত্যয় (৫)**

২৭. (১) বিপাক ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধির সময়ে বিপাক স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়।

২৮. (২) বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাকধর্মীধর্ম স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

২৯. (৩) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ এবং কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। বাহ্যিক... আহারজ... ঋতুজ... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়... মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

৩০. (৪) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়।

৩১. (৫) বিপাকধর্মীধর্ম এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাকধর্মীধর্ম স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

## না-অধিপতি-প্রত্যয় (১৩)

৩২. (১) বিপাক ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়... (সংক্ষিপ্ত)।

(অনুলোম-প্রত্যয়ের সহজাত সদৃশ্য বিস্তারিত জানতে হবে)।

## না-অনন্তর-প্রত্যয় ইত্যাদি

৩৩. (১) বিপাক ধর্মকে ভিত্তি করে না-অনন্তর-প্রত্যয় দ্বারা... না-সমনন্তর-প্রত্যয় দ্বারা... না-অন্যোন্য-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ, কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। বাইরের... আহারজ... ঋতুজ... অসংজ্ঞসত্ত্বগণের মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। (এখানে এটিই প্রভেদ) না-অন্যোন্য-প্রত্যয় দ্বারা... না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... (সংক্ষিপ্ত)।

## না-পূর্বজাত-প্রত্যয় (১২)

৩৪. (১) বিপাক ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে একটি বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। প্রতিসন্ধিকালে একটি বিপাক স্কন্ধকে... (সংক্ষিপ্ত)।

(২) বিপাক ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। প্রতিসন্ধিকালে... (সংক্ষিপ্ত)।

(৩) বিপাক ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম ধর্মসমূহ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে একটি বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়।

(৪) বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে বিপাকধর্মীধর্ম একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৫) বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। বিপাকধর্মীধর্ম স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

৩৫. (৬) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে নৈব-বিপাক-না-

Visit: http://www.buddhistdownload.com

বিপাকধর্মীধর্ম একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মীধর্ম স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত... বাহ্যিক... আহারজ... ঋতুজ... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে...।

(৭) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা বিপাক ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিকালে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে বিপাক স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৮) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মকে ভিত্তি করে না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিকালে (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়।

৯৮. (১) বিপাক ধর্ম বিপাক ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...। (বিস্তারিত অনন্তর-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য)।

### সহজাত-প্রত্যয় (১১)

৯৯. (১-৩) বিপাক ধর্ম বিপাক ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি বিপাক স্কন্ধ... (তিন)।

(৪-৬) বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মী ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৭) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী একটি স্কন্ধ... একটি মহাভূতকে... বাহ্যিক... আহারজ... ঋতুজ... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...।

(৮) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম বিপাক ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু বিপাক স্কন্ধসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ বিপাক ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণের একটি বিপাক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের...।

(১০) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূহসমূহ চিত্তজ-রূপসমূহের... প্রতিসন্ধিক্ষণে বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ কর্মজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১১) বিপাকধর্মধর্মী এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### অন্যোন্য-প্রত্যয় (৭)

১০০. (১) বিপাক ধর্ম বিপাক ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি বিপাক স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে...।

(২) বিপাক ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৩) বিপাক ধর্ম বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের এবং (হৃদয়) বাস্তুর অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৪) বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মী ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাকধর্মধর্মী একটি স্কন্ধ তিনটি স্কন্ধের... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের...।

(৫) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী একটি স্কন্ধ তিনটি স্কন্ধের... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের...।

(৬) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম বিপাক ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু বিপাক স্কন্ধসমূহের...।

(৭) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ বিপাক ধর্মের... প্রতিসন্ধিক্ষণে একটি বিপাক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু...। (মোট সাতটি প্রশ্ন করণীয়)।

## নিশ্রয়-প্রত্যয় (১৩)

১০১. (১-৩) বিপাক ধর্ম বিপাক ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মী ধর্মের... (তিন)।

(৭) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের...।

(৮) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম বিপাক ধর্মের... চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-আয়তন কায়-বিজ্ঞানের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু বিপাক স্কন্ধসমূহের... প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু বিপাক স্কন্ধসমূহের...।

(৯) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মী ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহের...।

(১০) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ বিপাক ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তন... কায়-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং কায়-আয়তন... একটি বিপাক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের... প্রতিসন্ধিক্ষণে একটি বিপাক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু...।

(১১) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের... বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ... (সংক্ষিপ্ত) প্রতিসন্ধিক্ষণে...।

(১২) বিপাকধর্মধর্মী এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ

Visit: http://www.buddhistdownload.com

বিপাকধর্মী ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাকধর্মধর্মী একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু...।

(১৩) বিপাকধর্মধর্মী এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের...। (তেরটি প্রশ্ন করণীয়)।

## উপনিশ্রয়-প্রত্যয় (৯)

১০২. (১) বিপাক ধর্ম বিপাক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** কায়িক সুখ কায়িক সুখের, কায়িক দুঃখের এবং ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কায়িক দুঃখ কায়িক সুখের, কায়িক দুঃখের এবং ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ফল-সমাপত্তি কায়িক সুখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) বিপাক ধর্ম বিপাকধর্মী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** কায়িক সুখকে উপনিশ্রয় করে (অর্থাৎ কায়িক সুখবশে) দান দেন, শীল প্রতিপালন করেন... সংঘভেদের কারণ হয়। কায়িক দুঃখকে উপনিশ্রয় করে দান দেন, শীল পালন করেন... সংঘভেদের কারণ হয়। এই হেতুতে কায়িক সুখ এবং কায়িক দুঃখ শ্রদ্ধার... প্রার্থনার (ভোগসম্পদ প্রাপ্তির ইচ্ছার) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) বিপাক ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ক্ষীণাসব অর্হৎগণ কায়িক সুখকে উপনিশ্রয় করে অনুৎপন্ন ক্রিয়া-সমাপত্তি উৎপন্ন করেন, উৎপন্ন (ক্রিয়া-সমাপত্তিতে) অধিষ্ঠিত থাকেন, সমস্ত সংস্কারকে (সর্ব কারণোৎপন্ন বিষয়কে) অনিত্য-দুঃখ-অনাত্মরূপে গভীরভাবে দর্শন করেন। কায়িক দুঃখকে উপনিশ্রয় করে অনুৎপন্ন ক্রিয়া-সমাপত্তি উৎপন্ন করেন, উৎপন্ন (ক্রিয়া-সমাপত্তিতে) অধিষ্ঠিত থাকেন। সমস্ত সংস্কারকে অনিত্য-দুঃখ-অনাত্মদৃষ্টিতে গভীরভাবে দর্শন করেন। মার্গ শৈক্ষ্যগণের অর্থ-প্রতিসম্ভিদার... ধর্ম-প্রতিসম্ভিদার... নিরুক্তি-প্রতিসম্ভিদার... প্রতিভান-প্রতিসম্ভিদার... দোষ-অদোষ বিষয়ক দক্ষতা-জ্ঞানের (ঠানাঠানকোসল্লস্‌স) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১০৩. (৪) বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন...

Visit: http://www.buddhistdownload.com

মান (গর্ব বা আত্মশ্লাঘা) উৎপন্ন করেন... দৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপ) শীলকে... শ্রুতিকে... ত্যাগকে... প্রজ্ঞাকে উপনিশ্রয় করে দান দেন... দৃষ্টি উৎপন্ন করেন। (অনুরূপভাবে) রাগকে... দ্বেষকে... মোহকে... মানকে... দৃষ্টিকে... প্রার্থনাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন, প্রাণিবধ করেন... সংঘভেদ করেন... শ্রদ্ধা... প্রার্থনা শ্রদ্ধার... শীলের... প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রথম ধ্যানের পরিকর্ম (প্রস্তুতি) প্রথম ধ্যানের... নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের পরিকর্ম নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... প্রথম ধ্যান দ্বিতীয়... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... প্রথম মার্গের পরিকর্ম প্রথম... চতুর্থ মার্গের পরিকর্ম চতুর্থ... প্রথম মার্গ দ্বিতীয়... তৃতীয় মার্গ চতুর্থ মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শৈক্ষ্যগণ মার্গকে উপনিশ্রয় করে অনুৎপন্ন কুশল-সমাপত্তি উৎপন্ন করেন... মার্গ শৈক্ষ্যগণের অর্থ-প্রতিসম্ভিদার... ধর্ম-প্রতিসম্ভিদার... নিরুক্তি-প্রতিসম্ভিদার... প্রতিভান-প্রতিসম্ভিদার... দোষ-অদোষ বিষয়ক দক্ষতা-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রাণিবধ প্রাণিবধের... মিথ্যাদৃষ্টির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... মিথ্যাদৃষ্টি মিথ্যাদৃষ্টির... ব্যাপাদের (হিংসার)... মাতৃহত্যাকর্ম মাতৃহত্যাকর্মের... নিয়ত-মিথ্যাদৃষ্টির... নিয়ত-মিথ্যাদৃষ্টি নিয়ত-মিথ্যাদৃষ্টির... সংঘভেদককর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) বিপাকধর্মী ধর্ম বিপাক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে নিজেকে উৎপীড়ন করেন, ভীষণ রকম যন্ত্রণা দেন, অন্বেষণজনিত দুঃখ অনুভব করেন... প্রার্থনাকে উপনিশ্রয় করে নিজেকে উৎপীড়ন করেন, ভীষণ রকম যন্ত্রণা দেন... শ্রদ্ধা... প্রার্থনা কায়িক সুখের, কায়িক দুঃখের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল-অকুশল কর্ম (কুশল-অকুশল) বিপাকের (ফলাফলের) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ক্ষীণাসব অর্হৎগণ মার্গকে উপনিশ্রয় করে অনুৎপন্ন ক্রিয়া-সমাপত্তি উৎপন্ন করেন, উৎপন্ন (ক্রিয়া-সমাপত্তিতে) অধিষ্ঠিত থাকেন। সমস্ত সংস্কারকে অনিত্য-দুঃখ-অনাত্মদৃষ্টিতে গভীরভাবে দর্শন করেন। মার্গ অর্হতের অর্থ-প্রতিসম্ভিদার... ধর্ম-প্রতিসম্ভিদার... নিরুক্তি-প্রতিসম্ভিদার...

Visit: http://www.buddhistdownload.com

প্রতিভান-প্রতিসম্ভিদার... দোষ-অদোষ বিষয়ক দক্ষতা-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১০৪. (৭) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ক্ষীণাসব অর্হৎগণ ঋতুকে... ভোজনকে... শয্যাসনকে উপনিশ্রয় করে অনুৎপন্ন ক্রিয়া-সমাপত্তি উৎপন্ন করেন...।

(৮) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম বিপাক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ঋতু... ভোজন... শয্যাসন, কায়িক সুখের, কায়িক দুঃখের, ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মী ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** ঋতুকে উপনিশ্রয় করে দানকার্য সম্পন্ন করেন... সংঘভেদকর্ম করেন। (তদ্রূপ) ভোজনকে... শয্যাসনকে উপনিশ্রয় করে দানকার্য সম্পন্ন করেন... সংঘভেদকর্ম করেন। এই কারণবশত ঋতু... ভোজন... শয্যাসন শ্রদ্ধার... প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## পূর্বজাত-প্রত্যয় (৩)

১০৫. (১) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** ক্ষীণাসব অর্হৎগণ চক্ষুকে অনিত্য-দুঃখ-অনাত্মা... কায়কে... রূপকে... রূপসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে (চিত্ত-চৈতসিকের আশ্রয়স্থলকে) অনিত্য-দুঃখ-অনাত্মা... দিব্যনেত্রের দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ...। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম বিপাক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** শৈক্ষ্যগণ বা পৃথগ্‌জনেরা (সাধারণ ব্যক্তিরা) চক্ষুকে অনিত্য-দুঃখ-অনাত্মদৃষ্টিতে গভীরভাবে দেখেন, এটিকে আস্বাদন করেন এবং এটিকেই অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ (অনুরাগ) উৎপন্ন হয়... দৌর্মনস্য (মানসিক দুঃখ) উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই

Visit: http://www.buddhistdownload.com

জবনেরই আশু বিপাক স্বরূপ) বিপাক তদ্-আলম্বনতা উৎপন্ন হয়। (একইভাবে) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... (হৃদয়) বাস্তুকে অনিত্য-দুঃখ-অনাত্মদৃষ্টিতে গভীরভাবে দেখেন, এটিকে আস্বাদন করেন এবং এটিকেই অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই জবনেরই আশু বিপাকস্বরূপ) বিপাক তদ্-আলম্বনতা উৎপন্ন হয়। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... শব্দ-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... গন্ধ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... রস-আয়তন জিহ্বা-আয়তনের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের...। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের পূর্বজাত... শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... জিহ্বা-আয়তন জিহ্বা-আয়তনের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু বিপাকস্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মী ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত দ্বিবিধ)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** শৈক্ষ্যগণ বা পৃথগ্‌জনেরা চক্ষুকে অনিত্য-দুঃখ-অনাত্মদৃষ্টিতে গভীরভাবে দেখেন, এটিকে আস্বাদন করেন এবং এটিকেই অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ... দৌর্মনস্য উৎপন্ন হয়। (একইভাবে) শ্রোত্রকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য... দৌর্মনস্য... দিব্যনেত্র দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ...। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### পশ্চাজ্জাত-প্রত্যয় (৩)

১০৬. (১) বিপাক ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত (পশ্চাদোৎপন্ন) বিপাক স্কন্ধসমূহ পূর্বজাত (পূর্বোৎপন্ন) এই কায়ের (শরীরের) পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৩) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

### আসেবন-প্রত্যয় (২)

১০৭. (১) বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মী ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর আসেবন-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম বিশুদ্ধির আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূর মার্গের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিশুদ্ধি (চিত্তের নির্মলতা) মার্গের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী... প্রত্যয় হয়।

### কর্ম-প্রত্যয় (৯)

১০৮. (১) বিপাক ধর্ম বিপাক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক চেতনা (কর্ম) সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক চেতনা...।

(২) বিপাক ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক চেতনা চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক চেতনা কর্মজ-রূপসমূহের... চেতনা (হৃদয়) বাস্তুর কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) বিপাক ধর্ম বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মী ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাকধর্মধর্মী চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) বিপাকধর্মী ধর্ম বিপাকের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক** : বিপাকধর্মধর্মী চেতনা বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** বিপাকধর্মধর্মী চেতনা চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** বিপাকধর্মধর্মী চেতনা কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) বিপাকধর্মী ধর্ম বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** বিপাকধর্মধর্মী চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মধর্মী এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাকধর্মধর্মী চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের

Visit: http://www.buddhistdownload.com

কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## বিপাক-প্রত্যয় (৩)

১০৯. (১) বিপাক ধর্ম বিপাক ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে...।

(২) বিপাক ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক স্কন্ধসমূহ কর্মজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর...।

(৩) বিপাক ধর্ম বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের এবং কর্মজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## আহার-প্রত্যয় (৭)

১১০. (১-৩) বিপাক ধর্ম বিপাক ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের... (তিন)।

(এই তিনটি স্থানে প্রতিসন্ধিক্ষণেও করে দেখাতে হবে)।

(৪-৬) বিপাকধর্মী ধর্ম বিপাক ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৭) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী আহারসমূহ (পরিপোষকসমূহ) সম্প্রযুক্ত স্কন্ধসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কবলীকৃত আহার এই কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## ইন্দ্রিয়-প্রত্যয় (৯)

১১১. (১-৩) বিপাক ধর্ম বিপাক ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)। ('প্রতিসন্ধিক্ষণে' করতে হবে)।

(৪-৬) বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মী ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৭) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের

Visit: http://www.buddhistdownload.com

ইন্দ্রিয় প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ইন্দ্রিয়সমূহ[১] সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপ-জীবিত-ইন্দ্রিয় (রূপসন্ততির অনুপালক) কর্মজ-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম বিপাক ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞানের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শ্রোত্র-ইন্দ্রিয় শ্রোত্র-বিজ্ঞানের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঘ্রাণ-ইন্দ্রিয় ঘ্রাণ-বিজ্ঞানের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। জিহ্বা-ইন্দ্রিয় জিহ্বা-বিজ্ঞানের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কায়-ইন্দ্রিয় কায়-বিজ্ঞানের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ বিপাক ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু-ইন্দ্রিয় এবং চক্ষু-বিজ্ঞান চক্ষু-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শ্রোত্র-ইন্দ্রিয় এবং শ্রোত্র-বিজ্ঞান শ্রোত্র-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ঘ্রাণ-ইন্দ্রিয় এবং ঘ্রাণ-বিজ্ঞান ঘ্রাণ-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। জিহ্বা-ইন্দ্রিয় এবং জিহ্বা-বিজ্ঞান জিহ্বা-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কায়-ইন্দ্রিয় এবং কায়-বিজ্ঞান কায়-বিজ্ঞান-সহগত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### ধ্যান-প্রত্যয় (৭)

১১২. (১-৩) বিপাক ধর্ম বিপাক ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪-৬) বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মী ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৭) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধ্যানাঙ্গসমূহ (ধ্যান লাভের অঙ্গসমূহ) সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### মার্গ-প্রত্যয় (৭)

১১৩. (১-৩) বিপাক ধর্ম বিপাক ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...

---

[১]। ১. চক্ষু, ২. শ্রোত্র, ৩. ঘ্রাণ, ৪. জিহ্বা, ৫. কায়, ৬. স্ত্রী, ৭. পুরুষ, ৮. জীবিত-ইন্দ্রিয় নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী (অর্থাৎ বিপাক বা ফলদানও নয়, বিপাক-উৎপাদকও নয়) ইন্দ্রিয়।

Visit: http://www.buddhistdownload.com

(তিন)।

(৪-৬) বিপাকধর্মী ধর্ম বিপাকধমী ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৭) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধমী ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী মার্গাঙ্গসমূহ (মার্গ লাভের অঙ্গসমূহ) সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### সম্প্রযুক্ত-প্রত্যয় (৩)

১১৪. (১) বিপাক ধর্ম বিপাক ধর্মের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় । প্রতিসন্ধিক্ষণে একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মী ধর্মের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### বিপ্রযুক্ত-প্রত্যয় (৫)

১১৫. (১) বিপাক ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত-প্রত্যয়)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** বিপাক স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক স্কন্ধসমূহ কর্মজ-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** বিপাক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় তিন প্রকার)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তু বিপাক স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞানের...কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু বিপাক স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মী ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### অস্তি-প্রত্যয় (১৩)

১১৬. (১) বিপাক ধর্ম বিপাক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি বিপাক স্কন্ধ তিনটি... প্রতিসন্ধিক্ষণে একটি বিপাক স্কন্ধ তিনটি...।

(২) বিপাক ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** বিপাক স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক স্কন্ধসমূহ কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** বিপাক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) বিপাক ধর্ম বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্ম ধর্মী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... প্রতিসন্ধিক্ষণে একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের এবং কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

১১৭. (৪) বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাক ধর্মী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়।

(৬) বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মধর্মী এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের... নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৭) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি প্রত্যয় পাঁচ প্রকার)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি মহাভূত... মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের, কর্মজ-রূপসমূহের, উপাদা-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বাহ্যিক... আহারজ... ঋতুজ... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...। **পূর্বজাত :** ক্ষীণাসব অর্হৎগণ চক্ষুকে অনিত্য-দুঃখ-অনাত্মাদৃষ্টিতে... শ্রোত্রকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য-দুঃখ-অনাত্মাদৃষ্টিতে... দিব্যনেত্র দ্বারা রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। (হৃদয়) বাস্তু নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম বিপাক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে (হৃদয়) বাস্তুকে বিপাক স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** শৈক্ষ্যগণ কিংবা পৃথগ্‌জনেরা চক্ষুকে অনিত্য-দুঃখ-অনাত্মাদৃষ্টিতে... আস্বাদন করেন। তজ্জন্য একে ভিত্তি করে রাগ... দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়... কুশল-অকুশল চিত্তসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই জবনেরই আশু বিপাক স্বরূপ) বিপাক তদ্‌-আলম্বনতা... শ্রোত্রকে... (হৃদয়) বাস্তুকে... বিপাক তদ্‌-আলম্বনতা... রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু বিপাক স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** শৈক্ষ্যগণ কিংবা পৃথগ্‌জনেরা চক্ষুকে অনিত্য-দুঃখ-অনাত্মাদৃষ্টিতে... আস্বাদন করেন... দৌর্মনস্য উৎপন্ন হয়। (তদ্রূপ) শ্রোত্রকে...

Visit: http://www.buddhistdownload.com

(হৃদয়) বাস্তুকে অনিত্য-দুঃখ-অনাত্মাকারে... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা... (হৃদয়) বাস্তু বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১১৮. (১০) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ বিপাক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি দ্বিবিধ)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** চক্ষু-বিজ্ঞান-সহগত একটি স্কন্ধ এবং চক্ষু-আয়তন তিনটি... কায়-বিজ্ঞান-সহগত... একটি বিপাক স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের... প্রতিসন্ধিক্ষণে একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি...।

(১১) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়। **সহজাত :** বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে বিপাক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** বিপাক স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের... পশ্চাজ্জাত বিপাক স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১২) বিপাকধর্মধর্মী এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ বিপাকধর্মী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় । (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** বিপাকধর্মধর্মী একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি...।

(১৩) বিপাকধর্মধর্মী এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** বিপাকধর্মধর্মী স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## নাস্তি, বিগত ও অবিগত-প্রত্যয়

১১৯. বিপাক ধর্ম...।

(বিস্তারিত নাস্তি ও বিগত-প্রত্যয় অনন্তর-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য)।

(অবিগত-প্রত্যয় অস্তি-প্রত্যয় সদৃশ জ্ঞাতব্য)।

Visit: http://www.buddhistdownload.com

## ১. প্রত্যয় : অনুলোম

## ২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১২০. হেতুতে সাত, আলম্বনে নয়, অধিপতিতে দশ, অনন্তরে সাত, সমনন্তরে সাত, সহজাতে এগারো, অন্যোন্যে সাত, নিশ্রয়ে তেরো, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে দুই, কর্মে নয়, বিপাকে তিন, আহারে সাত, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে সাত, মার্গে সাত, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে তেরো, নাস্তিতে সাত, বিগতে সাত, অবিগতে তেরো।

### হেতু সভাগ

হেতু-প্রত্যয় দ্বারা অধিপতিতে সাত, সহজাতে সাত, অন্যোন্যে পাঁচ, নিশ্রয়ে সাত, বিপাকে তিন, ইন্দ্রিয়ে সাত, মার্গে সাত, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে তিন, অস্তিতে সাত, অবিগতে সাত।

(কুশলত্রিকে প্রশ্নবারে যেভাবে অনুলোম গণনা গণিত হয়েছে এইস্থলেও তদ্রূপ বিস্তৃতব্য)।

[অনুলোম গণনা সমাপ্ত]

### **প্রতিলোম সংগ্রহ** (প্রশ্ন সংখ্যা-১৬)

১২১. (১) বিপাক ধর্ম বিপাক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) বিপাক ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) বিপাকধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) বিপাক ধর্ম বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) বিপাকধর্মী ধর্ম বিপাক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৮) বিপাকধর্মী ধর্ম বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মধর্মী এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১০) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১১) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম বিপাক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১২) নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্ম বিপাকধর্মী ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৩) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ বিপাক ধর্মের সহজাত... পূর্বজাত।

(১৪) বিপাক এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের সহজাত... পশ্চাজ্জাত... আহার.. ইন্দ্রিয়।

(১৫) বিপাকধর্মধর্মী এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ বিপাকধর্মী ধর্মের সহজাত... পূর্বজাত।

(১৬) বিপাকধর্মধর্মী এবং নৈব-বিপাক-না-বিপাকধর্মধর্মী ধর্মসমূহ নৈব-বিপাক-না-বিপাকধর্মী ধর্মের সহজাত... পশ্চাজ্জাত... আহার... ইন্দ্রিয়।

## ২. প্রত্যয় : প্রতিলোম

## ২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১২২. না-হেতুতে ষোল, না-আলম্বনে ষোল, না-অধিপতিতে ষোল, না-অনন্তরে ষোল, না-সমনন্তরে ষোল, না-সহজাতে বার, না-অন্যোন্যে বার, না-নিশ্রয়ে বার, না-উপনিশ্রয়ে ষোল, না-পূর্বজাতে চৌদ্দ, না-পশ্চাজ্জাতে ষোল, না-আসেবনে ষোল, না-কর্মে পনেরো, না-বিপাকে চৌদ্দ, না-আহারে ষোল, না-ইন্দ্রিয়ে ষোল, না-ধ্যানে ষোল, না-মার্গে ষোল, না-সম্প্রযুক্তে বার, না-বিপ্রযুক্তে দশ, না-অস্তিতে দশ, না-নাস্তিতে ষোল, না-বিগতে ষোল, না-অবিগতে দশ।

Visit: http://www.buddhistdownload.com

### না-হেতু সভাগ

না-হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে ষোল... না-অবিগতে দশ।

(কুশলত্রিক প্রতিলোম গণনার ন্যায় এখানেও গণনা করা কর্তব্য)।

[প্রতিলোম সমাপ্ত]

## ৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

### হেতু সভাগ

১২৩. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে সাত, না-অধিপতিতে সাত, না-অনন্তরে সাত, না-সমনন্তরে সাত, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে সাত, না-আসেবনে সাত, না-কর্মে সাত, না-বিপাকে চার, না-আহারে সাত, না-ইন্দ্রিয়ে সাত, না-ধ্যানে সাত, না-মার্গে সাত, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত।

### সহযোগ

১. হেতু-সহজাত-নিশ্রয়-অস্তি-অবিগত যোগে না-আলম্বনে সাত... না-অন্যোন্যে তিন... না-বিপাকে চার... না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে তিন... না-বিগতে সাত।

(কুশলত্রিকে অনুলোম-প্রতিলোম গণনা ন্যায় এখানে ও অনুরূপভাবে গণনা করতে হবে। নির্ভুলভাবে সম্পূর্ণ আবৃত্তি করতে হবে)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

## ৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

### না-হেতু

### দ্বিক

১২৪. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে নয়, অধিপতিতে দশ, অনন্তরে সাত, সমনন্তরে সাত, সহজাতে এগারো, অন্যোন্যে সাত, নিশ্রয়ে তেরো, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে দুই, কর্মে নয়, বিপাকে তিন, আহারে সাত, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে সাত, মার্গে সাত, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে তেরো, নাস্তিতে সাত, বিগতে সাত, অবিগতে তেরো।

### ত্রিক

না-হেতু-প্রত্যয়, না-আলম্বন-প্রত্যয় দ্বারা অধিপতিতে সাত... অবিগতে তেরো।

(কুশলত্রিকে প্রতিলোম-অনুলোম গণনার ন্যায় এখানেও অনুরূপভাবে গণনা

Visit: http://www.buddhistdownload.com

করতে হবে)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]
[বিপাকত্রিক (এখানে) সমাপ্ত]।

## ৪. উপাদিন্নত্রিক

### ১. প্রতীত্যবার—১.প্রত্যয় : অনুলোম

### ১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১. (১) উপাদিন্ন-উপাদানীয়[১] (তৃষ্ণা, মিথ্যাদৃষ্টি ও মানবশে গৃহীত এবং আসক্তির বিষয়) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনসময়ে) একটি উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অপর দিকে প্রতিসন্ধিক্ষণে একটি উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। তিনটি উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। পুনশ্চ স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। আবার উপাদিন্ন-উপাদানীয় একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৪) অনুপাদিন্ন-উপাদানীয়[২] (তৃষ্ণা, মিথ্যাদৃষ্টি ও মানবশে অগৃহীত কিন্তু

---

[১]। ৩২ লোকীয় বিপাক চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৫ চৈতসিক ও ১৮ কর্মজ-রূপ উপাদিন্ন-উপাদানীয় ধর্ম।

[২]। ১২ অকুশল চিত্ত, ১৭ লোকীয় কুশল চিত্ত, ২০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৫২ চৈতসিক,

Visit: http://www.buddhistdownload.com

আসক্তি বিষয়) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৫) অনুপাদিন্ন-অনুপাদানীয়[১] (তৃষ্ণা, মিথ্যাদৃষ্টি ও মানবশে গৃহীতও নয় আসক্তির বিষয়ও নয়) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৬) অনুপাদিন্ন অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৭) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৮) অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহকে এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৯) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

**আলম্বন-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

২. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে আলম্বন-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে... প্রতিসন্ধিক্ষণে...।

(২) অনুপাদিন্ন-উপাদিন্ন ধর্মকে ভিত্তি করে...।

---

১৭ চিত্তজ-রূপ, ১৫ ঋতুজ-রূপ ও ১৪ আহারজ-রূপ অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম।

[১]। ৮ লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক ও নির্বাণ অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

(৩) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে...। (আলম্বন-প্রত্যয় দ্বারা... (তিন)।

**অধিপতি-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৫)

৩. (১) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... একটি মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২-৪) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে... (তিন)।

(৫) অনুপাদিন্ন-অনুপাদানীয় এবং অনুপাদিন্ন এবং অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে অধিপতি-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদপানীয় স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

**অনন্তরাদি-প্রত্যয়**

৪. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে অনন্তর-প্রত্যয় দ্বারা... সমনন্তর-প্রত্যয় দ্বারা... সহজাত-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে... প্রতিসন্ধিক্ষণে... একটি মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২-৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে... (তিন)।

(৪) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে সহজাত-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... একটি মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। বাহ্যিক... আহারজ... ঋতুজ একটি মহাভূতকে ভিত্তি করে...।

(৫-৭) অনুপাদিন্ন-অনুদানীয় ধর্মকে ভিত্তি করে... (তিন)।

(৮) অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে... অনুপাদিন্ন-উপাদানীয়...।

(৯) উপদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে অনুপাদিন্ন-উপাদানীয়...।

**অন্যোন্য-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

৫. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে অন্যোন্য-প্রত্যয় দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে... প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু... স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে... দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...।

(২) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে... বাহ্যিক... আহারজ... ঋতুজ...।

(৩) অনুপাদিন্ন-অনুপাদিন্ন-ধর্মকে ভিত্তি করে...।

**নিশ্রয়-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৯)

**উপনিশ্রয়-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

৬. (১-৯) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে নিশ্রয়-প্রত্যয় দ্বারা... (নয়)।

(১-৩)... উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... (তিন)।

**পূর্বজাত-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

৭. (১-৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে পূর্বজাত-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

**আসেবন-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-২)

৮. (১) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে আসেবন-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে...।

(২) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে আসেবন-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে...।

**কর্ম-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৯)

৯. (১-৯) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে কর্ম-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়... (নয়)।

(বিস্তারিত হেতু-প্রত্যয় সদৃশ জানতে হবে)।

**বিপাক-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৯)

১০. (১-৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে বিপাক-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

Visit: http://www.buddhistdownload.com

(৪-৬) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে বিপাক-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(৭-৯) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে বিপাক-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... (নয়)।

### আহারাদি-প্রত্যয়

১১. উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে আহার-প্রত্যয় দ্বারা... ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... ধ্যান-প্রত্যয় দ্বারা... মার্গ-প্রত্যয় দ্বারা... সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... অস্তি-প্রত্যয় দ্বারা... নাস্তি-প্রত্যয় দ্বারা... বিগত-প্রত্যয় দ্বারা... অবিগত-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয় ।

(কুশলত্রিকের প্রতীত্যবারে যেভাবে বর্ণিত হয়েছে তদ্রূপ বর্ণিতব্য)।

### ১. প্রত্যয় : অনুলোম

### ২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

১২. হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে পাঁচ, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে তিন, আসেবনে দুই, কর্মে নয়, বিপাকে নয়, আহারে নয়, ইন্দ্রিয়ে নয়, ধ্যানে নয়, মার্গে নয়, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে নয়, অস্তিতে নয়, নাস্তিতে তিন, বিগতে তিন, অবিগতে নয়।

### হেতুমূলক

### দ্বিক

হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে তিন... অবিগতে নয়।

(কুশলত্রিকে প্রতীত্য গণনার ন্যায় এখানেও গণনা করতে হবে)।

[অনুলোম সমাপ্ত]

### ২. প্রত্যয় : প্রতিলোম

### ১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৫)

১৩. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অহেতুক উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি কওে তিনটি মহাভূত... মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অহেতুক উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ উৎপন্ন হয়। অহেতুক উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৪) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অহেতুক অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি মহাভূতকে... মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। বাহ্যিক... আহারজ... ঋতুজ একটি মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে উপাদা-রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৫) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অহেতুক উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

### না-আলম্বন-প্রত্যয় (৬)

১৪. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে...।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৩) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে... বাহ্যিক... আহারজ... ঋতুজ একটি মহাভূতকে ভিত্তি করে...।

(৪) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৫) অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৬) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

### না-অধিপতি-প্রত্যয় (৬)

১৫. (১-৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয় (প্রতিসন্ধিক্ষণে পরিপূর্ণ করা উচিত)... (তিন)।

(৪) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে... (এক)।

(৫) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহকে ভিত্তি করে অনুপাদিন্ন-অনুপাদানীয় অধিপতি উৎপন্ন হয়।

(৬) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

### না-অনন্তরাদি-প্রত্যয়

১৬. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-অনন্তর-প্রত্যয় দ্বারা... না-সমনন্তর-প্রত্যয় দ্বারা... না-অন্যোন্য-প্রত্যয় দ্বারা... না-উপনিশ্রয়-প্রত্যয় দ্বারা... না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা... না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... না-আলম্বন-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়...।

Visit: http://www.buddhistdownload.com

(২) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-আসেবন-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি বিপাক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... (সংক্ষিপ্ত)।

### না-কর্ম-প্রত্যয় (২)

১৭. (১) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে ভিত্তি করে অনুপাদিন্ন-উপাদানীয় চেতনা উৎপন্ন হয়। বাহ্যিক... আহারজ... ঋতুজ একটি মহাভূতকে ভিত্তি করে...।

(২) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-কর্ম-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় কুশলস্কন্ধসমূহকে ভিত্তি করে অনুপাদিন্ন-অনুপাদানীয় চেতনা উৎপন্ন হয়।

### না-বিপাক-প্রত্যয় (৬)

১৮. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে... মহাভূতসমূহকে ভিত্তি করে কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

(২) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়... (এক)।

(৩-৫) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি কুশলস্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... (তিন)।

(৬) অনুপাদিন্ন-অনুপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-বিপাক-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় কুশলস্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

### না-আহার-প্রত্যয় (২)

১৯. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-আহার-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে...।

(২) অনুপাদিন্ন-উপাদানীয ধর্মকে ভিত্তি করে না-আহার-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক... ঋতুজ একটি মহাভূতকে ভিত্তি করে...।

Visit: http://www.buddhistdownload.com

## না-ইন্দ্রিয়-প্রত্যয় (২)

২০. (১) উপদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অসংজ্ঞসত্ত্বগণের মহাভূতসমূহকে ভিত্তি করে রূপ-জীবিত-ইন্দ্রিয় (রূপকায়) উৎপন্ন হয়।

(২) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক... আহারজ... ঋতুজ একটি মহাভূতকে ভিত্তি করে...।

## না-ধ্যান-প্রত্যয় (২)

২১. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। পঞ্চবিজ্ঞান-সহগত একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে...।

(২) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-ধ্যান-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। বাহ্যিক... আহারজ... ঋতুজ একটি মহাভূতকে ভিত্তি করে...।

## না-মার্গ-প্রত্যয় (৫)

২২. (১-৫) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-মার্গ-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি অহেতুক স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... (পাঁচ)।

## না-সম্প্রযুক্ত-প্রত্যয় (৬)

২৩. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়।

(অবশিষ্টগুলো না-আলম্বন-প্রত্যয় সদৃশ বিস্তারিত জ্ঞাতব্য)।

## না-বিপ্রযুক্ত-প্রত্যয় (৩)

২৪. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে দুটি মহাভূত উৎপন্ন হয়।

(২) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অরূপলোকে অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... বাহ্যিক... আহারজ... ঋতুজ একটি

Visit: http://www.buddhistdownload.com

মহাভূতকে ভিত্তি করে...।

(৩) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয় না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা না-বিপ্রযুক্ত-প্রত্যয়। অরূপলোকে অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

### না-নাস্তি-না-বিগত-প্রত্যয় (৬)

২৫. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে ভিত্তি করে না-নাস্তি-প্রত্যয় দ্বারা... না-বিগত-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়।

(বিস্তারিত কুশলত্রিকে প্রতিলোমবারের ন্যায় জানতে হবে)।

## ২. প্রত্যয় : প্রতিলোম

### ২.গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

২৬. না-হেতুতে পাঁচ, না-আলম্বনে ছয়, না-অধিপতিতে ছয়, না-অনন্তরে ছয়, না-সমনন্তরে ছয়, না-অন্যোন্যে ছয়, না-উপনিশ্রয়ে ছয়, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে দুই, না-বিপাকে ছয়, না-আহারে দুই, না-ইন্দ্রিয় দুই, না-ধ্যানে দুই, না-মার্গে পাঁচ, না-সম্প্রযুক্তে ছয়, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে ছয়, না-বিগতে ছয়।

### না-হেতুমূলক

#### দ্বিক

না-হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চার, না-অধিপতিতে পাঁচ, না-অনন্তরে চার... না-আলম্বনে পাঁচ, না-কর্মে এক, না-বিপাকে দুই... না-ধ্যানে দুই, না-মার্গে পাঁচ, না-সম্প্রযুক্তে চার, না-বিপ্রযুক্তে দুই... না-বিগতে চার।

(কুশলত্রিকে গণনার ন্যায় গণনা করা কর্তব্য)।

[প্রতিলোম সমাপ্ত]

## ৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

### হেতুমূলক

#### দ্বিক

২৭. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে ছয়... না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে দুই, না-বিপাকে ছয়, না-বিপ্রযুক্তে তিন... না-বিগতে ছয়।

(কুশলত্রিকে অনুলোম-প্রতিলোম গণনার ন্যায় গণনা করা কর্তব্য)।

[অনুলোম সমাপ্ত]

Visit: http://www.buddhistdownload.com

### ৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম
### না-হেতুমূলক
### দ্বিক

২৮. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই... সহজাতে পাঁচ, অন্যোন্যে দুই, নিশ্রয়ে পাঁচ, উপনিশ্রয়ে দুই, পূর্বজাতে দুই, আসেবনে এক, কর্মে পাঁচ... ধ্যানে পাঁচ, মার্গে এক, সম্প্রযুক্তে দুই, বিপ্রযুক্তে পাঁচ... অবিগতে পাঁচ।

(কুশলত্রিকে প্রতিলোম-অনুলোম গণনার ন্যায় গণনা করা কর্তব্য)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[প্রতীত্যবারে (এখানে)সমাপ্ত]

### ২. সহজাতবার—১-৪. প্রত্যয় : চতুষ্ক[১]

২৯. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে সহজাত করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়।

(সহজাতবার বিস্তারিত প্রতীত্যবারে সদৃশ জানতে হবে)।

[সহজাতবার (এখানে) সমাপ্ত]

### ৩. প্রত্যয়বার—১. প্রত্যয় : অনুলোম
### ১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (১১)

৩০. (১) উপাদিন্ন-উপাদানীয় (গৃহীত এবং উপাদান যোগ্য) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... প্রতিসন্ধিক্ষণে... স্কন্ধসমূহকে আশ্রয় করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। পুনশ্চ একটি মহাভূতকে আশ্রয় করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে আশ্রয় করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে আশ্রয় করে দুটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে আশ্রয় করে কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

---

[১]। প্রত্যয়-চতুষ্ক বলতে এখানে অনুলোম, প্রতিলোম, অনুলোম-প্রতিলোম এবং প্রতিলোম-অনুলোম প্রত্যয়কে বুঝানো হয়েছে।

Visit: http://www.buddhistdownload.com

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) উপাদিন্ন-উপাদানীয় ধর্মের আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ...।

৩১. (৫) অনুপাদিন্ন-উপাদানীয় (অগৃহীত কিন্তু উপাদান যোগ্য) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদিন্ন ধর্ম উৎপন্ন হয়... (এক)।

(৬-৮) অনুপাদিন্ন-অনুপাদানীয় (গৃহীতও নয় এবং উপাদান যোগ্যও নয়) ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়... (তিন)।

(৯) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(১০) অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(১১) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

### আলম্বন-প্রত্যয় (৭)

৩২. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৫) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৬) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৭) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে আলম্বন-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

## অধিপতি-প্রত্যয় (৯)

৩৩. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে অধিপতি-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে অধিপতি-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে অধিপতি-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়... (এক)।

(৪-৬) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে আশ্রয় করে... (তিন)।

(৭) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে আশ্রয় করে... অধিপতি-প্রত্যয় দ্বারা...।

(৮) অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে আশ্রয় করে অধিপতি-প্রত্যয় দ্বারা...।

Visit: http://www.buddhistdownload.com

(৯) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে অধিপতি-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

**অনন্তর-প্রত্যয় (৭)**

৩৪. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে অনন্তর-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়।

(অনুরূপভাবে 'অবিগত-প্রত্যয়' পর্যন্ত ২৪টি প্রত্যয়ের বর্ণনা করা আবশ্যক)।

## ১. প্রত্যয় : অনুলোম

## ২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩৫. হেতুতে এগারো, আলম্বনে সাত, অধিপতিতে নয়, অনন্তরে সাত, সমনন্তরে সাত, সহজাতে এগারো, অন্যোন্যে সাত, নিশ্রয়ে এগারো, উপনিশ্রয়ে সাত, পূর্বজাতে সাত, আসেবনে ছয়, কর্মে এগারো, বিপাকে এগারো, আহারে এগারো, ইন্দ্রিয়ে এগারো, ধ্যানে এগারো, মার্গে এগারো, সম্প্রযুক্তে সাত, বিপ্রযুক্তে এগারো, অস্তিতে এগারো, নাস্তিতে সাত, বিগতে সাত, অবিগতে এগারো।

### হেতুমূলক

### দ্বিক

হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে সাত... অবিগতে এগারো।

(অবশিষ্ট গণনা কুশলত্রিকে গণনার ন্যায় গণনা করণীয়)।

[অনুলোম সমাপ্ত]

## ২. প্রত্যয় : প্রতিলোম

## ১. বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (৫)

৩৬. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি অহেতুক স্কন্ধকে আশ্রয় করে... অহেতুক প্রতিসন্ধিক্ষণে... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে... চক্ষু-আয়তনকে আশ্রয় করে চক্ষু-বিজ্ঞান উৎপন্ন হয়... কায়-আয়তনকে আশ্রয় করে কায়-বিজ্ঞান উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় অহেতুক স্কন্ধসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অহেতুক অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি অহেতুক স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়...।

(৪) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি অহেতুক স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... বাহ্যিক... আহারজ... ঋতুজ একটি মহাভূতকে... রূপ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(৫) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় অহেতুক স্কন্ধসমূহ এবং মহাভূহসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অহেতুক অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে বিচিকিৎসা-সহগত বা ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

### না-আলম্বন-প্রত্যয় (৬)

৩৭. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-আলম্বন-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়... (সংক্ষিপ্ত)।

### না-অধিপতি-প্রত্যয় (৮)

৩৮. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে আশ্রয় করে...।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনুপাদিন্ন-অনুপাদানীয়-অধিপতি উৎপন্ন হয়।

(৪) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে আশ্রয় করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়...।

(৫) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে...। (এক)।

(৬) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহকে আশ্রয় করে অনুপাদিন্ন-অনুপাদানীয়-অধিপতি উৎপন্ন হয়।

(৭) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদিন্ন স্কন্ধসমূহকে এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনুপাদিন্ন-অনুপাদানীয়-অধিপতি উৎপন্ন হয়।

(৮) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-অধিপতি-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহকে আশ্রয় করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

### না-অনন্তরাদি-প্রত্যয়

৩৯. উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-অনন্তর-প্রত্যয় দ্বারা... না-সমনন্তর-প্রত্যয় দ্বারা... না-পূর্বজাত-প্রত্যয় দ্বারা... না-পশ্চাজ্জাত-প্রত্যয় দ্বারা... না-আসেবন-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়...।

### না-কর্ম-প্রত্যয় (৬)

৪০. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনুপাদিন্ন-উপাদানীয় চেতনা উৎপন্ন হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনুপাদিন্ন-অনুপাদানীয় কুশল চেতনা উৎপন্ন হয়।

(৩) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে আশ্রয় করে অনুপাদিন্ন-উপাদানীয় চেতনা উৎপন্ন হয়। বাহ্যিক... অহারজ... ঋতুজ একটি মহাভূতকে আশ্রয় করে...।

(৪) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় কুশলস্কন্ধসমূহকে অনুপাদিন্ন-অনুপাদানীয় চেতনা উৎপন্ন হয়।

(৫) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় কুশলস্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনুপাদিন্ন-অনুপাদানীয় কুশল চেতনা উৎপন্ন হয়।

(৬) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-কর্ম-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনুপাদিন্ন-উপাদানীয় চেতনা উৎপন্ন হয়।

### না-বিপাক-প্রত্যয় (১০)

৪১. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-বিপাক-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে আশ্রয় করে...।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-বিপাক-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-বিপাক-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে অনুপাদিন্ন-অনুপাদানীয় কুশলস্কন্ধসমূহ উৎপন্ন হয়।

(৪) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে... (এক)।

(৫-৭) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে আশ্রয় করে... (তিন)।

(৮) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-বিপাক-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয় । (সংক্ষিপ্ত)।

(৯) অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-বিপাক-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

(১০) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-বিপাক-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে তিনটি স্কন্ধ... দুটি

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধ এবং (হৃদয়) বাস্তুকে আশ্রয় করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

### না-আহারাদি-প্রত্যয়

৪২. উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে আশ্রয় করে না-আহার-প্রত্যয় দ্বারা... না-ইন্দ্রিয়-প্রত্যয় দ্বারা... না-ধ্যান-প্রত্যয় দ্বারা... না-মার্গ-প্রত্যয় দ্বারা... না-সম্প্রযুক্ত-প্রত্যয় দ্বারা... না-বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা... না-নাস্তি-প্রত্যয় দ্বারা... না-বিগত-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

### ২. প্রত্যয় : প্রতিলোম

### ২. গণনা অধ্যায় (একক)

৪৩. না-হেতুতে পাঁচ, না-আলম্বনে ছয়, না-অধিপতিতে আট, না-অনন্তরে ছয়, না-সমনন্তরে ছয়, না-অন্যোন্যে ছয়, না-উপনিশ্রয়ে ছয়, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে এগারো, না-আসেবনে এগারো, না-কর্মে ছয়, না-বিপাকে দশ, না-আহারে দুই, না-ইন্দ্রিয়ে দুই, না-ধ্যানে দুই, না-মার্গে পাঁচ, না-সম্প্রযুক্তে ছয়, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে ছয়, না-বিগতে ছয়।

(বিস্তৃতভাবে গণনা করা কর্তব্য)।

### ৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

### (হেতুমূলক দ্বিক)

৪৪. হেতু-প্রত্যয় না-আলম্বনে ছয়... না-বিগতে ছয়।

(বিস্তৃতভাবে গণনা করা কর্তব্য)।

### ৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

### (না-হেতুমূলক দ্বিক)

৪৫. না-হেতু-প্রত্যয় আলম্বনে চার... অবিগতে পাঁচ।

[প্রত্যয়বার বর্ণনা (এখানে) সমাপ্ত]

### ৪. নিশ্রয়বার—হেতু-প্রত্যয়

৪৬. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে নিশ্রয় করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে নিশ্রয় করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে নিশ্রয় করে... (সংক্ষিপ্ত)।

(নিশ্রয়বার প্রত্যয়বার সদৃশ জানতে হবে)।

[নিশ্রয়বার (এখানে) সমাপ্ত]

### ৫. সংশ্লিষ্টবার

### ১. প্রত্যয় : অনুলোম—হেতু-প্রত্যয় (৩)

৪৭. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অপর দিকে প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৩) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মকে সংশ্লিষ্ট করে হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত)।

### প্রত্যয় : অনুলোম

### গণনা অধ্যায় (একক)

৪৮. হেতুতে তিন... অধিপতিতে দুই... আসেবনে দুই... বিপাককে দুই... অবিগতে তিন।

( কুশলত্রিকে গণনা ন্যায় গণনা করা কর্তব্য)।

[অনুলোম সমাপ্ত]

### ২. প্রত্যয় : প্রতিলোম

### বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয় (২)

৪৯. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি অহেতুক (হেতু-প্রত্যয় বিরহিত) স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। অহেতুক প্রতিসন্ধিক্ষণে...।

(২) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মকে সংশ্লিষ্ট করে না-হেতু-প্রত্যয় দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয়। অহেতুক অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে সংশ্লিষ্ট করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়। পুনশ্চ বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে সংশ্লিষ্ট করে বিচিকিৎসা-

Visit: http://www.buddhistdownload.com

সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়। (সংক্ষিপ্ত )।

**প্রত্যয় : প্রতিলোম**

**গণনা অধ্যায় (একক)**

না-হেতুতে দুই, না-অধিপতিতে তিন... না-বিপ্রযুক্তে তিন।(সংক্ষিপ্ত)।

[প্রতিলোম সমাপ্ত]

**৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম**

**(হেতুমূলক দ্বিক)**

হেতু-প্রত্যয় দ্বারা না-অধিপতিতে তিন... না-বিপ্রযুক্তে তিন।

**৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম**

**(না-হেতুমূলক দ্বিক)**

না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই... অবিগতে দুই।

[সংশ্লিষ্টবার (এখানে) সমাপ্ত]

**৬. সম্প্রযুক্তবার**

৫০. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্মকে সম্প্রযুক্ত করে হেতু-প্রত্যয় দ্বারা উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উৎপন্ন হয় (সংক্ষিপ্ত)।

**প্রত্যয় : অনুলোম**

**গণনা অধ্যায় (একক)**

হেতুতে তিন... অবিগতে তিন।

(সম্প্রযুক্তবার সংশ্লিষ্টবার সদৃশ জানতে হবে)।

[সম্প্রযুক্তবার (এখানে) সমাপ্ত]

**৭. প্রশ্নবার—১. প্রত্যয় : অনুলোম**

**১. বিভঙ্গ অধ্যায়—হেতু-অধ্যায় (৭)**

৫১. (১) উপাদিন্ন-উপাদানীয় (গৃহীত-উপাদানের বিষয় বা আলম্বন) ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (প্রবর্তনকালে) উপাদিন্ন-উপাদানীয় হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন-উপাদানীয় হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় হেতুসমূহ চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-

Visit: http://www.buddhistdownload.com

উপাদানীয় ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনুপাদিন্ন-উপাদানীয় (অগৃহীত-উপাদানের বিষয় বা আলম্বন) ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনুপাদিন্ন-অনুপাদানীয় (অগৃহীত-উপাদানের বিষয় বা আলম্বন নহে) ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় হেতুসমূহ চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় হেতুসমূহ স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### আলম্বন-প্রত্যয় (৬)

৫২. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শৈক্ষগণ বা পৃথগ্‌জনেরা চক্ষুকে অনিত্য-দুঃখ-অনাত্মদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, এটিকে আস্বাদন করেন এবং এটিকে অভিনন্দিত করেন। সেই কারণে রাগ উৎপন্ন হয়... দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই জবনসমূহের আশু বিপাক হিসেবে) বিপাক তদ্‌-আলম্বনতা উৎপন্ন হয়। (একইভাবে) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... উপাদিন্ন-উপাদানীয় রূপসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে অনিত্য-দুঃখ-অনাত্মদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন। সেই কারণে রাগ উৎপন্ন হয়... দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশল চিত্তসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই জবনসমূহের আশু বিপাক হিসেবে) বিপাক তদ্‌-আলম্বনতা উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... উপাদিন্ন-উপাদানীয় গন্ধ-আয়তন কায়-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (শৈক্ষগণ বা পৃথগ্‌জনেরা) চক্ষুকে অনিত্য-দুঃখ-

Visit: http://www.buddhistdownload.com

অনাত্মদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, এটিকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। (তদ্রূপ) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... উপাদিন্ন-উপাদানীয় রূপসমূহকে... গন্ধসমূহকে... রসসমূকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে... উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে অনিত্য-দুঃখ-অনাত্মদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যচক্ষুর দ্বারা উপাদিন্ন-উপাদানীয় রূপকে দর্শন করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা উপাদিন্ন-উপাদানীয়-সমন্বিত চিত্তকে জানেন। উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫৩. (৩) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ধার্মিক ব্যক্তিগণ) দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম করেন। অতঃপর এগুলোকে প্রত্যবেক্ষণ করেন। পূর্বকৃত কুশল কর্মসমূহ প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থিত হতে ধ্যানকেই প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ গোত্রভূকে প্রত্যবেক্ষণ করেন, বিশুদ্ধিকে প্রত্যবেক্ষণ করেন। আর্যগণ বিগত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, অবিগত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে আচরিত (আসক্ত) ক্লেশসমূহ জানেন। অনুপাদিন্ন-উপাদানীয় রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে অনিত্য-দুঃখ-অনাত্মাদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। সেই কারণে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্র দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় রূপ দর্শন করে, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় চিত্তসমন্বিত চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন (অনন্ত আকাশ ভূমি) বিজ্ঞান-অনন্ত-আয়তনের (অনন্ত বিজ্ঞান বা চেতনার ভূমির) আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকিঞ্চন-আয়তন (শূন্যতার অনন্ত ভূমি) নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের (সংজ্ঞা ও অসংজ্ঞাহীন ভূমি) আলম্বন প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদিন্ন-উপাদানীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। শৈক্ষ্যগণ বা পৃথগ্‌জনেরা অনুপাদিন্ন-

Visit: http://www.buddhistdownload.com

উপাদানীয় রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে অনিত্য-দুঃখ-অনাত্মা এই ত্রিলক্ষণ-জ্ঞানের দ্বারা অবলোকন করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। যার ফলে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে বিপাক তদ্-আলম্বনতা উৎপন্ন হয়। আকাশ-অনন্ত-আয়তন কুশল (ধ্যান-চিত্ত) বিজ্ঞান-অনন্ত-আয়তন বিপাকের (ফলপ্রদানের) আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আকিঞ্চন-আয়তন কুশল নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন বিপাকের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৫৪. (৫) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নির্বাণ মার্গ এবং ফলের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থিত হয়ে মার্গকেই প্রত্যবেক্ষণ করেন, মার্গ ফলকে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা অনুপাদিন্ন-অনুপাদানীয় চিত্ত (অর্থাৎ লোকোত্তর-চিত্ত) সম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## অধিপতি-প্রত্যয় (৫)

৫৫. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** চক্ষুকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন, এটিকে প্রাধান্য দেওয়ার কারণে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। (অনুরূপভাবে) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... উপাদিন্ন-উপাদানীয় রূপসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে... উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন, একে প্রাধান্য দেওয়ার কারণে রাগ উৎপন্ন হয় এবং দৃষ্টি উৎপন্ন হয়।

(২) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল পালন করে,

Visit: http://www.buddhistdownload.com

উপোসথকর্ম সম্পাদন করে সেগুলোকে অন্তরদৃষ্টি দিয়ে প্রত্যবেক্ষণ করেন। পূর্বকৃত কুশল কর্মসমূহকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। ধ্যান হতে উত্থিত হয়ে ধ্যানকেই প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। শৈক্ষ্যগণ গোত্রভূকে প্রাধান্য দিয়ে (অন্তরদৃষ্টি দিয়ে) প্রত্যবেক্ষণ করেন, বিশুদ্ধিকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। অনুপাদিন্ন-উপাদানীয় রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ার কারণে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** অনুপাদিন্ন-উপাদানীয় অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** নির্বাণ মার্গের এবং ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অনুপাদিন্ন-অনুপাদানীয়-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অধিপতি)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উঠে মার্গকেই প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, মার্গফলকে প্রধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে গোত্রভূর এবং বিশুদ্ধির অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অনুপাদিন্ন-অনুপাদানীয় অধিপতি চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদানীয় উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অনুপাদিন্ন-অনুপাদানীয় অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### অনন্তর-প্রত্যয় (৭)

৫৬. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদনীয় ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পঞ্চবিজ্ঞান বিপাক মনোধাতুর অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক-মনোধাতু বিপাক-মনোবিজ্ঞান-ধাতুর অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের অনন্তর-প্রত্যয়ের

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা প্রত্যয় হয়। ভবাঙ্গ আবর্তন-চিত্তের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিপাক-মনোবিজ্ঞান-ধাতু ক্রিয়া-মনোবিজ্ঞান-ধাতুর অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূত পরবর্তী পরবর্তী অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম বিশুদ্ধির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত পঞ্চবিজ্ঞানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদিন্ন স্কন্ধসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ মার্গের... বিশুদ্ধি মার্গের... অনুলোম ফল-সমাপত্তির... নিরোধসমাপত্তি (নিরোধসমাধি) হতে উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ ফলের... ফল ফলের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ফল উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### সমনন্তর-প্রত্যয় (৭)

৫৭. উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(বিস্তারিত অনন্তর-প্রত্যয় সদৃশ জানতে হবে)।

### সহজাত-প্রত্যয় (৯)

৫৮. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের... প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং কর্মজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং কর্মজ-

Visit: http://www.buddhistdownload.com

রূপসমূহের... স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় । একটি মহাভূত তিনটি মহাভূতের... তিনটি মহাভূতে একটি মহাভূতের... দুটি মহাভূত দুটি মহাভূতের... মহাভূতসমূহ কর্মজ-রূপসমূহের এবং উপাদা-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি মহাভূতকে... মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের... বাহ্যিক... আহারজ... ঋতুজ একটি মহাভূতকে... মহাভূতসমূহ উপাদা-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদিন্ন-ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-

Visit: http://www.buddhistdownload.com

অনুপাদানীয় স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## অন্যোন্য-প্রত্যয় (৩)

৫৯. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের... প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং (হৃদয়) বাস্তুর... স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি মহাভূত তিনটি মহাভূতের... দুটি মহাভূত দুটি মহাভূতের... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে...।

(২) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের... দুটি স্কন্ধ দুটি স্কন্ধ দুটি স্কন্ধের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি মহাভূতকে... বাহ্যিক... আহারজ... ঋতুজ একটি মহাভূতকে...।

(৩) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের...।

## নিশ্রয়-প্রত্যয় (১১)

৬০. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... প্রতিসন্ধিক্ষণে... একটি মহাভূতকে... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে... চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের... (এক)।

(৬-৮) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম... (তিন)।

(৯) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু একটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু দুটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১০) অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১১) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু একটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু দুটি স্কন্ধের নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### উপনিশ্রয়-প্রত্যয় (৯)

৬১. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়-প্রত্যয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** কায়িক সুখ কায়িক সুখের এবং কায়িক দুঃখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কায়িক দুঃখ কায়িক সুখের এবং কায়িক দুঃখের... ঋতু কায়িক সুখের এবং কায়িক দুঃখের... ভোজন কায়িক সুখের এবং কায়িক দুঃখের... কায়িক সুখ... কায়িক দুঃখ... ঋতু... ভোজন কায়িক সুখের এবং কায়িক দুঃখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** (সাধক) কায়িক সুখকে উপনিশ্রয় করে দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম করেন, ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন উৎপন্ন করেন, অভিজ্ঞা (উচ্চতর জ্ঞান) উৎপন্ন করেন, সমাপত্তি উৎপন্ন করেন, প্রাণিহত্যা করে... সংঘভেদ ঘটায়। (একইভাবে) কায়িক দুঃখকে... ঋতুকে... ভোজনকে উপনিশ্রয় করে দান দেন... সংঘভেদ করেন। সেই কারণবশত কায়িক সুখ... কায়িক দুঃখ... ঋতু... ভোজন অনুপাদিন্ন-উপাদানীয় শ্রদ্ধার... শীলের... শ্রুতির... ত্যাগের... প্রজ্ঞার... রাগের... দ্বেষের... মোহের... মানের... দৃষ্টির... প্রার্থনার (কামনা-বাসনার) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** (সাধক) কায়িক সুখকে উপনিশ্রয় করে মার্গ উৎপন্ন করেন, ফল-সমাপত্তিতে মনোনিবেশ করেন। (তদ্রূপ) কায়িক দুঃখকে... ঋতুকে... ভোজনকে উপনিশ্রয় করে মার্গ উৎপন্ন করেন, ফল-সমাপত্তিতে মনোনিবেশ করেন। সেই কারণবশত কায়িক সুখ... কায়িক দুঃখ... ঋতু... ভোজন মার্গের... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬২. (৪) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** (ব্যক্তি) অনুপাদিন্ন-উপাদানীয় (অর্থাৎ তৃষ্ণা, মিথ্যাদৃষ্টি, মান দ্বারা গৃহীত নয় কিন্তু আসক্তিযুক্ত) শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম করেন, ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন উৎপন্ন করেন, অভিজ্ঞা উৎপন্ন করেন, সমাপত্তি উৎপন্ন করেন, মান উৎপন্ন করেন, দৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপ) অনুপাদিন্ন-উপাদানীয় শীলকে... শ্রুতিকে... ত্যাগকে... প্রজ্ঞাকে... রাগকে... দ্বেষকে... মোহকে... দৃষ্টিকে... প্রার্থনাকে... ঋতুকে... ভোজনকে... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন, মানে ঈপ্সিত হয়, দৃষ্টির বশবর্তী হয়, প্রাণির জীবন হরণ করে... সংঘভেদ ঘটায়। এই কারণবশত অনুপাদিন্ন-উপাদানীয় শ্রদ্ধা... শীল... শ্রুতি... ত্যাগ... প্রজ্ঞা... রাগ... দ্বেষ... মোহ... মান... দৃষ্টি... প্রার্থনা... ঋতু... ভোজন... শয্যাসন... অনুপাদিন্ন-উপাদানীয় শ্রদ্ধার... শীলের... শ্রুতির... ত্যাগের... প্রজ্ঞার... রাগের... দ্বেষের... মোহের...

Visit: http://www.buddhistdownload.com

মানের... দৃষ্টির... প্রার্থনার... উপনিশ্রয় প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রথম ধ্যানের পরিকর্ম (ধ্যানচিত্ত উৎপত্তির পূর্বাবস্থা বা প্রস্তুতি) প্রথম ধ্যানের... নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... প্রথম ধ্যান দ্বিতীয়... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের পরিকর্ম নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের... প্রাণিহত্যা প্রাণিহত্যার... নিয়ত-মিথ্যাদৃষ্টি নিয়ত-মিথ্যাদৃষ্টির...।

(৫) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয়** : অনুপাদিন্ন-উপাদানীয় শ্রদ্ধাকে উপনিশ্রয় করে নিজেকে উৎপীড়ন করেন, ভীষণ রকম যন্ত্রণা দেন, অন্বেষণজনিত দুঃখ অনুভব করেন। (তদ্রূপ) অনুপাদিন্ন-উপাদানীয় শীলকে... শয্যাসনকে উপনিশ্রয় করে নিজেকে উৎপীড়ন করেন, ভীষণ রকম যন্ত্রণা দেন, অন্বেষণজনিত দুঃখ অনুভব করেন । এই কারণবশত অনুপাদিন্ন-উপাদানীয় শ্রদ্ধা... শয্যাসন কায়িক সুখের, কায়িক দুঃখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশল-অকুশল কর্ম (কুশল-অকুশল) বিপাকের (ফলাফলের) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয়** : প্রথম মার্গের পরিকর্ম প্রথম মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বিতীয় মার্গের পরিকর্ম দ্বিতীয় মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তৃতীয় মার্গের পরিকর্ম তৃতীয় মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চতুর্থ মার্গের পরিকর্ম চতুর্থ মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬৩. (৭) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (উপনিশ্রয়-প্রত্যয় তিন প্রকার)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয়** : প্রথম মার্গ দ্বিতীয় মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বিতীয় মার্গ তৃতীয় মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তৃতীয় মার্গ চতুর্থ মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয়** : ফল-সমাপত্তি কায়িক-সুখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৯) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** আর্যগণ মার্গকে উপনিশ্রয় করে অনুৎপন্ন সমাপত্তি (ধ্যানের সুখময় স্তর) উৎপন্ন করেন, উৎপন্ন (সমাপত্তিতে) অধিষ্ঠিত থাকেন। সমস্ত সংস্কারকে অনিত্য-দুঃখ-অনাত্মারূপে অন্তরদৃষ্টি দিয়ে দর্শন করেন। মার্গ আর্যগণের অর্থ-প্রতিসম্ভিদার, ধর্ম-প্রতিসম্ভিদার, নিরুক্তি-প্রতিসম্ভিদার, প্রতিভান-প্রতিসম্ভিদার এবং দোষ-অদোষ বিষয়ক দক্ষতা-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## পূর্বজাত-প্রত্যয় (৭)

৬৪. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (পূর্বজাত-প্রত্যয় দুই প্রকার)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** শৈক্ষ্যগণ বা পৃথগ্‌জনেরা চক্ষুকে অনিত্য-দুঃখ-অনাত্মারূপে অন্তরদৃষ্টি দিয়ে দর্শন করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। যার কারণে রাগ উৎপন্ন হয়... দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হলে পরে (সেই বীথিস্থ জবনের আশু ফল হিসেবে) বিপাক তদ্‌-আলম্বনতা উৎপন্ন হয়। (অনুরূপভাবে) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... উপাদিন্ন-উপাদানীয় রূপসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য-দুঃখ-অনাত্মারূপে অন্তর্দৃষ্টি দিয়ে দর্শন করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। যার কারণে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। যখন কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হয় তখন (সেই বীথিস্থ জবনের আশু ফল হিসেবে) বিপাক তদ্‌-আলম্বনতা উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... উপাদিন্ন-উপাদানীয় গন্ধ-আয়তন... রস-আয়তন... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষুকে অনিত্য-দুঃখ-অনাত্মাকারে জ্ঞানদৃষ্টিতে দর্শন করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। এটিকে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। (তদ্রূপ) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... (হৃদয়) বাস্তুকে অনিত্য-দুঃখ-অনাত্মাকারে জ্ঞানদৃষ্টিতে দর্শন করেন,

Visit: http://www.buddhistdownload.com

আস্বাদন করেন, অভিনন্দিত করেন। এটিকে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়... দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্র দ্বারা উপাদিন্ন-উপাদানীয় রূপ দর্শন করেন। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬৫. (৪) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-পূর্বজাত :** অনুপাদিন্ন-উপাদানীয় রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে অনিত্য-দুঃখ-অনাত্মাকারে জ্ঞানদৃষ্টিতে দর্শন করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। এগুলোকে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়... দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্র দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় রূপ দর্শন করেন, দিব্যকর্ণের দ্বারা শব্দ শ্রবণ করেন।

(৫) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-পূর্বজাত :** অনুপাদিন্ন-উপাদানীয় রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে অনিত্য-দুঃখ-অনাত্মাকারে জ্ঞানদৃষ্টিতে দর্শন করেন, আস্বাদন করেন, অভিনন্দিত করেন। এগুলোকে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়... দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। যখন কুশল-অকুশলসমূহ নিরুদ্ধ হয় তখন (সেই বীথিস্থ জবনের আশু ফল হিসেবে) বিপাক তদ্-আলম্বনতা উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ উপাদিন্ন-উপাদানীয় ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন এবং বাস্তু-পূর্বজাত :** অনুপাদিন্ন-উপাদানীয় রূপ-আয়তন এবং চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় শব্দ-আয়তন এবং শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় গন্ধ-আয়তন এবং ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় রস-আয়তন এবং জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় স্প্রষ্টব্য-আয়তন এবং কায়-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় রূপ-আয়তন এবং (হৃদয়) বাস্তু উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় শব্দ-আয়তন এবং (হৃদয়) বাস্তু উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় গন্ধ-আয়তন এবং (হৃদয়) বাস্তু উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় রস-আয়তন এবং (হৃদয়) বাস্তু উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় স্প্রষ্টব্য-আয়তন এবং (হৃদয়) বাস্তু উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন এবং বাস্তু-পূর্বজাত :** অনুপাদিন্ন-উপাদানীয় রূপ-আয়তন এবং (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় শব্দ-আয়তন এবং (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় গন্ধ-আয়তন এবং (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় রস-আয়তন এবং (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় স্প্রষ্টব্য-আয়তন এবং (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### পশ্চাজ্জাত-প্রত্যয় (৯)

৬৬. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের পশ্চাজ্জাত-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৬৭. (৭) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত উপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## আসেবন-প্রত্যয় (২)

৬৮. (১) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম বিশুদ্ধির আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ মার্গের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিশুদ্ধির মার্গের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## কর্ম-প্রত্যয় (৮)

৬৯. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের কর্ম-প্রত্যয়ের

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন-উপাদানীয় চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চেতনা (হৃদয়) বাস্তুর কর্ম প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় চেতনা চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় কর্ম প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অনুপাদিন্ন-উপাদানীয় চেতনা উপাদিন্ন-উপাদানীয় বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭০. (৬) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** অনুপাদিন্ন-অনুপাদানীয় চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অনুপাদিন্ন-অনুপাদানীয় কুশল চেতনা অনুপাদিন্ন-অনুপাদানীয় বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় চেতনা চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## বিপাক-প্রত্যয় (৬)

৭১. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের বিপাক প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি বিপাক স্কন্ধ একটি স্কন্ধের

Visit: http://www.buddhistdownload.com

বিপাক প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন-উপাদানীয় একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের এবং কর্মজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি বিপাক স্কন্ধ একটি স্কন্ধের বিপাক প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং কর্মজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় বিপাক স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় । তিনটি বিপাক স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি বিপাক স্কন্ধ একটি স্কন্ধের বিপাক প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় বিপাক স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় । তিনটি বিপাক স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধে এবং চিত্তজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## আহার-প্রত্যয় (১২)

৭২. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন-

Visit: http://www.buddhistdownload.com

উপাদানীয় আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার উপাদিন্ন-উপাদানীয় কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় আহারসমূহ চিত্তজ-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এর্ব অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭৩. (৪) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার উপাদিন্ন-উপাদানীয় কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় আহারসমূহ চিত্তজ-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের আহার-প্রত্যয়ের

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা প্রত্যয় হয়।

৭৪. (১০) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় এবং ধর্মসমূহ উপাদিন্ন-উপাদানীয় ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার উপাদিন্ন-উপাদানীয় কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১১) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ উপাদিন্ন-উপাদানীয় ধর্মের আহার-প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার উপাদিন্ন-অনুপাদানীয় কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১২) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মে আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## ইন্দ্রিয়-প্রত্যয় (৭)

৭৫. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন-উপাদানীয় ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পুনশ্চ চক্ষু-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞানের... শ্রোত্র-ইন্দ্রিয় শ্রোত্র-বিজ্ঞানের... ঘ্রাণ-ইন্দ্রিয় ঘ্রাণ-বিজ্ঞানের... জিহ্বা-ইন্দ্রিয় জিহ্বা-বিজ্ঞানের... কায়-ইন্দ্রিয় কায়-বিজ্ঞানের... রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় ইন্দ্রিয়সমূহ চিত্তজ-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় ইন্দ্রয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৫) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের ইন্দ্রিয় - প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় ইন্দ্রিয়সমূহ চিত্তজ-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## ধ্যান-প্রত্যয় (৭)

৭৬. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় ধ্যানাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন-উপাদানীয় ধ্যানাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় ধ্যানাঙ্গসমূহ চিত্তজ-রূপসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় ধ্যানঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় ধ্যানাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৭৭. (৫) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় ধ্যানাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপদিন্ন-উপাদানীয় ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় ধ্যানাঙ্গসমূহ চিত্তজ-রূপসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-

Visit: http://www.buddhistdownload.com

অনুপাদানীয় ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় ধ্যানাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## মার্গ-প্রত্যয় (৭)

৭৮. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় মার্গাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অপর দিকে প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন-উপাদানীয় মার্গাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় ।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় মার্গাঙ্গসমূহ চিত্তজ-রূপসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় মার্গাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় মার্গাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় মার্গাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় মার্গাঙ্গসমূহ চিত্তজ-রূপসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় মার্গাঙ্গসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## সম্প্রযুক্ত-প্রত্যয় (৩)

৭৯. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের...। প্রতিসন্ধিক্ষণে

Visit: http://www.buddhistdownload.com

উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের...।

(২) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের...।

(৩) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের...।

## বিপ্রযুক্ত-প্রত্যয় (১০)

৮০. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় তিন প্রকার)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ কর্মজ-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কায়-আয়তন কায়-বিজ্ঞানের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (বিপ্রযুক্ত-প্রত্যয় তিন প্রকার)—সহজাত, পূর্বজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

৮১. (৫) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১০) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### অস্তি-প্রত্যয় (২৩)

৮২. (১) উপাদানীয় উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পাঁচ প্রকার)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পুনশ্চ প্রতিসন্ধিক্ষণে উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি মহাভূতকে... মহাভূতসমূহ কর্মজ-রূপসমূহের এবং উপাদা-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে... মহাভূতসমূহ কর্মজ-রূপসমূহের এবং উপাদা-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** শৈক্ষ্যগণ বা পৃথগ্‌জনেরা (মার্গফলহীন ব্যক্তিরা) চক্ষুকে অনিত্য-দুঃখ-অনাত্মাকারে জ্ঞানদৃষ্টিতে দর্শন করেন এবং অভিনন্দিত করেন। যার ফলে রাগ উৎপন্ন হয়... দৃষ্টি... বিচিকিসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন করেন। কুশল-অকুশল চিত্তসমূহ নিরুদ্ধ হলে পরে (দুই চিত্তক্ষণের জন্য) বিপাক তদ্‌-আলম্বনতা উৎপন্ন হয়। (অনুরূপভাবে) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... উপাদিন্ন-উপাদানীয় রূপসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য-দুঃখ-অনাত্মাকারে জ্ঞানদৃষ্টিতে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। যার কারণে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশল চিত্তসমূহ নিরুদ্ধ হলে পরে (দুই চিত্তক্ষণের জন্য) বিপাক তদ্‌-আলম্বনতা উৎপন্ন হয়। উপাদিন্ন-উপাদানীয় রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... উপাদিন্ন-উপাদানীয় শব্দ-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... গন্ধ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... রস-আয়তন জিহ্বা-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের... চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** কবলীকৃত আহার উপাদিন্ন-উপাদানীয় কায়ের (দেহের) অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি-প্রত্যয়)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত এবং আহার। **সহজাত :** উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষুকে অনিত্য-দুঃখ-অনাত্মাকারে জ্ঞানদৃষ্টিতে অবলোকন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। যার ফলে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। (অনুরূপভাবে) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... উপাদিন্ন-উপাদানীয় রূপসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য-দুঃখ-অনাত্মাকারে জ্ঞানদৃষ্টিতে অবলোকন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত

Visit: http://www.buddhistdownload.com

করে। যার কারণে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। দিব্যনেত্র দ্বারা উপাদিন্ন-উপাদানীয় রূপ দর্শন করেন। (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** উপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত এবং আহার। **সহজাত :** উপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** কবলীকৃত আহার উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৩. (৫) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত এবং আহার। **সহজাত :** অনুপাদিন্ন-উপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় । দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। একটি মহাভূত তিনটি মহাভূতের... মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের এবং উপাদা-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বাহ্যিক... আহারজ... ঋতুজ একটি মহাভূতকে...। **পূর্বজাত :** অনুপাদিন্ন-উপাদানীয় রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে অনিত্য-দুঃখ-অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। তিনি দিব্যনেত্র দ্বারা অনুপাদিন্ন-উপাদানীয় রূপ দর্শন করেন। দিব্যশ্রোত্রধাতুর দ্বারা শব্দ শ্রবণ করেন। **পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** অনুপাদিন্ন-

Visit: http://www.buddhistdownload.com

উপাদানীয় কবলীকৃত আহার অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের অস্তি প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ অস্তি)—পূর্বজাত, পশ্চাজ্জাত এবং আহার। **পূর্বজাত :** অনুপাদিন্ন-উপাদানীয় রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে অনিত্য-দুঃখ-অনাত্মদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন, আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। কুশল-অকুশল চিত্তসমূহ নিরুদ্ধ হলে পরে (কামলোকচিত্তে, কামজবনাবসানে, কামলোকস্থসত্ত্বগণের) বিপাক তদ্-আলম্বনতা উৎপন্ন হয়। অনুপাদিন্ন-উপাদানীয় রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** অনুপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার উপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—পশ্চাজ্জাত এবং আহার। **পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানী এবং অনুপাদিন্ন-উপাদানীয় কয়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** অনুপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৪. (৮) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১০) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১১) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-

Visit: http://www.buddhistdownload.com

অনুপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত এবং পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১২) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত এবং পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং পূর্বজাত এই অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং পূর্বজাত এই অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং পূর্বজাত এই অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৩) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের অস্তি প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৪) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত এবং পশ্চাজ্জাত :** অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং পূর্বজাত এই উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৫. (১৫) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ উপাদিন্ন-উপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—

Visit: http://www.buddhistdownload.com

পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৬) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত এবং পূর্বজাত :** অনুপাদিন্ন-অনুপাদানীয় একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু একটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু দুটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৭) অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ উপাদিন্ন-উপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—পশ্চাজ্জাত এবং আহার। **পশ্চাজ্জাত এবং আহার :** অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ এবং অনুপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার উপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৮) অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত এবং আহার। **সহজাত :** অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ এবং অনুপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৯) অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—পশ্চাজ্জাত এবং আহার। **পশ্চাজ্জাত এবং আহার :** অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ এবং অনুপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৮৬. (২০) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ উপাদিন্ন-উপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **পূর্বজাত :** অনুপাদিন্ন-উপাদানীয় রূপ-আয়তন এবং চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অনুপাদিন্ন-উপাদানীয় স্প্রষ্টব্য-আয়তন এবং কায়-আয়তন কায়-

Visit: http://www.buddhistdownload.com

বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুপাদিন্ন-উপাদানীয় রূপ-আয়তন এবং (হৃদয়) বাস্তু উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের... অনুপাদিন্ন-উপাদিন্ন স্প্রষ্টব্য-আয়তন এবং (হৃদয়) বাস্তু উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ এবং অনুপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার উপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২১) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত এবং আহার। **সহজাত :** উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** অনুপাদিন্ন-উপাদানীয় রূপ-আয়তন এবং (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের... অনুপাদিন্ন-উপাদানীয় স্প্রষ্টব্য-আয়তন এবং (হৃদয়) বাস্তু অনুপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** উপাদিন্ন-উপাদানীয় স্কন্ধসমূহ এবং অনুপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২২) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :...** উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কবলীকৃত আহার উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২৩) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ উপাদিন্ন-উপাদানীয় ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ অস্তি)—পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয় :** অনুপাদিন্ন-অনুপাদানীয় স্কন্ধসমূহ এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় কবলীকৃত আহার এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### নাস্তি-প্রত্যয় (৭), বিগত-প্রত্যয় (৭), অবিগত-প্রত্যয় (২৩)

৮৭. উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয় হয়। (সংক্ষিপ্ত)।

### ১. প্রত্যয় : অনুলোম

### ২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৮৮. হেতুতে সাত, আলম্বনে ছয়, অধিপতিতে পাঁচ, অনন্তরে সাত, সমনন্তরে সাত, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে এগারো, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে সাত, পশ্চাজ্জাতে নয়, আসেবনে দুই, কর্মে আট, বিপাকে ছয়, আহারে বার, ইন্দ্রিয়ে সাত, ধ্যানে সাত, মার্গে সাত, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে দশ, অস্তিতে তেইশ, নাস্তিতে সাত, বিগতে সাত, অবিগতে তেইশ।

### হেতু সভাগ

হেতু-প্রত্যয় দ্বারা অধিপতিতে চার, সহজাতে সাত, অন্যোন্যে তিন, নিশ্রয়ে সাত, বিপাকে ছয়, ইন্দ্রিয়ে সাত, মার্গে সাত, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে চার, অস্তিতে সাত, অবিগতে সাত (সংক্ষিপ্ত)।

(যেভাবে কুশলত্রিকের গণনা আবৃত্তির জন্য গণনা করা হয়েছে এখানেও তদ্রূপ গণনা করতে হবে। কুশলত্রিকের গণনার তুলনায় উপাদিন্নত্রিকের গণনা আরো অধিক পরিমাণে গভীর এবং সূক্ষ্মতর। অতএব সুশৃঙ্খলভাবে গণনা করা আবশ্যক)।

[অনুলোম সমাপ্ত]

**প্রতিলোম সংগ্রহ** (প্রশ্ন সংখ্যা-২৪)

৮৯. (১) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) উপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৫) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অনুপাদিন্ন-উপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৯০. (৯) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১০) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১১) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১২) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের সহজাত, পশ্চাজ্জাত।

(১৩) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের সহজাত, পশ্চাজ্জাত।

(১৪) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১৫) অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্ম উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের সহজাত, পশ্চাজ্জাত।

(১৬) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ উপাদিন্ন-উপাদানীয় ধর্মের পশ্চাজ্জাত, ইন্দ্রিয়।

(১৭) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মের সহজাত এবং পূর্বজাত।

(১৮) অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ

Visit: http://www.buddhistdownload.com

উপাদানীয়-উপাদানীয় পশ্চাজ্জাত এবং আহার।

(১৯) অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার।

(২০) অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের পশ্চাজ্জাত, আহার।

(২১) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ উপাদিন্ন-উপাদানীয় ধর্মের পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়।

(২২) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার।

(২৩) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মসমূহ উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় ধর্মের আহার।

(২৪) উপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-উপাদানীয় এবং অনুপাদিন্ন-অনুপাদানীয় ধর্মসমূহ উপাদিন্ন-উপাদানীয় ধর্মের পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়।

## ২. প্রত্যয় : প্রতিলোম

### ২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৯১. না-হেতুতে চব্বিশ, না-আলম্বনে চব্বিশ, না-অধিপতিতে চব্বিশ, না-অনন্তরে চব্বিশ, না-সমনন্তরে চব্বিশ, না-সহজাতে বিশ, না-অন্যোন্যে বিশ, না-নিশ্রয়ে বিশ, না-উপনিশ্রয়ে তেইশ, না-পূর্বজাতে তেইশ, না-পশ্চাজ্জাতে সতেরো, না-আসেবনে চব্বিশ, না-কর্মে চব্বিশ, না-বিপাকে চব্বিশ, না-আহারে বিশ, না-ইন্দ্রিয়ে বাইশ, না-ধ্যানে চব্বিশ, না-মার্গে চব্বিশ, না-সম্প্রযুক্তে বিশ, না-বিপ্রযুক্তে চৌদ্দ, না-অস্তিতে নয়, না-নাস্তিতে চব্বিশ, না-বিগতে চব্বিশ, না-অবিগতে নয়।

### না-হেতুমূলক—দ্বিক

৯২. না-হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চব্বিশ (সংক্ষিপ্ত)।

(কুশলত্রিকে প্রতিলোম গণনার ন্যায় গণনা করা কর্তব্য)।

[প্রতিলোম সমাপ্ত]

## ৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

### হেতুমূলক—দ্বিক

৯৩. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে সাত, না-অধিপতিতে সাত, না-অনন্তরে সাত, না-সমনন্তরে সাত, না-অন্যোন্যে চার, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে সাত, না-আসেবনে সাত, না-কর্মে সাত, না-বিপাকে চার, না-আহারে সাত, না-ইন্দ্রিয়ে সাত, না-ধ্যানে সাত, না-মার্গে সাত, না-

Visit: http://www.buddhistdownload.com

সম্প্রযুক্তে চার, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত।

### হেতু সহযোগ

৯৪. হেতু-সহজাত-নিশ্রয়-অস্তি-অবিগত যোগে না-আলম্বনে সাত, না-অধিপতিতে সাত, না-অনন্তরে সাত... না-অন্যোন্যে চার... না-বিপাকে চার... না-সম্প্রযুক্তে চার, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত (সংক্ষিপ্ত)।

(কুশলত্রিকে অনুলোম-প্রতিলোম বিভাজনের ন্যায় বিভাগ করা কর্তব্য)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

### ৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

### না-হেতুমূলক—দ্বিক

৯৫. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে ছয়, অধিপতিতে পাঁচ, অনন্তরে সাত, সমনন্তরে সাত, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে এগারো, উপনিশ্রয়ে নয়, পূর্বজাতে সাত, পশ্চাজ্জাতে নয়, আসেবনে দুই, কর্মে আট, বিপাকে ছয়, আহারে বার, ইন্দ্রিয়ে সাত, ধ্যানে সাত, মার্গে সাত, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে দশ, অস্তিতে তেইশ, নাস্তিতে সাত, বিগতে সাত, অবিগতে তেইশ (সংক্ষিপ্ত)।

(কুশলত্রিকে প্রতিলোম-অনুলোম বিভাজনের ন্যায় গণনা করা কর্তব্য)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[উপাদিন্নত্রিক (এখানে) সমাপ্ত]

## ৫. সংক্লিষ্টত্রিক

### ১. প্রতীত্যবার—১. প্রত্যয় : অনুলোম

### ১. বিভঙ্গ অধ্যায়—হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৯)

১. (১) সংক্লিষ্ট-সংক্লেশিক[১] (কলুষিত-ক্লেশের বিষয় বা আলম্বন) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। (প্রবর্তনসময়ে) সংক্লিষ্ট সংক্লেশিক একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(২) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৩) সংক্লিষ্ট-সংক্লেষ্ট ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট-সংক্লেশিক

---

[১]। ১২ অকুশল চিত্ত এবং তৎসম্প্রযুক্ত ২৭ চৈতসিক—সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

এবং অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৪) অসংক্লিষ্ট-সংক্লেশিক[১] (অকলুষিত-ক্লেশের বিষয় বা আলম্বন) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। অসংক্লিষ্ট-সংক্লেশিক একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়। অপর দিকে প্রতিসন্ধিক্ষণে অসংক্লিষ্ট-সংক্লেশিক একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। তিনটি স্কন্ধকে ভিত্তি করে একটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং কর্মজ-রূপ উৎপন্ন হয়। স্কন্ধসমূহকে ভিত্তি করে (হৃদয়) বাস্তু উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে ভিত্তি করে স্কন্ধসমূহ উৎপন্ন হয়। একটি মহাভূতকে ভিত্তি করে তিনটি মহাভূত উৎপন্ন হয়। তিনটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। দুটি মহাভূতকে ভিত্তি করে একটি মহাভূত উৎপন্ন হয়। মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ, কর্মজ-রূপ এবং উপাদা-রূপ উৎপন্ন হয়।

২. (৫) অসংক্লিষ্ট-অসংক্লেশিক[২] (অকলুষিত-ক্লেশের অবিষয় বা অনালম্বন) ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। অসংক্লিষ্ট-অসংক্লেশিক একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ উৎপন্ন হয়।

(৬) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। অসংক্লিষ্ট-অসংক্লেশিক স্কন্ধসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৭) অসংক্লিষ্ট-অসংক্লেশিক স্কন্ধসমূহকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মসমূহ উৎপন্ন হয়। অসংক্লিষ্ট-অসংক্লেশিক একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ... দুটি স্কন্ধকে ভিত্তি করে দুটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৮) অসংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মকে ভিত্তি করে

---

[১]। ১৭ লোকীয় কুশল চিত্ত, ৩২ লোকীয় বিপাক চিত্ত, ৩০ ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৮ চৈতসিক এবং ২৮ রূপই—অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম।

[২]। ৮ লোকোত্তর চিত্ত, তৎসম্প্রযুক্ত ৩৬ চৈতসিক এবং নির্বাণই—অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম।

Visit: http://www.buddhistdownload.com

হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। অসংক্লিষ্ট-অসংক্লেশিক স্কন্ধসমূহকে এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

(৯) সংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মকে ভিত্তি করে হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহকে এবং মহাভূতসমূহকে ভিত্তি করে চিত্তজ-রূপ উৎপন্ন হয়।

## ১. প্রত্যয় : অনুলোম

## ২. গণনা অধ্যায় (একক)

৩. হেতুতে নয়, আলম্বনে তিন, অধিপতিতে নয়, অনন্তরে তিন, সমনন্তরে তিন, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে নয়, উপনিশ্রয়ে তিন, পূর্বজাতে তিন, আসেবনে তিন, কর্মে নয়, বিপাকে পাঁচ, আহারে নয়... মার্গে নয়, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে নয়... অবিগতে নয় (সংক্ষিপ্ত করা হয়েছে)।

(কুশলত্রিকে যেভাবে বিভাগ করা হয়েছে এখানেও অনুরূপভাবে বিভাগ করতে হবে)।

## ২. প্রত্যয় : প্রতিলোম

**বিভঙ্গ অধ্যায়—না-হেতু-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-২)

৪. (১) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয়। বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত স্কন্ধসমূহকে ভিত্তি করে বিচিকিৎসা-সহগত এবং ঔদ্ধত্য-সহগত মোহ উৎপন্ন হয়।

(২) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মকে ভিত্তি করে না-হেতু-প্রত্যয় দ্বারা অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম উৎপন্ন হয় না-হেতু-প্রত্যয়। অহেতুক অসংক্লিষ্ট-সংক্লেশিক একটি স্কন্ধকে ভিত্তি করে তিনটি স্কন্ধ এবং চিত্তজ-রূপ উৎপন্ন হয়... অহেতুক প্রতিসন্ধিকালে... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূতকে... (সংক্ষিপ্ত)।

(কুশলত্রিকে কৃত বিভাজনের ন্যায় বিভাগ করে পড়তে হবে)।

## প্রত্যয় : প্রতিলোম

## গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৫. না-হেতুতে দুই, না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে ছয়, না-অনন্তরে পাঁচ, না-উপনিশ্রয় পাঁচ, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-আহারে এক... না-মার্গ এক, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে পাঁচ, না-বিগতে পাঁচ। (সংক্ষিপ্ত)।

Visit: http://www.buddhistdownload.com

## ৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

### হেতুমূলক

### দ্বিক

৬. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে পাঁচ, না-অধিপতিতে ছয়... না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে নয়, না-আসেবনে নয়, না-কর্মে তিন, না-বিপাকে নয়, না-সম্প্রযুক্তে পাঁচ, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে পাঁচ, না-বিগতে পাঁচ। (সংক্ষিপ্ত)।

## ৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

### না-হেতুমূলক

### দ্বিক

৭. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে দুই... বিপাকে এক... মার্গে এক... অবিগতে দুই। (সংক্ষিপ্ত)।

[প্রতীত্যবার (এখানে) সমাপ্ত]

## ২-৬. সহজাত-প্রত্যয়-নিশ্রয়-সংশ্লিষ্ট-সম্প্রযুক্তবার

(সহজাতবার, প্রত্যয়বার, নিশ্রয়বার, সংশ্লিষ্টবার, সম্প্রযুক্তবার বিস্তৃত করে পড়তে হবে)।

## ৭. প্রশ্নবার

### ১. প্রত্যয় : অনুলোম—১. বিভঙ্গ অধ্যায়

### হেতু-প্রত্যয় (প্রশ্ন সংখ্যা-৭)

৮. (১) সংক্লিষ্ট-সংক্লেশিক (দূষিত-দূষণের বিষয়) ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চলমানজীবনে) সংক্লিষ্ট-সংক্লেশিক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংক্লিষ্ট-সংক্লেশিক হেতুসমূহ চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংক্লিষ্ট-সংক্লেশিক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অসংক্লিষ্ট-সংক্লেশিক (অদূষিত-দূষণের বিষয়) ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অসংক্লিষ্ট-সংক্লেশিক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে অসংক্লিষ্ট-সংক্লেশিক হেতুসমূহ সম্প্রযুক্ত

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অসংক্লিষ্ট-অসংক্লেশিক (অদূষিত-দূষণের অবিষয়) ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অসংক্লিষ্ট-অসংক্লেশিক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অসংক্লিষ্ট-অসংক্লেশিক হেতুসমূহ চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অসংক্লিষ্ট-অংক্লেশিক হেতুসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

**আলম্বন-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৬)

৯. (১) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের হেতু-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ব্যক্তি) রাগকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ (অনুরাগ) উৎপন্ন হয়, দৃষ্টি (মিথ্যাদৃষ্টি) উৎপন্ন হয়, বিচিকিৎসা (সংশয়) উৎপন্ন হয়, ঔদ্ধত্য (চঞ্চলতা) উৎপন্ন হয়, দৌর্মনস্য (মানসিক অশান্তি) উৎপন্ন হয়। (তদ্রূপ) দৃষ্টিকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা উৎপন্ন হয়, ঔদ্ধত্য উৎপন্ন হয়, দৌর্মনস্য উৎপন্ন হয়। বিচিকিৎসাকে ভিত্তি করে বিচিকিৎসা... দৃষ্টি... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। ঔদ্ধত্যকে ভিত্তি করে ঔদ্ধত্য... দৃষ্টি... বিচিকিৎসা... দৌর্মনস্য উৎপন্ন হয়। দৌর্মনস্যকে ভিত্তি করে দৌর্মনস্য... দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য উৎপন্ন হয়।

(কুশলত্রিকে কৃত বিভাজনের ন্যায় বিভাগ করতে হবে)।

(২) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ পরিত্যক্ত ক্লেশসমূহকে (চিত্তের মলিনতাসমূহকে) প্রত্যবেক্ষণ করেন, অপরিত্যক্ত ক্লেশসমূহকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে যে-সমস্ত ক্লেশ মনে বিচরণ করেছিল সেসব ক্লেশসমূহকে জানেন। সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহকে অনিত্য-দুঃখ-অনাত্মা এই ত্রিলক্ষণদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা সংক্লিষ্ট-সংক্লেশিক (অর্থাৎ অকুশল-চিত্ত) চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। শৈক্ষ্যগণ বা পৃথগ্‌জনেরা সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহকে অনিত্য-দুঃখ-অনাত্মা এই ত্রিলক্ষণদৃষ্টিতে দর্শন করেন। কুশল চিত্তসমূহ নিরুদ্ধ হলে পরে (কামলোক চিত্তে, কামজবনাবসানে, কামলোকস্থসত্ত্বগণের) বিপাক তদ্-আলম্বনতা উৎপন্ন হয়। সংক্লিষ্ট-সংক্লেশিক

Visit: http://www.buddhistdownload.com

স্কন্ধসমূহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তদ্ধেতু একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়, বিচিকিৎসা উৎপন্ন হয়, ঔদ্ধত্য উৎপন্ন হয়, দৌর্মনস্য উৎপন্ন হয়। অকুশল চিত্তসমূহ নিরুদ্ধ হলে পরে (কামলোক চিত্তে, কামজবনাবসানে, কামলোকস্থসত্ত্বগণের) বিপাক তদ্-আলম্বনতা উৎপন্ন হয়। সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১০. (৩) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম করে এগুলোকে প্রত্যবেক্ষণ করেন, পূর্বে তিনি যে-সমস্ত কুশলকর্ম সম্পাদন করেছিলেন সেসব কুশলকর্মসমূহ প্রত্যবেক্ষণ করেন, ধ্যান হতে উত্থানপূর্বক ধ্যানকে প্রত্যবেক্ষণ করেন। আবার আর্যগণ গোত্রভূকে প্রত্যবেক্ষণ করেন, বিশুদ্ধিকে প্রত্যবেক্ষণ করেন, চক্ষুকে অনিত্য-দুঃখ-অনাত্মাকারে ত্রিলক্ষণদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। (একইভাবে) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে... অসংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহকে অনিত্য-দুঃখ-অনাত্মাকাওে ত্রিলক্ষণদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রধাতুর দ্বারা শব্দ শ্রবণ করেন। চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা অসংক্লিষ্ট-সংক্লেশিক (অর্থাৎ কুশল, বিপাক ও ক্রিয়া-চিত্ত) চিত্তসম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। আকাশ-অনন্ত-আয়তন বিজ্ঞান-অনন্ত-আয়তনের... আকিঞ্চন-আয়তন নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তনের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয় । রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অসংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ বিবিধ ঋদ্ধিজ্ঞানের, চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, যথাকর্মোপগ-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম করে এগুলোকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। পূর্বকৃত কুশল কর্মসমূহকে আস্বাদন করেন... ধ্যান হতে উত্থানপূর্বক ধ্যানকেই আস্বাদন করেন... চক্ষুকে আস্বাদন করেন। (তদ্রূপ) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে... অসংক্লিষ্ট-

Visit: http://www.buddhistdownload.com

সংক্লেশিক স্কন্ধসমূহকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। একে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়।

(৫) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নির্বাণ মার্গ এবং ফলের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকেই প্রত্যবেক্ষণ করেন, ফলকে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আর্যগণ চিত্তপর্যায়জ্ঞানের দ্বারা অসংক্লিষ্ট-অসংক্লেশিক চিত্ত (অর্থাৎ লোকোত্তর-চিত্ত) সম্পন্ন ব্যক্তির চিত্তকে জানেন। অসংক্লিষ্ট-অসংক্লেশিক স্কন্ধসমূহ চিত্তপর্যায়জ্ঞানের, পূর্বনিবাসানুস্মৃতি-জ্ঞানের, অনাগতভব-জ্ঞানের, আবর্তন-চিত্তের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### **অধিপতি-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৮)

১১. (১) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি-প্রত্যয় দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** রাগকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এটিকে প্রাধান্য দেওয়ার কারণে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। (অনুরূপভাবে) দৃষ্টিকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এটিকে প্রাধান্য দেওয়ার কারণে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। **সহজাত-অধিপতি :** সংক্লিষ্ট-সংক্লেশিক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সংক্লিষ্ট-সংক্লেশিক-অধিপতি চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** সংক্লিষ্ট-সংক্লেশিক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১২. (৪) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত অধিপতি। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল প্রতিপালন করে,

Visit: http://www.buddhistdownload.com

উপোসথকর্ম করে এগুলোকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। পূর্বকৃত কুশল কর্মসমূহকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। ধ্যান হতে উঠে ধ্যানকেই প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। শৈক্ষ্যগণ গোত্রভূকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। বিশুদ্ধিকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। **সহজাত-অধিপতি :** অসংক্লিষ্ট-সংক্লেশিক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আলম্বন-অধিপতি :** দান দিয়ে, শীল প্রতিপালন করে, উপোসথকর্ম করে এগুলোকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। একে প্রাধান্য দেওয়ার কারণে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়। পূর্বকৃত কুশল কর্মসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন... ধ্যান হতে উত্থানপূর্বক ধ্যানকেই প্রাধান্য দিয়ে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে... অসংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহকে প্রাধান্য দিয়ে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। এটিকে প্রাধান্য দেওয়ার কারণে রাগ উৎপন্ন হয়, দৃষ্টি উৎপন্ন হয়।

(৬) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত অধিপতি। **আলম্বন-অধিপতি :** নির্বাণ মার্গেও এবং ফলের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অসংক্লিষ্ট-অসংক্লেশিক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অধিপতি দ্বিবিধ)—আলম্বন-অধিপতি এবং সহজাত-অধিপতি। **আলম্বন-অধিপতি :** আর্যগণ মার্গ হতে উত্থানপূর্বক মার্গকেই প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, ফলকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন, নির্বাণকে প্রাধান্য দিয়ে প্রত্যবেক্ষণ করেন। নির্বাণ গোত্রভূর, বিশুদ্ধির আধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অসংক্লিষ্ট-অসংক্লেশিক-অধিপতি চিত্তজ-রূপসমূহের অধিপতি প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অসংক্লিষ্ট-অসংক্লেশিক এবং অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **সহজাত-অধিপতি :** অসংক্লিষ্ট-অসংক্লেশিক-অধিপতি সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের অধিপতি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

**অনন্তর-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৭)

১৩. (১) সংক্লিষ্ট-সংক্লেশিক (কুলষিত-ক্লেশযোগ্য) ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক

Visit: http://www.buddhistdownload.com

ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট সংক্লেশিক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অসংক্লিষ্ট-সংক্লেশিক (অকলুষিত-ক্লেশযোগ্য) ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অসংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অসংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম গোত্রভূর অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম বিশুদ্ধির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত অসংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবর্তন-চিত্ত সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ মার্গের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। বিশুদ্ধি মার্গের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অনুলোম-জ্ঞান ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। নিরোধসমাপত্তি হতে উত্থানরত সাধকের নৈব-সংজ্ঞা-না-সংজ্ঞা-আয়তন ফল-সমাপত্তির অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অসংক্লিষ্ট-অসংক্লেশিক (অকলুষিত-ক্লেশের অযোগ্য) ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ব পূর্ব অসংক্লিষ্ট-অসংক্লেশিক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী অসংক্লিষ্ট-অসংক্লেশিক স্কন্ধসমূহের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ ফলের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ফল ফলের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ফল উত্থানের অনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### সমনন্তর-প্রত্যয়াদি

১৪. (১) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের সমনন্তর-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অন্যোন্য-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-

Visit: http://www.buddhistdownload.com

উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** রাগকে উপনিশ্রয় করে (অর্থাৎ লোভবশে) প্রাণির জীবন সংহার করেন... সংঘভেদ করে... দ্বেষকে উপনিশ্রয় করে প্রাণির জীবন সংহার করেন... সংঘভেদ করে। এই কারণে রাগ... প্রার্থনা (তৃষ্ণা) রাগের... প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রাণিহত্যা প্রাণিহত্যার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... নিয়ত-মিথ্যাদৃষ্টি নিয়ত-মিথ্যাদৃষ্টি উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** রাগকে উপনিশ্রয় করে দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম করেন, ধ্যান... বিদর্শন... অভিজ্ঞা উৎপন্ন করেন, সমাপত্তি উৎপন্ন করেন... প্রার্থনাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন। এই কারণে রাগ... প্রার্থনা শ্রদ্ধার... কায়িক সুখের, কায়িক দুঃখের উপনিশ্রয় প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রাণিহত্যা করে অতঃপর এটির প্রতিকারের জন্য (এর বিপাকে প্রতিহত করণার্থে) দান দেন, শীল প্রতিপালন করেন, উপোসথকর্ম করেন, ধ্যান উৎপন্ন করেন, বিদর্শন উৎপন্ন করেন, অভিজ্ঞা উৎপন্ন করেন, সমাপত্তি উৎপন্ন করেন... সংঘভেদ করে (অর্থাৎ পঞ্চ-আনন্তরিয় কর্ম করে) অতঃপর এটির প্রতিকারের জন্য দান দেন, শীল পালন করেন, উপোসথকর্ম করেন। অকুশলকর্ম (অকুশল) বিপাকের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **প্রকৃতি-উপনিশ্রয় :** রাগকে উপনিশ্রয় করে মার্গ উৎপন্ন করেন, ফল-সমাপত্তি উৎপন্ন করেন। (তদ্রূপ) দ্বেষকে... প্রার্থনাকে উপনিশ্রয় করে মার্গ উৎপন্ন করেন, ফল-সমাপত্তি উৎপন্ন করেন। এই কারণে রাগ... প্রার্থনা মার্গের... ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৫. (৪) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন। (তদ্রূপ) শীলকে... শ্রুতিকে... ত্যাগকে... প্রজ্ঞাকে... কায়িক সুখকে... কায়িক দুঃখকে... ঋতুকে... ভোজনকে... শয্যাসনকে উপনিশ্রয় করে দান দেন... সমাপত্তি উৎপন্ন করেন। শ্রদ্ধা... শয্যাসন শ্রদ্ধার... কায়িক সুখের, কায়িক দুঃখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। কুশলকর্ম (কুশল) বিপাকের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রথম ধ্যানের পরিকর্ম প্রথম ধ্যানের... আকিঞ্চন-আয়তনের নৈব-সংজ্ঞা-না-

Visit: http://www.buddhistdownload.com

সংজ্ঞা-আয়তনের...।

(৫) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** শ্রদ্ধাকে উপনিশ্রয় করে মান (অহমিকা বা অহংকার) উৎপন্ন করেন, দৃষ্টি উৎপন্ন করেন। (তদ্রূপ) শীলকে... শয্যাসন উপনিশ্রয় করে প্রাণিহত্যা করে... সংঘভেদ করে। এই কারণে শ্রদ্ধা... শয্যাসন রাগের... প্রার্থনার উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ উপনিশ্রয়)—অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গের (স্রোতাপত্তির) পরিকর্ম (প্রস্তুতি) প্রথম মার্গের (স্রোতাপত্তির) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বিতীয় মার্গ দ্বিতীয় মার্গের (সকৃদাগামীর) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তৃতীয় মার্গ তৃতীয় মার্গের (অনাগামীর) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চতুর্থ মার্গ চতুর্থ মার্গের (অর্হত্ত্বের) উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

১৬. (৭) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের উপনিশ্রয় প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** প্রথম মার্গ দ্বিতীয় মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দ্বিতীয় মার্গ তৃতীয় মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তৃতীয় মার্গ চতুর্থ মার্গের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। মার্গ ফল-সমাপত্তির উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (ত্রিবিধ উপনিশ্রয়)—আলম্বন-উপনিশ্রয়, অনন্তর-উপনিশ্রয় এবং প্রকৃতি-উপনিশ্রয়...। **প্রকৃতি-উপনিশ্রয় :** আর্যগণ মার্গকে উপনিশ্রয় করে অনুৎপন্ন সমাপত্তি উৎপন্ন করেন, উৎপন্ন (সমাপত্তিতে) নিবিষ্ট থাকেন। সংস্কারসমূহকে অনিত্য-দুঃখ-অনাত্মদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন। মার্গ আর্যগণের অর্থ-প্রতিসম্ভিদার... ধর্ম-প্রতিসম্ভিদার... নিরুক্তি-প্রতিসম্ভিদার... প্রতিভান-প্রতিসম্ভিদার এবং দোষ-অদোষ বিষয়ক দক্ষতা-জ্ঞানের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। ফল-সমাপত্তি কায়িক সুখের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### পূর্বজাত-প্রত্যয় (৩)

১৭. (১) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-

Visit: http://www.buddhistdownload.com

পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** (শৈক্ষ্যগণ) চক্ষুকে অনিত্য-দুঃখ-অনাত্মদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন। (তদ্রূপ) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য-দুঃখ-অনাত্মাদৃষ্টিতে প্রকৃষ্টরূপে দর্শন করেন। দিব্যনেত্র দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রধাতুর দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **বাস্তু-পূর্বজাত :** চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের পূর্বজাত প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু অসংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহের পূর্বজাত প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ পূর্বজাত)—আলম্বন-পূর্বজাত এবং বাস্তু-পূর্বজাত। **আলম্বন-পূর্বজাত :** চক্ষুকে আস্বাদন করেন, অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। (তদ্রূপ) শ্রোত্রকে... ঘ্রাণকে... জিহ্বাকে... কায়কে... রূপসমূহকে... শব্দসমূহকে... গন্ধসমূহকে... রসসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। তজ্জন্য রাগ উৎপন্ন হয়... দৌর্মনস্য উৎপন্ন হয়। **বাস্তু-পূর্বজাত :** (হৃদয়) বাস্তু সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (হৃদয়) বাস্তু অসংক্লিষ্ট-অসংক্লেশিক স্কন্ধসমূহের পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### **পশ্চাজ্জাত-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

১৮. (১) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত অসংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পশ্চাজ্জাত অসংক্লিষ্ট-অসংক্লেশিক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### **আসেবন-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৩)

১৯. (১) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের আসেবন-

Visit: http://www.buddhistdownload.com

প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ পরবর্তী পরবর্তী সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। পূর্ববর্তী পূর্ববর্তী... অনুলোম গোত্রভূর... অনুলোম বিশুদ্ধির আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। গোত্রভূ মার্গের... বিশুদ্ধির মার্গের আসেবন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

**কর্ম-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৭)

২০. (১) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংক্লিষ্ট-সংক্লেশিক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (কর্ম-প্রত্যয় দ্বিবিধ)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** সংক্লিষ্ট-সংক্লেশিক চেতনা চিত্তজ-রূপসমূহের কর্ম প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** সংক্লিষ্ট-সংক্লেশিক চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংক্লিষ্ট-সংক্লেশিক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** অসংক্লিষ্ট-সংক্লেশিক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অসংক্লিষ্ট-সংক্লেশিক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অসংক্লিষ্ট-সংক্লেশিক চেতনা বিপাক স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ কর্ম)—সহজাত (কর্ম) এবং নানাক্ষণিক (কর্ম)। **সহজাত :** অসংক্লিষ্ট-অসংক্লেশিক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **নানাক্ষণিক :** অসংক্লিষ্ট-অসংক্লেশিক কুশল চেতনা অসংক্লিষ্ট-অসংক্লেশিক বিপাক স্কন্ধসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(৬) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের কর্ম প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সহজাত (একসঙ্গে উৎপন্ন) অসংক্লিষ্ট-অসংক্লেশিক চেতনা চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সহজাত অসংক্লিষ্ট-অসংক্লেশিক চেতনা সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

## বিপাক-প্রত্যয় (৪)

২১. (১) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অসংক্লিষ্ট-সংক্লেশিক একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি বিপাক স্কন্ধ একটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। আবার প্রতিসন্ধিক্ষণে অসংক্লিষ্ট-সংক্লেশিক একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং কর্মজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। তিনটি স্কন্ধ একটি স্কন্ধের এবং কর্মজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। দুটি স্কন্ধ দুটি স্কন্ধের এবং কর্মজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অসংক্লিষ্ট-অসংক্লেশিক একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধেরর বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয়... দুটি স্কন্ধ দুটি স্কন্ধের...।

(৩) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অসংক্লিষ্ট-অসংক্লেশিক বিপাক স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অসংক্লিষ্ট-অসংক্লেশিক একটি বিপাক স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের বিপাক-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ...।

## **আহার-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৭)

২২. (১-৩) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের আহার-প্রত্যয়ের

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা প্রত্যয় হয়। অসংক্লিষ্ট-সংক্লেশিক আহারসমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে... কবলীকৃত আহার এই কায়ের আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫-৭) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের আহার-প্রত্যয় হয়... (তিন)।

**ইন্দ্রিয়-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৭)

২৩. (১-৩) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট সংক্লেশিক ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... (তিন)।

(৪) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট সংক্লেশিক ধর্মের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অসংক্লিষ্ট-সংক্লেশিক ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং চিত্তজ-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অসংক্লিষ্ট-সংক্লেশিক ইন্দ্রিয়সমূহ সম্প্রযুক্ত স্কন্ধসমূহের এবং কর্মজ-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু-ইন্দ্রিয় চক্ষু-বিজ্ঞানের... শ্রোত্র-ইন্দ্রিয় শ্রোত্র-বিজ্ঞানের... ঘ্রাণ-ইন্দ্রিয় ঘ্রাণ-বিজ্ঞানের... জিহ্বা-ইন্দ্রিয় জিহ্বা-বিজ্ঞানের... কায়-ইন্দ্রিয় কায়-বিজ্ঞানের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫-৭) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম... (তিন)।

**ধ্যান-প্রত্যয়াদি**

২৪. সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের ধ্যান-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... মার্গ-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সম্প্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

**বিপ্রযুক্ত-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-৫)

২৫. (১) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয় দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** অসংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। প্রতিসন্ধিক্ষণে অসংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। স্কন্ধসমূহ (হৃদয়) বাস্তুর বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

(হৃদয়) বাস্তু স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অসংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অসংক্লিষ্ট-অসংক্লেশিক স্কন্ধসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ বিপ্রযুক্ত)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** অসংক্লিষ্ট-অসংক্লেশিক স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অসংক্লিষ্ট-অসংক্লেশিক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের বিপ্রযুক্ত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### **অস্তি-প্রত্যয়** (প্রশ্ন সংখ্যা-১৩)

২৬. (১) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংক্লিষ্ট-সংক্লেশিক একটি স্কন্ধ তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। সংক্লিষ্ট-সংক্লেশিক একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ...।

২৭. (৪) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (অস্তি-প্রত্যয় পাঁচ প্রকার)—সহজাত, পূর্বজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** অসংক্লিষ্ট-সংক্লেশিক একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... প্রতিসন্ধিক্ষণে অসংক্লিষ্ট-সংক্লেশিক একটি স্কন্ধ তিনটি স্কন্ধের এবং কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অসংজ্ঞসত্ত্বগণের একটি মহাভূত তিনটি মহাভূতের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...। **পূর্বজাত :** চক্ষুকে

Visit: http://www.buddhistdownload.com

অনিত্য-দুঃখ-অনাত্মারূপ জ্ঞানদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। (অনুরূপভাবে) শ্রোত্রকে... কায়কে... রূপসমূহকে... স্প্রষ্টব্যসমূহকে... (হৃদয়) বাস্তুকে অনিত্য-দুঃখ-অনাত্মারূপ জ্ঞানদৃষ্টিতে বিশেষভাবে দর্শন করেন। দিব্যচক্ষুর দ্বারা রূপ দর্শন করেন, দিব্যশ্রোত্রধাতুর (কর্ণের) দ্বারা শব্দ শ্রবণ করেন। রূপ-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শব্দ-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... গন্ধ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... রস-আয়তন জিহ্বা-বিজ্ঞানের... স্প্রষ্টব্য-আয়তন কায়-বিজ্ঞানের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। চক্ষু-আয়তন চক্ষু-বিজ্ঞানের... শ্রোত্র-আয়তন শ্রোত্র-বিজ্ঞানের... ঘ্রাণ-আয়তন ঘ্রাণ-বিজ্ঞানের... জিহ্বা-আয়তন জিহ্বা-বিজ্ঞানের... কায়-আয়তন কায়-বিজ্ঞানের... (হৃদয়) বাস্তু অসংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অসংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **আহার :** কবলীকৃত আহার (ভক্ষণীয় দ্রব্যাদি) এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **ইন্দ্রিয় :** রূপ-জীবিত-ইন্দ্রিয় (রূপসন্ততির আয়ু) কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৫) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** চক্ষুকে আস্বাদন করেন এবং অভিনন্দিত করেন। এটিকে ভিত্তি করে রাগ উৎপন্ন হয়... দৃষ্টি... বিচিকিৎসা... ঔদ্ধত্য... দৌর্মনস্য উৎপন্ন হয়। (হৃদয়) বাস্তুকে আস্বাদন করেন... (হৃদয়) বাস্তু সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অসংক্লিষ্ট-অসংক্লেশিক স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পূর্বজাত :** (হৃদয়) বাস্তু অসংক্লিষ্ট-অসংক্লেশিক স্কন্ধসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

২৮. (৭) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অসংক্লিষ্ট-অসংক্লেশিক একটি স্কন্ধ তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(৮) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পশ্চাজ্জাত। **সহজাত :** অসংক্লিষ্ট-অসংক্লেশিক স্কন্ধসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত :** অসংক্লিষ্ট-অসংক্লেশিক স্কন্ধসমূহ পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। অসংক্লিষ্ট-অসংক্লেশিক

Visit: http://www.buddhistdownload.com

একটি স্কন্ধ তিনটি স্কন্ধে এবং চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

২৯. (১০) অসংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মসমূহ অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** অসংক্লিষ্ট-অসংক্লেশিক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** অসংক্লিষ্ট-অসংক্লেশিক স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** অসংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১১) অসংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মসমূহ অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** অসংক্লিষ্ট-অসংক্লেশিক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়...।

(১২) সংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মসমূহ অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (দ্বিবিধ অস্তি)—সহজাত এবং পূর্বজাত। **সহজাত :** সংক্লিষ্ট-সংক্লেশিক একটি স্কন্ধ এবং (হৃদয়) বাস্তু তিনটি স্কন্ধের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... দুটি স্কন্ধ...।

(১৩) সংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মসমূহ অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। (চতুর্বিধ অস্তি)—সহাজাত, পশ্চাজ্জাত, আহার এবং ইন্দ্রিয়। **সহজাত :** সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ এবং মহাভূতসমূহ চিত্তজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং আহার :** সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ এবং কবলীকৃত আহার পূর্বজাত এই কায়ের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়। **পশ্চাজ্জাত এবং ইন্দ্রিয় :** সংক্লিষ্ট-সংক্লেশিক স্কন্ধসমূহ এবং রূপ-জীবিত-ইন্দ্রিয় কর্মজ-রূপসমূহের অস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

### নাস্তি-প্রত্যয় (৭), বিগত-প্রত্যয় (৭), অবিগত-প্রত্যয় (১৩)

৩০. সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের নাস্তি-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... বিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... অবিগত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

Visit: http://www.buddhistdownload.com

## ২. প্রত্যয় : অনুলোম

## ২. গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩১. হেতুতে সাত, আলম্বনে ছয়, অধিপতিতে আট, অনন্তরে সাত, সমনন্তরে সাত, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তেরো, উপনিশ্রয়ে আট, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, আসেবনে তিন, কর্মে সাত, বিপাকে চার, আহারে সাত, ইন্দ্রিয়ে সাত, ধ্যানে সাত, মার্গে সাত, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে তেরো, নাস্তিতে সাত, বিগতে সাত, অবিগতে তেরো।

### হেতু-সভাগ (প্রত্যয় সংখ্যা-১১)

হেতু-প্রত্যয় দ্বারা অধিপতিতে চার, সহজাতে সাত, অন্যোন্যে তিন, নিশ্রয়ে সাত, বিপাকে চার, ইন্দ্রিয়ে চার, মার্গে চার, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে তিন, অস্তিতে সাত, অবিগতে সাত।

### হেতু-সহযোগ (প্রশ্ন সংখ্যা-৯)

(অবিপাক-৪)

৩২. (১) হেতু-সহজাত-নিশ্রয়-অস্তি-অবিগত যোগে সাত।

(২) হেতু-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-অস্তি-অবিগত যোগে তিন।

(৩) হেতু-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত যোগে তিন।

(৪) হেতু-সহজাত-নিশ্রয়-বিপ্রযুক্ত-অস্তি-অবিগত যোগে তিন।

(সবিপাক-৫)

(৫) হেতু-সহজাত-নিশ্রয়-বিপাক-অস্তি-অবিগত যোগে চার।

(৬) হেতু-সহজাত-অন্যোন্য নিশ্রয়-বিপাক-অস্তি-অবিগত যোগে দুই।

(৭) হেতু-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-সম্প্রযুক্ত-অস্তি-অবিগত যোগে দুই।

(৮) হেতু-সহজাত-নিশ্রয়-বিপাক-বিপ্রযুক্ত-অস্তি-অবিগত যোগে দুই।

(৯) হেতু-সহজাত-অন্যোন্য-নিশ্রয়-বিপাক-বিপ্রযুক্ত-অস্তি-অবিগত যোগে এক। (সংক্ষিপ্ত করা হয়েছে)।

(কুশলত্রিকের ন্যায় বিস্তারিত জ্ঞাতব্য)।

[অনুলোম সমাপ্ত]

### **প্রতিলোম উদ্ধার** (প্রশ্ন সংখ্যা-১৪)

৩৩. (১) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(২) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের

Visit: http://www.buddhistdownload.com

দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৩) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৪) সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

৩৪. (৫) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... কর্ম-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... আহার-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... ইন্দ্রিয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৬) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৭) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পূর্বজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৮) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(৯) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের আলম্বন-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... উপনিশ্রয়-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়... পশ্চাজ্জাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১০) অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্ম অসংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের সহজাত-প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

(১১) অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্ম এবং অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মসমূহ অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়।

(১২) অসংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মসমূহ অসংক্লিষ্ট-অসংক্লেশিক ধর্মের সহজাত, পূর্বজাত।

(১৩) সংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মসমূহ সংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের সহজাত, পূর্বজাত।

(১৪) সংক্লিষ্ট-সংক্লেশিক এবং অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মসমূহ অসংক্লিষ্ট-সংক্লেশিক ধর্মের সহজাত, পশ্চাজ্জাত, আহার, ইন্দ্রিয়।

Visit: http://www.buddhistdownload.com

## ২. প্রত্যয় : প্রতিলোম

### গণনা অধ্যায়—শুদ্ধ (একক)

৩৫. না-হেতুতে চৌদ্দ, না-আলম্বনে চৌদ্দ, না-অধিপতিতে চৌদ্দ, না-অনন্তরে চৌদ্দ, না-সমনন্তরে চৌদ্দ, না-সহজাতে দশ, না-অন্যোন্যে দশ, না-নিশ্রয়ে দশ, না-উপনিশ্রয়ে তেরো, না-পূর্বজাতে বার, না-পশ্চাজ্জাতে চৌদ্দ, না-আসেবনে চৌদ্দ, না-কর্মে চৌদ্দ, না-বিপাকে চৌদ্দ, না-আহারে চৌদ্দ, না-ইন্দ্রিয়ে চৌদ্দ, না-ধ্যানে চৌদ্দ, না-মার্গে চৌদ্দ, না-সম্প্রযুক্তে দশ, না-বিপ্রযুক্তে আট, না-অস্তিতে আট, না-নাস্তিতে চৌদ্দ, না-বিগতে চৌদ্দ, না-অবিগতে আট।

### দ্বিক

না-হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে চৌদ্দ (সংক্ষিপ্ত)।

(কুশলত্রিকে প্রতিলোম গণনার ন্যায় এইস্থলেও গণনা করতে হবে)।

[প্রতিলোম সমাপ্ত]

## ৩. প্রত্যয় : অনুলোম-প্রতিলোম

### হেতুমূলক—দ্বিক

৩৬. হেতু-প্রত্যয় দ্বারা না-আলম্বনে সাত, না-অধিপতিতে সাত, না-অনন্তরে সাত, না-সমনন্তরে সাত, না-অন্যোন্যে তিন, না-উপনিশ্রয়ে সাত, না-পূর্বজাতে সাত, না-পশ্চাজ্জাতে সাত, না-আসেবনে সাত, না-কর্মে সাত, না-বিপাকে সাত, না-আহারে সাত, না-ইন্দ্রিয়ে সাত, না-ধ্যানে সাত, না-মার্গে সাত, না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে তিন, না-নাস্তিতে সাত, না-বিগতে সাত।

### সহযোগ

হেতু-সহজাত-নিশ্রয়-অস্তি-অবিগত যোগে না-আলম্বনে সাত... না-অন্যোন্যে তিন... না-সম্প্রযুক্তে তিন, না-বিপ্রযুক্তে তিন... না-বিগতে সাত (সংক্ষিপ্ত)।

(কুশলত্রিক অনুলোম-প্রতিলোম গণনা বিভাজনের ন্যায় এইস্থলেও অনুরূপভাবে বিভাজন করে পড়তে হবে)।

[অনুলোম-প্রতিলোম সমাপ্ত]

## ৪. প্রত্যয় : প্রতিলোম-অনুলোম

### না-হেতুমূলক—দ্বিক

৩৭. না-হেতু-প্রত্যয় দ্বারা আলম্বনে ছয়, অধিপতিতে আট, অনন্তরে সাত, সমনন্তরে সাত, সহজাতে নয়, অন্যোন্যে তিন, নিশ্রয়ে তেরো, উপনিশ্রয়ে আট, পূর্বজাতে তিন, পশ্চাজ্জাতে তিন, অসেবনে তিন, কর্মে সাত, বিপাকে চার, আহারে সাত, ইন্দ্রিয়ে সাত, ধ্যানে সাত, মার্গে সাত, সম্প্রযুক্তে তিন, বিপ্রযুক্তে

Visit: http://www.buddhistdownload.com

তিন, বিপ্রযুক্তে পাঁচ, অস্তিতে তেরো, নাস্তিতে সাত, বিগতে সাত, অবিগতে তেরো।

**ত্রিক**

না-হেতু-প্রত্যয়, না-আলম্বন-প্রত্যয় দ্বারা অধিপতিতে সাত (সংক্ষিপ্ত)।

(কুশলত্রিক প্রতিলোম-অনুলোম গণনা বিভাজনের ন্যায় এইস্থলেও অনুরূপভাবে বিভাজন করে পড়তে হবে)।

[প্রতিলোম-অনুলোম সমাপ্ত]

[সংক্লিষ্টত্রিক বর্ণনা সমাপ্ত]

[পট্ঠান প্রথম খণ্ড সমাপ্ত হলো]

[সাধু-সাধু-সাধু]

[জগতের সকল প্রাণি সুখী হোক]

[ইদং নো পুঞ্ঞং পঞ্ঞালাভায সংবত্ততু
নিব্বানস্স পচ্চযো হোতু'তি]

**************

Visit: http://www.buddhistdownload.com

# সহায়ক গ্রন্থসমূহ

১. পট্‌ঠান ১ম খণ্ড পালি
২. পঞ্চপ্পকরণ অর্থকথা (পট্‌ঠান অট্‌ঠকথা)
৩. Conditional Relations (The Patthana Voll.1) ✍ U Narada (Mula Patthana Sayadaw)
৪. ধর্মসঙ্গণী ✍ শ্রীমৎ শান্তরক্ষিত মহাথের
৫. বিভঙ্গ ✍ শ্রীমৎ জ্ঞানেন্দ্রিয় ভিক্ষু
৬. ধাতুকথা ✍ ডা.সিতাংশু বিকাশ বড়ুয়া
৭. পুগ্‌গল-পঞ্‌ঞত্তি ✍ শ্রীমৎ জ্যোতিপাল মহাথের
৮. যমক ✍ ভদন্ত করুণাবংশ ভিক্ষু
৯. মধ্যমনিকায় (১ম খণ্ড) ✍ ড. বেণীমাধব বড়ুয়া
১০. মিলিন্দ-প্রশ্ন ✍ শ্রীমৎ ধর্মধার মহাথের
১১. পালি-বাংলা অভিধান (১ম-২য় খণ্ড) ✍ শ্রীমৎ শান্তরক্ষিত মহাথের
১২. বৌদ্ধ দর্শনে প্রজ্ঞাতত্ত্ব ও বিমুক্তি মার্গ ✍ ড. জিনবোধি ভিক্ষু
১৩. অভিধর্মপিটকে সঙ্গায়ন প্রশ্ন ✍ শ্রীমৎ বুদ্ধবংশ ভিক্ষু
১৪. পট্‌ঠানুদ্দেশ দীপনী ✍ শ্রীমৎ করুণাবংশ ভিক্ষু
১৫. অভিধর্মার্থ-সংগ্রহ ✍ শ্রী বীরেন্দ্রলাল মুৎসুদ্দি
১৬. অভিধর্মার্থ-সংগ্রহ ✍ সুভূতি রঞ্জন বড়ুয়া
১৭. অভিধর্মার্থ-সংগ্রহের স্বরূপ দীপনী ✍ শ্রীমৎ সত্যপ্রিয় মহাথের
১৮. পালি সাহিত্যের ইতিহাস ✍ ড.রবীন্দ্র বিজয় বড়ুয়া
১৯. অভিধর্ম দর্পণ ✍ শীলানন্দ ব্রহ্মচারী
২০. অভিধর্মের সার সংক্ষেপ ✍ ডা.প্রিয়নাথ বড়ুয়া
২১. সত্য-দর্শন ✍ শ্রীমৎ বিশুদ্ধানন্দ মহাস্থবির
২২. বিশুদ্ধিমার্গ ✍ শ্রমণ পূর্ণানন্দ স্বামী ও গোপালদাশ চৌধুরী

Visit: http://www.buddhistdownload.com